(অথবা অন্তঃপ্রকৃতি-জয়)

স্বাসী বিবেকানন্দ



আষাঢ়, ১৩৪২

নবম সংস্করণ

🚅 মূল্য ১।॰ পাঁচ দিকা মাত্র

প্রকাশক—স্বানী স্বাত্মবোধানন্দ উদ্বোধন কার্য্যালয় ১নং মুথাজি লেন, বাগবাজাব, কলিকায়

> প্রিন্টাব--শ্রীজিতেন্দ্রনাথ দে শ্রীকৃষ্ণ প্রিন্টিং ওয়ার্কৃস্ ২৫১, অপাব চিৎপুর রোড, কলিকাতা

সূচীপত্ৰ

বিষয 🍃			পৃষ্ঠা
	•••		/。
প্রথম অধ্যায়-অবত্বণিকা	•••		٥
দ্বিতীয় অধ্যায়—সাধনেব প্রথম সোপান	• • •	••	२२
তৃতীয অধ্যায়—প্রাণ · · ·	•••	••	೦ಶ
চতুর্থ অধ্যায়—প্রাণেণ আধ্যাত্মিক রূপ	•	••	હ ુ
পঞ্চম অধ্যায়—অধ্যাত্ম প্রাণেব সংযম			৭৩
ষষ্ঠ অধ্যায—প্রত্যাহাব ও ধাবণা		•••	۲۶
সপ্তম অধ্যায—ধ্যান ও সমাধি	•••	•••	৯৬
অষ্টম অধ্যায়—সংক্ষেপে বাজযোগ (কৃৰ্ম	পুৰাণ ২ইতে গৃহী	हें)	>>8
পাতঞ্জল যোগ	সূত্ৰ		
উপক্রমণিকা ···		•••	১২৩
अथग ज्यशाय—गगांधि-शाव		•••	208
দ্বিতীয় অধ্যায়— সাধন-পাদ	•••		
তৃতীয় অধ্যায়—বিভৃতি-পাদ	***		२৫१
চতুর্থ অধ্যায — কৈবল্য-পাদ	•••		২৮৭
পবিশিষ্ট—যোগ বিদয়ে অন্তান্ত শাস্ত্রেব	মত	•••	७ऽ२

গ্রন্থকারের

ভূমিকা

ঐতিহাসিক জগতের প্রারম্ভ হইতে বর্ত্তমানকাল পর্যাস্ত মনুষ্যসমাজে অনেক অলৌকিক ঘটনার সংঘটনের বিষয় উল্লেখ দেখিতে পাওয়া যায়। এক্ষণেও যে সকল সমাজ আধুনিক বিজ্ঞানের পূর্ণালোকে বাস করিতেছে, তাহাদের মধ্যেও এইরূপ ঘটনার সাক্ষ্যপ্রদানকারী লোকের অভাব নাই। এইরূপ প্রমাণের অধিকাংশই বিখাসের অযোগ্য, কারণ, যে ব্যক্তি-গণের নিকট হইতে এই সকল প্রমাণ পাওয়া যায়, তন্মধ্যে অনেকেই অজ্ঞ, কুসংস্বারাচ্ছন্ন বা প্রতারক। অনেক সময়ই দেখা যায়, লোকে যে ঘটনাগুলিকে অনৌকিক বলিয়া নির্দেশ করে, দেগুলি প্রকৃতপক্ষে নকল। কিন্তু কথা এই, উহারা কাহার নকল? যথাৰ্থ অনুসন্ধান না করিয়া কোন কথা একেবারে উড়াইয়া দেওয়া সত্যপ্রিয় বৈজ্ঞানিক মনের পরিচয় নহে। যে দক্ত বৈজ্ঞানিক স্ক্রদর্শী নন, তাঁহার। নানাপ্রকার অলৌকিক মনোরাজ্যের ব্যাপারপরম্পরা ব্যাখ্যা করিতে অসমর্থ হইয়া সেগুলির অক্তিত্ব একেবারে অস্বীকার করিতে চেষ্টা পান। অতএব, ইঁহারী:—যে সকল ব্যক্তির বিশ্বাস, মেঘ-পটশার্চ কোন পুরুষবিশেষ অথবা কতকগুলি পুরুষ তাহাদের প্রার্থনার উত্তর প্রদান করেন, অথবা তাহাদের প্রার্থনায়

ভূমিকা


প্রাক্কতিক নিয়মেব ব্যতিক্রম করেন,—তাহাদের অপেক্ষা অধিকতর দোষী। কারণ, ইহাদের বরং অজ্ঞতা অথবা বাল্য-কালের ভ্রমপূর্ণ শিক্ষাপ্রণালীর (যাহা তাহাদিগকে এইরূপ অপ্রাক্কত পুরুষদিগের প্রতি নির্ভর করিতে শিক্ষা দিয়াছে ও যে নির্ভরতা এক্ষণে তাহাদের অবনত স্বভাবের একাংশস্বরূপ হইয়া পড়িয়াছে) দোহাই দেওয়া চলিতে পারে, কিন্তু পূর্ব্বোক্ত শিক্ষিত ব্যক্তিদিগের দোহাই দিবার কিছুই নাই।

সহস্র সহস্র বৎসর ধরিয়া লোকে এইরূপ অলৌকিক ঘটনাবলী পর্যাবেক্ষণ করিয়াছে, উহার বিষয়ে বিশেষরূপ চিস্তা করিয়াছে ও তৎপরে উহার ভিতর হইতে কতকগুলি সাধারণ তত্ত্ব বাহির করিয়াছে; এমন কি, মান্নুষের ধর্মপ্রাবৃত্তির ভিত্তিভূমি পর্যান্ত বিশেষরূপে তন্ন তন্ন করিয়া বিচার করা হইয়াছে। এই সমুদর চিস্তাও বিচারের ফল এই রাজযোগবিভা। রাজ্বোগ,—আজকালকার অধিকাংশ বৈজ্ঞানিক পণ্ডিতদিগের অমার্জ্জনীয় ধারা অবলম্বনে মুক্ষে সকল ঘটনা ব্যাখ্যা করা ত্তরহ,— তাহাদিগের অন্তিত্বেন অস্বীকার করে না বরং ধীরভাবে অথচ সুস্পষ্ট ভাষায় কুসংস্কারাবিষ্ট ব্যক্তিগণকে বলে যে আলৌকিক ঘটনা, প্রার্থনার উত্তর, বিধাদের শক্তি এগুলি যদিচ সত্যা, কিন্তু মেঘপটলাক্ষঢ় কোন পুরুষ অথবা পুরুষগণ দ্বারা ঐ সকল ব্যাপার সংসাধিত হয়, এইরূপ কুসংস্কারপূর্ণ ব্যাথ্যা দ্বারা ঐ ঘটনাগুলি বুঝা যায় না^ৰ। ইহা সম্দয় মানবজাতিকে এই শিক্ষা দেয় যে, জ্ঞান ও শক্তির অনন্ত সমুদ্র আমাদের পশ্চাতে রহিয়াছে, প্রত্যেক ব্যক্তি তাহারই একটি ক্ষুদ্র প্রণাণী

মাত্র। ইহাতে আরও এই শিক্ষা দেয় যে, যেমন সমুদয় বাসনা ও অভাব মানুষের অন্তরেই রহিয়াছে, সেইরূপ তাহার অন্তরেই তাহার ঐ অভাব মোচনের শক্তিও রহিয়াছে; যথনই এবং যেখানেই কোন বাসনা, অভাব বা প্রার্থনা পরিপূর্ণ হয়, তথনই বুঝিতে হুইবে যে, এই অনম্ভ ভাণ্ডার হুইতেই এই সমুদয় প্রার্থনাদি পরিপূর্ণ হইতেছে, উহা কোন অপ্রাকৃতিক পুরুষ হইতে নহে। অপ্রাকৃতিক পুরুষের ধারণায় মানুষের ক্রিয়াশক্তি কিঞ্চিৎ পরিমাণে উদ্দীপ্ত হইতে পারে বটে. কিন্তু ইহাতে আবার আধ্যাত্মিক অবনতি আনয়ন কবে। ইহাতে স্বাধীনতা চলিয়া যায়; ভয় ও কুসংস্কার সাসিয়া হৃদয়কে অধিকার করে। ইহা 'মাতুষ স্বভাবতঃ তুর্বলপ্রকৃতি' এইরপ ভয়ন্কর বিখানে পরিণত হইয়া পাকে। যোগী বলেন, 'অপ্রাক্তিক বলিয়া কিছু নাই, তবে প্রকৃতির স্থল ও স্থান্ন দিবিধ প্রকাশ বা রূপ আছে বটে। रुका कार्तन, छून कार्या। छूनक महर्रा हे हिन्स दार्ता उपनिक করা যায়, হক্ষ তদ্রুপ নহে। রাজযোগ অভ্যাস দ্বারা হক্ষ অনুভৃতি অজ্ঞিত হইতে থাকে।

ভারতবর্ষে যত বেদমতারুসারী দর্শনশাস্ত্র আছে, তাহাদের সকলের একই কক্ষ্য—পূর্ণতা লাভ করিয়া আত্মার মুক্তি। ইহার উপায় যোগ। 'যোগ' শব্দ বহুভাবব্যাপী। সাংখ্য ও বেদান্ত উভয় মতই কোন না কোন আকারে যোগের সমর্থন করে।

বর্ত্তমান গ্রন্থে নানাপ্রকারী যোগের মধ্যে রাজযোগের বিষয় লিথিত হইয়াছে। পাতঞ্জলস্থত্র রাজযোগের শাস্ত্র ও সর্ব্বোচ্চ প্রামাণিক গ্রন্থ। অক্তান্ত দার্শনিকগণের কোন কোন দার্শনিক





বাজযোগ



প্রথম অধ্যায়

~1000em

অবতরণিকা

আমাদের সকল জ্ঞানই স্বাম্নভৃতিব উপব নির্ভব করে।
আমুমানিক জ্ঞানের (সামান্ত হইতে সামান্ততর বা সামান্ত হইতে
বিশেষ জ্ঞান, উভয়ের) ভিত্তি—স্বামূভৃতি। গৈ প্রতিলকে নিশ্চিতবিজ্ঞান * বলে, তাহাদের সত্যতা লোকে সহজ্ঞেই বৃথিতে
পাবে, কারণ, উহারা প্রভ্যেক লোককেই নিজে সেই বিষয় সত্য
কিনা দেখিয়া তবে বিশ্বাস কবিতে বলে। বিজ্ঞানবিৎ তোমাকে
কোন বিষয় বিশ্বাস করিতে বলিবেন না। তিনি নিজে কতকগুলি

^{*} Exact Science—নিশ্চিত-বিজ্ঞান অর্থাৎ যে স্বকল বিজ্ঞানের তত্ত্ব এতদূর সঠিক ভাবে নির্ণীত হইরাছে যে, গণনা-বলে তাহার দারা ভবিষাৎ নিশ্চর করিরা বিলয়া দিতে পারা যায়। যথা—গণিত, গণিত-জ্যোতিব ইত্যাদি।

বিষয় প্রত্যক্ষ অমুভব করিয়াছেন ও সেইগুলির উপর বিচাব করিয়া কতকগুলি সিদ্ধান্তে উপনীত হইয়াছেন। যথন তিনি তাঁহার সেই সিদ্ধান্তগুলিতে আমাদিগকে বিশ্বাস করিতে বলেন, তথন তিনি মানবসাধারণের অন্নভূতির উপর উহাদেব সত্যাসত্য নির্ণয়েব ভাব প্রক্ষেপ কবিষা থাকেন। প্রত্যেক নিশ্চিত-বিজ্ঞানেবই (Exact Science) একটি সাধারণ ভিত্তিভূমি আছে, উহা হইতে যে সিদ্ধাস্তসমূহ লব্ধ হয়, সকলেই ইচ্ছা করিলে উহাদের সত্যাসত্য তৎক্ষণাৎ বৃঝিতে পাবেন। এক্ষণে প্রশ্ন এই, ধর্ম্মের এরূপ মাধারণ ভিত্তিভূমি কিছু আছে কিনা ? ইহার উত্তর আমাকে দিতে হইলে, 'হাঁ' এবং 'না' এই উভয়ই বলিতে হইবে। জগতে ধর্মসম্বন্ধে সচরাচব এইরূপ শিক্ষা পাওয়া বায় যে, ধর্ম কেবল শ্রদ্ধা ও বিশ্বাদেব উপব স্থাপিত, অধিকাংশস্থলেই উহা ভিন্ন ভিন্ন মতসমষ্টি মাত্র। এই কাবণেই ধর্মে ধর্মে কেবল বিবাদ বিসম্বাদ দেখিতে পাওয়া যায়। এই মতগুলি আবার বিশ্বাসেব উপন স্থাপিত: কেহ কেহ বলেন, মেঘপটলাক্ত এক মহান পুরুষ আছেন, তিনিই সমুদয় জগৎ শাসন কবিতেছেন; বক্তা আমাকে কেবল তাঁহার কথার উপব নির্ভর কবিয়াই উহা বিশ্বাস করিতে বলেন। এইরূপ আমারও অনেক ভাব থাকিতে পারে, আমি অপবকে তাহা বিশ্বাস কবিতে বলিতেছি। যদি তাঁহারা কোন যুক্তি চান, এই বিশ্বাদের কাবণ জিজ্ঞাসা কবেন, আমি তাঁহাদিগকে কোনরূপ যুক্তি দেখাইতে অসমর্থ হই। এই জন্মই আজকাল ধর্ম ও দর্শনশাস্ত্রের তুর্নাম শুনা যায়। প্রত্যেক শিক্ষিত ব্যক্তিরই যেন মনের ভাব এই যে, "দূর ছাই, ধর্মগুলো ত দেখ্ছি কৃতকগুলো

রকমারি মত মাত্র, উহাদের সত্যাসত্য বিচারের ত একটা মানদণ্ড নেই, বাঁর যা খুসি, তিনি তাই প্রচার করতে ব্যন্ত।" কিন্ত তাঁহারা যাহাই ভাবন না কেন, প্রকৃতপক্ষে ধর্মবিশ্বাসের এক সার্বভৌমিক মূলভিত্তি আছে—উহাই বিভিন্ন দেশের বিভিন্ন মতবাদ ও সর্ববিধ বিভিন্ন ধারণা-সমূহেব নিয়ামক। ঐগুলির মূলদেশে যাইলে আমরা দেখিতে পাই যে, উহারাও সার্বজনীন অভিজ্ঞতা ও অমুভৃতির উপর প্রতিষ্ঠিত।

প্রথমতঃ, আমি অমুরোধ করি যে, আপনারা পৃথিবীর ভিন্ন ভিন্ন ধর্মসকল একটু বিশ্লেষণ করিয়া দেখুন। অল্ল অমুসদ্ধানেই দেখিতে পাইবেন যে, উহারা হুই শ্রেণীতে বিভক্ত। কতকগুলির শান্ত্র-ভিত্তি আছে: কতকগুলির শান্ত্র-ভিত্তি নাই। যে গুলি শান্ত্র-ভিত্তিব উপর স্থাপিত, তাহারা স্থদ্য; তদ্ধর্মাবলম্বি-লোকসংখ্যাও অধিক। শাস্ত্র-ভিত্তিহীন ধর্মসকল প্রায়ই লুপ্ত। কতকগুলি নৃতন হইয়াছে বটে, কিন্তু অল্লসংখ্যক লোকেই তদমুগত। তথাপি উক্ত সকল সম্প্রদায়েই এই মতৈক্য দেখা যায় যে, তাঁহাদের শিক্ষা বিশেষ বিশেষ ব্যক্তির প্রত্যক্ষ অমুভব মাত্র। খ্রীষ্টিয়ান তোমাকে তাঁহার ধর্মো, যীশুরীষ্টকে ঈশরের অবতার বলিয়া, ঈশ্বর ও আত্মার অক্তিত্বে এবং ঐ আত্মার ভবিষ্যৎ উন্নতির সম্ভাবনীয়তায় বিশ্বাস করিতে বলিবেন। যদি আমি তাঁথাকে এই বিশ্বাদের কারণ জিজ্ঞাসা করি. তিনি আমাকে বলিবেন—"ইহা আমার বিশ্বাদ।" কিন্তু বলি তুমি ঞ্জীষ্ট-ধর্ম্মের মূলদেশে গমন করিয়া দেখ, তাহা হইলে দেখিতে পাইবে ষে, উহাও প্রত্যক্ষামুভূতির উপর স্থাপিত। যীত্তঞ্জীষ্ট বলিয়াছেন,

ত্রামি ঈশ্বর দর্শন করিয়াছি। তাঁহার শিষ্যেরাও বলিয়া। ছিলেন, ত্যামরা ঈশ্বরকে অনুভব করিয়াছি। এইরূপ আরও অনেক প্রত্যক্ষামুভূতি শুনা যায়।

বৌদ্ধধর্মেও এইরূপ। বৃদ্ধদেবের প্রত্যক্ষামুভূতির উপরে এই ধর্ম স্থাপিত। তিনি কতকগুলি সত্য অমুভব করিয়াছিলেন। তিনি সেইগুলি দর্শন করিয়াছিলেন, সেই সকল সত্যের সংস্পর্শে আসিয়াছিলেন এবং তাহাই জগতে প্রচার করিয়াছিলেন। হিন্দু-দের সম্বন্ধেও এইরূপ: তাঁহাদের শাস্ত্রে ঋষি-নামধের গ্রন্থকর্ত্তাগণ বলিয়া গিয়াছে, "আমবা কতকগুলি সত্য অফুভব করিয়াছি," এবং তাঁহারা তাহাই জগতে প্রচার করিয়া গিয়াছেন। অতএব স্পষ্ট বুঝা গেল যে, জগতে সমুদয় ধর্মাই, জ্ঞানের সার্ব্বভৌমিক ও স্থায় ভিত্তি যে-প্রত্যক্ষাহভব—তাহারই উপর স্থাপিত। সকল ধর্মাচার্যাগণই ঈশ্বরকে দর্শন করিয়াছিলেন। তাঁহাবা সকলেই আত্মদর্শন করিয়াছিলেন: সকলেই আপনাদের অনম্ভ শ্বরূপ অবগত হইরাছিলেন. আপনাদের ভবিষ্যৎ অবস্থা দেথিয়াছিলেন, আর বাহা তাঁহারা দেখিয়াছিলেন, তাহাই প্রচার করিয়া গিয়াছেন। তবে প্রভেদ এইটকু যে, প্রায় সকল ধর্মেই, বিশেষতঃ ইদানীস্তন, একটি অম্ভূত দাবি আমাদের সমুথে উপস্থিত হয়, সেটি এই যে— 'একণে এই সকল অমুভৃতি অসম্ভব। যাঁহাবা ধর্ম্মের প্রথম স্থাপন-কর্ত্তা, পরে যাঁহাদের নামে সেই সেই ধর্ম প্রচলিত হয়, এইরূপ স্বন্ন ব্যক্তিতেই কেবল, প্রত্যকাত্মতব সম্ভব ছিল। এখন আর এরপ অমুভব হইবার উপায় নাই : সুতরাং একণে ধর্ম. , বিখাস করিয়া লইতে হইবে'—আমি এ কথা সম্পূর্ণরূপে অস্থীকার

অবতরণিকা

করি। যদি জগতে কোন প্রকার বিজ্ঞানের কোন বিষয়ে কেহ কথন প্রত্যক্ষ উপলব্ধি করিয়া থাকেন, তাহা হইতে তাহা হইতে আমরা এই সার্ব্বভৌমিক সিদ্ধান্তে উপনীত হইতে পারি যে, পূর্ব্বেও উহা কোটী কোটী বার উপলব্ধির সম্ভাবনা ছিল, পরেও অনস্তকাল ধরিয়া উহার উপলব্ধির সম্ভাবনা থাকিবে। সুমবর্ত্তনই প্রকৃতির বলবৎ নিয়ম; যাহা একবার ঘটিয়াছে, তাহা পুনরায় ঘটতে পারে।

যোগ-বিত্যার আচার্যাগণ সেই নিমিত্ত বলেন, 'ধর্ম যে কেবল পূর্বকালীন অমুভূতির উপর স্থাপিত, তাহা নহে ;—পরম্ব শ্বয়ং এই সকল অমুভৃতিসম্পন্ন না হইলে কেহ ধার্ম্মিক হার্মত পারে না। যে বিস্থার দ্বারা এই সকল অফুভূতি হয়, তাহার নাম যোগ। ধর্ম্মের সত্যসকল যতদিন না কেহ অফুভব করিতেছেন, ততদিন ধর্ম্মের কথা কহাই বুথা। ভগবানের নামে গগুগোল, যুদ্ধ, বাদাত্ব-বাদ কেন ? ভগবানের নামে যত রক্তপাত ইইয়াছে, অক্স কোন বিষয়ের জন্য এত রক্তপাত হয় নাই; তাহার কারণ এই, কোন লোকই মূলে গমন করে নাই। সকলেই পূর্ব্বপুরুষগণের কতক-গুলি আচারেব অনুমোদন করিয়াই সম্ভুট ছিলেন। তাঁহারা চাহিতেন, অপরেও তাহাই করুক। যাঁহার আত্মার অমুভৃতি অথবা ঈশ্বৰ সাক্ষাৎকার না হইয়াছে, তাঁহার আত্মা বা ঈশ্বর আছেন বলিবার অধিকার কি? বলি ঈশ্বর থাকেন, তাঁহাকে দর্শন করিতে হইবে: যদি আত্মা বলিয়া কোন পদার্থ থাকে. তাহাকে উপলব্ধি করিতে হইলে। তাহা না হইলে বিশ্বাস না कदाहे जान। ज्य अल्पका म्महेवानी नायिक जान। वकानतक. আজকালকার বিধান বলিয়া পরিচিত লোকসকলের মনের ভাব!

এই यে. धर्म, पर्मन ও পরম পুক্ষের অনুসন্ধান সমুদয় নিক্ষা। অপব দিকে, যাঁহারা অর্দ্ধশিক্ষত, তাঁহাদের মনের ভাব এইরূপ বোধ হয় যে—ধর্ম-দর্শনাদির বাস্তবিক কোন ভিত্তি নাই: ভবে উহাদের এই মাত্র উপযোগিতা যে, উহারা কেবল জগতের মঙ্গল-সাধনেব বলবতो প্ররোচিকা শক্তি;—যদি লোকেব ঈশ্ববসতায় विश्वाम थारक, जाहा इहेरन रम म९, नीजिनतायन ও मोकन्नानी সামান্ত্রিক হইয়া থাকে। যাহাদের এইরূপ ভাব, তাহাদিগকে ইহার জান্ত দোষ দেওয়া যায় না; কারণ, তাহাবা ধর্ম সম্বন্ধে যা কিছু শিক্ষা পথি, তাহা কতকগুলি অন্তঃদারশৃত উন্মত্ত-প্রলাপু তুল্য অনম্ভ শব্দসমষ্টিতে বিশ্বাস মাত্র। তাহাদিগকে শব্দেব উপরে বিশ্বাস করিয়া থাকিতে বলা হয়; তাহা কি কেহ কথন পারে ? যদি লোকে তাহা পারিত, তাহা হইলে আমার মানবপ্রকৃতির প্রতি বিন্দুমাত্র শ্রদ্ধা থাকিত না। মামুষ সত্য চায়, স্বয়ং সত্য অমুভব করিতে চায়, সভাকে ধাবণ করিতে চায়, সভাকে সাক্ষাৎকার করিতে চায়, অস্তবের অস্তবের অমুভব করিতে চায়। বেদ বলেন, "কেবল তথনি সকল সন্দেহ চলিয়া যায়, সব তমোজাল ছিল্ল ভিন্ন হইয়া যায়, সকল বক্ততা সরল হইয়া যায়"---

> "ভিন্ততে ক্ষরগ্রন্থিছিন্ততে সর্বসংশবাঃ ক্ষীরন্তে চাক্ত কর্মাণি তব্মিন্ দৃষ্টে প্রাবরে ॥" মৃতঃ উঃ, ২।২।৮ "শৃথন্তি বিশ্বে অমৃতক্ত পূত্রা আ বে ধামানি দিব্যানি তদুঃ ॥" খে: উঃ, ২।৫ "বেদাহমেতং পুরুষং মহান্তং আদিত্যবর্গং তমসঃ পরতাং।

তমেব বিদিখাতিমৃত্যুমেতি। নাম্ম: পদ্মা বিষ্যুতেহয়নার॥" খে: উ: ৩৮

হে অমৃতের পুত্রগণ ! হে দিব্যধামনিবাসিগণ ! শ্রবণ কর—
আমি এই অজ্ঞানান্ধকার হইতে আলোকে যাইবার পথ পাইয়াছি,
যিনি সমস্ত তমের অতীত, তাঁহাকে জানিতে পারিলেই তথার
যাওয়া যায়—মুক্তির আর কোন উপায় নাই।

রাজযোগ-বিদ্যা এই সত্য লাভ করিবার, প্রকৃত কার্য্যকরী ও সাধনোপ্যোগী বৈজ্ঞানিক প্রণালী মানবসমক্ষে স্থাপন করিবার প্রস্তাব করেন্। প্রথমতঃ, প্রত্যেক বিছারই অমুসন্ধান বা সাধন প্রণাণী স্বতন্ত্র স্বতন্ত্র। তুমি যদি জ্যোতির্বেক্তা হইতে ইচ্ছা কর, আর বসিয়া বসিয়া কেবল জ্যোতিষ জ্যোতিষ বলিয়া চীৎকার কর জ্যোতিষ্শাস্ত্রে তুমি কথনই অধিকারী হইবে না। রুসায়ন শাস্ত্র সম্বন্ধেও ঐরপ, উহাতেও একটি নির্দিষ্ট প্রণালীর অমুসরণ করিতে হইবে: পরীকাগারে (Laboratory) গমন করিয়া বিভিন্ন দ্রব্যাদি লইতে হইবে, উহাদিগকে একত্রিত করিতে इटेरव, माजा विভाগে मिमारेट इटेरव, পরে তাহাদিগকে नहेश পরীক্ষা করিতে হইবে, তবে তুমি রসায়নবিৎ হইতে পারিবে। যদি তুমি জ্যোতিৰ্বিৎ হইতে চাও, তাহা হইলে তোমাকে মান্মন্দিরে গমন করিয়া দূরবীক্ষণ যন্ত্র সাহায্যে ভারা ও গ্রহ গুলি পর্য্যবেক্ষণ করিয়া তবিষয়ে আলোচনা করিতে হইবে. তবেই তুমি জ্যোতির্বিৎ হইতে পারিবে। প্রত্যেক বিষ্ণারই এক একটি নির্দিষ্ট প্রণালী আছে। আমি তোমাদিগকে শত সহস্র উপদেশ দিতে পারি, কিন্তু তোমরা যদি সাধনা না কর, তোমরা

কথনই ধান্মিক হইতে পারিবে না; সমুদার যুগেই, সমুদায় দেশেই, নিক্ষাম শুদ্ধ-স্বভাব সাধুগণ এই সত্য প্রচার করিরা গিরাছেন। তাঁহাদের, জগতের হিত ব্যতীত আর কোন কামনাছিল না। তাঁহারো সকলেই বলিয়াছেন যে—ইন্দ্রিরগণ আমাদিগকে যতদ্র সত্য অফুভব করাইতে পারে, আমরা তাহা অপেক্ষা উচ্চতর সত্য লাভ করিয়াছি এবং তাহা পরীক্ষা করিতে আহ্বানকরেন। তাঁহারা বলেন, তোমরা নির্দিষ্ট সাধন প্রণালী লইয়া সরলভাবে সাধন করিতে থাক। যদি এই উচ্চতর সত্য লাভ না কর, তাহা হইলে বিশ্বতে পাব বটে যে, এই উচ্চতর সত্য লাভ না কর, তাহা হইলে বিশ্বতে পাব বটে যে, এই উচ্চতর সত্য সম্বন্ধে বাহা বলা হয়, তাহা যথার্থ নহে। কিন্তু তাহার পূর্ব্বে এই সকল উক্তির সত্যতা একেবাবে অম্বীকার করা কোন মতেই যুক্তিযুক্ত নহে। অতএব আমাদেব নির্দিষ্ট সাধন প্রণালী লইয়া যথাবথ ভাবে সাধন করা আবশ্রত. নিশ্বই আলোক আসিবে।

কোন জান লাভ করিতে হইবে আমরা সামাজীকরণের সাহায্য লইয়া থাকি; ইহার জন্ম আবার ঘটনাসমূহ পর্যাবেক্ষণ আবশুক। আমবা প্রথমে ঘটনাবলী পর্যাবেক্ষণ করি, পরে সেই গুলিকে সামাজীকৃত, এবং তা্হা হইতে আমাদের সিদ্ধান্ত বা মতামত সমূহ উদ্ভাবন করি। আমরা যতক্ষণ পর্যান্ত না মনের ভিতর কি হইতেছে না হইতেছে প্রত্যক্ষ করিতে পারি, ততক্ষণ আমরা আমাদের মন সম্বন্ধে, মান্ত্রের আভ্যন্তরিক প্রকৃতি সম্বন্ধে, মান্ত্রের চিন্তা সম্বন্ধে কিছুই জাল্পিতে পারি না। বাহুজগতের ব্যাপার পর্যাবেক্ষণ করা অতি সহজ্ব। প্রাকৃতির প্রতি অংশ প্রব্যবক্ষণ করিবার জন্ম সহস্র সহস্র বন্ধ নির্দ্ধিত হইরাছে, কিছু

অন্তর্জগতের ব্যাপার জানিবার জন্ম সাহায্য করে, এমন কোনও যন্ত্র নাই। কিন্তু তথাপি আমরা ইহা নিশ্চর জানি যে, কোন বিষয়ের প্রাকৃত বিজ্ঞান লাভ করিতে হইলে পর্যবেক্ষণ আয়েশ্রক ৮ বিশ্লেষণ ব্যতীত বিজ্ঞান নির্থক ও নিক্ষল হইয়া ভিত্তিহীন অমুনমানের পর্যবসিত হইয়া পড়ে। এই কারণেই যে অল্প করেক জন মনস্তত্ত্বাদ্বেষী পর্যবেক্ষণ কবিবার উপায় জানিয়াছেন, তাঁহারা ব্যতীত আর সকলেই চিরকাল কেবল বাদামুবাদ করিতেছেন মাত্র।

রাজবোগ-বিদ্যা প্রথমত: নামুষকে তাহার নিজের আভান্তরীণ অবস্থাসমূহ পর্যবেক্ষণ করিবার উপায় দেখাইট্রা দেয়। মনই ঐ পর্যাবেক্ষণের যন্ত্র। আমাদের বিষয় বিশেষে অবহিত হইবার শক্তিকে ঠিক ঠিক নিয়মিত করিয়া যথন অন্তর্জগতের দিকে পরিচালিত করা হয়, তথনই উহা মনের প্রত্যেক অঙ্গ-প্রত্যঙ্গ বিশ্লেষণ করিয়া ফেলিবে এবং তাহার আলোকে আমাদের মনের মধ্যে কি ঘটনা ঘটিতেছে, তাহা ঠিক ঠিক বুঝিতে পারিব। মনের শক্তিসমূহ ইতন্তডোবিক্লিপ্ত আলোকরশ্মি সদৃশ। উহারা কেন্দ্রীভূত হইলেই সমস্ত আলোকিত করে, ইহাই আমাদের সমুদয় জ্ঞানের একমাত্র উপায়। কি বাহুজগতে কি অন্তর্জগতে সকলেই এই শক্তির পরিচালনা করিতেছেন; ভবে বৈজ্ঞানিক বহিজাগতে যে সৃদ্ধ পর্যাবেক্ষণশক্তি প্রয়োগ করেন, মনগুলুরেষীকে তাহাই মনের উপর প্রয়োগ করিতে হইবে। ইহাতে অনেক অভ্যাদের আবশুক করে। বাল্যকাল হইতে আমরা কেবল বাহিরের বস্তুতেই মনোনিবেশ করিতে শিক্ষিত হইয়াছি, অস্তু-র্জগতে মনোনিবেশ করিতে শিক্ষা পাই নাই। আর এই কারণে

আমাদের মধ্যে অনেকেই অন্তর্যন্ত্রের প্র্যবেক্ষণ-শক্তি হারাইরা ফেলিরাছেন। মনকে অন্তর্মুখী করা, উহার বহিমুখী গতি নিবারণ করা, বাহাতে মন নিজের স্থভাব জানিতে পারে, নিজেকে বিশ্লেষণ করিয়া দেখিতে পারে, তজ্জ্ঞ্জ উহার সমুদর শক্তিগুলিকে কেন্দ্রীভূত করিয়া নিজের উপবেই প্রয়োগ করা অতি কঠিন কার্যা। কিন্তু এ বিষয়ে বৈজ্ঞানিক প্রথায় অগ্রসর হইতে হইলে ইহাই একমাত্র উপায়।

এইরপ জ্ঞানের উপকারিতা কি ? প্রথমতঃ জ্ঞানই জ্ঞানের সর্ব্বোচ্চ পুরস্কার । ছিতীয়তঃ ইহার উপকারিতাও আছে—ইহা সমস্ত হৃঃথ হরণ করিবে। যথন মাহ্য আপনার মন বিশ্লেষণ করিতে করিতে এমন এক বস্তকে সাক্ষাৎ দর্শন করে, যাহার কোন কালে নাশ নাই—যাহা স্বর্ন্নতঃ নিত্যপূর্ণ ও নিত্যশুদ্ধ, তথন তাহার হৃঃথ থাকে না, নিরানন্দ থাকে না। ভয় ও অপূর্ণ বাসনা সমৃদয় হৃঃথের মৃল। পূর্ব্বোক্ত অবস্থা প্রাপ্ত হুইলে মাহ্য ব্ঝিতে পারিবে, তাহার মৃত্যু নাই, স্থতরাং তথন আর মৃত্যু ভয় থাকিবে না। নিজেকে পূর্ণ বলিয়া জানিতে পারিলে অসার বাসনা আর থাকে না। পূর্ব্বোক্ত কারণজ্বের অভাব হুইলেই আর কোন হঃথ থাকিবে না। তৎপরিবর্ত্বে এই দেহেই পরমানন্দ লাভ হুইবে।

জ্ঞানলাভের এক্মাত্র উপায় একাগ্রতা। রসায়নতবাবেষী নিজের পরীক্ষাগারে গিয়া, নিজের মুনের সমৃদর শক্তি কেন্দ্রীভূত করিয়া, তিনি যে সকল বস্তু বিশ্লেষণ করিতেছেন, তাহাদের উপর প্রয়োগ করেন এবং এইরূপে তাহাদের রহস্ত অবগত হয়। জ্যোতির্বিৎ নিজের মনের সমৃদয় শক্তিগুলি একত্রিত করিয়া তাহাকে দ্রবীক্ষণ যক্ষের মধ্য দিয়া আকাশে প্রক্রেপ করেন, আর আমনি তারা, স্থ্য, চক্র ইহারা সকলেই আপন আপন রহস্ত তাঁহার নিকট ব্যক্ত করে। আমি যে বিষয়ে কথা কহিতেছি, সে বিষয়ে আমি যতই মনোনিবেশ করিতে পারিব তত্তই সেই বিষয়ের গৃঢ় তত্ত্ব তোমাদের নিকট প্রকাশ করিতে পারিব। তোমরা আমার কথা শুনিতেছ; তোমরাও যতই এ বিষয়ের মনোনিবেশ করিবে, তত্তই আমার কথা শ্পইভাবে ধারণা করিতে পারিব।

মনের একাগ্রতা-শক্তি ব্যতিরেকে আর কীরূপে জগতে এই সকল জ্ঞান লব্ধ হইয়াছে? প্রকৃতিব বারদেশে আঘাত প্রদান করিতে জানিলে,—তথায় যেরূপ ধাকা দেওয়া প্রয়োজন, ভাহা দিতে জানিলে—প্রকৃতি তাহার রহস্ত উদ্ঘাটিত করিয়া দেন এবং সেই আঘাতের শক্তি ও তেজঃ, একাগ্রতা হইতেই আইনে। মন্ত্র্যমনের শক্তির কোন সীমা নাই; উহা যতই একাগ্র হয়, ততই উহার শক্তি এক লক্ষ্যের উপর আইসে এবং ইহাই রহস্ত।

মনকে বহিবিধয়ে ছির করা অপেক্ষাকৃত সহজ। মন
শ্বভাবতঃই বহিম্পী; কিন্তু ধর্ম, মনোবিজ্ঞান, কিংবা দর্শন বিষয়ে
জ্ঞাতা ও জ্ঞেয় (বা বিষয়ী ও বিষয়) এক। এথানে প্রমের
একটি আভ্যন্তরীণ বস্তু, মনই এথানে প্রমেয়। মনক্তন্ত্ব অন্তেমণ
করাই এথানে প্রশ্নেজন, আর মনই মনক্তন্ত্ব পর্যাবেক্ষণ করিবার
কর্তা। আমরা জানি যে, মনের এমন একটি ক্ষমতা আছে,
মন্দারা উহা নিজের ভিতরে যাহা হইতেছে, তাহা দেখিতে পারে—
উহাকে অন্তঃপর্যবেক্ষণ শক্তি বলা যাইতে পারে। আমি তোমাদের

সহিত কথা কহিতেছি: আবার ঐ সময়েই আমি যেন আর একজন লোক বাহিরে দাডাইয়া রহিয়াছি এবং বাহা করিতেছি তাহা জানিতেছি ও শুনিতেছি। তুমি এক সময়ে কাণ্য ও চিম্ভা উভয়ই করিতেছ, কিন্তু তোমার মনের আর এক অংশ ঘেন বাহিকে দাঁড়াইয়া, তুমি যাহা চিন্তা করিতেছ, তাহা দেখিতেছে। মনের সমুদয় শক্তি একত্রিত করিয়া মনের উপরেই প্রয়োগ করিতে হইবে। যেমন হর্ষ্যের তীক্ষ রশ্মির নিকট অতি অন্ধকারময় স্থানসকলও তাহাদের গুপু তথ্য প্রকাশ করিয়া দেয়, তদ্ধপ এই একাগ্র মন নিজের অতি অন্তরতম রহস্য সকল প্রকাশ করিয়া দিবে। তথন আমরা বিশ্বাদের প্রক্লভ ভিত্তিতে উপনীত হটব। তথনই আমাদের প্রকৃত ধর্মলাভ হইবে। তথনই আত্মা আছেন কি না, জীবন কেবল এই সামান্ত জীবিত কালেই পর্যাপ্ত বা অনম্ভব্যাপী ও অগতে ঈশ্বর কেহ আছেন কি না, আমরা স্বয়ং দেখিতে পাইব। সমুদয়ই আমাদের জ্ঞান-চক্ষের সমকে উদ্ভাসিত হইবে। রাজবোগ স্ট্রাই আমাদিগকে শিক্ষা দিতে অগ্রসর। ইহাতে যত উপদেশ আছে, তৎসমুদরের উদ্দেশ্য— প্রথমতঃ মনের একাগ্রতা-সাধন, তৎপরে উহার গভীরতম প্রদেশে কত প্রকার ভিন্ন ভিন্ন কায্য হইতেছে, তাহার জ্ঞানলাভ, তৎপরে ঐশুলি হইতে সাধারণ সত্যসকল নিষ্কাশন করিয়া তাহা হইতে নিজের একটা সিদ্ধান্তে উপনীত হওয়া। এই জক্ষই রাজবোগ শিক্ষা করিতে হইলে, তোমার ধর্ম বাহাই হউক— তুমি আজিক হও, নাজিক হও, রাছদি হও, বৌদ্ধ হও, অথবা গ্রীষ্টানই হও—ভাষাতে কিছুই আসিয়া বায় না। তুমি

মামুষ—তাহাই যথেই। প্রত্যেক মমুদ্রেরই ধর্মতন্ত্র অমুসদ্ধান করিবার শক্তি আছে, অধিকারও আছে। প্রত্যেক ব্যক্তিরই বে কোন বিবরে হউক না কেন, তাহার কারণ ক্রিজ্ঞাসা করিবার অধিকার আছে, আর তাহার এমন ক্রমতাও আছে যে, সে নিক্সের ভিতর হইতেই সে প্রশ্নের উত্তর পাইতে পারে। তবে অবশ্র ইহার অন্ত একট্ কই শীকার করা আবশ্রক।

এতক্ষণ দেখিলাম, এই রাজ্যোগ-সাধনে কোন প্রকার বিশ্বাসের স্থাবশুক করে না। ^ন যতকণ না নিজে প্রতাক্ষ করিতে পার, ততক্ষণ কিছুই বিশাস করিও না, রাজধোগ ইুহাই শিক্ষা দেন। সভাকে প্রতিষ্ঠিত করিবার ব্যক্ত অন্ত কোন সঁহায়তার আবশ্যক করে না। তোমনা কি বলিতে চাও যে জাগ্রত অবস্থাব সত্যতা প্রমাণ করিতে স্বপ্ন অথবা করনার সহায়তার আৰ্খ্যক হর ? কথনই নহে। এই রাজ্বযোগ সাধনে দীর্ঘকাল ও নিরম্ভর অভ্যানের প্রয়োজন হয়। এই অভ্যানের কিয়দংশ শরীর-সংযম-বিষয়ক। কিন্তু ইহার অধিকাংশই মন:সংযমাত্মক। আমরা ক্রমশঃ বুঝিতে পারিব, মন শরীরের সহিত কিরূপ সম্বন্ধে সম্বন্ধ। যদি আমরা বিশ্বাস করি বে. মন কেবল শবীরেব সৃন্ধ অবস্থাবিশেষ মাত্র, আর মন শরীরের উপর কার্য্য করে, এ সত্যে যদি আমাদের বিশাস থাকে, তাহা হইলে ইহাও শীকার করিতে হইনে যে, শরীরও মনের উপর কার্য্য করে। শরীর অস্তুত্ত হইলে মন অস্তুত্ত্র, শরীর স্বন্ধ থাকিলে মনও সুস্থ ও সতেক থাকে। যথন কোন ব্যক্তি ক্রোধাৰিত হর, তথন তাহার মন অন্থির হয়। মনের অন্থিরতা হেতু শরীরও সম্পূর্ণ অন্থির হইয়া পড়ে। অধিকাংশ

লোকেরই মন শরীরের সম্পূর্ণ অধীন। বাস্তবিক ধরিতে গেলে তাহাদের মনঃশক্তি অতি অরপরিমাণেই প্রকৃটিত। তোমরা ধদি কিছু মনে না কর, তবে বলি, অধিকাংশ মহয়ই পশু হইতে অতি অরই উরত। কারণ, অনেক স্থলে সামান্ত পশুপক্ষী অপেক্ষা তাহাদের সংযমের শক্তি বড় অধিক নহে। আমাদের মনকে নিগ্রহ করিবার শক্তি অতি অরই আছে। মনের উপর এই ক্ষমতা লাভের করিবার শক্তি অতি অরই আছে। মনের উপর এই ক্ষমতা লাভের করিবার শক্তি কতি অরই তাছে। মনের উপর এই ক্ষমতা লাভের করেবার পরি বহরক সাধনের—দৈহিক সাধনের—প্রধােজন। শরীর ঘথন সম্পূর্ণরূপে আরস্ত হইবে, তথন মনকে লইয়া নাড়াচাড়া করিবার সমর আসিবে। এইরপে মন যখন আমাদের অনেকটা বসে আসিবে, তথন আমরা ইচ্ছামত উহাকে কাল্প করাইতে ও ইচ্ছামত উহার বৃত্তিসমূহকে একমুখী হইতে বাধ্য করিতে পারিব।

রাজযোগীর মতে এই সমৃদয় বহির্জগৎ, অন্তর্জগৎ বা স্ক্র্ম্মজগতের স্থল বিকাশ মাত্র। সর্বস্থলেই স্ক্রমকে কারণ ও স্থলকে
কার্য্য বুঝিতে হইবে। এই নিয়মে বহির্জগৎ কার্য্য ও অন্তর্জগৎ
কারণ। এই হিসাবেই স্থল জগতে পরিদৃশুমান শক্তিগুলি
আভ্যন্তরিক স্ক্রন্তর শক্তির স্থলভাগ মাত্র। যিনি এই আভ্যন্তরিক
শক্তিগুলিকে আবিষ্কার করিয়। উহাদিগকে ইচ্ছামত পরিচালিত
করিতে শিথিয়াছেন, তিনি সমৃদয় প্রকৃতিকে বলীভৃত করিতে
পারেন। যোগী, সমৃদয় জগৎকে বলীভৃত করা ও সমৃদয় প্রকৃতির
উপর ক্রমতা বিত্তার করারূপ স্থরহৎ কার্যকে আপন কর্ত্ব্য বলিয়া
গ্রহণ করেন। তিনি এমন এক অবস্থায় বাইতে চাহেন, বথায়
আম্বা বাহাদিগকে "প্রকৃতির নির্মাবলি" বলি, তাহায়া তাঁহায়

উপর কোন প্রভাব বিস্তার করিতে পারিবে না, যে অবস্থার তিনি ঐ সমূদর অভিক্রম করিতে পারিবেন। তথন তিনি, আভ্যন্তরিক'ও বাহ্ন সমূদর প্রকৃতির উপর প্রভূত্ব লাভ করেন। মন্ত্র্যাঞ্চাতির উন্নতি ও সভ্যতা, এই প্রকৃতিকে বশীভূত করার শক্তির উপর নির্ভর করে।

এই প্রকৃতিকে বণীভূত করিবার জম্ম ভিন্ন ভাতি ভিন্ন ভিন্ন প্রণালী অবলম্বন করিয়া থাকে। বেমন একই সমাজের মধ্যে কতকগুলি ব্যক্তি বাহপ্রকৃতি, কতকগুলি আবার অন্ত:-প্রকৃতি বশীভূত করিতে চেষ্টা পায়, সেইরূপ ভিন্ন ভিন্ন জাতির মধ্যে কোন কোন জাতি বাহু ও কোন কোন জাতি অন্তঃপ্রক্লতি বশীভূত করিতে চেষ্টা করে। কাহারও মতে, অন্তঃপ্রকৃতি বশীভূত করিলেই সমুদ্র বশীভূত হইতে পারে; কাহারও মতে বা বাছ-² প্রকৃতি বশীভূত করিলেই স্মুদ্য বশীভূত হইতে পারে। এই তুইটি সিদ্ধান্তের চরমভাব পক্ষ্য করিলে ইহা প্রতীয়মান হয় যে, এই উভয় সিদ্ধান্তই সত্য; কারণ প্রকৃতপক্ষে বাহ্য অভ্যন্তর বলিয়া কোন ভেদ নাই। ইহা একটি কাল্লনিক বিভাগ মাত্র। এইরপ বিভাগের অন্তিত্বই নাই, কখনও ছিল না। বহির্বাদী বা অন্তর্কাদী উভয়ে যথন স্বন্ধ জ্ঞানের চরম সীমা লাভ করিবেন. তথন একস্থানে উপনীত হইবেনই হইবেন। যেমন বহির্বিজ্ঞান-वांनी निक ब्लानटक हदम भीमात्र नहेंग्रा शहेरन लियकारन তাঁহাকে দার্শনিক হইতে হয়ু, সেইরূপ দার্শনিকও দেখিবেন, তিনি মন ও ভূত বলিয়া যে হুইটি ভেদ করেন, তাহা বাস্তবিক কারনিক মাত্র, তাহা একদিন একেবারেই চলিয়া বাইবে।

যাহা হইতে এই বহু উৎপন্ন হইন্নাছে, যে এক পদার্থ বহুক্সপে প্রকাশিত হইয়াছে, সেই এক পদার্থকে নির্ণয় করাই সমুদয় বিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য ও লক্ষা। রাজযোগীরা বলেন, আমরা প্রথমে অন্তর্জগতের জ্ঞান লাভ করিব, পরে উহার ছারাই বাঞ্ ও অন্তর উভয় প্রকৃতিই বশীভৃত করিব।' প্রাচীন কাল হইতেই লোকে এই বিষয়ে চেষ্টা করিয়া আসিতেছেন। ভাবত-বর্ষেই ইহার বিশেষ চেষ্টা হয়: তবে অফান্স জাতিরাও এই বিষয়ে কিঞ্চিৎ চেষ্টা করিয়াছিল। পাশ্চাতা প্রদেশে লোকে ইহাকে রহস্য বা গুপুবিগা ভাবিত, যাঁহারা ইহা অভ্যাস করিতে ৰাইতেন, তাঁহাদিঁগকে ডাইন, ঐক্তঞালিক ইত্যাদি অপবাদ দিরা পোডাইয়া অথবা অন্তরপে মারিয়া ফেলা হইত। ভারতবর্ষে নানা কারণে ইহা এমন লোকসমূহের হত্তে পড়ে, যাহারা এই বিখায় শতকরা নব্ব ই অংশ নষ্ট করিয়া অবশিষ্টটুকু অতি গোপনে রাখিতে চেষ্টা করিয়াছিল। আজকাল আবার ভারত-বর্ষের গুরুগণ অপেক্ষা নিকৃষ্ট গুরুনামধারী কতকগুলি ব্যক্তিকে দেখা যাইতেছে: ভারতবর্ষের গুরুগণ তবু কিছু জানিতেন, এই व्याधुनिक खक्रांग किहुहे खारान ना।

এই সমস্ত যোগ-প্রণালীতে গুছ বা অদ্ভূত ধাহা কিছু আছে,
সমূদর ত্যাগ করিতে হইবে। যাহা কিছু বল প্রদান করে,
তাহাই অমুসরণীর। অক্তান্ত বিষয়েও বেমন, ধর্মেও তজ্ঞপ। বাহা
তোমাকে ফুর্মল করে, তাহা এক্বোরেই তাজা। রহস্যম্পৃহাই
মানবমক্তিদকে ফুর্মল করিয়া ফেলে। এই সমস্ত গুছ রাখাতেই
যোগশাল্প প্রায় এক্টেবারে নই হইয়া গিরাছে বলিলেই হয়। কিছ

বাস্তবিক ইহা একটি মহাবিজ্ঞান। চতুঃসহস্রাধিক বর্ধ পূর্বের ইহা আবিদ্ধৃত হয়, সেই সময় হইতে ভারতবর্বের ইহা প্রণালীবদ্ধ হইয়া বর্ণিত ও প্রচারিত ইইতেছে। একটি আশ্চর্যা এই য়ে ব্যাখ্যাকার য়ত আধুনিক, তাঁহার ভ্রমণ্ড সেই পরিমাণে অধিক। লেখক য়তই প্রাচীন, তিনি ততই অধিক স্থায়সঙ্গত কথা বলিয়াছেন। আধুনিক লেখকের মধ্যে অনেকেই নানাপ্রকার রহজের বা আজগুরী কথা কহিয়া থাকেন। এইরূপে য়াহাদের হত্তে ইহা পড়িল, তাহারা সমস্ত ক্ষমতা নিজকরতলম্ভ রাথিবার ইচ্ছায় ইহাকে মহা গোপনীয় বা আজগুরী করিয়া তুলিক এবং মুক্তিরূপ প্রভাকরের পূর্ণলোক আর ইহাতে পড়িতে দিল না।

আমি প্রথমেই বলিতে চাই, আমি যাহা প্রচার করিতেছি, তাহার ভিতর গুড় কিছুই নাই। যাহা যৎকিঞ্চিৎ আমি জানি, তাহা তোমাদিগকে বলিব। ইহা যতদ্ব যুক্তি দারা বুঝান যাইতে পারে, ততদ্ব বুঝাইবার চেষ্টা করিব। কিন্তু আমি যাহা বুঝিতে পারি না, তৎসম্বন্ধে বলিব, "শান্ত্র এই কথা বলেন"। অবিখান করা অক্যায়; নিজের বিচারশক্তি ও যুক্তি খাটাইতে হইবে; কার্য্যে করিয়া দেখিতে হইবে যে, শান্তে যাহা লিখিত আছে, তাহা সভ্য কি-না। জড়বিজ্ঞান শিখিতে হইলে বে ভাবে শিক্ষা কর, ঠিক সেই প্রণালীতেই এই ধর্ম-বিজ্ঞান শিক্ষা করিতে হইবে। ইহাতে গোপন করিবার কোন কথা নাই, কোন বিপদের আশহাও নাই, ইহার মধ্যে যতদ্ব সভ্য আছে, তাহা সকলের সমক্ষে রাজ্ঞপথে প্রকাশ্যভাবে প্রচার করা উচিত। কোনকপে, এ সকল গোপন করিবার চেষ্টা করিলে অনেক বিপদের উৎপত্তি হয়।

আর অধিক বলিবার পূর্বের আমি সাংখ্যদর্শন সম্বন্ধে কিছু বলিব। এই সাংখ্যদর্শনের উপর রাজবোগ-বি্ছা সংস্থাপিত। সাংখ্য-দর্শনের মতে বিষয়-জ্ঞানের প্রণাণী এইরূপ,—প্রথমতঃ বিষয়ের সহিত চক্ষুরাদি যন্ত্রের সংঘোগ হয়। চক্ষুরাদি ইন্দ্রিরগণের নিকট উহা প্রেরণ করে; ইন্দ্রিয়গণ মনের ও মন নিশ্চয়াত্মিকা বৃদ্ধির निक्टे नहेशा योतः, उथन भूक्ष वा चाचा छेश शहन करवनः পুরুষ আবার, যে সকল সোপান পরম্পরায় উহা আসিয়াছিল, তাহাদের মধ্য দিয়া যেন উহাকে ফিরিয়া যাইতে আদেশ করেন। এইরূপে বিষয় গৃহীত হইয়া থাকে। পুরুষ বাতীত আর সকলগুলি ঞ্ড। তবে মন চক্ষুবাদি বাহ্ যন্ত্র অপেকা স্ক্রান্তর ভূতে নির্মিত। মন যে উপাদানে নির্দ্মিত তাহা ক্রমশ: স্থুগতর হইলে তন্মাতার ? উৎপত্তি হয়। উহা আবও স্কুল হইলে পরিদুখ্যমান ভূতের উৎপত্তি হয়। সাংখ্যের মনোবিজ্ঞান এই। স্থতরাং, বৃদ্ধি ও স্থুল ভূতের মধ্যে প্রভেদ কেবল মাত্রার তারতমা। একমাত্র পুরুষই চেতন। মন বেন আত্মার হত্তে বন্ধবিশেষ ৷ উহা ৰারা আত্মা বাহ্য বিষয় গ্রহণ कतिया थारकन। मन मना পরিবর্ত্তনশীন, একদিক হইতে অক্ত मिटक (मोज़ांब, कथन अमूनब देखिसक्षिमांक मःगध, कथन वा **এक**िंटिक সংশগ্ন থাকে, আবার কথনও বা কোন ইন্সিয়েই সংশগ্ন থাকে না। মনে কর আমি একটি খড়ির শব্দ মনোধোগ করিয়া শুনিতেছি; এরূপ অবস্থায় আমার চকু উন্মীলত থাকিলেও কিছুই प्रिंचित शाहेर ना : हेहारा "अहे° बाना याहेराउट स, मन राणिश्र धवरनिक्रात मरनश हिन, किन मर्भनिक्रात हिन ना। धरेक्न मन मम्बद हेक्किता अक ममर मान्य शाकिरा भारत्। मरनद

আবার অন্তর্গ প্রতি শক্তি আছে, এই শক্তিবলে মানুষ নিজ অন্তরের গভীরতম প্রদেশে দৃষ্টি করিতে পারে। অন্তর্গ টিশক্তির বিকাশসাধন করাই যোগীর উদ্দেশ্য; মনের সম্পর্য শক্তিকে এক র বিরা ও ভিতরের দিকে ফিরাইরা, ভিতরে কি হইতেছে, তাহাই তিনি জানিতে চাহেন। ইহাতে বিখাসের কোন কথা নাই ইহা কতকগুলি দার্শনিকের মনজ্জবিমেষণের ফলমাত্র। আধুনিক শবীরত্ত্ববিৎ পণ্ডিতেরা বলেন, চক্ষু প্রকৃতপক্ষে দর্শনের ক্র্নুন নহে, ঐ ক্রনুমন্তিকের অন্তর্গত সায়ুকেক্ষে অবস্থিত। সম্পন্ন ইক্ষিয়াসমন্তর্গ এইরূপ বৃথিতে হইবে। তাহারা আরও বর্টনন ন মন্তিক যে পদার্থে নির্দ্দিত, এই কেক্ষণ্ডালিও ঠিক সেই পদার্থে নির্দ্দিত। সাংখ্যেরাও এইরূপ বৃণিয়া থাকেন; তবে প্রভেদ এই যে—সাংখ্যের সিদ্ধান্ত আধ্যাজ্যিক দিক্ দিয়া ও বৈজ্ঞানিকের ভৌতক দিক্ দিয়া। তাহা হইলেও, উভয়ই এক কথা। আমাদিগকে ইহার অতীত রাজ্যের অধ্বরণ করিতে হইবে।

যোগীর চেষ্টা, নিজেকে এমন স্ক্রাম্ছ্তিসম্পন্ন করা যে,
যাহাতে তিনি বিভিন্ন মানসিক অবস্থাগুণিকে প্রত্যক্ষ করিতে
পারেন। মানসিক প্রক্রিয়া সম্পন্নের পূথক পূথক ভাবে মানস²
প্রত্যক্ষ আবশুক। বিষয়সমূহ চক্ষ্মোলকাদিকে আঘাত করিবামাত্র
তহৎপন্ন বেদনা কিরুপে তত্ত্বৎ করণসহারে স্বায়্মার্গে শ্রমণ করে,
মন কিরুপে উহাদিগকে গ্রহণ করে, কি করিয়া উহারা আবার
নিশ্চরাত্মিকা বৃদ্ধিতে গমন করে, পরিশেষে, কি করিয়াই বা পুরুষের
নিকট বায়— এই সম্পন্ন ব্যাপারগুলিকে পূথক্ পূথক্ ভাবে প্রত্যক্ষ
করিতে হইবে। সকল বিষয় শিক্ষারই কতকগুলি নির্দিষ্ট প্রণালী

আছে। যে কোন বিজ্ঞান শিক্ষা কর না কেন, প্রথমে আপনাকে উহার অস্থ্য প্রস্থান্ত হয়, পরে এক নির্দিষ্ট প্রণালীর অমুসরণ করিতে হয়। তাহা না করিলে উক্ত বিজ্ঞানের সিদ্ধান্তসমূহ বুঝিবার আর দ্বিতীর উপায় নাই। রাজযোগ সম্বন্ধেও তক্রপ।

মাহার সম্বন্ধে কতকগুলি নিয়ম আবশুক। যাহাতে মন থুব পবিত্র থাকে, এরপ আহার করিতে হইবে। যদি কোন পশু-শালায় প্রমন করা যায়, তাহা হইলে আহারের সহিত জীবের কি সম্বন্ধ, তাহা স্পষ্টই বুঝিতে পারা যায়। হন্তী অতি বুহৎ-কায় জন্ত কিন্তু তাহার প্রকৃতি অতি শাস্ত; আর যদি তুমি সিংহ বা ব্যাঘেব পিঞ্জরার দিকে গমন কর, দেখিতে পাইবে-তাহারা ছটুফটু করিতেছে। ইহাতে বুঝা যায় যে, আহারের তারতম্যে কি ভয়ানক পরিবর্ত্তন সাধিত হইয়াছে। আমাদের শরীরে যতগুলি শক্তি ক্রীড়া করিতেছে, তাহার সমুদয়গুলিই আহার হইতে উৎপন্ন, আমরা ইহা প্রতিদিনই দেখিতে পাই। यদি তুমি উপবাদ করিতে আরম্ভ কর, তোমার শ্রীর চুর্বল হইয়া যাইবে, দৈহিক শক্তিগুলির হ্রাস হইবে, কয়েক দিন পরে মানসিক শক্তিগুলিরও হাস হইতে থাকিবে। প্রথমতঃ শ্বতিশক্তি চলিয়া যাইবে, পরে এমন এক সময় আসিবে, যথন তুমি চিস্তা করিতেও সমর্থ হইবে না—বিচার করা ত দূরের কথা। সেই জন্ত जाधनित व्यथमावस्था । ভाकत्नत विवस विलय नका ताथिए इटेस्त, পুরে সাধনে বিশেষ অগ্রসর হইলৈ ঐ বিষয়ে ততদুর সাবধান না হইলেও চলে। যজকৰ গাছ ছোট পাকে ওভক্ষণ উহাকে বুড়া দিয়া রাণিতে হয়, তাহা না হইলে পশুরা উহা থাইয়া

অবতরণিকা

নষ্ট করিয়া ক্ষেলিতে পারে; কিন্তু বড় হইলে আর বেড়ার প্রয়োধন হর না, তথন উহা সমুদর অত্যাচার সহু করিতে সমর্থ হয়।

ধোগিব্যক্তি অধিক বিলাস ও কঠোরতা উভয়ই পরিত্যাগ করিবেন, তাঁহার উপবাস করা অথবা শরীরকে অন্তর্মণ ক্লেশ দেওয়া উচিত্ত নয়। গীতাকাব বলেন, ঘিনি আপনাকে অনর্থক ক্লেশ দেন, তিনি কথনও ঘোগী হইতে পারেন না।

"নাত্যশ্ৰত্ত যোগোষ্টি ন চৈকান্তমনশ্ৰত:।
ন চাতিস্থপ্ৰশীলস্ত জাগ্ৰতো নৈব চাৰ্জুন॥
যুকাহারবিহারস্ত যুক্তচেইস্ত কৰ্মস্থ।
যুক্তস্থপাববোধস্ত যোগো ভবতি ছ:থহা॥"

गीठां, ७ व्यक्षांत्र, ३७।३१

অতিভোজনকারী, উপবাদশীল, অধিক জাগরণশীল, অধিক নিদ্রালু, অতিরিক্ত কন্মী, অথবা একেবারে নিক্স্মা—ইহাদের মধ্যে কেহই যোগী হইতে পারে না। 23 दें । 2 कें । 4 पूर्ड

দ্বিতীয় অধ্যায়

সাধনের প্রথম সোপান

রাজবোগ অষ্টাক্র্ক। ১ম-নম অর্থাৎ অহিংসা, সভা, অন্তের (অচৌর্যা), বন্ধচর্যা, অপরিগ্রহ। ২য়--নিয়ম অর্থাৎ শৌচ. সম্ভোষ, তপস্থা, স্বাধ্যায় (অধ্যাত্ম শাস্ত্র পাঠ) ও ঈশর-প্রণিনান বা ইশ্বরে আত্ম-সমর্পণ। ৩য়--আসন অর্থাৎ বসিবার প্রণাণী। ৪র্থ-প্রাণায়াম। ৫ম-প্রত্যাহার অর্থাৎ মনের বিষয়া-ভিমুখী গতি ফিরাইয়া উহাকে এত্তমুখী করা। ৬৪-ধারণা অর্থাৎ একাগ্রতা। ৭ম-ধ্যান। ৮ম-সমাধি অর্থাৎ জ্ঞানাতীত অবস্থা। আমরা দেখিতে পাইতেছি, যম ও নিরম চরিত্রগঠনের সাধন। ইহাদিগকে ভিত্তিস্বরূপ না রাখিলে কোনরূপ যোগ माधनरे मिक हरेटर ना। यम ও निश्रम मृह्टीर्टिष्ट हरेटन यांगी তাঁহার সাধনের ফল অফুভব করিতে আরম্ভ করেন। ইহাদিগের व्यक्तांदर माध्यम दकान कनाहे कनिय ना। योशी कांब्रमदानांदरिका কাহাবও প্রতি কথনও হিংসাচরণ করিবেন না। শুদ্ধ যে মহুয়কে হিংসানা করিলেই হইল, তাহা নহে, অন্ত প্রাণীর প্রতিও বেন হিংসা না থাকে; দুয়া কেবল মহুধ্যজাভিতে আবদ্ধ থাকিবে, তাহা नरह, উहा यन आंत्र अधानद हरेश नमुमय कंगररक आणिकन क्र ।

ু যম ও নিরমের পর আসন। যতদিন না ধুব উচ্চাবস্থা লাভ

হয়, ততদিন প্রভাহ নিয়মমত কতকগুলি শারীরিক ও মানসিক প্রক্রিয়া করিতে হয়, স্কুতরাং দীর্ঘকাল একভাবে বসিয়া থাকিতে পারা যায়, এমন একটি আসন অভ্যাসের আবশুক। বাঁহার যে আসনে বদিলে স্থবিধা হয়, ভাঁহার সেই আসন করিয়া বদা কর্ত্তবা: একজনের পক্ষে একভাবে বসিয়া চিস্তা করা সহজ হইতে পারে, কিন্তু অপরের পক্ষে হয়ত তাহা কঠিন বোধ হইবে। আমরা পরে দৈখিতে পাইব যে, যোগ-সাধনকালে শরীরের ভিতর নানা প্রকার কার্য্য হইতে থাকিবে। মানবীয় শক্তিপ্রবাহের গতি ফিরাইয়া দিরা তাহাদিগকে নৃতন পথে প্রবাহিত করিতে হইবে; তথন শরীবের মধ্যে নৃতন প্রকার কম্পন বা ক্রিয়া আরম্ভ ছইবে ; সমুদর শরীরটি যেন পুনর্গঠিত হইরা যাইবে। এই ক্রিদ্বার অধিকাংশই নেরুদণ্ডের অভ্যন্তরে হইবে; স্থতরাং আসন সম্বন্ধে এইটুকু বুঝিতে হইবে যে, মেরুদগুকে সহজভাবে রাখা আবশুক —ঠিক সোজা হইয়া বসিতে হইবে, আর বক্ষংদেশ, গ্রীব ও মস্তক সমভাবে রাখিতে হটবে—দেহের সমুদর ভারটি যেন পঞ্জরগুলির উপর পড়ে। বুক্লংদেশ যদি নীচের দিকে ঝুঁকিয়া থাকে, তাহ। হইলে কোনরূপ উচ্চতৰ চিস্তা করা সম্ভব নয়, তাহা তুমি সহজেই দেখিতে পাইবে। রাজবোগের এই ভাগটি হঠবোগের সহিত प्यत्नक भिला। इर्रायां विवन क्रूनामक नहेबारे वाला। हेरांत উদ্দেশু কেবল স্থলদেহকে সবল করা। হঠযোগ সম্বন্ধে এখানে কিছু বলিবার প্রয়োজন নাই, কারণ উহার জিরাগুলি অভি কঠিন। উহা একদিনে শিক্ষা করিবারও বো নাই। আর উহা দারা আধাাত্মিক উন্নতিও হর না। এই সকল ক্রিয়ার অধিকাংশই

ডেলসার্ট ও অক্সান্ত ব্যায়ামাচার্য্যগণের গ্রন্থে দেখিতে পাওয়া বার, উহাঁরাও শরীরকে ভিন্ন ভিন্ন ভাবে রাখিবার ব্যবস্থা করিয়াছেন কিন্তু হঠবোলের স্থায় উহারও উদ্দেশ্য, দৈহিক—আধ্যাত্মিক উন্নতি নহে। শরীরের এমন কোন পেশী নাই, বাহা হঠবোগী নিজ বংশ আনিতে না পারেন; হুলয়যন্ত্র তাঁহার ইচ্ছামত বদ্ধ অথবা চালিত হুইতে পারে—শরীরের সমুদ্ধ অংশই তিনি ইচ্ছাক্রমে পরিচালিত করিতে পারেন।

माय्य किरम मीर्चकीरी इटेरक शास्त्र, टेटारे ट्रियारात वक-माज উদ্দেশ্য। किम्न भंतीत मम्पूर्न ऋष्ट थाक. इहाई इर्ध्यांगी-দিগের একমাত্র পক্ষা। 'আমার যেন পীড়া না হয়', হঠযোগীর এই দুঢ়সঙ্কর; এই দুঢ়সঙ্করের জন্ম তাঁহার পীড়াও হয় না; তিনি দীর্ঘজীবী হইতে পারেন: শতবর্ষ জীবিত থাকা তাঁহার পক্ষে অতি তুচ্ছ কথা। দেড়শত বৎদর বয়স হইয়া গেলেও দেখিবে, তিনি পূর্ব যুবা ও সতেজ রহিয়াছেন, তাঁহার একটি কেশও শুল্র হয় নাই। কিন্তু ইহার ফল এই পর্যান্তই। বটবুক্ষও কথন কথন পাঁচ হাজার বৎসর জীবিত থাকে, কিন্তু উহা যে বটবুক্ষ সেই বটবুক্ষই থাকে। তিনিও না হয় তজ্ঞপ ক্লীৰ্মজীবী হইলেন, তাহাতে কি ফল ? তিনি ना द्य थूव ऋक्कांब बीव, এইमांज। इर्ध्रांशीत्मत्र क्रूटे এकि गाधात्र छे अरहम वर् छे अकाती; नितः शीड़ा बहेरन, नया बहेरड উঠিয়াই নাসিকা দিয়া শীত্র অব পান করিবে, তাহা হইলে সমস্ত দিনই তোমার মন্তিক অভিশ্ব শীতল থাকিবে, তোমার কণুনুই मिष् मोशिर्द ना। नामिका पिया खन शान करा किছू कठिन নয়, ব্যতি সহজ। নাসিকা জলের: ভিতর ভুবাইয়া গলার ভিতর

জল টানিতে থাক,—ক্রমশ: জল আপনা আপনিই ভিতরে ঘাইবে।

আসন সিদ্ধ হ্ইলে, কোন কোন সম্প্রদায়ের মতে নাড়ীগুদ্ধি করিতে হয়। অনেকে রাজ্যোগের অন্তর্গত নহে বলিয়া ইহার আবেশুকতা স্থীকার করেন না। কিন্তু বখন শঙ্করাচার্য্যের স্থার ভাষ্যকার ইহার বিধান দিয়াছেন, তখন আমারও ইহা উল্লেখ করা উচিত বলিয়া বোধ হয়। আমি খেতাখতর উপনিষ্দের ভাষ্য হইতে এ বিষয়ে তাঁহার মত উদ্ধৃত করিবে — "প্রাণায়াম হারা যে মনের মল বিধোত হইয়াছে, সেই মনই ব্রন্ধে হির হয়। এই জন্থই শাল্রে প্রাণায়ামের বিষয় কথিত হইয়াছে। প্রথমে নাড়ী শুদ্ধির হারা দিশিল নাসা ধারণ করিয়া বাম নাসিকার হারা যথাশক্তি বায় গ্রহণ করিতে হইবে, পরে মধ্যে বিন্দুমাত্র সময় বিশ্রাম না করিয়া বাম নাসিকা বন্ধ করিয়া দিশিল নাসাকার বন্ধয় বিশ্বনাত্র হারা বায়ু রেচন করিতে হইবে। প্ররায় দিশিল নাসিকা হারা বায়ু রেচন করিতে হইবে। প্ররায় দিশিল নাসিকা হারা বায়ু রেচন করিয়া বাম নাসিকা বন্ধ করিয়া দিশিল নাবার বায়ু গ্রহণ করিয়া

* খেতাখতর উপনিষদের শাক্তর-ভাষ্য-

প্রাণারাম-ক্ষরিত-মনোমলস্ত চিন্তং ব্রহ্মণি স্থিতং ভবতীতি প্রাণারামো
নিদ্দিশ্যতে। প্রথমং নাড়ীশোধনং কর্ত্তবাং। ততঃ প্রাণারামেমধিকারঃ।
দক্ষিণ-নাসিক। পুটমকুল্যাবইন্ডা বাুমেন বায়ুং পুবরেদ্ বণাশক্তি। ততোহনন্তর্মুংক্লোবং; দক্ষিণেন পুটেন সমুৎস্ত্তেং। স্ব্যমণি ধার্রেং। পুনর্দ্ধিশনে প্রয়িতা
সবোন সমুৎ ক্তেং যথাশক্তি। তিঃপ্রকৃত্তোবৈবমন্ত্যস্তঃ স্বনচত্তুইন্মপররাত্তে
মধাক্ষে, প্রব্রাত্তেহর্দ্ধরাতে চ পক্ষান্যাসাধিশুক্তিভবিত।

रव ज, ৮ (हा ।

ষথাশক্তি বাম নাসিকা দারা বায়ু রেচন কর। অহোরাত্র চারি বার অর্থাৎ উষা, মধ্যাক্ত, কায়াক্ত ও নিশীথ এই চারি সময়ে, পূর্কোক্ত ক্রিয়া তিনবার অথবা পাঁচবার অভ্যাস করিলে এক পক্ষ অথবা এক মাসের মধ্যে নাড়ী-শুদ্ধি হয়; তৎপরে প্রাণায়ামে অধিকাব হুইবে।"

সর্বদা অভ্যাস আবশুক। তুমি প্রতিদিন অনেকক্ষণ ধরিয়া বসিয়া আমার কথা শুনিতে পার, কিন্তু অভ্যাস না করিলে তুমি এক বিন্দুও অগ্রসর হইতে পারিবে না। সম্দর্যই সাধনের উপর নির্ভর ব্বরে। প্রভাক্ষাস্থভৃতি না হইলে এ সকল তত্ত্ব কিছুই ব্বা যার না। নিজে অস্থভব করিতে হইবে, কেবল ব্যাখ্যা ও মত শুনিলে চলিবে না। সাধনের অনেকশুলি বিঘ আছে। ১ম ব্যাধিগ্রস্ত দেহ—শবীর স্বস্থ না থাকিলে সাধনের ব্যতিক্রম হইবে, এইজন্মই শবীরকে স্বস্থ রাথা আবশ্রক। কিরূপ পানাহার করিয়া কিরূপে, জীবন-যাপন করিব, এ সকল বিষয়ে বিশেষ মনোযোগ রাথা আবশ্রক। মনে ভাবিতে হইবে, শরীর সবল হউক—এথানকার Christian Science* মতাবলম্বীরা

^{*} Christian Science—এই সম্প্রদার মিদেস এডিড নামক এক আমেরিকান মহিলা কর্তৃক প্রতিষ্ঠিত হয়। ইহার মতে জড় বলিয়া যাত্তবিক কোন পদার্থ নাই, উহা কেবল আমাদের মনের অমমাতা। বিষাস করিতে হইবে—আমাদের কোন রোগ, নাই, তাহা হইলে আমরা তৎকশাৎ রোগমৃত্ত হইব। ইহার Christian science নাম হইবার কারণ এই বে এই মতাবলম্বীরা বলেন, "আমরা গ্রীষ্টের প্রকৃত পদামুসরণ করিতেছি। গ্রীষ্ট বে সকল অভুত জিলা করিয়াছিলেন, আমরাও তাহাতে সমর্থ ও সর্বপ্রকারে ক্লোক্স্য জীবনবাপন কয় আমাদের উদ্বেশ্য।"

সাধনের প্রথম সোপান

বেরপ করিয়া থাকে। বাস্, শরীরের জন্ত আর কিছু করিবার আবশ্যক নাই। স্বাস্থ্য রক্ষণের উদ্দেশ্ত সাধনের একটি উপায় মাত্র—ইহা বেন আমরা কথনও না ভূলি। যদি স্বাস্থাই উদ্দেশ্ত হইত, তবে ত আমরা পশুত্রা হইতাম। পশুরা প্রায়ই অনুস্থ হয় না।

ৰিতীয় বিম সন্দেহ। আমরা যাহা দেখিতে পাই না, সে সকল विवास मिना इहेशा थाकि। मासूब युक्ट हिंहा क्याक ना दकन. কেবল কথার উপর নির্ভর করিয়া সে কথনই থাকিতে পারে না: এই কারণে যোগশাম্রোক্ত বিষয়ের সভ্যতা সম্বন্ধে সন্দেহ উপস্থিত হয়। এ সন্দেহ খুব ভাল লোকেরও দেখিতে পাওয়া যায়। কিন্তু সাধন করিতে আরম্ভ করিলে অতি অল্ল দিনের মধ্যেই কিছু কিছু লোকাতীত ব্যাপার দেখিতে পাইবে ও তথন সাধন বিষয়ে তোমার উৎসাহ বর্দ্ধিত হইবে। যোগশান্তের জনৈক টীকাকার বলিয়াছেন, "যৌগশাস্ত্রের সত্যতা সম্বন্ধে যদি একটি থব সামাস্ত প্রমাণ্ড পাওয়া যায়, তাহাতেই সমুদ্য যোগশাস্ত্রের উপর বিশাস হইবে। উদাহরণ স্বরূপ দেখ, কয়েক মাস সাধনের পর দেখিবে যে তুমি অপরের মনোভাব বুঝিতে পারিতেছ, দেগুলি তোমার নিকট ছবির আকারে আসিবে; অতি দুরে কোন শব্দ কথাবার্ত্তা হইতেছে, মন একাগ্র করিয়া শুনিতে চেটা করিলেই হয়ত উহা শুনিতে পাইবে। প্রথমে অবশ্য এ সকল ব্যাপার অতি অর অল্লই দেখিতে পাইবে। একত্ব ভাহাতেই ভোমার বিশ্বাস, বল ও আশা বাড়িবে। মনে কর, যেন তুমি নামিকাগ্রে চিত্ত সংযম করিলে, ভাহাতে অল দিনের মধ্যেই তুমি দিব্য স্থপন্ধ আত্রাণ

করিতে পাইবে; তাহাতেই তুমি ব্ঝিতে পারিবে যে, আমাদের মন কথন কথন বস্তুর বাস্তব সংস্পর্শে না আদিয়াও তাহা অমুভব কিংতে পারে। কিন্তু এইটি আমাদের সর্ম্বদা শারণ রাখা আবশুক যে, এই সকল দিদ্ধির আর শুভদ্ধ কোন মূল্য নাই; উহা আমাদের প্রকৃত উদ্দেশ্য সাধনের কিঞ্চিৎ সহায় মাত্র। আমাদিগকে শারণ রাখিতে হইবে যে, এই সকল সাধনের একমাত্র লক্ষ্য—একমাত্র উদ্দেশ্য—'আত্মার মূক্তি'। প্রকৃতিকে সম্পূর্ণরূপে আপনার অধীন করাই আমাদের একমাত্র লক্ষ্য, ইহা ব্যতীত আর কিছুই আমাদের প্রকৃত লক্ষ্য হইতে পারে না। সামান্য সিদ্ধ্যাদিতে সন্তুই থাকিলে চলিবে না। আমরাই প্রকৃতির উপর প্রভুত্ব করিবে, প্রকৃতিকে আমাদের উপর প্রভুত্ব করিতে দিব না। শারীর বা মন কিছুই যেন আমাদিগের উপর প্রভুত্ব করিতে না পারে; আর ইহাও আমাদের বিশ্বত হওয়া উচিত নয় যে—'শারীর আমার'—'আমি শারীবের নহি'।

এক দেবতা ও এক অন্তর উভরেই এক মহাপুরুষের নিকট আছাজিজ্ঞান্থ হইয়া গিরাছিল। তাহারা সেই মহাপুরুষের নিকট আনেক দিন বাস করিয়া শিক্ষা করিল। কিছুদিন পরে মহাপুরুষ তাহাদিগকে বলিলেন, "তুমি যাহা অন্তেষণ করিতেছ, তাহাই তুমি"। তাহারা ভাবিল, তবে দেহই 'আছা'। তথন তাহারা উভরেই 'আমাদের যাহা পাইবার, তাহা পাইয়াছি' মনে করিয়া সম্ভট চিত্তে স্ব স্থানে প্রস্থান করিছে। তাহারা যাইয়া আপন আপন স্কনের নিকট বলিল, "যাহা শিক্ষা করিবার তাহা সমুদ্ধারই শিক্ষা করিয়া আদিরাছি, এক্ষণে আইসু ভোকন, পান,

ও আনন্দে উন্মন্ত হই—আমরাই সেই আত্মা; ইহা ব্যতীত আর কোন পদার্থ নাই।" সেই অহুরের স্বভাব অক্সান-মেবার্ড ছিল, স্বতরাং দে আর এ বিষয়ে অধিক কিছু অধ্বেশ করিল না। আপনাকে ঈশর ভাবিয়া সম্পূর্ণ সম্ভষ্ট হইল; সে 'আত্মা'. শব্দে দেহকে বুঝিল। কিন্তু দেবতাটির স্বভাব অপেকাকৃত পবিত্র ছিল, তিনিও প্রথমে এই ভ্রমে পড়িয়াছিলেন যে. 'আমি' অর্থে এই শরীর, ইহাই ব্রহ্ম, অতএব ইহাকে সবল ও সুস্থ রাথা, সুন্দর বসনাদি পরিধান করান ও সর্বপ্রকার দৈহিক স্থথ সম্ভোগ করাই কর্ত্তব্য। কিন্তু কিছু দিন যাইতে না যাইতে তাঁহার প্রতীতি হইল, গুরুর উপদেশের অর্থ ইহা নহে যে, 'দেহই আত্মাঁ', দেহ অপেক্ষা শ্রেষ্ঠ কিছু আছে। তিনি তথন গুরুর নিকট প্রত্যাবৃত্ত হইয়া জিজ্ঞাসা করিলেন, "গুরো! আপনার বাক্যের তাৎপর্য্য কি এই যে, 'শরীরই আত্মা ৃ' কিন্তু তাহা কিরূপে হইবে ? সকল শরীরই ধ্বংস হইতেছে দেখিতেছি, আত্মার ত ধ্বংস নাই। আচার্য্য বলিলেন, "তুমি স্বন্ধ: এ বিষয় নির্ণয় কর: তুমিই ভাহা।" তখন শিষ্য ভাবিলেন ষে, শরীরের ভিতরে যে প্রাণ রহিয়াছে, তাহাকে উদ্দেশ করিয়াই বোধ হয় গুরু পূর্ব্বোক্ত উপদেশ দিয়া থাকিবেন। কিন্তু তিনি শীঘ্রই দেখিতে পাইলেন ষে, ভোজন করিলে প্রাণ সত্তব্ধ থাকে, উপবাস করিলে প্রাণ তুর্বল হইয়া পড়ে। তখন তিনি পুনরায় গুরুর নিকট গমন করিয়া বলিলেন—"গুরো, জ্লাপনি কি প্রাণকে আত্মা বলিয়া-एक ?" श्वरता विनरमम, "यहः हेश निर्नष कत, जुमिरे जांश ।" সেই অধ্যবসায়শীল শিষ্য পুনর্কার গুরুর নিকট হইতে আসিয়া

ভাবিলেন, তবে মনই 'মাত্মা' হইবে। কিন্তু শীঘ্ৰই বুঝিতে পারিলেন ধে, মনেরেভি নানাবিধ, মনে কথন সাধুরুভি আবার কপন বা অসংবৃত্তি উঠিতেছে; মন এত পরিবর্ত্তনশীল যে, উহা কথনই আত্মা হটতে পারে না। তথন তিনি পুনরায় গুরুর নিকট যাইয়া বলিলেন, "মন-আত্মা, আমার ত ইহা বোধ হয় না; व्यापनि कि हेशहे छेपाम कतियाहिन?" अक विशासन, "ना, তুমিই তাহা। তুমি নিজেই উহা নির্ণয় কর"। এইবার সেই দেবপুষ্ণৰ আর একবার ফিরিয়া গেলেন: তখন তাঁহার এই জ্ঞানোদয় হইল . যে, "আমি সমস্ত মনোবৃত্তির অতীত আত্মা, আমিই এক ; আমার জন্ম নাই, মৃত্যু নাই, আমাকে তরবারি ছেদন করিতে পারে না, অগ্নি দাহ করিতে পারে না, বায়ু শুদ্ধ করিতে পারে না, জলও গলাইতে পারে না, আমি অনাদি, জন্মরহিত, অচল. অম্পর্শ, সর্ববজ্ঞ, সর্বাশক্তিমান পুরুষ। 'আত্মা' শরীর বা মন নহে; আত্মা এ সকলেরই অতীত।" এইরূপে দেবতার জ্ঞানোদয় হইল ও তিনি তজ্জনিত আনন্দে তপ্ত হইলেন। অসুর বেচারার কিন্তু সত্যশাভ হইশ না, কারণ তাহার দেহে অত্যন্ত আসন্তি हिन ।

এই ক্লগতে অনেক অম্ব্রপ্রকৃতির লোক আছেন; কিন্তু দেবতা যে একেবারেই নাই, তাহাও নয়। যদি কেহ বলে যে, 'আইস, তোমাদিগকে এমন এক বিদ্যা শিখাইব, বাহাতে ভোমাদের ইন্দ্রিরম্ব অনক্তগুণে বর্দ্ধিত ১২ইবে', তাহা হইলে অগণ্য লোক তাঁহার নিকট ছুটিয়া বাইবে। কিন্তু যদি কেহ বলেন, 'আইস, তোমাদিগকে জীবনের চরম কক্ষ্য প্রস্কান্ধার বিষয়

শিখাইব,' তবে কেহই তাঁহার কথা গ্রাহ্ম করিবে না। উচ্চ ভত্ত শুধু ধারণা করিবার শক্তিও অতি অল্প লোকের মধ্যেই দেথিতে পাওয়া যায়; সভ্যকে লাভের জন্ত অধ্যবদায়শীল লোকের সংখ্যা ত আরও বিরল। কিন্তু আবার সংসারে এমন কতকগুলি মহাপুরুষ . আছেন, থাঁহাদের ইহা নিশ্চর ধারণা ষে, শরীর সহস্র বর্ষই থাকুক বা লক্ষ বর্ধই থাকুক, চরমে সেই এক গতি। যে সকল শক্তির বলে দেহ বিধৃত রহিয়াছে, তাহারা অপস্ত হইলে দেহ থাকিবে না। কোন লোকই এক মৃহুর্ত্তের জন্তুও শরীরের পরিবর্ত্তন নিবারণ করিতে সমর্থ হয় না। 'শরীর' আর কি? উহা কতকগুলি নিয়ত পরিবর্ত্তনশীল পরমাণু সমষ্টি মাত্র। নদীর দুঠান্তে এই তব্ব সহজেই বোধগমা হইতে পারে। তোমার সমূথে ঐ নদীতে জলরাশি দেখিতেছ; ঐ দেখ—মুহুর্ত্তের মধ্যে উহা চলিয়া গেল ও নৃতন আর এক জলরাশি আসিল। যে জলরাশি আদিল তাহা সম্পূর্ণ নূতন বটে, কিছ দেখিতে ঠিক প্রথম জলরাশির সদৃশ। শরীরও সেইরূপ ক্রমাগত পরিবর্ত্তনশীল। শরীর এইরূপ পরিবর্ত্তনশীল হইলেও উহাকে হুস্থ ও বলিষ্ঠ রাথা আবশুক, কারণ, শরীরের সাহায়েই আমাদিগকে জ্ঞানলাভ করিতে হইবে। তাহা ব্যতীত আর কোনও উপার নাই।

সর্বপ্রকার শরীরের মধ্যে মানবদেহই শ্রেষ্ঠতম; মহুষই শ্রেষ্ঠতম জীব। মাহুষ সর্বপ্রকার নিরুষ্ট প্রাণী হুইডে—এমন কি, দেবাদি হুইডে—শ্রেষ্ঠ মানব হুইডে শ্রেষ্ঠতর জীব আর নাই। দেবতাদিগকেও জ্ঞানলাভের জ্ঞান মানবদেহ ধারণ করিতে হয়। একমাত্র মাহুষ্ট জ্ঞানলাভের অধিকারী, দেবতারাও এ

বিষয়ে বঞ্চিত। য়াছদি ও মুসগদানদিগৈর মতে, ঈশ্বর, দেবতা ও
অক্সান্ত সম্পর স্পান্টির পর মন্ত্রা স্পান্টি করিয়া, দেবতাদিগকে গিয়া
মন্ত্রাকে প্রণাম ও অভিনন্দন করিতে বলেন; ইক্লিশ বাতীত
সকলেই তাহা করিয়াছিল, এই জন্তই ঈশ্বর তাহাকে অভিশাপ
প্রদান করেন। তাহাতে সে সম্বতানরূপে পরিপত হয়। উক্ত
রূপকের অভ্যন্তরে এই মহৎ সত্য নিহিত আছে যে, জগতে
মানবজন্মই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ জন্ম। পশ্বাদি তিয়্মক স্পান্ট তমঃপ্রধান। পশুরা কোন উচ্চতত্ত্ব ধারণা করিতে পারে না। দেবগণ্ড মন্ত্রাজন্ম না লইয়া মুক্তি লাভ করিতে পারেন না। দেবগণ্ড মন্ত্রাজন্ম না লইয়া মুক্তি লাভ করিতে পারেন না। দেবথাক্র আত্মোন্নতির পক্ষে অধিক অর্থন্ত অনুকৃল নহে, আবার
একেবারে অতিশন্ত নিঃম্ব হইলেও উন্নতি মুদ্রপরাহত হয়। জগতে
যত মহাত্মা জন্মগ্রহণ করিয়াছেন, সকলেই মধ্যবিত্ত শ্রেণী
হইতে। মধ্যবিত্তদিগের ভিতরে সব বিরোধী শক্তিগুলির সমন্ত্রম

একণে প্রকৃত প্রস্তাবের অনুসরণ করা যাউক। আমাদিগকে একণে প্রাণায়ামের বিষর আলোচনা করিতে হইবে। দেখা যাউক, চিন্ত-বৃত্তি-নিরোধের সহিত প্রাণায়ামের কি সম্বদ্ধ। খাস-প্রখাস যেন দেহ-যজের গতি-নিরামক মৃশ-যজ্ঞ (Fly-wheel)। একটি বৃহৎ এঞ্জিনের দিকে দৃষ্টিপাত করিলে দেখিতে পাইবে যে, একটি বৃহৎ চক্র ঘুরিতেছে, সেই চক্রের গতি ক্রমশৃঃ স্ক্রাৎ স্ক্রতর যজে সঞ্চারিত হব। এইরূপে, সেই এ্ঞ্জিনের অতি স্ক্রতম যজ্ঞলি পর্যান্ত গতিশীল হয়। খাস্প্রাম সেই গতি-নিরামক চক্র (Fly-wheel)। উহাই এই শরীরের সর্বস্থানে যে কোন

প্রকার শক্তি আবশ্রক, তার্হা যোগাইতেছে ও ঐ শক্তিকে নিয়মিত করিতেছে।

এক রাজাব এক মন্ত্রী ছিল, কোন কারণে রাজার অপ্রিয়পাত্র হওয়ায়, রাজা তাঁহাকে একটি অতি উচ্চ হুর্গের উচ্চতম প্রদেশে বন্ধ করিয়া রাখিতে আদেশ করেন। রাজার আদেশ প্রতিপালিত হইল; মন্ত্রীও সেই স্থানে বন্ধ হইয়া মৃত্যুর জন্ম অপেকা করিতে লাগিলেন। মন্ত্রীর এক পতিব্রতা ভাগ্যা ছিলেন, তিনি রঞ্জনী যোগে সেই হুর্নেব সমীপে আসিয়া হুর্নশীর্ষস্থিত পতিকে কহিলেন, "আমি কি উপায়ে আপনার মুক্তি-সাধন করিব বলিয়া দিন।" মন্ত্ৰী কহিলেন, "আগামী বাত্ৰিতে একটি লম্বা কাছি, এক গাছি শক্ত দড়ি, এক বাণ্ডিল হতা, থানিকটা হক্ষ রেসমেব হতা, একটা গুরুবে পোকা ও থানিকটা মধু আনিও।" তাঁহার সহধর্মিণী পতির এই কথা শুনিয়া অতিশয় বিশ্বয়াবিষ্ট হইলেন। যাহা হউক তিনি পতির আজ্ঞামুসারে প্রার্থিত সমুদয় দ্রব্যগুলি আনয়ন করি-লেন। মন্ত্রী তাহাকে রেশমের স্থতটি দুঢ়ভাবে গুরুরে পোকাটিতে সংযুক্ত করিয়া দিয়া, উহার শুলে একবিন্দু মধু মাথাইয়া দিয়া উহার মন্তক উপবে রাখিয়া, উহাকে ছর্গপ্রাচীরে ছাড়িয়া দিতে বলিলেন। পতিব্রতা সমুদয় আজা প্রতিপালন করিলেন। তথন সেই কীট তাহার দীর্ঘ পথ-যাত্রা আরম্ভ করিল। সমুখে মধুর আদ্রাণ পাইয়া সে ঐ মধু-লোভে আন্তে আন্তে অগ্রসর হইতে লাগিল, এইরূপে সে ফুর্গের স্বীর্ধদেশে উপনীত হইল। উহাকে ধরিলেন ও তৎসঙ্গে রেশমহত্রটিও ধরিলেন, তৎপরে তাঁহার স্ত্রীকে রেশম-হত্তের অপরাংশ ঐ যে আর এক বাণ্ডিল

অপেক্ষাক্বত শক্ত স্তা ছিল, তাহাতে সংযোগ করিতে আদেশ দিলেন। পরে উহাও তাঁহার হস্তগত হইলে ঐ উপারে তিনি দড়ি ও অবশেষে মোটা কাছিটিও পাইলেন। এখন আর বড় কিছু কঠিন কার্য্য অবশিষ্ট রহিল না; মন্ত্রী ঐ রজ্জুব সাহায্যে তর্গ হইতে অবতরণ করিয়া পলায়ন করিলেন। আমাদের দেহে খাস-প্রখাসের গতি যেন রেশম স্ত্র-স্বরূপ। উহাকে ধারণ বা সংযম করিতে পারিলেই সামবীর-শক্তিপ্রবাহ-স্বরূপ (nervous currents) স্তার বাভিল, তৎপরে মনোবৃত্তিরূপ দড়ি ও পরিশেষে প্রাণ্ডারপ রজ্জুকে ধবিতে পারা যায়; প্রাণকে জয় করিতে পারিলেই মুক্তিলাভ হইয়া থাকে।

আমরা স্বস্থ শরীবসম্বন্ধে অতিশয় অজ্ঞ; কিছু জানাও সম্ভব বিলিয়া বোধ হয় না। আমাদের সাধ্য এই পর্যন্ত বে, আমরা মৃত-দেহ-বাবছেদ করিয়া উহার ভিতর কি আছে না আছে দেখিতে পারি; কেহ কেহ আবার জীবিত দেহ ব্যবছেদ করিয়া উহার ভিতর কি আছে না আছে দেখিতে পারেন, কিছু উহার সহিত আমাদের নিজ্ঞ শরীরের কোন সংশ্রব নাই। আমরা নিজ্ঞ শরীরের বিষয় খুব অয়ই জানি। ইহার কারণ কি? ইহার কারণ, আমরা মন্কে ততদ্ব একাগ্র করিতে পারি না, বাহাতে আমরা শরীরাভ্যন্তরম্ভ অতি স্ক্রম্ক্র গতিগুলিকে ধরিতে পারি। মন বখন বাহাবিষয়কে পরিত্যাগ করিয়া দেহাভাস্তরে প্রবিষ্ট হয়, ও অতি স্ক্রাবন্ধা লাভ করে, ছুক্রনই আমরা ঐ গতিগুলিকে জানিতে পারি। এইয়প স্ক্রাহ্রভূতি-সম্পন্ন হইতে হইলে প্রথমে স্কুল হইতে আরম্ভ করিতে হইবে। দেখিতে হইবে, সমুদ্র শরীর-

বন্ত্ৰকে চালাইতেছে কে? উহা যে প্ৰাণ, তাহাতে কোন সন্দেহ নাই। খাস-প্রখাসই ঐ প্রাণ-শক্তির প্রত্যক্ষ পরিদুখ্যমান রূপ। এখন শাস-প্রখাদের সহিত ধীরে ধীরে শরীরাভ্যস্তরে প্রবেশ করিতে হইবে। তাহাতেই আমরা দেহাভাত্তরত্ব স্কাণুস্ক শক্তিগুলি সম্বন্ধে জানিতে পারিব; জানিতে পারিব যে, স্নায়বীয় শক্তিপ্রবাহগুলি কেমন শরীরের সর্বত্ত ভ্রমণ করিতেছে। আর যথনই আমরা উহাদিগকে মনে মনে অমুভব করিতে পারিব. তথনই উহারা—ও তৎসঙ্গে দেহও—আমাদের আয়ত্ত হইবে। নন ও এই সকল স্নানবীয় শক্তি-প্রবাহের দ্বারা সঞ্চালিত হইতেছে. মুতরাং উহাদিগকে জন্ম কবিতে পারিলেই মন এবং শরীরও আমাদের অধীন হইয়া পড়ে: উহারা আমাদের দাস-স্বরূপ হইয়া পড়ে। জ্ঞানই শক্তি। এই শক্তি লাভ করাই আমাদের উদ্দেশ্য: স্থতবাং শবীর ও তন্মধ্যম্ব স্নায়-মঙলীর অভ্যন্তরে যে শক্তিপ্রবাহ সর্বাদা চলিতেছে, তাহাদিগের সম্বন্ধে জ্ঞান লাভ বিশেষ আবশুক। স্থতরাং আমাদিগকে প্রাণায়াম হইতেই প্রথম আরম্ভ করিতে হইবে। এই প্রাণায়াম-তব্ততির সবিশেষ আলোচনা অতি দীর্ঘ সময়-সাপেক্ষ, ইহা সম্পূর্ণরূপে বুঝাইতে হইলে অনেক দিন লাগিবে। আমরা ক্রমশঃ উহাব এক এক অংশ লইয়া আলোচনা করিব।

আমরা ক্রমে বুঝিতে পারিব বে, প্রাণায়াম-সাধনে, যে সকল ক্রিয়া করা হয়, তাহাদের হেতৃ কি, আর প্রত্যেক ক্রিয়য় দেহাভান্তরে কোন প্রকার শক্তির প্রবাহ হইতে থাকে। ক্রমশঃ এই সম্দয়ই আমাদের বোধগম্য হইবে। কিন্তু ইহাতে নিয়য়য় সাধনের আবশ্যক। সাধনের দ্বারাই আমায় কথার সভাতার

প্রমাণ পাওয়া যাইবে। আমি এ বিষয়ে যতই যুক্তি প্রয়োগ করি ना क्न, किছुই তোমাদের উপাদেয় বোধ হইবে না, যত দিন না নিজেরা প্রত্যক্ষ করিবে। যথন দেহের অভ্যন্থরে এই সকল শক্তি-প্রবাহের গতি স্পষ্ট অমুভব করিবে, তথনই সমুদয় সংশয় চলিয়া যাইবে; কিন্তু ইহা অমুভব করিতে হইলে প্রত্যহ কঠোর অভ্যাদের আবশুক। প্রতাহ অন্ততঃ চুইবার করিয়া অভ্যাস করিবে : আর ঐ অভ্যাস করিবার উপযুক্ত সময় প্রাত: ও সায়াহ্ন। যথন বজনীর অবসান হইয়া দিবার প্রকাশ হয় ও যথন দিবাবসান হইয়া রাত্রি উপস্থিত হয়, এই তুই সময়ে প্রকৃতি অপেলাকৃত শান্ত ভাব ধারণ করে। খুব প্রত্যুষ ও গোধুলি, এই ছুইটি সময় মনঃ-হৈথ্যেব অমুকুল। এই ছই সময়ে শরীব যেন কতকটা শাস্ত-ভাবাপন্ন হয়। এই হুই সময়ে সাধন করিলে প্রকৃতিই আমাদিগকে অনেকটা সহায়তা করিবে, স্থতরাং এই ছুই সময়েই সাধন করা আবশুক। সাধন সমাপ্ত না ছইলে ভোজন করিবে না, এইরূপ নিয়ম কর; এইরূপ নিয়ম করিলে ক্ষুধার প্রবল বেগই ভোমার আলস্ত নাশ করিয়া দিবে। স্নান-পূজা ও সাধন সমাপ্ত না হওয়া পর্যন্ত আহার অকর্ত্তব্য, ভারতবর্ষে বালকেরা এইরূপই শিক্ষা পায়; সময়ে ইহা তাহাদের পক্ষে স্বাভাবিক হইরা যায়। তাহাদের যতক্ষণ না, স্নান-পূজা ও সাধন সমাপ্ত হয়, ততক্ষণ তাহারা স্কুখার্ক হয় না। তোমাদের মধ্যে যাহাদের স্থবিধা আছে, তাহারা সাধনের জন্ম

তোমাদের মধ্যে যাহাদের স্থাবধা আছে, তাহারা সাধনের জন্ত একটি স্বতন্ত্র গৃহ রাখিতে পারিটো ভাল হয়। এই গৃহ শয়নার্থ ব্যবহার করিও না, ইহাকে পবিত্র রাখিতে হইবে। সান না ক্রেরিয়া ও শরীর মন শুদ্ধ না করিয়া এ গৃহে প্রবেশ করিও না। এ গৃহে সর্বানা পূষ্প ও হৃদয়ানন্দকারী চিত্র সকল রাখিবে; দোগীর পক্ষে উহাদের সন্নিকটে থাকা বড় উত্তম। প্রাতে ও সায়াঙ্গে তথায় ধূপ, ধূদাদি প্রজ্ঞানত করিবে। ঐ গৃহে কোন প্রকার কলহ, ক্রোধ বা অপবিত্র চিন্তা যেন না হয়। তোমাদের সহিত ষাহাদের ভাবে মেদে, কেবল তাহাদিগকেই ঐ গুহে প্রবেশ করিতে দিবে। এইরপ করিলে শীঘ্রই সেই গৃহটি সম্ভুগুণে পূর্ণ হইবে; এমন কি, যথন কোন প্রকার হঃথ অথবা সংশয় আসিবে অথবা মন চঞ্চল হইবে, তখন কেবল ঐ গৃহে প্রবেশ করিবামাত্র ভোমার মনে শান্তি আদিবে। মন্দির, গির্জ্জা প্রভৃতি কুরিবাব প্রকৃত উদ্দেশ্য এই ছিল। এখনও অনেক মন্দির ও গিজাঁয় এই ভাব দেখিতে পা ওয়া যায়; কিন্তু অধিকাংশ স্থলে, লোকে ইহার উদ্দেশ্য পর্যান্ত বিশ্বত হইয়াছে। চতুর্দ্দিকে পবিত্র চিন্তার পরমাণু সদা স্পন্দিত হইতে থাকিলে সেই স্থানটি পবিত্র জ্যোতিতে পূর্ণ হইয়া থাকে। যাহারা এইরূপ স্বতম্ত্র গৃহেব ব্যবস্থা করিতে না পারে তাহারা যেখানে ইচ্ছা বসিয়াই সাধন করিতে পারে। শরীরকে সরলভাবে রাথিয়া উপবেশন কর। জগতে পবিত্র চিম্ভার একটি স্রোত চালাইয়া দাও। মনে মনে বল, জগতে সকলেই স্থাী হউন, সফলেই শান্তি লাভ করুন: সকলেই আনন্দ লাভ করুন: এইরূপে পূর্বে, পশ্চিম, উত্তর, দক্ষিণে পবিত্র-চিম্ভা-প্রবাহ প্রবাহিত কর। এইরূপ যতই ক্রিবে, ততই তুমি আপনাকে ভাল বোধ করিবে। পরিশেষে দেখিতে পাইবে যে, অপর সাধারণ স্বস্থ হউন, এই ভাবনাই স্বাস্থা-গাভের সহজ উপায়। অপর সকলে সুখী হউন, এইবাপ চিস্তাই নিজেকে স্থা করিবার সহজ উপায়। তৎপরে

রাজ্বযোগ

যাঁহারা ঈশ্বরে বিশ্বাস করেন, তাঁহারা ঈশ্বরের নিকট প্রার্থনা করিবেন—অর্থ, স্বাস্থ্য অথবা স্বর্গের জক্ষ নহে, জ্ঞান ও হৃদয়ে সত্যাত্রেবের জক্ষ প্রার্থনা প্রয়োজন। ইহা ব্যতীত আর সম্পর প্রার্থনিই স্বার্থনিশ্রিত। তৎপরে ভাবিতে হইবে, আমার দেহ বজ্রবৎ দৃঢ়, সবল ও স্কস্থ। এই দেহই আমার মুক্তির একমাত্র সহায়। ইহা বজ্ঞের ক্যায় দৃঢ়ীভূত চিস্তা করিবে। মনে মনে চিন্তা কর, এই শরীরের সাহায্যে আমি এই জীবন-সমুদ্র উত্তীর্ণ হইব। বে হর্বেল, সে কথনও মুক্তিলাভ করিতে পারে না। সমুদর হর্বেলতা পরিত্যাগ কর। দেহকে বল তুমি স্থবলিষ্ঠ। মনকে বল, তুমিও অনন্ত-শক্তিধর; এবং নিজের উপবে থ্ব বিশ্বাস ও ভর্মা রাথ। ১ ক্রিটি

তৃতীয় অধ্যায়

প্রাণ

অনেকেই বিবেচনা করেন, প্রাণায়াম খাস-প্রাথাসের কোন ক্রিয়াবিশেষ, বাস্তবিক তাহা নহে। প্রকৃতপক্ষে খাস-প্রখাসের ক্রিয়াব সহিত ইহার অতি অল্ল সম্বন। প্রকৃত প্রাণায়াম সাধনে অধিকারী হইতে হইলে তাহার অনেকগুলি বিভিন্ন উপায় আছে। শাদ-প্রশাদের ক্রিয়া তন্মধ্যে একটি উপায় মাক্র। প্রাণায়ামের অর্থ প্রাণের সংযম। ভারতীয় দার্শনিকগণেব মতে সমৃদয় জগৎ ছুইটি পদার্থে নির্দ্মিত। তাহাদেব মধ্যে একটির নাম আকাশ। এই আকাশ একটি দর্বব্যাপী দর্বাহুস্থাত সন্তা। যে কোন বস্তুর আকার আছে, যে কোন বস্তু অক্সাক্ত বস্তুর মিশ্রণে উৎপন্ন, তাহাই এই আকাশ হইতে উৎপন্ন হইয়াছে। এই আকাশই বায়ুক্রপে পরিণত হয়, ইহাই তরল পদার্থের রূপ ধারণ করে, ইহাই আবার কঠিনাকার প্রাপ্ত হয় ; এই আকাশই সূর্য্য, পৃথিবী, তারা, ধৃমকেতু প্রভৃতিরূপে পবিণত হয়। সর্ববিপ্রাণীর শরীর—পশুশরীর, উদ্ভিদ প্রভৃতি যে সকল রূপ আমরা দেখিতে পাই, যে সমুদর বস্তু আমরা ইক্রির বারা অত্নত্ত করিতে পারি, এমন কি জগতে যে কোন বস্তু আছে, সমুদয়ই আকাশ হইতে উৎপন্ন। এই আকাশকে ইন্সিয়ের ছারা উপলব্ধি করিবার উপায় নাই, ইহা এত স্কু যে, ইহা সাধারণের অমুভূতির অতীত। যখন ইহা সুল হইয়া কোন

আক্ততি ধারণ করে, আমরা তথনই ইহাকে অন্তত্তব করিতে পারি।
পৃষ্টির আদিতে একনাত্র আকাশই থাকে। আবার কল্লান্তে
সমুদয় কঠিন তরল ও বাষ্পীয় পদার্থ—সকলই পুনর্বার আকাশে
লয় প্রাপ্ত হয়। পরবর্ত্তী সৃষ্টি আবার এইরূপে আকাশ হইতেই
উৎপন্ন হয়।

কোন শক্তির প্রভাবে আকাশ এই প্রকাবে জগৎরূপে পরিণত হয় ? এই প্রাণের শক্তিতে। ধেমন আকাশ এই জগতের কারণীভূত অনম্ভ সর্বব্যাপী মূল পদার্থ, প্রাণও সেইরূপ জগহুৎ-পত্তির কাবণীভূতা অনন্ত সর্বব্যাপিনী বিকাশিনী শক্তি। করের আদিতে ও অহে সমুদয়ই আকাশরূপে পরিণত হয়, আর জগতের সমুদয় শক্তিগুলিই প্রাণে লয় প্রাপ্ত হয়; পবকল্লে আবার এই প্রাণ হইতেই সমুদয় শক্তির বিকাশ হয়। এই প্রাণই গতিরূপে প্রকাশ হইয়াছে-এই প্রাণই মাধ্যাকর্ষণ অথবা চৌমুকাকর্ষণ-শক্তিরূপে প্রকাশ পাইতেছে। এই প্রাণই সায়বীয় শক্তিপ্রবাহরূপে (nerve-current), চিস্তাশক্তিরূপে ও দৈহিক সমুদয় ক্রিয়ারপে প্রকাশিত হইয়াছেন। চিস্তা শক্তি হইতে আরম্ভ করিয়া অতি সামাস্ত দৈহিকশক্তি পর্যান্ত সমুদয়ই প্রাণের বিকাশমাত্র। বাহ্ন ও অন্তর্জগতের সমুদয় শক্তি বথন তাহাদের মুলাবস্থায় গমন করে, তথন তাহাকেই প্রাণ বলে। "ষথন অন্তি বা নাক্তি কিছুই ছিল না, যথন তমোদারা তম: আরুত ছিল, তথন কি হিল ? * এই আকাশই গতিশৃক্ত হইয়া অবস্থিত

^{* &#}x27; নাসদাসীলো সদাসীন্তদানীন্—ইত্যাদি ত্ৰু স্বাসীৎ তমসাগৃচ্যত্ৰেহ্পকেডন্—ইত্যাদি। ধংগদ সংহিতা ১০ম মঃ । ১২৯ সঃ।

ছিল। প্রাণের কোন প্রকার প্রকাশ ছিল না বটে, কিন্তু তথনও প্রাণের অন্তিন্ত ছিল। আমরা আধুনিক বিজ্ঞানের ধারাও জানিতে পারি যে, জগতে বত কিছু শক্তির বিকাশ হইয়াছে, তাহাদের সমষ্টি চিরকাল সমান থাকে, ঐ শক্তিগুলি করাস্তে শাস্ত ভাব ধারণ করে—অব্যক্ত অবস্থায় গমন করে—পরকরের আদিতে উহারাই আবাব ব্যক্ত হইয়া আকাশের উপর কার্য্য করিতে থাকে। এই আকাশ হইতে পরিদৃশুমান সাকার বস্তুসকল উৎপন্ন হয়; আর আকাশ পরিণাম-প্রাপ্ত হইতে আরম্ভ হইলে, এই প্রাণও নানা প্রকার শক্তিরূপে পরিণত হইয়া থাকে। এই প্রাণের প্রকৃত তত্ত্ব জানা ও উহাকে সংযম করিবার চেটাই প্রাণায়ামের প্রকৃত

এই প্রাণায়ামে দিদ্ধ হইলে আমাদের যেন অনস্ত শক্তির দ্বার খুনিয়া য়য়। মনে কব, যেন কোন ব্যক্তি এই প্রাণের বিষয় সম্পূর্ণরূপে বৃঝিতে পারিলেন ও উহাকে জয় করিতেও রুতকার্যা হইলেন, তাহা হইলে জগতে এমন কি শক্তি আছে, য়হা তাঁহার আয়ত্ত না হয়? তাঁহার আয়তায় চক্রস্থা স্বস্থানচ্যত হয়, ক্ষুদ্রতম পরমাণ্ হইতে বৃহত্তম স্থ্য পর্যান্ত তাঁহার বশীভূত হয়, কারণ, তিনি প্রাণকে জয় করিয়াছেন। প্রস্কৃতিকে বশীভূত করিবার শক্তিলাভই প্রাণায়াম-সাধনের লক্ষ্য। য়থন য়োগী সিদ্ধ হন, তথন প্রকৃতিতে এমন কোন বস্তু নাই, য়াহা তাঁহার বশে না আসে। যদি তিনি দেবুতাদিগকে আসিতে আহ্বান করেন, তাঁহারা তাঁহার আজ্ঞামাত্রেই তৎক্ষণাৎ আগমন করেন; মৃতব্যক্তিদিগকে আসিতে আহিবা অংক্ষণাৎ আগমন

করে। প্রকৃতির সমুদর শক্তিই তাঁহার আজ্ঞামাত্র দাসবৎ কার্য্য করে। অজ্ঞ লোকেরা যোগীর এই সকল কার্যা-কলাপ লোকাতীত বলিয়া মনে করে। হিন্দুদিগের একটি বিশেষত্ব এই যে, উহারা বে কোন তত্ত্বের আলোচনা করুক না কেন, অগ্রে উহার ভিতর হইতে, যতদুর সম্ভব, একটি সাধারণ ভাবের অহুসন্ধান করে, উহার মধ্যে যা কিছু বিশেষ আছে, তাহা পরে মীমাংসার জন্ম রাথিয়া দেয়। বেদে এই প্রশ্ন পুন: পুন: জিজ্ঞাসিত হইয়াছে, "কস্মিন্ন, ভগবো বিজ্ঞাতে সর্ব্বমিদং বিজ্ঞাতং ভবতি ? " (মু: উ: ১।৩)। এমন কি বস্তু আছে, যাহা জানিলে সমুদর জানা যায়? এইরূপ, আমাদেব যত শার্ত্ত আছে, যত দর্শন আছে, সমুদয় কেবল, ষে বস্তকে জানিলে সমুদয়ই জানা যায়, সেই বস্তুকে নির্ণয় করিতেই ব্যস্ত। যদি কোন লোক জগতেব তত্ত্ব একটু একটু করিয়া জানিতে চাহে, তাহা হইলে তাহার ত অনস্ত সময় লাগিবে; কারণ, তাহাকে অবশ্র একএক কণা বালুকাকে পর্যান্ত পুথক-ভাবে জানিতে হইবে। তবেই দেখা গেল যে, এইরূপে সমুদয় একপ্রকার অসম্ভব। তবে এরপভাবে জ্ঞানলাভের কানা সম্ভাবনা কোথায় ? একএক বিষয় পৃথক্পৃথক্ জানিয়া মাহুষের সর্বজ্ঞ হইবার সম্ভাবনা কোথায়? যোগীরা বলেন, 'এই সমস্ত বিশেষ অভিব্যক্তির অস্তরালে এক সাধারণ সন্তা রহিয়াছে। উহাকে ধরিতে বা জানিতে পারিলেই সমূদ্য জানিতে পারা যায়।' এই ভাবেই বেদে সমুদর জগংকে এক সন্তা <u>সামান্তে</u> পর্যাবসিত করা হইয়াছে। যিনি এই 'মন্তি'-স্বরূপকে ধরিয়াছেন, তিনিই সমুদয় জগৎকে ব্ঝিতে পারিয়াছেন। উক্ত প্রণালীতেই সমুদয়

শক্তিকে এক প্রাণরূপ সামান্ত শক্তিতে পর্যবসিত করা হইয়াছে। মতরাং ঘিনি প্রাণকে ধরিয়াছেন, তিনি জগতের মধ্যে বত কিছু ভৌতিক বা আধ্যাত্মিক শক্তি আছে, সম্পন্নকেই ধরিয়াছেন। ঘিনি প্রাণকে জয় করিয়াছেন, তিনি শুদ্ধ আপনার মন নহে, সকলের মনকেই জয় করিয়াছেন। তিনি নিজ দেহ ও অক্সান্ত বত দেহ আছে, সকলকেই জয় করিয়াছেন, কারণ, প্রাণই সম্পয় শক্তির মূল।

কি করিয়া এই প্রাণ জয় হইবে, ইহাই প্রাণায়ামের একমাত্র উদ্দেশ্য। এই প্রাণায়ামের যত কিছু সাধন ও উপদেশ আছে. সকলেরই এই এক উদ্দেশ্য। প্রত্যেক সাধনার্থী ব্যক্তিরই নিজের অতান্ত সমীপন্থ যাহা, তাহা হইতেই সাধন আরম্ভ করা উচিত্ত— তাঁহার সমীপস্থ যাহা কিছু সমস্তই জয় করিবার চেষ্টা করা উচিত। জগতের সকল বস্তুর মধ্যে দেহই আমাদের সর্বাপেকা সন্নিহিত, আবাব মন তাহা অপেক্ষাও সন্নিহিত। যে প্রাণ জগতের সর্বত্র ক্রীড়া করিতেছে, তাহাব যে অংশটুকু এই শরীর ও মনকে চালাইভেছে, সেই প্রাণটুকু আমাদের সর্বাপেক। সন্নিহিত। এই যে কুদ্র প্রাণতরঙ্গ—যাহা আমাদের শারীরিক ও মানসিক শক্তিরূপে পরিচিত, তাহা আমাদের পক্ষে অনস্ত প্রাণ-সমূদ্রের সর্বাপেকা নিকটবর্ত্তী তরক। যদি আমরা এই কুদ্র তরহ্বকে জয় করিতে পারি, তবে আমরা সমুদয় প্রাণ-সমুদ্রকে জয় করিবার আশা করিতে পারি। যে যোগী এ বিষয়ে কৃতকার্য্য হন, তিনি সিদ্ধিলাত কবেন, তথন আর কোন শক্তিই তাঁহার উপর প্রভুত্ব করিতে পারে না। তিনি একরপ সর্বশক্তি-মান ও সর্বান্ত হন। আমরা সকল দেশেই এক্লপ সম্প্রদায় সকল

দেখিতে পাই, বাঁহারা কোন না কোন উপায়ে এই প্রাণকে জন্ম করিবার চেটা করিতেছেন। এই দেশেই (আমেরিকান্ন) আমরা মন:-শক্তি দ্বারা আবোগ্যকারী (Mind-healer), বিশ্বাদে আরোগ্যকারী (Faith-healer), প্রেত-তত্ত্ববিৎ (Spiritualists), এইবিজ্ঞান্বিৎ (Christian-scientists), * বশীকরণবিষ্ঠাবিৎ (Hypnotists) প্রভৃতি সম্প্রদায় দেখিতে পাইতেছি। যদি আমবা এই মতগুলি বিশেষরূপে বিশ্লেষণ করি, তাহা হইলে দেখিতে পাইব যে, এই সকল মতগুলিরই মূলে— তাহারা ভাত্তক বা নাই জাত্তক-প্রাণায়াম রহিয়াছে। তাহাদের সমুদ্য মতগুলিব মুলৈ একই জিনিষ রহিয়াছে। তাহারা সকলেই এক শক্তি লইয়াই নাড়াচাড়া করিতেছে: তবে তাহাব বিষয় তাহারা কিছুই জানে না এইমাত্র। তাহারা দৈবক্রনে যেন একটি শক্তি আবিষ্কার করিবা ফেলিয়াছে, কিন্তু সেই শক্তির স্বরূপ সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ। অনভিজ্ঞ হইলেও, যোগী যে শক্তির পরিচালনা করিয়া থাকেন, ইহারাও না জানিয়া তাহারই পবিচালনা করিতেছে। উহা প্রাণেরই শক্তি।

এই প্রাণই সমৃদয় প্রাণীর অন্তরে জীবনী শক্তিরূপে রহিয়াছে।
মনোবৃত্তি ইহার স্ক্ষতম ও উচ্চতম অভিব্যক্তি। বাহাকে আমরা
সচরাচর মনোবৃত্তি আখ্যা দিয়া থাকি, মনোবৃত্তি বলিতে কেবল
ভাহাকে বুঝার না। মনোবৃত্তির অনেক প্রকারভেদ আছে।
বাহাকে আমরা সহজাত-জ্ঞান (instinct) অথবা জ্ঞান-বিরহিতচিত্তবৃত্তি বলি, ভাহা আমাদের স্কাপেক্ষা নিয়তম কার্যক্ষেত্র।

f

^{*} २७ शृष्ठात्र विभनी (१४।

আমাকে একটি মশক দংশন করিল; আমার হাত আপনা আপনি উহাকে আঘাত করিতে গেল। উহাকে মারিবার জন্ম হাত উঠাইতে नामाहेर्ड व्यामानिरात वित्यय किंद्र हिहात श्रीयासन द्य ना। এ এক প্রকারের মনোবৃত্তি। শরীরের সমুদর জ্ঞান-সাহায্য-বিরহিত-প্রতিক্রিয়াগুলিই (Reflex-action *) এই শ্রেণীর মনোবৃত্তির অন্তর্গত। ইহা হইতে উচ্চতর আর এক শ্রেণীব মনোবৃত্তি আছে, উহাকে জ্ঞানপূৰ্বক বা সজ্ঞান মনোবৃত্তি (conscious) বলা যাইতে পারে। আমি যুক্তি তর্ক করি, বিচার করি, চিম্ভা করি, সকল বিষয়ের ছ দিক্ আলোচনা করি। কিন্তু ইহাতেই সমুদর মনো-বুতি ফুরাইল না। আমরা জানি, যুক্তি বিচার অতি কুদ্র দীমার মধ্যে বিচরণ করে। উহা আমাদিগকে কিয়দূব পর্যান্ত লইয়া যাইতে পাবে, তাহার উপর উহার আর অধিকার নাই। যে স্থানট্রুর ভিতর উহা ঘুরিয়া বেড়ায়, তাহা অতি অল্ল-অতি সঙ্কীর্ণ। কিন্ত ইহাও দেখিতে পাইতেছি, নানাবিধ বিষয় যাহা উহার অধিকারের বহিভূতি, তাহাও উহার ভিতর আসিয়া পড়িতেছে। ধৃমকেতু, সৌর জগতের অধিকাবের অস্তভূতি না হইলেও যেমন কথনকপন উহার ভিতর আসিয়া পড়ে ও আমাদের দৃষ্টিগোচ্ব হয়, দেইরূপ অনেক তৰ যাহা আমাদের যুক্তির অধিকারের বহিভূতি, তাহাও উহার অধিকারের ভিতর আসিয়া পড়ে। ইহাও নিশ্চয় যে, উহারা ঐ সীমার বহিৰ্দেশ হইতে আদিতেছে, বিচাৰ শক্তি কিন্তু ঐ দীমা ছাড়াইয়া

^{*} বাহিরের কোনরূপ উট্টেলনার শরীরের কোন বস্তু সময়ে সময়ে জ্ঞানের কোন সহায়তা না লইরা আপেনি কার্য্য করে, সেই কার্য্যকে reflex-action বলে ৮

ষাইতে পারে না। ঐ যে বিষয়গুলি এই ক্ষুদ্র গণ্ডির ভিতর আসিয়া অন্ধিকার প্রবেশ করিতেছে, ভাহাদের কারণ অবশুই ঐ সীমার বহিভৃতি প্রদেশে যাইয়া অফুসন্ধান করিতে হইবে। আমাদের বিচারযুক্তি তথায় পৌছাইতেই পারে না। কিছু যোগীবা বলেন, ইহাই নে আমাদের জ্ঞানেব চরমসীমা, তাহা কথনই হইতে পাবে না। মন পূর্বোক্ত ছুইটি ভূমি হুইতেও উচ্চতর ভূমিতে বিচরণ করিতে পাবে। দেই ভূমিকে আমবা জ্ঞানাতীত (পূর্ণ-চৈতক্ত) ভূমি বলিতে পারি। যথন মন, সমাধি নামক পূর্ণ একাগ্র ও জ্ঞানাতীত অবস্থায় আরুচ হয়, তখন উহা যুক্তিব রাজ্যের বাহিরে চলিয়া যায় এবং সহজাত জ্ঞান ও যুক্তির অতীত বিষয়সকল প্রত্যক্ষ কবে। শবীরের সমুদয় স্ক্রামুস্ক্র শক্তিগুলি যাহারা প্রাণেবই অবস্থা ভেদ মাত্র, তাহাবা যদি ঠিক প্রক্রতপথে পরিচাণিত হয়, তাহা হইলে তাহাবা মনের উপর বিশেষ ভাবে কার্য্য কবে। মনও তথন পূর্বোপেক্ষা উচ্চতর অবস্থায় অর্থাৎ জ্ঞানাতীত বা পূর্ণ-চৈতক্ত ভূমিতে চলিয়া যায় ও তথা হইতে কাধ্য কবিতে থাকে।

কি বহির্জগৎ, কি অন্তর্জগৎ; যে দিকে দৃষ্টিপাত কনা যায়,
সেই দিকেই এক অথগু বস্তবাশি দেখিতে পাওয়া যায়। ভৌতিক
জগতের দিকে দৃষ্টিপাত করিলে দেখা যায় যে এক অথগু বস্তুই
যেন নানারূপে বিরাজ করিতেছে। প্রকৃতপক্ষে ভোমার সহিত
স্থা্রের কোন প্রভেদ নাই। বৈজ্ঞানিতের নিকট গমন কর,
তিনি তোমাকে ব্ঝাইয়া দিবেন, এক বস্তুর সহিত অপর বস্তুর
ভেদ কেবল কথার কথা মাত্র। এই টেবিল ও আমার মধ্যে

স্বরূপতঃ কোন ভেদ নাই। ঐ টেবিলটি অনম্ভ জড়রাশির এক বিন্দুখরূপ আর আমি উহার অপর বিন্দু। প্রত্যেক সাকার বস্তুই ষেন এই অনস্ত জড়সাগরের আবর্তস্করণ। আবর্তগুলি আবার সর্বাণা একরূপ থাকে না। মনে কর, কোন স্রোতম্বিনীতে লক্ষলক আবর্ত্ত রহিয়াছে; প্রতি আবর্ত্তে, প্রতি মুহুর্ত্তেই নৃতন জনবাশি আসিতেছে, কিছুক্ষণ ঘূরিতেছে, আবার অপর দিকে চলিয়া যাইতেছে ও নৃতন জলকণাসমূহ তাহার স্থান অধিকার করিতেছে। এইজগৎও এইরূপ নিয়ত পরিবর্ত্তনশীল 'জড়রাশি মাত্র, আমরা উহার মধ্যে কুদ্র কুদ্র আবর্ত্তকরণ। কতকগুলি ভূতসমষ্টি এই জগৎরূপ মহা আবর্ত্তেব মধ্যে প্রবেশ করিল, কিছুদিন ঐ আবর্ত্তে ঘূরিয়া হয় ত মানব-দেহে প্রবেশ কবিল, আবার হয় ত উহা কোন তির্যক্জাতীয় প্রাণীর রূপ ধাবণ করিল, আবার হয় ত কয়েক বৎসর পরে খনিজ নামে আর এক প্রকার আবর্তের আকার ধারণ করিল। ক্রমাগত পবিবর্ত্তন। কোন বস্তুই স্থির নহে। আমার শরীব, ভোমার শবীব বলিয়া বাস্তবিক কোন বল্প নাই ঐরপ বলা কেবল কথার কথা মাত্র। এক অথও জড়-রাশি মাত্র বিরাজমান রহিয়াছে। উহার কোন বিন্দুর নান চন্দ্র, কোন বিন্দুর নাম স্থ্য. কোন বিন্দু মহুগু, কোন বিন্দু পৃথিবী, কোন বিন্দু বা উদ্ভিদ, অপর বিন্দু হয় ত কোন থনিজ পদার্থ। ইহার কোনটিই मर्खना এकछार्व थारक ना, मकन वन्तरहे मर्खनारे পরিণাম প্রাপ্ত হইতেছে; জড়ের একবারু সুংশ্লেষণ আবার বিশ্লেষণ চলিতেছে। অন্তর্জগৎ সম্বন্ধেও এই একই কথা। জগতের সমুদ্য বস্তুই 'ইথার' হইতে উৎপন্ন, স্বতরাং ইহাকেই সমৃদয় জড়বন্ধর প্রতিনিধিম্বরূপ

গ্রহণ করা যাইতে পারে। প্রাণের সক্ষতর ম্পন্দনশীল অবস্থায় এই 'ইথারকেই' মনেরও প্রতিনিধি স্বরূপ বলা যাইতে পারে। ম্রভরাং সমুদয় মনোজগৎও এক অথগু-স্বরূপ। যিনি মনোমধ্যে এই অতি স্কল্প কম্পন উৎপাদন করিতে পারেন, তিনি দেখিতে পান, সমূদর জগৎ কেবল স্ক্রামুস্ক্র কম্পনের সমষ্টিমাতা। কোন ঔষধের শক্তিতে আমাদিগকে ইন্দ্রিয়ের অতীত রাজ্যে শইয়া যায়, এইরূপ অবস্থায় আমবা, এই স্কল্ম কম্পন (Subtle vibration) স্পষ্ট অনুভব করিতে পারি। তোমাদের মধ্যে অনেকের স্থার হান্দি ডেভিব (Sir Humphrey Davy) বিখ্যাত প্রীক্ষার কথা মনে থাকিতে পাবে। হাস্তজনক বাষ্প (Laughing gas) তাঁহাকে অভিভূত করিলে, তিনি স্তব্ধ ও निष्णम रहेया माँछारेया बहिलन: करनक शत मः छाना छ रहेल বলিলেন সমুদয় জগৎ কেবল ভাবগালির সমষ্টিমাত। কিছুক্ষণেব জন্তু সমুদ্য স্থল-কম্পন (gross vibration) গুলি চলিয়া গিয়া কেবল স্ক্রম্ক কম্পনগুলি যাহাকে তিনি ভাবরাশি বলিয়া অভিহিত কবিয়াছিলেন--বর্ত্তমান ছিল। তিনি চতুদ্দিকে কেবল সুক্ষ কম্পন গুলি মাত্র দেখিতে পাইয়াছিলেন। সমুদয় জগৎ তাঁহার নিকট যেন এক মহা ভাবসমুদ্ররূপে পরিণত হইয়াছিল। সেই মহাসমূদ্রে তিনি ও চরাচর জগতের প্রত্যেকেই যেন এক একটি কৃদ্র ভাবাবর্ত্ত।

এইরপে আমরা অন্তর্জগতের মধ্যে এক অথগু ভাব দেখিলাম।
আর অবশেষে যথন আমরা বাহা, আন্তর সকল জগৎ
ছাড়াইয়া সেই আত্মার সমীপে যাই, তথ্ন সেধানে এক অথগু ঃ?

ব্যতীত আর কিছুই নাই অহতে করি। সর্বপ্রকার গতিসমূহের অন্তরালে সেই এক অথগু সূত্রা আপন মহিমায় বিরাজ
করিতেছেন, এমন কি, এই পরিদৃশুমান গতিসমূহের মধ্যেও—
শক্তির বিকাশ সমূহের মধ্যেও—এক অথগু ভাব বিশ্বমান।
এ সকল এখন আর অন্বীকাব করিবার উপার নাই, কারণ আজকাসকার বিজ্ঞানশাস্ত্রও ইহা প্রতিপন্ন করিরাছে। অধুনিক
পদার্থ-বিজ্ঞান পর্যান্ত প্রমাণ করিয়াছে যে, শক্তিসমন্তি সর্বরেই
সমান। আরও ইহার মতে এই শক্তিসমন্তি হইরূপে অবস্থিতি করে,
কখন ত্তিমিত বা অব্যক্ত অবস্থায়, আবার কখন ব্যক্ত অবস্থায়
আগমন করে। ব্যক্ত অবস্থায় উহা এই সকল নানাবিধ শক্তির
আকার ধারণ কবে। এইরূপে উহা অনস্ককাল ধরিয়া কখন ব্যক্ত,
কখনও বা অব্যক্ত ভাব ধারণ করিতেছে। এই শক্তিরূপী প্রাণের
সংযমের নামই প্রণায়ান।

এই প্রণায়ামের সহিত খাস-প্রখাসের ক্রিয়ার সম্বন্ধ অতি
অয়ই। প্রকৃত প্রাণায়ামের অধিকারী হইবার এই খাস-প্রখাসের
ক্রিয়া একটি উপার মাত্র। আমরা ফুসফুসের গতিতেই প্রাণের
প্রকাশ স্বস্পাইরূপে দেখিতে পাই। উহাতেই প্রাণের ক্রিয়া
সহজ্ঞে উপলব্ধি হয়। ফুসফুসের গতি রুদ্ধ হইলে দেহের সমুলর
ক্রিয়া একেবারে স্থগিত হইয়া য়ায়, শরীরের অক্রাক্ত যে সকল শক্তি
ক্রীড়া করিতেছিল, তাহারাও স্তিমিত ভাব ধারণ করে। অনেক
লোক আছেন, থাহারা এমনুভাব্রে আপনাদিগকে শিক্ষিত করেন
বে, তাঁহাদের ফুসফুসের গতি রোধ হইয়া গেলেও দেহপাত হয়
না। এমন অনেক লোক আছেন, থাহারা খাস-প্রখাস না লইয়া

ক্ষেক মাদ ধরিয়া মৃত্তিকাভান্তরে বাদ ক্রিতে পারেন। তাহাতেও তাঁহাদের দেহনাশ হয় না। কিন্তু সাধারণ লোকের পক্ষে, দেহে যত গতি আছে, তাহার মধ্যে ইহাই প্রধান দৈহিক গতি। স্ক্ষতর শক্তির কাছে ধাইতে হইলে স্থূলতর শক্তির সাহায্য লইতে হয়। এইরপে ক্রমশঃ স্ক্রাৎ স্ক্রতর শক্তিতে গমন করিতে করিতে শেষে আমাদের চরম লক্ষ্যে উপস্থিত হই। শরীরে ষত প্রকার ক্রিয়া আছে, তন্মধ্যে ফুসফুসের ক্রিয়াই অতি সহজ প্রত্যক্ষ। উহা যেন বন্ধনধান্ত গতিনিয়ামক চক্রম্বরূপে অপর শক্তিগুলিকে চালাইতেছে। প্রাণায়ামের প্রকৃত অর্থ— ফুসফুসের এই গতিবোধ করা; এই গতিব সহিত খাসেরও অতি নিকট সম্বন্ধ। খাস প্রখাস যে এই গতি উৎপাদন করিতেছে তাহা নয়, বরং উহাই খাদপ্রখাদের গতি উৎপাদন করিতেছে। এই বেগই, উত্তোলন-যন্ত্রের মত, বায়ুকে ভিতর দিকে আকর্ষণ করিতেছে। প্রাণ এই ফুসফুসকে চালিত করিতেছে। এই ফুনফুসের গতি আবার বায়ুকে আকর্ষণ করিতেছে। তাহা হইলেই বুঝা গেল, প্রাণায়াম খাসপ্রখাসের ক্রিয়া নহে। ধ্র পৈশিক-শক্তি ফুসফুসকে স্ঞালন করিতেছে—তাহাকে বশে আনাই প্রাণায়াম। যে শক্তি স্নায়ুমগুলীব ভিতর দিয়া মাংসপেশী-श्वनित्र निकृषे वाहरेटाइ ७ वाहा कृतकृत्रक नकानन कतिराउदह, তাহাই প্রাণ; প্রাণায়ামসাধনে আমাদিগকে উহাই বলে আনিতে ছইবে। বধনই প্রাণজন্ন ছইবে, তথুনই আমরা দেখিতে পাইব, শরীরের মধ্যে প্রাণের অক্যাক্ত সমুদর ক্রিয়াই আমাদের আঠজান ধীনে আসিরাছে। আমি নিজেই এমন লোক দেখিরাছি, বাঁহারা

তাঁহাদের শরীরের সন্দর্য পেশী গুলিকেই বশে আনিয়াছেন অর্থাৎ সেগুলিকে ইন্ছামত পরিচালন কবিতে পারেন। কেনই বা না পারিবেন? র্যাদি কতকগুলি পেশী আমাদের ইচ্ছামত সঞ্চালিত হয়, তবে অক্টাম্থ সমস্ত পেশী ও স্নায়ুগুলিকেও আমি ইচ্ছামত পরিচালন করিতে পারিব না কেন? ইহাতে অসম্ভব কি আছে? এখন আমাদের এই সংঘমের শক্তি লোপ পাইয়াছে, আর ঐ পেশীগুলি ইচ্ছামুগ না থাকিয়া সৈব হইয়া পড়িয়াছে। আমরা ইচ্ছামত কর্ব সঞ্চালন করিতে পারি না, কিন্তু আমরা জানি বে, পশুদেব এ শক্তি আছে। আমাদেব এই শক্তির পরিচালনা নাই বিলয়াই এই শক্তি নাই। ইহাকেই পুরুষামুক্রমিক শক্তি-ব্রাস (atavism) বলা যায়।

আর ইহাও আমাদের অবিদিত নাই যে, শক্তি এক্ষণে অব্যক্ত ভাব ধারণ করিয়াছে, তাহাকে আবাব ব্যক্তাবস্থায় আনয়ন করা যায়। খুব দৃঢ় অভ্যাসের দ্বারা আমাদের শরীরস্থ অনেকগুলি ক্রিয়া, যাহা এক্ষণে আমাদেব ইচ্ছানীন নহে, তাহা-দিগকে পুনরার আমাদের ইচ্ছার সম্পূর্ণ বশবর্ত্তী করা যাইতে পারে। এইভাবে বিচার করিলে দেখিতে পাওয়া যায়, শবীবের প্রত্যেক অংশই যে আমাদের সম্পূর্ণ ইচ্ছাধীন করা যাইতে পারে, ইহা কিছু মাত্র অসম্ভব নহে, বরং খুব সম্ভব। যোগী প্রাণায়ামের দ্বারা ইহাতে কৃতকার্য্য হইয়া থাকেন। ভোমরা হয়ত, যোগশাস্তের অনেক গ্রন্থে দেখিয়া থাকিব্র করে, খাসগ্রহণের সময় সমুদরশরীরটকে প্রাণের দ্বারা পূর্ণ কর, এইরপ লিখিত রহিয়াছে। ইংরাজী অনুবাদে প্রাণ শব্দের অর্থ করা হইয়াছে, খাস। ইহাতে

তোমাদের সহজেই সন্দেহ হইতে পারে ফে, খাসের ঘারা সমুদ্র শরীর পূর্ব করিব কিরুপে? বাস্তবিক ইহা অমুবাদকেরই দোষ। দেহের সমুদর ভাগকে, প্রাণ অর্থাৎ এই জীবনী-শক্তি দারা পূর্ণ করা ঘাইতে পারে, আর যথনই তুমি ইহাতে ক্বতকার্ঘ্য হইবে, তথন্ই সমগ্র শরীরটি ভোমার বশে আসিবে। দেহের সমুদর ব্যাধি, সমুদর অংখ, তোমার ইচ্ছাধীন হইবে। ওদ্ধ ইহাই নছে, তুমি অপরের শরীরের উপরেও ক্ষমতা বিত্তারে ক্রতকার্যা হইবে। জগতের মধ্যে ভাল মন্দ যাহা কিছু আছে, সবই সংক্রোমক। তোমার শরীরযন্ত্র, মনে নকর, যেন কোন বিশেষ প্রকার স্থরে বাঁধা আছে— তোমার নিকট যে ব্যক্তি থাকিবে, তাহার ভিতরও সেই হুর— সেই ভাব আসিবাব উপক্রম হইবে। যদি তুমি সবল ও স্বস্থকায় হও, তবে তোমার সমীপস্থিত ব্যক্তিগণেরও যেন একট প্রস্থ ভাব. একটু সবল ভাব আসিবে। আর তুমি যদি কথা বা তুর্বল হও, ভবে তোমার নিকটবর্ত্তী অপর লোকেও যেন একটু রুগ্ন ও চুর্বল হইতেছে, দেখিতে পাইবে। তোমার দৈহিক কম্পনটি যেন অপরের ভিতর সঞ্চারিত হইয়া ঘাইবে। যথন একজন লোক অপংকে রোগমুক্ত করিবার চেষ্টা করে, তথন তাছার প্রথম চেষ্টা এই হয় বে আমার স্বাস্থ্য অপরে সঞ্চারিত করিয়া দিব। ইহাই षानिम 6िकिৎमार्थांगांनी। क्वांठमाद्वि इडेक, ष्यांत्र षक्कांजमाद्विहे হউক, একজন ব্যক্তি আর একজনের দেহে স্বাস্থ্য সঞ্চারিত कतियां निष्ठ भारतन। श्रुव वक्तान, वाक्ति वनि क्तिन क्र्वन লোকের নিকটে সদা সর্বদা বাস করে, ভাছা ছইলে সেই তুর্বল बांकि किथ्पि भित्रमाल गरम इहेरवहे हहेरव। এहे वनमकांत्रण

ক্রিরা জ্ঞাতসারেও ইইতে পারে, আবার অজ্ঞাতসারেও ইইতে পারে। ইথন এই প্রক্রিয়া জ্ঞাতসারে ক্বত হয়, তথন ইহার কার্য্য অপেকারত শীঘ্র ও উত্তমরূপে ইইয়া থাকে। আর এক প্রকার আরোগ্য-প্রণালী আছে, তাহাতে আরোগ্যকারী স্বয়ং ধ্ব স্থকায় না ইইলেও অপরের শরীরে স্বাস্থ্য সঞ্চারিত করিয়া দিতে পারেন। এই সকল স্থলে ঐ আরোগ্যকারী ব্যক্তিকে কিঞ্ছিৎ পরিমাণে প্রাণজ্ঞী বৃথিতে ইইবে। তিনি কিছুক্লণের জন্ম নিজ প্রাণের মধ্যে কম্পনবিশেষ উৎপাদন করিয়া অপরের শরীরে তাহা সঞ্চারিত করিয়া দেন।

অনেকছলে এই কার্যাট অতি দ্রেও সংগাধিত হইয়াছে।
বাত্তবিক দ্রম্বের অর্থ যদি ক্রমবিচ্ছেদ (break) হয়, তবে
দ্রম্ব বলিয়া কোন পদার্থ নাই। এমন দূরম্ব কোপায় আছে,
বেখানে পরস্পর কিছুমাত্র সম্বন্ধ, কিছুমাত্র বোগ নাই ? স্ব্যা
ও তুমি, ইহার মধ্যে বাস্তবিক কি কোন ক্রমবিচ্ছেদ আছে ?
এক অবিচ্ছিয় অথগু বস্ত রহিয়াছে, তুমি ভাহার এক অংশ, স্ব্যা
তাহার আর এক অংশ। নদীর এক দেশ ও অপর দেশে কি
ক্রমবিচ্ছেদ আছে ? তবে শক্তি এক দেশ ও অপর স্থানে
ভ্রমণ করিতে পারিবে না কেন ? ইহার বিরুদ্ধে ত কোন বৃক্তিই
দেওয়া বাইতে পারে না। এই সকল ঘটনা সম্পূর্ণ সত্য, এই
প্রাণকেই বছদ্রে সঞ্চারিত করা বাইতে পারে, তবে অবস্তা এমন
হইতে পারে বে, এ বিরুদ্ধে একিটি ঘটনা যদি সত্য হয়, ত শত শত
ঘটনা কেবল জুরাচুরী বই আর কিছুই নহে। কাকে ইহাকে
বতদুর সহল ভাবে, ইহা ততদুর সহল নয়। অধিকাংশ স্থান

দেখা যাইবে যে, আরোগ্যকারী মানব-দেহেব স্বাভাবিক স্বস্থতার সাহায্য লইয়া স্ব কার্য্য সারিতেছেন। জগতে এমন কোন রোগ নাই ষে, সেই বোগাক্রান্ত হইয়া সকল লোকই মৃত্যুগ্রাদে পতিত হয়। এমন কি, বিস্তিকা মহামারীতেও যদি কিছু দিন শতকরা ৬০ জন মবে, তবে দেখা বায়, ক্রমশ: এই মৃত্যুর হার কমিয়া শতকবা ৩০ হয়, পরে ২০ তে দাঁড়ায়, অবশিষ্ট সকলে রোগমুক্ত হয়। এলোপ্যাথ চিকিৎদক আদির্লেন, বিস্ফচিকা রোগগ্রন্ত ব্যক্তিগণকে চিকিৎসা করিলেন, তাহাদিগের ঔষধ দিলেন, হোমিওপ্যাথ চিকিৎসক আদিয়া, তিনিও তাঁহার ঔষধ দিলেন, হয় ত এলোপ্যাণ অপেক্ষা অধিকসংখ্যক রোগী আরোগ্য করিলেন। হোমিওপ্যাথ চিকিৎসকের অধিক ক্লুতকার্য্য হইবার কারণ এই যে, তিনি হোগীব শবীরে কোন গোলযোগ না বাধাইয়া প্রকৃতিকে নিজের ভাবে কার্য্য করিতে দেন, আর বিশ্বাস-বলে আরোগ্যকারী আবও অধিক আবোগ্য করিবেনই. কারণ, তিনি নিজের ইচ্ছাশক্তি ছারা কার্য্য করিয়া বিশ্বাসবলে বোগীর অব্যক্ত প্রাণশক্তিকে প্রবোধিত করিয়া দেন।

কিন্ত বিশ্বাসবলে রোগ-আরোগ্যকারীদের সর্বকাই একটি ভ্রম হইয়া থাকে, তাঁহারা মনে করেন, সাক্ষাৎ বিশ্বাসই লোককে রোগমুক্ত করে। বাস্তবিক কেবল বিশ্বাসই একমাত্র কারণ, তাহা বলা বার না। এমন সকল রোগ আছে বাহাতে রোগীনিজে আদে) বৃঝিতে পারে না বৈ, তাহার সেই রোগ আছে। রোগীর নিজের নীরোগিতা সম্বন্ধে অতীব বিশ্বাসই তাহার শ্লোগের একটি প্রধান লক্ষণ, আর ইহাতে আত মৃত্যুরই ক্চনা

করে। এ সকল স্থলে কেবল বিশাসেই বোগ আরোগ্য হয় না। যদি বিশাসেই রোগ আরোগ্য হইত, তাহা হইলে এই সকল রোগীও কালগ্রাসে পতিত হইত না; প্রক্বতপক্ষে এই প্রাণের শক্তিতেই তাহারা রোগ মুক্ত হইয়া থাকে। কোন প্রাণজ্ঞিৎ পবিত্রাত্মা পুরুষ নিজ্ঞ প্রাণকে এক নিদিষ্ট কম্পনে লইয়া গিয়া অপরে সঞ্চারিত করিয়া দিয়া ভাহার মধ্যে সেই প্রকাবের কম্পন উৎপাদন করিতে পাবেন। তোমরা প্রতিদিনের ঘটনা হইতেই এই বিসয়ের প্রমাণ পাইতে পার। আমি বক্তৃতা দিতেছি, বক্তৃতা দিবার সমর জামি করিতেছি কি? আমি আমাব মনেব ভিতর বেন এক প্রকাব কম্পন উৎপাদন কবিতেছি, আর আমি এই বিষয়ে যতই ক্রতকার্য্য হইব, ভোমরা ততই আমার বাক্যে মুগ্য হইবে। ভোমরা সকলেই ভান, বক্তৃতা দিতে দিতে আমি যেদিন খুব মাতিরা উঠি, সেদিন আমার বক্তৃতা ভোমাদের অতিশয় ভাল লাগে, আব আমাব উত্তেজনা অল্ল হইলে তোমা-দেরও আমাব বক্তৃতা শুনিতে তত আকর্ষণ হয় না।

জগৎ আলোড়নকারী তীব্র ইচ্ছা-শক্তিসম্পন্ন মহাপুরুষগণ
নিজ প্রাণের মধ্যে থুব উক্ত কম্পন উৎপাদন কবিরা ঐ প্রাণের
বেগ এত অধিক ও শক্তিসম্পন্ন করিতে পারেন যে, উহা
অপ্রকে মুহুর্জমধ্যে আক্রমণ করে, সহস্র সহস্র লোক তাঁহাদের
দিকে আক্রই হর ও জগতের অর্দ্ধেক লোক তাঁহাদের ভাবারুসাবে
পরিচালিত হইয়া থাকে ৯ জগতে বত মহাপুরুষ হইয়াছেন.
সকলেই প্রাণজিৎ ছিলেন। এই প্রাণসংখ্যের বলে তাঁহারা
প্রবল ইচ্ছাশক্তিসম্পন্ন ইইয়াছিলেন। তাঁহারা তাঁহাদের প্রাণের

বিতর অতিশব উচ্চ কম্পন উৎপাদন করিতেন এবং উহাতেই তাঁহাদিগকে সমুদয় জগতের উপর প্রভাব বিভার করিবার শক্তি দিয়াছিল। জগতে যত প্রকার তেজ: বা শক্তির বিকাশ দেখা ষার, সমুদরই প্রাণের সংযম হটতে উৎপন্ন হয়। মাত্রুষে ইহার প্রকৃত তথ্য না জানিতে পারে, কিছ আর কোন উপায়ে ইহার ব্যাখ্যা হয় না। তোমার শরীরে এই প্রাণ কথন এক দিকে অধিক, অক্ত দিকে অন্ন হইয়া পড়ে। এইরূপ প্রাণের অসামঞ্চল্ডেই রোগের উৎপত্তি। অতিরিক্ত প্রাণটুকুকে সরাইন্না যেখানে প্রাণের অভাব হইরাছে তথাকার অভাবটুকু পূবণ করিতে পারিলেই রোগ আরোগ্য হয়। কোথায় অধিক, কোথায় বা অল্প প্রাণ আছে, ইহা জানাও প্রাণারামের অজ। অত্তব শক্তি এতদুর স্ক্ হইবে বে, মন বুঝিতে পারিবে, পদাসুঠে অথবা হস্তম্থ অসুলিতে ৰতটুকু প্ৰাণ আবশুক, তাহা নাই, আর উহা ঐ প্রাণের অভাব পরিপুরণ করিতেও সমর্থ হইবে। এইরূপ প্রাণায়ামের নানা অঞ্ , আছে। ঐগুলি ধীরে ধীরে ও ক্রমশঃ শিকা করিতে হইবে। ক্রমে দেখিতে পাওয়া যাইবে বে. বিভিন্নরূপে প্রকাশিত প্রাণের সংঘম ও উহাদিগকে বিভিন্ন প্রকারে চালনা করাই রাজযোগের একমাত্র লক্ষ্য। বথন কেছ নিজ সমূদয় শক্তিগুলিকে সংধম করিতেছে, उथन त्म निक त्मंश्य धांगरकरे मश्यम कतिराज्य । यथन एकर धान करत, रमे श्रांभरकरे मश्यम कतिराज्यह, द्विराज स्टेरव ।

মহাসমৃত্যের দিকে দৃষ্টিপাত আৰু ছিলে দেখিতে পাইবে, তথার পর্বততুল্য বৃহৎ তরজসমূহ রহিয়াছে, ক্ষুত্র ক্ষুত্র তরজ রহিয়াছে, অপেকাকত ক্ষুত্রতার তরজ রহিয়াছে, আবার ক্ষুত্র ক্ষুত্র ব্যুদ্ধ

রহিরাছে। কিন্তু এই সমুদধের পশ্চাতে এক অনম্ভ মহাসমুদ্র। একদিকে ঐ কুল্ৰ ব্ৰুদটি অনস্ত সমৃত্যের সহিত সংযুক্ত, আবার দেই বৃহ্ তরকটিও দেই মহাসমুদ্রের সহিত সংযুক্ত। এইরূপ সংসারে কেহ বা মহাপুরুষ কেহ বা কুদ্র অবব্দুদত্ব্য সামান্ত বাক্তি হইতে পারেন, কিন্তু সকলেই সেই অনম্ভ মহাশক্তিসমূদ্রের সহিত সংযুক্ত। এই মহাশক্তির সহিত জীবমাত্রেরই জন্মগত मध्य । राषात्म कोरनी मक्तित क्षाम त्मिष्ट, त्मवात्म वृक्षित হইবে, পশ্চাতে অনম্ভ শক্তির ভাণ্ডার রহিয়াছে। একটি কুম্র বেঙের ছাতা রহিরাছে, উগা হয়ত এত কুদ্র ও এত স্ক্র হে অণু-বীক্ষণমন্ত্র দারা উহা দেখিতে হয়; তাহা হইতে আরম্ভ কর, দেখিবে. সেটি অনস্ত শক্তির ভাণ্ডার হইতে ক্রমশঃ শক্তিসংগ্রহ করিয়া আর এক আকার ধারণ করিতেছে। কালে উহা উদ্ভিদ্রূপে পরিণত হইল, উহাই আবার একটি পশুর আকার ধরিল, পরে মহুষ্মরূপ ধারণ করিয়া অবশেষে উহাই ঈশ্বররূপে পরিণত হয়। অবশ্র প্রাক্তবিক নিয়মে এই ব্যাপার ঘটিতে লক্ষ লক্ষ বর্ষ অতীত হয়। কিন্তু এই সময় কি? সাধনার বেগ বৃদ্ধি করিয়া দিলে অনেক সময়ের সংক্ষেপ হইতে পারে। ঘোগীরা বলেন, 'বে কার্য্যে সাধারণ চেষ্টার অধিক সময় লাগে, ভাহাই কার্য্যের বেগ বৃদ্ধি করিরা দিলে অতি অল সমবের মধ্যে সম্পন্ন হইতে পারে।' মানুষ এই বাগতের শক্তিরাশি হইতে অতি অর অর করিয়া শক্তি সংগ্রহ, করিবা চলিতে প্রামে। এমন ভাবে চলিলে একজনের দেবজন্ম লাভ করিতে হয় ত লক্ষ বৎসর লাগিল। আর ও উচ্চা-বস্থা প্রাপ্ত হইতে হয়ত পাঁচ কক বৎসর লাগিল। আবার পূর্ব

দিদ্ধ হইতে আরও পাঁচ লক্ষ বৎসর লাগিল। উন্নতির বেগ বৰ্দ্ধিত করিলে এই সময় সংক্ষিপ্ত হইরা আসে। রীতিমত চেষ্টা করিলে, ছর মাসে অথবা ছয় বর্ষের ভিতর সিদ্ধিলাভ না হইবে কেন ? যুক্তি বারা ব্যা বার, ইহাতে নির্দিষ্ট সীমাবদ্ধ সময় নাই। মনে কর, কোন বাস্পীর-যন্ত্র নির্দিষ্ট পরিমাণ করলা দিলে প্রতি ঘণ্টার ছই মাইল করিয়া যাইতে পারে। আরও অধিক করলা দিলে, উহা আরও শীঘ্র যাইবে। এইরূপে যদি আমরাও তীব্র সংবেগসম্পন্ন (যো: হ: ১:২১) হই, তবে এই জন্মেই মুক্তিলাভ করিতে না পাবিব কেন ? অবশ্র, সকলেই শেষে মুক্তিলাভ করিবে, ইহা আমরা জানি। কিন্তু আমি এতদিন অপেক্ষা করিব কেন ? এইক্ষণেই, এই শবীবেই, এই মনুষ্য দেহেই আমি মুক্তিলাভ করিতে কেন না সমর্থ হইব ? এই অনম্ভ জ্ঞান ও অনন্ত শক্তি আমি এথনি লাভ না করিব কেন ?

আত্মার উন্নতির বেগ বৃদ্ধি করিয়া কির্নুপে অর সময়ের মধ্যে মৃক্তিলাভ করা যাইতে পাবে, ইহাই যোগবিহ্যার লক্ষ্য ও উদ্দেশ্য। যতদিন না সকল মাহ্রুষ মুক্ত হইতেছে, ততদিন অপেক্ষা কবিয়া একটু একটু করিয়া অগ্রসর না হইয়া প্রকৃতির অনন্ত শক্তিভাগার হইতে শক্তি গ্রহণ করিবার ক্ষমতা বৃদ্ধি করিয়া কিরপেশীয় মৃক্তিলাভ হয় যোগীরা তাহাবই উপায় উদ্ভাবন করিয়াছেন। অগতের সমূলয় মহাপুরুষ, সাধু, সিদ্ধপুরুষ—ইহার । কি করিয়াছেন ? তাহারা এক জন্মেই, সময়ের সংক্রেপ করিয়া, সাধারণ মানব কোটা কেটো জন্মে যে সকল অবস্থার ভিত্ত দিয়া গিয়া মৃক্ত. হইবে তৎসমূলয়ই ভোগা করিয়া লইয়াছেন ! একজন্মেই তাহারা আপানামুলর মৃক্তিসাধন করিয়া লন ! তাহারা আর কিছুই .চিন্তা

করেন না। আর কিছুর জক্ত নিশাস প্রশাস পর্যান্ত ফেলেন না। এক মুহুর্ত্ত সময়ও তাঁহাদের রুধা যার না। এইরূপেট তাঁহাদের মুক্তির সময় সংক্ষিপ্ত হইয়া আইসে। একাগ্রতার অর্থই এই, শক্তিসঞ্চয়ের ক্ষমতা বৃদ্ধি করিয়া সময় সংক্ষিপ্ত করা; রাজযোগ এই একাগ্রতা-শক্তি-লাভ করিবার বিজ্ঞান।

এই প্রাণায়ামের সহিত প্রেততত্ত্বের সম্বন্ধ কি ? উহাও এক প্রকার প্রাণায়াম বিশেষ। যদি এ কথা সত্য হয় বে, পর-লোকগত আত্মার অক্তি**ৰ আছে. কেবল আম**রা উ**হ**াদিগকে দেখিতে পাইতেছি না, এইমাত্র, ভাহা হইলে ইঙাও খুব সম্ভব বে, এথানেই হয় ত শত শত, লক্ষ লক্ষ আত্মা রহিয়াছে, বাহাদিগকে আমরা দেখিতে, অমুভব করিতে বা স্পর্শ করিতে পারিতেছি না। আমরা হয় ত সর্বাদাই উহাদের শবীরের মধ্য দিখা ঘাতাঘাত করিতেছি। আর ইহাও থুব সম্ভব যে, তাহাবাও আমাদিগকে দেখিতে বা কোনরূপে অনুভব কবিতে পারে না। এ যেন একটি বৃত্তের ভিতর আর একটি বুন্ত, একটি জগতের ভিতর আর একটি জগং। যাহারা এক ভূমিতে (plane) থাকে, তাহারাই পরস্পর পরস্পরকে দেখিতে পায়। আমরা পঞ্চেক্সিয়-বিশিষ্ট প্রাণী। আমাদের প্রাণের কম্পন অবশ্রই এক বিশেষ প্রকারের। যাহাদের প্রাণের কম্পন ঠিক আমাদের মত, ভাহাদিগকেই আমরা দেখিতে পাইব। কিন্তু বদি এমন কোন প্রাণী থাকে, যাহাদের প্রাণ অপেক্ষাক্তত উচ্চ-কম্পান-শীন! তাহাদিগকে আমৰা দেখিতে পাইব না। আলোকের ঔচ্ছল্য অতিশন্ন বৃদ্ধি হইলে আমরা উহা पिशिए गोरे ना, किस व्यत्नक शागीत हकूर ध्वाभ मेकिनमान त्य.

তাহারা ঐরপ আলোকেও দেখিতে পার। আবার যদি আলোকের পরমাণুগুলির কম্পন অতি মৃত্ হর, তাহা হইলেও উহা আমরা দেখিতে পাই না, কিন্তু পেচক বিড়ালাদি জন্ত্রগণ উহা দেখিতে পার। আমাদের দৃষ্টি এই প্রাণ-কম্পনের প্রকার-বিশেবই প্রত্যক্ষ করিতে সমর্থ। অথবা বায়ুখাশির কথা ধর। বায়ু জরে জরে যেন ক্ষিত্রত রিলিছে। এক জরের উপর আর এক জব বায়ু স্থাপিত। পৃথিবীর নিকটবর্ত্তী যে জর তাহা তদুর্দ্ধন্থ জর হইতে অধিক ঘন, আরও উর্দ্ধেশে বাইলে দেখিতে পাওয়া বাইবে, বায়ু ক্রমশং তরল হইতেছে। অথবা সমুদ্রের বিষয় ধর; সমুদ্রের যতই গভীর হইতে গভীরতর প্রদেশে বাইবে, জলের চাপ ততই বর্দ্ধিত হইবে। যে সকল জন্তু সমুদ্রতলে বাস করে, তাহারা উপরে কথনই আসিতে পারে না। কারণ, আসিলেই তাহারা তৎক্ষণাৎ মৃত্যু-গ্রাসে পতিত হয়।

সমুদর জগৎকে 'ইথারেব' একটি সমুদ্ররূপে চিচা কর।
প্রাণের শক্তিতে যেন উহা স্পন্দিত হইতেছে, স্পন্দিত হইরা যেন
ন্তরে ব্যরে বিভিন্নরূপে অবস্থিত হইল। তাহা হইলে দেখিবে, দে
দ্বান হইতে স্পন্দন আরম্ভ হইরাছে, তাহা হইতে বতদুর বাওয়ঃ
বাইতেছে, তত্তই বেন সেই স্পন্দন মৃত্তাবে অমুভূত হইতেছে।
কেল্রের নিকট স্পন্দন অতি ক্রত। আরও মনে কর যে, এই
এক এক প্রকারের স্পন্দন এক একটি ব্যর। এই সমুদর স্পন্দনক্রেকে একটি বৃত্তরূপে ক্রনা কন্দ; সিদ্ধি উহার কেন্দ্রন্তর্ন)
ঐ ক্রেন্ত হইতে বতদুরে যাওয়া বাইবে, স্পন্দন তত্তই মৃত্ব হইয়া
দ্বাসিধে। ভূত সর্ব্বাপেকা বহিঃতর, মন তাহা হইতে নিকটবর্ত্ত্রী

গুর, আর আত্মা যেন কেন্দ্রস্বরূপ। এইরূপ ভাবে চিন্তা করিলে দেখা যাইবে যে, যাহারা এক ত্তরে বাস করে, তাহারা পরস্পর পরস্পরকে চিনিতে পারিবে, কিন্তু তদপেকা নিম বা উচ্চ শুরের জীবদিগকে চিনিতে পারিবে না। তথাপি, বেমন আমরা অণু-বীক্ষণ ও দূরবীক্ষণ যন্ত্রসহকারে আমাদের দৃষ্টির ক্ষেত্র বাড়াইতে পারি, তদ্রুপ আমরা মনকে বিভিন্ন প্রকার স্পন্দন-বিশিষ্ট করিয়া অপর ভরের সংবাদ অর্থাৎ তথায় কি হইতেছে জানিতে পারি। মনে কর, এই গৃহেই এমন কতকগুলি প্রাণী আছে, বাহারা স্মামা-দের দৃষ্টির বহিভূতি। তাহায়া প্রাণের এক প্রকার স্পন্দন ও আমার আর এক প্রকার স্পন্দনের ফলম্বরুপ। মনে কর তাহার। অধিক ম্পন্দন-বিশিষ্ট ও আমরা অপেকারুত অল্ল ম্পন্দনশীল। আমরাও প্রাণম্বরূপ মূলবস্ত হইতে গঠিত, তাহারাও তাহাই, সকলেই এক সমুদ্রেরই বিভিন্ন অংশ মাত্র। তবে বিভিন্নতা কেবল म्लान्सद्भव । यमि मनदक এथनि अधिक म्लान्सनविश्विष्ट कविएक शांवि. তবে আমি আর এই স্তরে অবস্থিত থাকিব না, আমি আর ভোমাদিগকে দেখিতে পাইব না; তোমরা আমার সমুধ হইতে অম্বহিত হইবে ও তাহারা আবিভূতি হইবে। তোমাদের মধ্যে অনেকেই বোধ হয় জান যে, এই ব্যাপারটি সতা। মনকে এই উচ্চ হইতে উচ্চতর স্পন্দনবিশিষ্ট করাকেই বোগশালো 'সমাধি' এই একমাত্র শব্দের থারা লক্ষ্য করা হুইয়াছে। আর এই সমাধির নিম-তর অবস্থা গুলিতেই এই ুমতীুক্তির প্রাণিসমূহকে প্রতাক্ষ করা যায়-। সমাধির সর্বোচ্চ অবস্থায় আমাদের সত্যস্তরণ ব্রহ্মদর্শন हरा। उथन आमता एव डेशानांन हरेएठ এहे ममूनम बृह्यि।

ন্ধীবের উৎপত্তি হইরাছে, তাহাকে জানিতে পারি। 'বেমন একটি মৃৎপিগুকে জানিলে সকল মৃৎপিগু জানা বায়, তজ্ঞপ ব্রহ্ম দর্শনেই সমুদয় জগৎ জানিতে পারা বায়।'

এইরূপে আমরা দেখিতে পাই যে, প্রেততত্ত্বিভাগ থেটুকু সভা আছে, তাহাও প্রাণায়ানেরই অন্তর্ভুত। এইরূপ, যথনই তোমবা দেখিবে, কোন এক দল বা সম্প্রদায় কোন অতীন্ত্রিয় বা গুপ্ততন্ত্র আধিষ্ঠার করিবার চেষ্টা করিতেছে, তথনই বৃঝিবে, তাহারা প্রকৃতপক্ষে কিয়ৎপরিমাণে এই রাজ্যোগই সাধন করিতেছে, প্রাণসংঘমেরই চেষ্টা করিতেছে। বেখানে কোনরূপ অসাধারণ भक्तित विकाभ रुवैद्यारक, **रा**त्रशास्त्रें शालात भक्ति वृक्षिरा रहेरत । এমন কি, বহিবিজ্ঞানগুলিকে পর্যান্ত প্রাণায়ামের অন্তর্ভুক্ত করা বাইতে পারে। বাষ্পীয় হন্ত্রকে কে সঞ্চালিত কবে ? প্রাণই বাষ্পের মধ্য দিয়া উহাকে চালাইয়া থাকে। এই যে তড়িতের অত্যম্ভূত ক্রিয়াসমূহ দেখা যাইতেছে, এগুলি প্রাণ বাতীত আর কি হইতে পারে ? পদার্থবিজ্ঞান বলিতে কি বুঝিতে হইবে ? উহা বহিক-পায়ে প্রাণায়াম। প্রাণ ধথন আধ্যাত্মিক শক্তিরূপে প্রকাশিত হয়. তথন আধ্যাত্মিক উপায়েই উহাকে সংযম করা বাইতে পারে। যে প্রাণায়ামে প্রাণের সুলম্বরূপগুলিকে বাহ উপায়েব দ্বারা জয় করিবার চেষ্টা করা হয়, তাহাকে পদার্থ-বিজ্ঞান বলে। আর বে প্রাণান্বামে প্রাণের আধ্যাত্মিক বিকাশগুলিকে, আধ্যাত্মিক উপায়ের ধারা সংযমের চেষ্টা করা হয়, তাুহাকেই রাজযোগ বলে।

চভূর্থ অধ্যায় প্রাণের অধ্যাত্মিক রূপ

যোগিগণে ব মতে মেরুদণ্ডের মধ্যে ইড়া ও পিঞ্চলা নামক ছইটি স্বানবীর শক্তিপ্রবাহ ও মেরুদগুত্ব মজ্জার মধ্যে সুষ্মা নামে একটি শৃহ নালী আছে। এই শৃষ্ঠ নালীব নিম্নপ্রান্তে কুণ্ডলিনীর আধাব-ভূত পদ্ম অবস্থিত। যোগীরা বলেন, উহা ত্রিকোণাকার। যোগী-দিগেব রূপক ভাষায় ঐ স্থানে কুণ্ডলিনী শক্তি কুণ্ডলাক্বতি হইয়া বিরাজমানা। যখন এই কুণ্ডলিনী জাগরিতা হন, তখন তিনি এই শৃত্ত নালীর মধ্য দিয়া পথ করিয়া উঠিবার চেষ্টা করেন, আর যতই তিনি এক এক সোপান উপর উঠিতে থাকেন, ততই মনের স্তরের পর স্তর যেন খুলিয়া যাইতে থাকে; আর সেই যোগীর নানারূপ অলৌকিক দৃশ্য দর্শন ও অদ্ভূত শক্তি লাভ হইতে থাকে। যখন সেই কুণ্ডলিনী মন্তিক্ষে উপনীত হন, তথন ধোগী সম্পূৰ্ণক্ৰপে শরীর ও মন হইতে পৃথক হইয়া যান এবং তাঁহার আত্মা আপন मुक्क जांव छेननिक करतन। रमक्रमञ्जा रा এक विरमय क्षेत्रारत গঠিত, ইহা আমাদের জানা আছে। ইংরাজী ৮ (৪) এই অক্ষর-টিকে यनि नवानवी ভাবে (∞) न बुक्षा यात्र, তाश हहेटन दावा याहेटव त्व, উহার ছইটা অংশ রহিয়াছে আর ঐ ছইটা অংশও মধ্যদেশে সংযুক্ত। এইরপ অকর, একটির উপর আর একটি সাজাইলে

বেরপ দেথার, মেরু-মজ্জা কতকটা সেইরুপ। উহার বামভাগ ইড়া, দক্ষিণ দিক পিকলা, আর বে শৃষ্ঠ নালী মেরু-মজ্জার ঠিক মধ্যত্বল দিরা গিরাছে, তাহাই স্থ্য়া। মেরু-মজ্জা কটিদেশস্থ মেরু-দগুংশস্থিত কতকগুলি অন্থির পরেই শেষ হইরাছে, কিন্তু তাহা হইলেও একটি স্থুস্ত্র স্থেরও পদার্থ বরাবর নিমে নামিরা আদিরাছে। স্থ্য়া নালী সেথানেও অবস্থিত, তবে ঐ স্থানে খুব স্ক্র হইরাছে মাত্র। নিম্নদিকে ঐ নালীর মুথ বন্ধ থাকে। উহার নিকটেই কটিদেশস্থ স্বায়ুজ্ঞাল (Sacral plexus) অবস্থিত। আজকালকার শরীর-বিধান শাস্ত্রের (Physiology) মতে, উহা ত্রিকোণাক্তি। ঐ সমূল্য নাড়াজ্ঞালের কেন্দ্র মেরু-মজ্জার মধ্যে স্বায়িত; উহাদিগকেই যোগিগণের ভিন্ন ভিন্ন পদ্মন্তর্ন গ্রহণ করা বাইতে পারে।

যোগীরা বলেন, সর্বনিয়ে ম্লাধার হইতে আরম্ভ করিয়া
মন্তিকে সহস্রার বা সহস্রদল পদ্ম পর্যন্ত কতকগুলি কেন্দ্র আছে।
যদি আমবা ঐ পদ্মগুলিকে পূর্ব্বোক্ত নাড়াজাল (Plexus) বলিয়া
মনে কনি, তাহা হইলে আজকালকার শরীর-বিধান-শাস্ত্রের বারা
অতি সহজে যোগিদিগের কথার ভাব ব্ঝা ষাইবে। আমরা জানি
আমাদের রায়্মধ্যে ছই প্রকারের প্রবাহ আছে; তাহাদের একটিকে
অন্তর্ম্বী ও অপরটিকে বহিম্বি, একটিকে জ্ঞানাত্মক অপরটিকে
গত্যাত্মক, একটিকে কেন্দ্রাভিম্বী ও অপরটিকে, কেন্দ্রাপসারী বলা
বাইতে পারে। উহাদের মধ্যে একটি মন্তিকাভিম্বে সংবাদ বহন
করে, অপরটি মন্তিক হইতে বাহিরে সম্লন্ন অলে সংবাদ লইয়া
বায়। ঐ প্রবাহগুলি কিন্তু পরিণানে মন্তিকের সঙ্গে সংব্রুক।

আমাদের আরও জানা উচিত ধে, সমূদর চক্রের মধ্যে সর্কানমন্থ মৃগাধার, মন্তকত্ব সহস্রকা-পদ্ম ও নাভিদেশে অবস্থিত মণিপুর চক্র এই ক্ষেক্টির কথা মনে রাখা বিশেষ আবশুক।

এইবার পদার্থবিজ্ঞানের একটি তম্ব আমাদিগকে ব্রিতে হইবে। আমরা সকলেই তাড়িত ও তৎসম্পূক্ত অক্সান্ত বছবিধ শক্তির কথা শুনিরাছি। তাড়িত কি, তাহা কেইই ভানে নু', তবে আমরা এই পর্যন্ত জানি যে, তাড়িত এক প্রকার গতিবিশেষ। জগতে অক্যান্ত নানাবিধ গতি আছে, তাড়িতের সহিত উর্হাদের প্রভেদ কি? মনে কর, একটি টেবিল স্ঞালিত ইইতেছে,—উহার প্রমাণুগুলি বিভিন্ন দিকে সঞ্চালিত ইইতেছে। যদি উহাদিগকে অনবরত একদিকে সঞ্চালিত করা যায়, তাহা হইলে তাহাই বিহাছেক্তি-রূপে পরিণত হইবে। সন্দম্ব প্রমাণুগুলি একদিকে গতিশীল হইলে, তাহাকেই বৈহাত্তিক গতি বংল। এই গৃহে যে বায়্বাশি রহিয়াছে, তাহার সম্দ্র প্রমাণুগুলিকে যদি ক্রমাগত একদিকে সঞ্চালিত করা যায়, তাহা হইলে উহা এক মহা বিহালাধার-যন্ত্র (Battery) রূপে প্রিণত হইবে।

এইবার শরীর-বিধান-শাস্ত্রের একটি কথা আমাদিগকে শ্বরণ করিতে হইবে। তাহা এই—বে সায়ুকেন্দ্র খাদপ্রশাস্থন্ধগুলিকে । নিয়মিত করে, সমুদর সায়ুপ্রবাহগুলির উপরও তাহার একটু প্রভাব আছে; ঐ কেন্দ্র বক্ষোদেশের ঠিক বিপরীত দিকে । মেকদণ্ডে অবস্থিত। উহা সামপ্রশাসগুলিকে নিয়মিত করে এবং অস্তান্ত বে সকল সায়ুচক্র আছে, তাহাদের উপরেও কিঞ্চিৎ প্রভাব ব্রিস্তার করে।

এইবার আমরা প্রাণান্ত্রাম-ক্রিয়া-দাধনের কারণ বুঝিতে পারিব। প্রথমত:, যদি নির্মিত খাস-প্রখাদের গতি উত্থাপিত করা ধায়, তাহা হইলে শরীরেব সমুদয় পরমাণুগুলিরই একদিকে গতি হইবার উপক্রম হইবে। যখন নানাদিকগামী মন নানাদিকে না গিয়া একমুখী হইয়া একটি দৃঢ় ইচ্ছাশক্তিরূপে পরিণত হয়, তথন সমুদয় মায়ূপ্রবাহও পরিবর্ত্তিত হইয়া এক প্রকাব বিহাদং গতি প্রাপ্ত হয়, কারণ, স্বায়ুগুলির উপর তাড়িত ক্রিয়া কবিলে উহাদের উভয় প্রাম্ভে বিপরীত শক্তিবয়ের উদ্ভব হয় দেখা গিয়াছে। ইহাতেই বোধ হয় যে, মুখন ইচ্ছাশক্তি স্বায়প্রবাহরূপে পরিণত হয়, তখন উহা বিছাদ্বং কোন পদার্থের আকার ধাবণ করে। যথন শরীরস্থ সম্বয় গতিগুলি সম্পূৰ্ণ একাভিমুখী হয়, তখন উহা যেন ইচ্ছা-শক্তির একটি প্রবল বিহ্যাদাধাবস্থরণ (battery) হইয়া পড়ে। এই প্রবল ইচ্ছাশক্তি লাভ করাই থোগীব উদ্দেশ্য। প্রাণায়াম ক্রিয়াট এইরূপে শারীব-বিধান-শাস্ত্রের সাহায্যে ব্যাখ্যা করা যাইতে পারে। উহা শরীরের মধ্যে এক প্রকার একাভিমুথী গতি উৎপাদন করে ও খাদ-প্রশ্বাসকেন্দ্রের উপর আধিপত্য বিস্থার করিয়া শরীরম্ভ অস্তান্ত কেন্দ্রগুলিকেও বশে আনিতে সাহায্য করে। এন্থলে প্রাণাধামের লক্ষ্য-মূলাধারে কুগুলাকারে অবস্থিত কুগুলিনী শক্তির উদ্বোধন করা।

আমরা বাহা কিছু দেখি, কল্পনা করি অথবা যে কোন স্বপ্ন দেখি, সমুদ্রই আমাদিগকে আকাশে, অহুভব কবিতে হয়। এই পরিদৃশ্যমান আকাশ, যাহা সাধারণতঃ দেখা যায়, তাহার নাম মহাকাশ। যোগী ধধন অপরের মনোভাব প্রভ্যক্ষ করেন বা অলোকিক বস্তু-জাত দর্শন করেন, তথন তিনি উহা চিত্তাকাশে দেখিতে পান। আর যথন আমাদের অন্তুতি বিষয়পৃষ্ঠ হয়, যথন আআ। নিজের স্বন্ধপে প্রকাশিত হয়েন, তথন উহার নাম চিদাকাশ। যথন কুগুলিনীশক্তি জাগরিত হইয়া স্বয়য়া নাড়ীতে প্রবেশ করেন, তথন যে সকল বিষয় অন্তুত হয়, তাহা চিত্তাকাশেই হইয়া থাকে। যথন তিনি ঐ নালীব শেষ সীমা মন্তিকে উপনীত হয়েন, তথন চিদাকাশে এক বিষয়শৃত্য জান অন্তুত হয়য়া থাকে।

এইবাব তাড়িতের উপমা আবার লওয়া মাক্। আমরা
দেখিতে পাই বে, মাহুষ কেবল তার-যোগে কোন তাড়িতপ্রবাহ
একস্থান হইতে অপর স্থানে চালাইতে পাবে। কিন্তু প্রকৃতি ও
তাঁহার নিজের মহা মহা শক্তি-প্রবাহ প্রেরণ করিতে কোন
তাবের সাহায্য লন না। ইহাতে বেশ ব্ঝা যায় যে, কোন প্রবাহ
চালাইবার জন্ম তাতের বাস্তবিক কোন আবশ্রুক নাই। তবে
কেবল আমরা উহার ব্যবহার ত্যাগ কবিয়া কার্য্য করিতে পারি
না বলিহাই, আমাদের তাবের আবশ্রুক হয়। তাড়িতপ্রবাহ
যেমন তাবের সাহায্যে বিভিন্ন দিকে প্রেরিত হয়, ঠিক তজ্ঞপন্তাবে
বহির্ম্বিষয় হইতে যে জ্ঞানপ্রবাহ মন্তিকে অথবা মন্তিক হইতে
যে কর্মপ্রবাহ বহির্দেশে প্রেরিত হইতেছে, তাহা স্লায়্তপ্ত-রূপ
তারের সাহায্যেই হইতেছে। মেরুমজ্জামধ্যস্থ জ্ঞানাত্মক ও
কর্ম্মাত্মক স্লায়্গুছ্কেক্তেন্তই যেটুগিগণের ইড়া ও পিল্লা নাড়ী।
প্রধানতঃ ঐ নাড়ীন্বরের ভিতর দিয়াই, পূর্ব্বাক্ত অন্তর্ম্মুণী ও
বহিশ্মুণী, শক্তিপ্রবাহরের চলাচল করিতেছে। কিন্তু কথা হইতেছে,

এইরূপ কোন প্রকার তারতুল্য প্রণার্থের সাহায্য ব্যতীত মন্তিক্ষ
হইতে চতুর্দ্দিকে বিভিন্ন সংবাদ প্রেরণ ও নানাস্থান হইতে ঐ
মন্তিকেই বিভিন্ন সংবাদ গ্রহণের কার্য্য না হইবে কেন ? প্রকৃতিতে
ত এরূপ ব্যাপার ঘটিতে দেখা যাইতেছে। যোগীবা বলেন, ইহাতে
ক্রতকংথ্য হইলেই ভৌতিক বন্ধন অতিক্রন কবা যাইতে পাবে।
ইহাতে ক্রতকার্য্য হইবার উপার কি? যদি মেরুল ওমধ্যস্থ স্থ্যুনার
মধ্য দিয়া সাম্প্রবাহ চালিত কবিতে পারা যার, তাহা হইলেই
এই সমস্তা মিটিয়া যাইবে। ননই এই সায়ুজাল নির্ম্মাণ করিয়াছে,
উহাকেই ঐ জাল ছিন্ন কবিয়া কোনকপ সাহা্যানিবপেক্ষ হইয়া
আপনার কাজ চালাইতে হইবে। তথনই সমুদ্রর জ্ঞান আমাদের
আযত্ত হইবে, দেহেব বন্ধন আর থাকিবে না। এই জন্ত স্থ্যা
নাড়ীকে জয় করা আমাদের এত প্রয়োজন। যদি তুমি এই শৃষ্ট
নালীব মধ্য দিয়া নাড়ীজালের সাহা্য্য ব্যতিরেকেই মান্সিক প্রবাহ
চালাইতে পাব, তাহা হইলে এই সমস্তাব নীমাংসা হইমা গেল।
থোগীবা বলেন, ইহা কবিতে পারা যায়।

সাধারণ লোকের ভিতবে স্বয়ুমা নিম্ননিকে বদ্ধ; উহার দ্বাবা কোন কার্য হইতে পারে না। যোগীরা বলেন, এই স্বয়ুমাদাব উল্লাটিত করিয়া তল্পারা স্নায়-প্রবাহ চালাইবাব নির্দিষ্ট প্রণালী আছে। সেই সাধনে ক্বতকার্য হইলে স্নায়-প্রবাহ উহার মধ্যদিয়া চালাইতে পারা বায়। বাহ্ম বিষয় স্পর্শে উৎপন্ন প্রবাহ যখন কোন কেন্দ্রে ঘাইয়া উপনীত হয়, তথান ঐতক্রে হইতে এক প্রতিক্রিয়া (reaction) উপস্থিত হয়। স্বৈর-কেন্দ্রগুলিতে (automatic centres) ঐ প্রতিক্রিয়ার ফল কেবল গতি; চৈত্রসম্ব-কেন্দ্রগুলিতে

(conscious centres) কিন্তু প্রথমে অনুভব, পরে গতি ইয়। সমুদয় অমুভৃতিই বহির্দেশ হইতে আগত ক্রিয়ার প্রতিক্রিয়ামাত। তবে স্বপ্নে অমুর্ভৃতি কিরুপে হয় ? তথন ত বাহিরের কোন ক্রিয়া নাই তবে ত বিষয়াভিত্মাত জনিত স্নায়বীয় গতিগুলি শরীবের কোন না কোন স্থানে নিশ্চয়ই অব্যক্তভাবে অবস্থান করে। মনে কর আমি একটি নগর দেখিলাম। তরগরবাচা বহির্বস্তেরাজির আঘাতের প্রতিঘাতেই আমাদের সেই নগরের অমুভৃতি। অর্থাৎ সেই নগতের বহিবস্তানিচয় ছাবা আমাদের অন্তর্কাহী স্বায়ুমগুলীর মধ্যে যে গতিবিশেষ উৎপন্ন হট্যাছে, তল্পারা. মন্তিক্ষমধ্যস্ত-পরমাণুগুলির ভিতর গতিবিশেষ উৎপল হইলাছে। এক্ষণে দেখা যাইতেছে যে, অনেক দিন পরেও ঐ নগরটি আমার স্মরণ-পথে আইনে। এই স্থতিতেও ঠিক ঐ বাপোবই হইয়া থাকে, তবে মতত্রভাবে। কিন্ধ উহা মস্তিকের ভিতর যে তথাবিধ মৃত্তর কম্পন আনিয়া দেয়, তাহাই বাকোথা হইতে আইসে? উহা যে সেই আদি বিষয়াভিঘাত-জনিত, তাহা কথনই বলিতে পারা যায না। তাহা হইলে স্পষ্টই প্রতীত হইতেছে যে. ঐ বিষয়াভিঘাত-জনিত গতিপ্রবাহগুলি শ্বীরেণ কোন না কোন ভানে কুওলীকত হইয়। রহিয়াছে এবং উহাদের অভিঘাতের ফলে স্বাপ্নিক অনুভৃতিরূপ মৃত্র প্রতিক্রিয়ার উদ্ভব। যে কেন্দ্রে বিষয়াভিঘাত জনিত গতিপ্রবাহের অবশিষ্টাংশ বা সংস্থার-সমষ্টি যেন সঞ্চিত থাকে, তাছাকে মুলাধাৰ বলে, আর ঐ কুণ্ডলীক্বছ ক্রিয়াশক্তিকে কুণ্ডলিনী বলে। সমবতঃ গতিশক্তিগুলির অবশিষ্টাংশুও এই স্থানেই কুগুলীকৃত হইয়া সঞ্চিত ৰহিয়াছে;

কারণ, বাহ্য বস্তুর দীর্ঘকাল চিন্তা ও আলোচনার পব শরীবেব যে স্থানে ঐ মুলাধার চক্র (সম্ভবত: Sacral Plexus) অবস্থিত, তাহা উষ্ণ হইতে দেখা যায়। যদি এই কুণ্ডলিনী শক্তিকে ভাগরিত করিয়া জ্ঞাতসারে সুষুমা নাশীর ভিতর দিয়া এক কেন্দ্র হইতে অপর কেন্দ্র লইয়া যাওয়া যার, উহা যেমন যেমন বিভিন্ন কেন্দ্রের উপর ক্রিয়া কবিবে, অমনি প্রবল প্রতিক্রিয়াব উৎপত্তি হইবে। যথন কুণ্ডলিনী শক্তির অতি সামাক্ত অংশ কোন সাযুবজ্জুব মধ্য দিয়া প্রবাহিত হইয়া বিভিন্ন কেব্রু হইতে প্রতিক্রিয়াব সৃষ্টি কবে, তথন তাহাই স্থপ্ন অথবা কল্পনা নামে অভিহিত হয়, কিন্তু যথন ঐ দীর্ঘকালসঞ্চিত বিপুলায়তন শক্তিপুঞ্জ দীর্ঘকালব্যাপী তীর ধ্যানের শক্তিতে সুষুমানার্গে ভ্রমণ করিতে থাকে, তথন যে প্রতিক্রিয়া হয়, তাহা অতি প্রবল। তাহা স্বপ্ন বা বল্পনা কাণীন প্রতিক্রিয়া হুইতে ত অনুস্ত গুণে শ্রেষ্ঠ বটেই, জাগ্রাৎকানীন বিষশজ্ঞানের প্রতিক্রিয়া হইতেও অনম্ভর্ণে প্রবল। ইহাই অতীক্রিয় অমুভূতি আব মনেব এই অবস্থায় উহা জ্ঞানাতীত ভূমিতে আবোহণ কবিয়াছে বলা যায়। আবার যখন উহা সমুদয় জ্ঞানের, সমুদয় অনুভৃতির কেন্দ্র ম্বরূপ মস্তিকে থাইয়া উপস্থিত হয়, তথন সমুদর মন্তিক এবং উহার অহুভবসম্পন্ন প্রত্যেক পরমাণু হইতেই যেন প্রতিক্রিয়া হইতে থাকে, ইহার ফল জ্ঞানালোকের পূর্ণ প্রকাশ বা আত্মায়ভৃতি। কুওলিনী শক্তি বেমন বেমন এক কেন্দ্র হইতে অপর কেল্রে বাইবে, অমনি रयन मरनद এक এकটা পরদা খুदिया यृद्धित এवং उथन यांनी এই জগতের সৃন্ধ বা কারণাবস্থাটিকে উপলব্ধি করিতে থাকিবেন। তৎনই কেবল আমাদের বিষয়াভিঘাত ও উহার প্রতিক্রিয়াম্বরূপ অগতের

কারণসমূহের যথার্থ স্বরূপজ্ঞান হইবে, স্কুতরাং তথনই আমাদের সর্ব্ববিষয়ের পূর্ণ জ্ঞান লাভ হইবে। কাবণ জানিতে পারিলেই কার্য্যের জ্ঞান নিশ্চিত আদিবেই আদিবে।

এইরপে দেখা গেল ধে, কুগুলিনীকে চৈত্র করাই তত্ত্তান, জ্ঞানাতীত অমুভৃতি বা আত্মামুভৃতির একমাত্র উপায়। কুণ্ড-লিনীকে হৈতক্ত করিবার অনেক উপায় আছে। কাহারও কেবল মাত্র ভগবংপ্রেমবলে কুওলিনীর চৈত্র হয়। কাহারও বা সিদ্ধ মহাপুক্ষগণেৰ কুপায় উহা ঘটিয়া থাকে, কাহাৰও বা ফুল্ল জ্ঞান বিচার দ্বাবা কুণ্ডলিনীব চৈত্তন্ত হইয়া থাকে। লোকে যাহাকে অনৌকিক শক্তি বা জ্ঞান বলিয়া থাকে, বখনই কোথাও ভাহার কিয়ৎপবিমাণে প্রকাশ দেখা যায়, তথনই বুঝিতে হইবে যে, কিঞ্চিৎ পরিমাণে এই কুণ্ডলিনী শক্তি কোন মতে স্বয়াব ভিতৰ প্রবেশ কবিয়াছে। তবে এরপ অন্যোকিক ঘটনাগুলির অধিকাংশ স্থলেই দেখা যাইবে যে. সেই ব্যক্তি না জানিয়া হঠাৎ এমন কোন সাধন কবিয়া ফেলিয়াছে যে, ভাহাতে ভাহাব অজ্ঞাতসাবে কুণ্ডলিনীশক্তি কিয়ৎপবিমাণে স্বতন্ত্র হইয়া স্বয়ুমায প্রবেশ কবিথাছে। যে কোন প্রকাবের উপাসনাই হউক, অজ্ঞাতদাবে অথবা অজ্ঞাতভাবে দেই একই লক্ষ্যে প্রছিয়া দেয়, অর্থাৎ তাহাতে কুণ্ডলিনীর হৈত্ত হয়। যিনি মনে কবেন, আমি আমার প্রার্থনার উত্তর পাইলাম, তিনি জানেন না যে, প্রার্থনা-রূপ-মনোবৃত্তি-বিশেষেব দারা তিনি তাঁছাবই দেহস্থিত অনম্ভ শক্তির এক, বিন্দুকে জাগরিত কবিতে সমর্থ হইয়াছেন। স্কুতরাং মাতুষ না জানিয়া থাঁহাকে নানা নামে, ভয়ে, কটে উপাদনা কবে, তাঁহার নিকট কি করিয়া অগ্রদর হইতে হয়

জানিলে বুঝিবে, তিনিই প্রত্যেক ব্যক্তির অন্তরে প্রকৃত জীবন্ত শক্তিরূপে বিরাদ্ধনানা ও অনস্ত অ্পপ্রস্বিনী—ধোগিগণ জগতেব সমক্ষে ইহাই উচ্চকঠে ঘোষণা করেন। অতরাং রাজযোগই প্রকৃত ধর্মবিজ্ঞান। উহাই সমুদ্য উপাসনা, সমুদ্য প্রার্থনা, বিভিন্ন প্রকার সাধনপছতি ও সমুদ্য অলৌকিক ঘটনাব যুক্তি-সঙ্গত ব্যাখ্যাস্বরূপ।

পঞ্চম অধ্যায়

অধ্যাত্ম প্রাণের সংযম

্ এখন আমবা প্রাণায়ামেব বিভিন্ন ক্রিয়াগুলি সম্বন্ধে আলোচনা করিব। আমরা পূর্বেই দেথিয়াছি, যোগিগণের মতে সাধনেব প্রথম অঙ্গই মুস্কুশের গতিকে আয়ন্তাধীন করা। আমাদের উদ্দেগ্য—শত্নীবাভ্যৰরে বে সকল কৃষ্ম কৃষ্ম গতি হইতেছে, ভাহাদিগকে অহুভব করা। আমাদেব মন একেবারে বাহিরে আসিয়া পড়িয়াছে, উহা ভিতরের ফুন্মাণুফুন্ন গতিগুলিকে মোটেই ধরিতে পারে না। আমবা উহাদিগকে অমুভব কবিতে সমর্থ হইলেই উহাদিগকে জন্ম কবিতে পারিব। এই সামবীম শক্তি প্রবাহগুলি শবীরের মর্মক চলিতেছে; উহারা প্রতি পেনীতে গিয়া তাহাকে জীবনী-শক্তি দিতেছে: বিস্তু আমবা সেই ও বাহ-গুলিকে অনুভব কবিতে পাবি না। বোগীবা বলেন, চেষ্টা কবিলে আমৰা উহাদিগকে অমুভৱ কবিতে শিক্ষা কৰিতে পারি। প্রথমে ফুস্ফুসের গতিকে জয় কবিবাব চেষ্টা করিতে হইবে। কিছুকাল ইহা করিতে পারিলেই আমরা স্ক্রেডর গতি গুলিকেও বশে আনিতে পাবিব।

এক্ষণে প্রাণায়ামের ক্রিক্রাপ্থলির কথা আলোচনা করা যাউক। সরলভাবে উপবেশন কবিতে হইবে। শবীরকে ঠিক সোজাভাবে রাথিতে হইবে। মেরুমজ্জাটি যদিও মেরুদণ্ডের অভ্যন্তরে অবস্থিত

ভথাপি উহা মেরুদণ্ডে সংলগ্ন নহে। বক্র হইয়া বসিলে, উহা বিপর্যান্ত হইয়া পড়ে। অতএব দেখিতে হইবে, উহা যেন স্বচ্ছন্দ-ভাবে থাকে। বক্র হইয়া বসিয়া ধ্যান করিবার চেষ্টা করিলে নিজের ক্ষতি হয়। শরীবের তিনটি ভাগ, য়গা—বক্ষোদেশ, এবা ও মন্তক, সর্বানা এক রেখায় ঠিক সবলভাবে রাখিতে হইবে। দেখিবে, অতি অল্ল অভ্যাদে উহা শ্বাস-প্রশ্বাদের ক্যায় সহজ্ঞ হইয়া ঘাইবে। তৎপরে স্নাম্গুলিকে বশীভূত করিবার চেষ্টা কবিতে হইবে। আমবা পূর্বেই দেখিয়াছি, যে স্নায়্-কেন্দ্র শ্বাস-প্রশ্বাদ যদ্মের কার্যা নিয়মিত কবে, অপরাপব স্নায়্গুলির উপরও তাহার কভকটা প্রভাব আছে। এইজন্ট শ্বাসগ্রহণ ও ত্যাগ তালে তালে (rhythmical) করা আবশ্রুক। আমবা সচবাচর যে ভাবে শ্বাসপ্রশ্বাস গ্রহণ বা ত্যাগ করি, তাহা শ্বাস-প্রশ্বাস নামের বোগ্যই হইতে পাবে না, উহা এত অনিয়নিত। আবার স্ত্রীপুক্ষের ভিতরে শ্বাস-প্রশাদের একট স্বাভাবিক প্রভেদ আছে।

প্রানায়াম-সাধনের প্রথম ক্রিয়া এই ; — ভিতবে নির্দিষ্ট পরিমাণে খাস গ্রহণ কর ও বাহিরে নির্দিষ্ট পরিমাণে প্রশাস ত্যাগ কর। এইরূপ কবিলে দেহযুদ্ধতির অসামজ্ঞ ভাব বিদ্বিত হইবে। কিছুদিন ইহা অভ্যাস করিবার পর, এই খাস গ্রহণ ও ত্যাগের সময় ওক্ষার অথবা অফ কোন পবিত্র শব্দ মনে মনে উচ্চারণ করিলে ভাল হয়। ভারতেব প্রাণায়ামের খাসগ্রহণ ও ত্যাগের সংখ্যা নিরূপণ করিবার ০ছক , এক, ছই, তিন, চারি এই ক্রেমে গণনা না করিয়া আমরা কতকগুলি সাক্ষেতিক শব্দ ব্যবহার করিয়া থাকি। এই জক্তই আমি প্রাণায়ামের সময় ওক্ষারু অথবা

অন্ত কোন পৰিত্ৰ শব্দ ব্যবহার কবিতে বলিতেছি। মনে করিবে, উহা খাদের সহিত তালে তালে বাহিবে যাইতেছে ও ভিতরে আসিতেছে। এরপ করিলে দেখিবে যে, সমৃদয় শবীবই ক্রমশঃ বেন সামাভাব অবলম্বন কবিতেছে। তথনই বৃঝিবে, প্রেক্ত বিশ্রাম কি। উহার সহিত তুলনায় নিজা বিশ্রামই নহে। একবাব এই বিশ্রাম্ভ অবস্থা অসিলে অতিশম্ম শ্রাম্ভ প্রায়্ক জুড়াইয়া ঘাইবে আব তথন বৃঝিবে যে, পূর্ব্বে কথনও তুমি প্রেক্ত বিশ্রামন্ত্রথ সভোগ কব নাই।

এই সাধনের প্রথম ফল এই দেখিবে যে, ভোমাব মুখনী পরি-বৰ্ত্তিত হইয়া যাইতেছে। মুখেব শুক্ষতা বা কঠোবতা ব্যঞ্জক বেখা-গুলি অন্তর্হিত হইবে। মনেব শান্তি মুখে ফুটিয়া বাহিব হইবে। দ্বিতীয়তঃ, তোমাৰ স্বৰ অতি স্থানৰ হইবে। আমি এমন যোগী একটিও দেখি নাই, থাঁহাব গলাব স্বব কর্কশ। ক্ষেক মাস অভ্যাদের পরই এই সকল চিহ্ন প্রকাশ পাইবে। এই প্রথম প্রাণাযামের কিছু-দিন অভ্যাস কবিয়া প্রাণায়ামের আব একটি উচ্চতর সাধন গ্রাঃণ कितरल इकेरत । উश এक, -- इंड्रा अर्थाए ताम नामिका बाता धीरत ধীবে ফুসফুস্ বাযুতে পূর্ণ কর। ঐ সঙ্গে লায়্-প্রবাহের উপর মনঃ-সংষম কব; ভাব, তুমি ধৈ সায় প্রবাহটিকে মেকমজ্জার নিমদেশে প্রেবণ করিয়া কুণ্ডলিনীশক্তির আধাবভূত মূলাধারস্থিত ত্রিকোণা-ক্বতি পদ্মের উপর খুর জোবে আঘাত কবিতেছ; তৎপরে ঐ সায়-প্রবাহকে কিছুক্ষণের জমু এ স্থানেই ধারণ কর। তৎপরে কল্পনা কর যে, দেই স্থানবীর প্রবাহটিকে স্থাসের সহিত অপর দিক বা পিকলার ৰারা উপরে টানিয়া লইতেছ। পবে দক্ষিণ নাদিকা বারা বায়ু ধীবে

উদ্তম। উহা আবার তিন ভাগে দিছক্ত যথা, প্রক, কৃত্তক
ও রেচক। যে প্রাণায়ামে ১২ সেকেও কাল বায়ু প্রণ করা
বায়, তাহাকে অধম প্রাণায়াম বলে। ২৪ সেকেও, কাল বায়ু

পূরণ কবিলে মধ্যম প্রাণায়াম ও ৩৬ সেকেও কাল বায়ু পূবণ কবিলে তাহাকে উত্তম প্রাণারাম বলে। অধম প্রাণায়ামে ঘর্ম্ম, মধ্যম প্রাণায়ামে কম্পন এবং উত্তম প্রাণায়ামে আদন হইতে উত্থান হয়। গায়তী বেদের পবিত্ততম মন্ত্র। উহার অর্থ. "আমরা এই ভগতের প্রায়বিতা পরম দেবতার বরণীয় তেজ: ধ্যান করি, তিনি আনাদের বৃদ্ধিতে জ্ঞান বিকাশ করিয়া দিন।" এই মন্ত্রের আদিতে ও অন্তে প্রণব সংযুক্ত আছে। একট্ট প্রাণায়ামের সময় তিনটি গায়ত্রী মনে মনে উচ্চারণ করিতে হয়। প্রত্যেক শান্ত্রেই প্রাণায়াম তিন ভাগে বিভক্ত বলিয়া ক্ষতি আছে—যথা বেচক, বাহিবে শ্বাসত্যাগ; পূবক, শ্বাসগ্ৰহণ ও বুস্তক, স্থিতি – ভিতরে ধারণ করা। অহুভবশক্তিযুক্ত ইন্দ্রিগণ ক্রমাগত বহিন্মু খীন হইয়া কাধ্য কবিতেছে ও বাহিরের বস্তুব সংস্পর্শে আসিতেছে। ঐগুলিকে আসাদের নিজের অধীনে আনয়ন করাকে প্রত্যাহার বলে। আপনাব দিকে সংগ্রহ বা আহরণ কবা, ইহাই প্রত্যাহার শন্দের প্রকৃত অর্থ।

হং-পদ্মে, মন্তকেব ঠিক মধ্যদেশে বা দেহের অস্থ্য স্থানে মনকে ধারণ করাব নাম ধাবণা। মনকে এক স্থানে সংলগ্ধ করিয়া, সেই একমাত্র স্থানটিকে অবলম্বনম্বরূপ গ্রাহণ করিয়া, কতকগুলি বৃত্তিপ্রবাহ উত্থাপিত কলা হইল; অন্তবিধ বৃত্তিপ্রবাহ উঠিয়া যাহাতে ঐগুলকে মন্ত না করিতে পাবে তাহার চেন্তা করিতে কবিতে প্রথমাক্ত বৃত্তিপ্রবাহগুলিই ক্রমে প্রবলাকার ধারণ করিল এবং শেবোক্তগুলিই ক্রমিয়া কমিয়া শেষে একেবাবে চলিয়া গোল; অবশেষে এই বহুর্ত্তিরও নাশ হইয়া একটি

বৃত্তিমাত্র অবশিষ্ট রহিল; ইহাকে ধান বলে। যখন এই অবলম্বনেরও কিছু প্রয়োজন থাকে না, সমুদ্র মনটিই যখন একটি তরক্তরপে পরিণত হয়, মনের এই একরপতার নাম সমাধি। তথন কোন বিশেষ প্রদেশ অথবা চক্রবিশেষকে অবলম্বন করিয়া ধান-প্রবাহ উত্থাপিত হয় না, কেবল ধােয় বস্তার ভাবমাত্র অবশিষ্ট থাকে। যদি মনকে কোন হানে ১২ সেকেও ধারণ করা যায়, তাহাতে একটি ধারণা হইবে; এই ধারণা ছাদশ গুণির্ভ্রু হইলে একটি ধাান এবং এই ধাান ছাদশ গুণহুইলে এক সমাধি হইবে।

যেখানে অগ্নি বা হল হইতে কোন বিপদাশংকা আছে এমন স্থানে, শুহ্বপত্রাকীণ ভূমিতে, বক্তজহুসমাকুল স্থলে, চতুষ্পথে, অতিশয় কোলাহলপূর্ণ স্থানে, অত্যন্ত ভয়জনক স্থানে, বল্মীকত্পুসমীপে, অথবা তুর্জ্জনাক্রান্ত স্থানে যোগ সাধন করা উচিত নয়। এই ব্যবহা বিশেষভাবে ভারতের পক্ষে থাটে। যথন শরীর অভিশয় অলস বা অস্ত্রন্থ বোধ হয়, অথবা নন যথন অভিশয় তৃংথপূর্ণ থাকে, তথন সাধন করিবে না। অতি স্থাপ্ত ও নির্জ্জন স্থানে, যেখানে লোকে ভোমাকে বিরক্ত করিতে না আইসে, এমন স্থানে গিয়া সাধন কর। অভিচি স্থানে বিসিয়া সাধন করিও না। বরং স্থান দৃত্র্যুক্ত স্থানে অথবা ভোমার নিজ্পৃহস্থিত একটি স্থানর ঘরে বিসিয়া সাধন করিবে। সাধনে প্রার্ত্ত হইবাব পূর্ব্বে রসমুদয় প্রাচীন যোগিগণ, তোমার নিজ্ঞ গুরু ও ভগবান্কে নমন্ধার করিয়া সাধনে প্রবৃত্ত

ধ্যানের বিষয় পূর্বেই উল্লিখিত হইয়াছে। একণে কতকগুলি ধাানের প্রণালী বর্ণিত হইতেছে। ঠিক সরলভাবে উপবেশন করিয়া নিজ নাসিকাগ্রে দৃষ্টি কর। দেখিবে, এই নাসিকাগ্রে দৃষ্টি মনংক্রৈগ্রের বিশেষ সহায়ক। চাকুষ স্বায়ুধ্যের বশীকরণ দারা প্রতিক্রিয়ার কেন্দ্রভূমিকেও অনেকটা আয়ন্তাধীনে আনা যায়, স্কুতরাং উহা দারা ইচ্ছাশক্তিও আমাদের অনেকটা বশীভূত হইয়া পড়ে। এইবার কয়েকপ্রকার ধ্যানের কথা বলা ধাইতেছে। চিন্তা কর, মন্ত্রক হইতে কিঞ্চিং উর্দ্ধে একটি পদ্ম বহিয়াছে, ধর্ম উহার মূল দেশ, জ্ঞান উহার মূণালম্বরূপ, যোগীৰ অইসিদ্ধি ঐ পদ্মেৰ অইদলম্বরণ আর বৈরাগা উহার অভ্যস্তরত্ব কর্ণিকা। যে যোগী অষ্ট্রসিদ্ধি উপস্থিত হইলেও উহাদিগকে পরিত্যাগ করিতে পাবেন, তিনিই মুক্তিলাভ কবেন। এই কাবণেই অষ্ট্রসিদ্ধিকে বহির্দেশবর্ত্তী অষ্ট্রদলরপে এবং অভ্যন্তরত্ত কর্ণিকাকে পর-বৈরাগ্য অর্থাৎ 'অষ্টসিদ্ধি উপস্থিত হুইলে তাহাতেও বৈবাগ্য'-রূপে বর্ণনা করা হুইল। এই পল্মের অভ্যন্তবে—হিবণ্নয়, সর্বশক্তিমান্, অম্পর্ণ্য, ওঙ্কারবাচ্য, অব্যক্ত, কিরণসমূহ পরিব্যাপ্ত-প্রম জ্যোতির চিন্তা কর-তাঁহাকে ধান কর। আর একপ্রকার ধানের বিষয় কথিত হইতেছে। চিকা কব, ভোমার হাদয়েব ভিতরে একটি আকাশ রহিয়াছে— আব ঐ আকাশের মধ্যে একটি অগ্নিশিখাবং জ্যোতি: উদ্তাদিত হইতেছে---ঐ জ্যোতি:-শিথাকে নিক্ত আত্মারূপে চিন্তা কর, আবার ঐ জ্যোতির অভায়রে আর এক জ্যোতির্শ্বয় আকাশের চিম্বা কর; উহা তোমার আত্মার আত্মা

. .

•

পরমাত্মস্বরূপ ঈশর। হৃদয়ে উহাকে ধান কর। ব্রহ্মচর্ঘ্য, অহিংসা অর্থাৎ সকলকে এমন কি, মহাশক্রকেও ক্ষমা করা,—সভা, আজিকা প্রভৃতি বিভিন্ন ব্রত-স্বরূপ। এই সম্দয় গুলিতে যদি তুমি দিল হইতে না পার, তাহা হইলেও ছঃখিত বা ভীত হইও না। চেষ্টা কর, ধীরে ধীবে সবই আসিবে। বিষয়াভিলাষ, ভয় ও ক্রোধ পরিত্যাগপ্রক মিনি ভগবানেব শরণাগত ও তমার হইয়াছেন, যাঁহার হৃদয় পবিত্র হইয়া গিয়ছে, তিনিভগবানের নিকট যাহা বিছু বাছা করেন, ভগবান্ তৎক্ষণাৎ তাহা প্রণ করিয়া দেন। অতএব তাঁহাকে জ্ঞান, ভক্তি, অথবা বৈবাগ্যযোগে উপাসনা কর।

"যিনি কাহারও হিংসা করেন না, যিনি সকলের মিত্র, যিনি সকলের প্রতি করুণাসম্পন্ন, যাহার অহঙ্কার বিগত হইয়াছে, যিনি সদাই সম্ভষ্ট, যিনি সর্বাদা যোগযুক্ত যতাত্মা ও দৃঢ়-নিশ্চর, যাহার মন ও বৃদ্ধি আমার প্রতি অপিত হইয়াছে, তিনিই আমার প্রিয় ভক্ত। যাহা হইতে লোকে উদ্বিশ্ন হয় না, যিনি লোকসমূহ হইতে উদ্বিশ্ন হন না, যিনি অতিরিক্ত হব, জঃখ, ভয় ও উরেগ ত্যাগ করিয়াছেন, এইরূপ ভক্তই আমার প্রিয়। যিনি কিছুরই অপেক্ষা রাথেন না, যিনি তিনি, দক্ষ্ণ, অথতঃথে উদাসীন, যাহার জঃথ বিগত হইয়াছে, যিনি নিন্দা ও অতিতে তুলাভাবাপন্ন, মৌনী, যাহা কিছু পান তাহাতেই সম্ভষ্ট, গৃহশ্রু, বাহার নির্দিষ্ট কোন গৃহ নাই, সমুদ্য জগৎই, যাহার গৃহ, যাহার বৃদ্ধি স্থিব, এইরূপ ব্যক্তিই যোগী হইতে পারেন।" (গীতা, ১২৷১৩-১৯)

নারদ নামে এক উচ্চাবস্থাপর দেবর্ষি ছিলেন। বেমন মাকুষের মধ্যে ঋষি অর্থাৎ মহামহা যোগী থাকেন, সেইরূপ দেবতাদের মধ্যেও বড়বড় যোগী আছেন। নারদও সেইরূপ একজন মহাযোগী ছিলেন। তিনি সর্বাত্র ভ্রমণ করিয়া বেডাইতেন। একদিন তিনি বন-মধ্য দিয়া গমন কালে দেখিলেন, একজন লোক ধ্যান করিতেছেন। তিনি এত ধ্যান করিতেছেন, এতদিন একাসনে উপবিষ্ট আছেন যে তাঁহার চতুর্দিকে বল্মীক-স্তুপ ইইয়া পড়িয়াছে। তিনি নারদকে বলিলেন, 'প্রভো, আপনি কোণায় যাইতেছেন-?' নারদ উত্তব করিলেন, 'আমি বৈকুঠে যাইতেছি।' তথন ভিনি বলিলেন, ভেগবানকে জিজ্ঞাসা করিবেন, তিনি আমাকে কবে কুপা কংবিন—আমি কবে মুক্তিলাভ কবিব।' আরও কিছুদ্ব যাইতে যাইতে নারদ আন একটি লোককে দেখিলেন। সে ব্যক্তি লক্ষ-ৰুদ্ধ নুত্য-গীতাদি করিতেছিল। দেও নারদকে ঐ প্রশ্ন করিল। সেই ব্যক্তির স্বর, বাগ্ভন্নী প্রভৃতি সমুদয়ই বিক্বতভাবাপর। নাংদ তাহাকেও পূর্বের মত উত্তর দিশেন। সে বলিল, ভগবানকে জিজ্ঞাসা কবিবেন, আমি কবে মুক্ত হুইব।' পরে নারদ দেই পথে পুনবায় ফিবিয়া ঘাইবার সময় সেই ধ্যানস্থ বল্মীক-ক্ষূপ-মধ্যস্থ যোগীকে দেখিতে পাইলেন। তিনি জিজ্ঞাসা করিলেন, 'দেবর্ষে, আপনি আমার কথা কি জিজ্ঞাসা করিয়াছিলের ?' নারদ বলিলেন, 'হাঁ আমি জিজ্ঞাসা করিয়াছিলাম।' তথন যোগী তাঁহাকে জিজ্ঞাসা করিলেন, 'তিনি কি বলিলেন ?' নারদ উত্তর দিলেন, 'ভগবান বলিলেন-মামাকে

পাইতে হইলে, ভোমার আর চার জাম লাগিবে।' তথন সেই যোগী অতিশব বিলাপ করিয়া বলিতে লাগিলেন, আমি এত ধ্যান করিয়াছি যে, আমার চতুর্দিকে বল্মীক-স্তূপ হইয়া গিয়াছে, আমার এখনও চারি জন্ম অবশিষ্ট আছে !' নারদ তখন অপর वाक्तित निकृष्ठे भूमन कतिरामन । तम छौडारक किछामा कतिम, 'আমার কথা কি ভগবানের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন ?' নারদ বলিলেন, 'হাঁ, ভগবান বলিলেন, এই তোমার সম্থ ভিস্তিড়ী বুক্ষ রহিয়াছে, ইহার যতগুলি পত্র আছে, ভোমাকে ততবার জন্মগ্রহণ করিতে হইবে।' এই কথা শুনিয়া সে আনন্দে নুভ্য করিতে লাগিল, বলিল, 'আমি এত অল্ল সময়ের मर्सा मुक्तिमां कतित !' उथन এक देनववांगी इहेम, 'वरम, তুমি এই মুহুর্ত্তে মুক্তিলাভ করিবে।' সে ব্যক্তি এইরূপ অধ্যবসায় সম্পন্ন ছিল বলিয়াই, তাহার ঐ পুরস্কার লাভ হইল। সে ব্যক্তি এত জন্ম সাধন করিতে প্রস্তুত ছিল। কিছুতেই তাহাকে নিরুদ্যম করিতে পারে নাই। কিন্তু ঐ প্রথমোক্ত ব্যক্তি চাবি জন্মকেই বড বেশী মনে করিয়াছিল। সে বাক্তি মুক্তির বস্তু শত শত যুগ অপেকা কবিতে প্রস্তুত ছিল, তাহার স্তায় অধ্যবসায়সম্পন্ন হইলেই উচ্চতম ফললাভ হইয়া থাকে। 🔌 🛴 🗸

পাতঞ্জল-যোগসূত্র

উপক্রমণিকা ১¹45

যোগস্ত্র ব্যাখ্যান চেষ্টা করিবাব পূর্বের, যোগীদের সমগ্র ধর্মমত যে ভিত্তিব উপর স্থাপিত, আমি এনন একটি প্রশ্নের আলোচনা করিতে চেষ্টা করিব। জগতের শ্রেষ্ঠ মনীবিবৃদ্দের সকলেবই এই বিষয়ে একমত বলিয়া বোধ হয়, আর ভৌতিক প্রকৃতির সম্বন্ধে অমুসন্ধানের ফলে ইহা একরূপ প্রমাণিত হইয়া গিয়াছে যে আমরা আমাদের বর্তমান স্থিশেষ ভাবের পশ্চাতে অবস্থিত এক নিকিশেষ ভাবের বহিঃপ্রকাশ ও ব্যক্তভাবস্থরণ: আবাব সেই নির্বিশেষভাবে প্রত্যাবৃত্ত হইবার জন্ম ক্রমাগত অগ্রসর হইতেছি। যদি এইটুকু স্বীকার করা ষায়. তাহা হইলে প্রশ্ন এই, উক্ত নির্বিলেষ অবস্থা শ্রেষ্ঠতর, না বর্ত্তমান অবস্থা? এমন লোকের অভাব নাই, বাঁহারা মনে করেন. এই বাক্ত অবস্থাই মানুষের সর্ব্বোচ্চ অবস্থা। অনেক চিন্তাশীল মনীধীর মত, আমরা এক নির্বিশেষ সম্ভার ব্যক্তভাব আর এই সবিশেষ • অবস্থা নির্বিশেষ অবস্থা হইতে শ্রেষ্ঠ। তাঁহারা মনে করেন, নির্কিশেষ সভার কোন গুণ থাকিতে পারে না, স্থতরাং উহা নিশ্চরই অচৈতক্ত, জড়, প্রাণশৃক্ত।

এই হেতু তাঁহারা বিবেচনা করেন, ইহন্সীবনেই কেবল স্থভোগ সম্ভব, স্কুতরাং ইহজীবনের স্থথেই আমাদের আগক্ত হওয়া উচিত। প্রথমতঃ দেখা যাউক, এই জীবন-সমস্থার আব কি কি মীমাংসা আছে, সেই গুলির বিষয় আলোচনা কবা যাউক। এ সম্বন্ধে অতি প্রাচীন সিদ্ধান্ত এই যে, মৃত্যুর পর মামুষ যাহা তাহাই থাকে. তবে তাহাব সমুদয় অভ্ৰুচ চলিয়া যায়, তৎপরিবর্ত্তে, কেবল যাহা কিছু ভাল, তাহাই অনন্ত-কালের জন্ম থাকিয়া যায়। প্রণালীবদ্ধ নৈয়ায়িক ভাষায় এই সভাট স্থাপন করিলে, উহা এইরূপ দাঁড়ায় যে, মাহুবেন চরমগতি এই জগৎ—এই জগতেরই কিছু উচ্চাবস্থা—আব উহার সমুদয় অসংভাগ বাদ দিলে যাহা অবশিষ্ট থাকে, তাহাকেই স্বৰ্গ বলে। ইহাই পূৰ্ব্বোক্ত মতাবলম্বীদিগের চরম কক্ষা। এই মতটি যে অতি অসম্ভব ও অকিঞিৎকব, ভাগা অতি সহজেই বুঝা যায়; কারণ, তাহা হইতেই পারে না। ভাল নাই অথচ মন্দ আছে বা মন্দ নাই, ভাল আছে, এরপ হইতেই পারে না। কিছু মন্দ নাই, সব ভাল, এরপ জগতে বাসের কল্পনাকে ভারতীয় নৈয়ায়িকগণ আকাশকুন্তম বলিয়া বর্ণনা করেন। ভাছার পর আর একটি মত বর্ত্তমান অনেক সম্প্রদায়ের নিকট হইতে শুনা যায়: তাহা এই যে, মাত্রুষ ক্রমাগত উন্নতি করিবে, চরম লক্ষ্যে প্রছিহার চেষ্টা করিবে, কিছ কখন তথার পঁছছিতে পারিবে না। এই মতও আপাততঃ শুনিতে অতি যুক্তিসঙ্গত বলিয়া বোধ হইলেও বান্তবিক অতিশয় অনদত্ত, কারণ, সরল রেখার[?] কোন গতি হইতে পারে না।

সমুদয় গতিই বুতাকারে হইয়া থাকে। যদি তুমি একটি প্রস্তর লইয়া আকাশে নিক্ষেপ কর, তৎপরে যদি তোমার জীবনপগাপ্ত হয় ও প্রেপ্তরটি কোন বাধা না পায়, তবে উহা ঠিক তোমার হত্তে ফিরিয়া আসিবে। যদি একটি সরল রেথাকে অনস্ক পথে প্রসারিত করা হয়, তাহা হইলে উহা একটি বুতুরূপে পরিণত হট্যা শেষ হটবে। অতএব মাহুষের গতি সর্বলাট অনস্ত উন্নতিব দিকে, তাহার কোথাও শেব নাই, এই মত অসম্বত। অপ্রাসঙ্গিক হইলেও আমি একণে এই প্রকোক্ত মত সম্বন্ধে তুই একটি কথা বশিব। নীতি-শাম্বে বলে, কাহাকেও ঘুণা করিও না—সকলকে ভালধাসিও। নীতিশাস্ত্রে এই সত্যটি পুর্বোক্ত মতদ্বারা এতিপর হইয়া যায়। যেমন ভাড়িত অথব। অন্ত কোন শক্তি সম্বন্ধে আধুনিক মত এই যে, সেই শক্তি-শক্তির আধার-যন্ত্র (dynamo) হইতে বহির্গত হইয়া পুরিয়া আবার দেই যন্ত্রে প্রত্যাবৃত্ত হয়, ইহাও ঠিক দেইরূপ। প্রকৃতির সমুদ্য শক্তি সম্বন্ধই এই নিয়ম। সমুদ্য শক্তিই ঘুরিয়া ফিরিয়া যে স্থান হইতে গিয়াছিল, সেই স্থানেই ফিরিয়া আসিবে। এই হেতু কাহাকেও স্থুণা করা উচিত নয়, কারণ, ঐ শক্তি-ঐ ঘুণা—যাল ভোমা হইতে বহিৰ্ণত হটলাছিল, ভাহা কালে তোমার নিকট ফিরিয়া আসিবে। যদি তুমি লোককে ভালবাস, ভবে সেই ভালবাসা ঘুরিয়া ফিরিয়া ভোমার নিকট ফিরিয়া আসিবে। এটি এক্লেবারে অতি সতা যে, সামুষের অন্তঃকরণ হইতে যে দ্বলার বীঞ্চ নির্গত হয়, তাহা ঘুরিয়া ফিরিয়া ভাহার উপর আসিয়া পূর্ণ বিক্রমে প্রভাব বি**ন্তার** করিবে।

কেইই ইহার গতি রোধ করিতে পারে না। ভালবাসা সম্বন্ধেও ঐরপ। অনম্ভ উন্নতি সম্বন্ধীয় মত যে স্থাপন করা অসম্ভব. ভাহা আরও অক্সান্ত ও প্রত্যক্ষের উপর স্থাপিত অনেক যুক্তি দারা প্রমাণ করা যাইতে পারে। প্রত্যক্ষ দেখা যাইতেছে বে, ভৌতিক সমুদয় বস্তুরই চরম গতি এক বিনাশ— হতরাং, "অনস্ত উন্নতির মত" কোন মতেই থাটিতে পারে না। আনরা এই যে নানাপ্রকার চেষ্টা করিতেছি, আমাদের এই সব এত আশা, এত ভয়, এত হুখ—ইহার পরিণাম কি? মৃত্যুই আমাদের সকলের চবম গতি। ইহা অপেকা স্থনিশ্চিত আর কিছুই হইতে পারে না। তবে এইরূপ সরল রেখায় গতি কোথায় রহিল ? এই অনস্ত উন্নতি কোথায় থাকিল ? থানিক দুব গিয়া আবার যেথান হইতে গতি আরম্ভ হইয়াছিল, শেই স্থানেই পুন: প্রত্যাবর্ত্তন। নীহারিকা (nebulæ) হইতে কেমন স্থ্য, চক্র, তারা উৎপন্ন হইতেছে, পুনরায় উহাতেই প্রত্যাবর্ত্তন করিতেছে। এইরূপ সর্বব্রেই চলিতেছে। উদ্ভিদ্যণ মৃত্তিকা হইতেই সাব গ্রহণ করিতেছে, আবার পচিয়া গিয়া মাটিতেই মিশাইতেছে। যত কিছু আকৃতিমান বস্তু আছে, তাগা এই চতুর্দিকস্থ পরমাণুপুঞ্জ হইতেই উৎপন্ন হইয়া আবার সেই পরমাণুতেই মিশাইতেছে।

একই নিয়ম যে বিভিন্ন স্থানে বিভিন্নরূপে কার্য্য করিবে, তাহা হুইতেই পারে না। নিয়ম সর্ব্যক্তই সমান্ন। ইহা অপেক্ষা নিশ্চয় আর কিছুই হুইতে পারে না। যদি ইহা একটি প্রকৃতির নিয়ম হুয়, তাহা হুইলে অন্তর্জগতে এ নিয়ম খাটবে না

কেন? মন উহার উৎপত্তি স্থানে গিয়া শয় পাইবে। আমরা ইচ্ছা করি বা না করি, আমাদিগকে সেই আদিতে ফিরিয়া যাইতে হইবে। ঐ আদি কারণকে ঈশ্বর বা অন্স্তকাল বলে। আমরা ঈশ্বর হইতে আসিয়াছি, ঈশ্বরেতে পুনরায় বাইবই যাইব। এই ঈশ্বরকে যে নাম দিয়াই ডাকা হউক না কেন-তাঁহাকে গড় বল, নির্বিশেষসত্তা বল, আর প্রকৃতিই বল, অথবা আর যে কোন নামেই তাঁহাকে ডাক না কেন-উহা সেই একই পদার্থ। 'যতো বা ইমানি ভূতানি জায়স্তে। যেন জাতানি জীবন্ধি। যং প্রায়ন্তাভিদংবিশন্তি,'—(হৈ: উ:, ৩।১) 'ঘাঁহা হইতে সমুদয় উৎপন্ন হইয়াছে, থাহাতে সমুদয় প্রাণী স্থিতি করিতেছে ও থাঁহাতে আবার সকল ফিরিয়া যাইবে'। ইহা অপেকা নিশ্চয় আর কিছুই হইতে পাবে না। প্রকৃতি সর্বত এক নিয়মে কাগ্য করিয়া থাকে। এক লোকে যে কার্য্য হইতেছে, অন্ত লক্ষ্য লক্ষ্য লোকেও সেই একই নিয়মে কার্যা হইবে। গ্রহসমূহে যাহা দেখিতে পাওয়া যাইতেছে, এই পৃথিবী, সমুদয় মহুষ্য ও সমুদর নক্ষত্রেও সেই একই ব্যাপার চলিতেছে। বুহৎ তরক লক লক কুদ্র কুদ্র তরকের এক মহাসমষ্টি মাতা। সমুদর জগতের জীবন বলিতে কুদ্র কুদ্র লক্ষ লক্ষ জীবনের সমষ্টিমাত্র বুঝার। আর এই সমুদর কুদ্র কুদ্র লক লক জীবের মৃত্যুই অগতের মৃত্য।

এক্ষণে এই প্রাণ্গ উদয় হইতেছে যে, এই ভগবানে প্রত্যাবর্ত্তন উচ্চতর অবস্থা অথবা উহা নিয়তর অবস্থা? বোগমতাবদমী দার্শনিকগণ এ কথার উদ্ভৱে দৃঢ়ভাবে বলেন,

'হাঁ, উহা উচ্চাবস্থা।' তাঁহাবা বলেন, 'মামুষের বর্ত্তমান অবস্থা অবনত অবস্থা।' জগতে এমন কোন ধর্ম নাই, যাহাতে বলে যে, মাতুষ পূর্বে যে প্রকার ছিল, তদপেক্ষা উন্নত অবস্থা প্রাপ্ত হইয়াছে। সকল ধর্মেই এই একরূপ তত্ত্ব পাওয়া যায় যে, মাফুল আদিতে শুদ্ধ ও পূর্ণ ছিল, সে তৎপরে ক্রমাগত নিম্নিকে ধাইতে থাকে, ক্রমশঃ এতদুর নীচে যায়, যাহার নীচে আব দে যাইতে পাবে না। পবে এমন মময় আসিবেই আসিবে, যে সময়ে সে বুক্তাকারে ঘুবিয়া উপরে গিয়া পুনরায় সেই পূর্বে স্থানে উপনীত হইবে। বুক্তাকারে গতি মাহুবেব इटेरवरे इटेरवा रत्र यज्हे निम्निप्तिक हिलग्री यांक ना रकन, সে পরিশেষে এই উর্দ্ধগতি পুনঃপ্রাপ্ত হইবে ও পরিশেষে তাহাব আদি কারণ ভগবানে ফিরিয়া যাইবে। মাতুষ প্রথমে ভগবান হইতে আইদে, মধ্যে সে নতুষ্যরূপে অবস্থিতি করে, পরিশেষে পুনরায় ভগবানে প্রত্যাবর্ত্তন করে। হৈতবাদের ভাষার এই তত্ত্বটি ঐ ভাবে বলা যাইতে পারে। অবৈতবাদের ভাষায় বলিতে গেলে বলিতে হয়, মাতুষ ভগবান, আবার 'ফিরিয়া তাঁহাতেই যায়। যদি আমাদের বর্ত্তমান অবস্থাটিই উচ্চতর অবস্থা হয়, তাহা হইলে জগতে এচ ছঃথ কট, এত ভয়াবহ ব্যাপার দকল রহিয়াছে কেন? আর ইহার অন্তই বা হয় কেন্? যদি এইটিই উচ্চতর অবস্থা হয়, তবে ইহার শেষ হয় কেন? যেট বিক্লুত ও অবনত হয়, সেট কখন সর্ফোচ্চ অবস্থা হইতে পারে না। এই জগৎ এত পৈশাচিক-ভাবাপন্ধ-প্রাণেৰ অভৃপ্তিকর কেন? ইহার পকে জ্বোর এই পর্যন্ত বগা

বাইতে পারে বে. ইহার মধ্য দিয়া আমরা একটি উচ্চতর পথে বাইতেছি। আমরা নবজীবন লাভ করিব বলিয়াই এই অবস্থার ভিতর দিয়া আমাদিগকে চলিতে হইতেছে। ভূমিতে বীজ পুঁতিয়া দাও, উহা বিমিষ্ট হইয়া কিছুকাল পরে একেবারে মাটীর সহিত মিশিরা ঘাইবে, আবার সেই বিশ্লিষ্ট অবস্থা হুইতে মহাবৃক্ষ উৎপন্ন হুইবে। ঐ মহৎ বৃক্ষ হুইবার অন্ত প্রত্যেক বীলকেই পচিতে হইবে, এইরূপ ব্রহ্মভাবাপর হইতে হইলে প্রত্যেক আত্মাকেই অবনতিব অবস্থাব ভিতর দিয়া বাইতে হইবে। ইহা হইতেই এইটি বেশ প্রতীয়মান হইতেছে যে, আমরা যত শীঘ্র এই 'মানব'-সংজ্ঞক অবস্থাবিশেষকে অতিক্রম ক্রিয়া তদপেকা উচ্চাবস্থায় বাই, আমাদের তত্ই মঙ্গল। তবে কি আত্মহত্যা করিয়া আমরা এ অবস্থা অভিক্রেম করিব ? কখনই নছে। উগতে বরং হিতে বিপরীত হইবে। শরীরকে অনুর্থক পীড়া দেওয়া, অথবা জগৎকে অনুর্থক গালাগালি দেওয়া, এই সংসাব তবণের উপায় নহে। আমাদিগকে এই নৈরাশ্রের পদ্ধিল হুদের মধ্য দিয়া যাইতে হুইবে: আব যত শীঘ্ৰ ঘাইতে পাৰি তত্তই মঙ্গল। কিন্তু এটি যেন সর্বাদা অরপ থাকে যে, আমাদের এই বর্ত্তমান অবস্থা সর্বোচ্চ অবস্থা নহে।

ইহার মধ্যে এইটুকু বোঝা বাস্তবিক কঠিন বে, বে নির্বিশেষ অবস্থাকে সর্ব্বোচ্চ অবস্থা বলা হয়, তাহা অনেকে বেরূপ আশস্কা করেন, প্রেন্তর অথবা অর্দ্ধ-জন্ধ-বৃক্ষবৎ জীববিশেষের স্থায় নহে। এইরূপ ভাবিকেই মহা বিপদ।

যাঁহারা এইরূপ ভাবেন, তাঁহার। মনে করেন, জগতে যত অক্তিছ আছে. তাহা চুই ভাগে বিভক্ত—এক প্রকার প্রস্তরাদির ক্সায় জড় ও অপর প্রকার চিস্তাবিশিষ্ট। কিন্তু তাঁহাদিগকে জিজ্ঞাসা করি, তাঁহারা যে সমুদর অন্তিত্বকে এই চুই অংশে বিভক্ত করিরাই সম্ভষ্ট থাকেন, ইহাতে তাঁহাদের কি অধিকার আছে ? চিস্তা হইতে অনম্ভ গুণে উচ্চাবস্থা কি নাই ? আলোকের কম্পন অতি মৃত হইলে তাহা আমাদেব দৃষ্টিগোচরে আইসে না, ধখন ঐ কম্পন অপেকাকত তীব্ৰ হয় তথনই আমাদের দৃষ্টিগোচরে আইনে—তথনই আমাদের চকে উহা আলোকরূপে প্রতিভাত হয়। আবার যথন উহা তীব্রতম হয়, তথনও আমরা উহা দেখিতে পাই না, উহা আমাদের চক্ষে অন্ধকারবৎ প্রতীয়মান হয়। এই শেষোক্ত অন্ধকারটি ঐ প্রথমোক্ত অন্ধকারের সহিত কি সম্পূর্ণ এক? উহাদের মধ্যে কি কোন পার্থকা নাই? কথনই নহে। উহারা মেরুবরের ক্রায় পরস্পর বিভিন্ন। প্রস্তরেব চিস্তাশৃক্ততা ও ভগবানের চিম্ভাশৃষ্ণতা উভয়ই কি এক পদার্থ? কখনই নহে। ভগবান চিন্তা করেন না—বিচার করেন না। তিনি কেন করিবেন ? তাঁহার নিকট কিছু কি অজ্ঞাত আছে বে, তিনি বিচার করিবেন ? প্রস্তর বিচার করিতে পারে না, ঈশ্বর বিচার करत्रन ना- এই পার্থক্য। পূর্ব্বোক্ত দার্শনিকেরা বিবেচনা করেন বে, চিম্বার রাজ্যেব বাহিরে যাওয়া অতি ভরাবহ ব্যাপার, তাঁহারা চিস্তার অতীত কিছু খুঁঞিয়া পান না।

বৃক্তির রাজ্য ছাড়াইরা গিরা তদপেক্ষাও অনেক উচ্চতর অবস্থা রহিরাছে। বাত্তবিক, বৃদ্ধির অতীত প্রদেশেই আমাদিগের প্রথম ধর্মজীবন আরম্ভ হয়। বধন তৃমি চিন্তা, বৃদ্ধি, বৃক্তি—সম্পর ছাড়াইরা চলিয়া যাও, তথনই তৃমি ভগবং-প্রাপ্তির পথে প্রথম পদক্ষেণ করিলে। ইহাই জীবনের প্রকৃত প্রাবস্ত । যাহাকে সাধারণতঃ জীবন বলে, তাহা প্রকৃত জীবনের জনত অবস্তা মাত্র।

একণে প্রশ্ন হইতে পারে বে, চিম্ভা ও বিচারের অভীত व्यवद्यां दि मर्स्साक व्यवद्या, ठाहांत व्यमान कि? व्यथमण्डः, জগতের যত শ্রেষ্ঠ ব্যক্তি—কেবল ঘাহাবা বাকা-বার করিয়া থাকে, তাহাদের অপেকা শ্রেষ্ঠতন ব্যক্তিগণ—নিজ শক্তিবলে যাঁহারা সমুদয় অগণকে পরিচালিত করিয়াছিলেন, যাঁহাদের হৃদয়ে স্বার্থের লেশমাত্রও ছিল না, তাঁহারা জগতের সমক্ষে ঘোষণা করিয়া গিয়াছেন যে আমাদের জীবন সেই দর্বাতীত অনম্ভবন্ধপে প্রভূছিবার পথের একটি বিশ্রামন্থান-মাত্র। দ্বিতীয়তঃ, তাঁচারা কেবল এইরূপ বলেন, তাহা নহে, কিছ जीहाता नकत्कहे उँचात्र याहेवात शथ तिथाहेबा तान, जीहातित गाधन-প্রণালী पॅर्केटिट ব্ঝাইয়া দেন, যাহাতে সকলেই তাঁহাদের পদামুসরণ করিরা চলিতে পাবেন। তৃতীয়তঃ, পূর্কে যে ব্যাখ্যা প্রাদন্ত হইল, তাহা ব্যতীত জীবন-সমস্ভার আর কোন প্রকার সম্ভোষকর ব্যাখ্যা দেওয়া যায় না। যদি স্বীকার করা যায় যে, ইহা অপেকা উচ্চতর অবস্থা আর নাই, তবে জিজাত এই বে, আমরা চিরকাল এই চক্রের ভিতর দিয়া কেন

যাইতেছি? কি যুক্তিতে এই দুখ্যমান সমুদ্র ব্যাপারাত্মক জগতের ব্যাথ্যা করা যায় ? যদি আমাদের ইহা অপেকা অধিক দুর যাইবার শক্তি না থাকে, যদি আমাদের ইহা অপেকা অধিক কিছু প্রার্থনা কবিবার না থাকে, তাহা হইলে এই পঞ্চেব্রিরগ্রাহ का९रे जामात्मत छात्नत ठत्रम नीमा त्रहिया गारेत । देशां करे অজ্ঞেরবাদ বলে। কিন্তু প্রশ্ন এই, আমবা ইক্সিয়ের সমুদয় সাক্ষ্যে যে বিশ্বাস করিব, তাহারই বা যুক্তি কি? আমি তাঁহাকেই প্রক্কুত অজ্ঞেরবাদী বলিব, বিনি পথে চুপ করিয়া দাঁড়াইরা থাকিয়া মরিতে পারেন। যদি যুক্তিই আমাদের সর্বান্ত হয়, তবে তাহাতে আমাদিগকে এই শৃক্তবাদ অবলম্বন করিয়া জগতে স্থির চইয়া কোথাও ডিপ্তিতে দিবে না। কেবল অর্থ, যশ:, নামের আকাজ্জা এই গুলি বাতীত অপর সমুদর বিষয়ে নাত্তিক হইলে—দে কেবল জুয়াচোর মাত। ক্যাণ্ট (Kant) নি:সংশন্তিভাবে প্রমাণ করিয়াছেন যে আমরা যুক্তিরূপ হর্ডেম্ব প্রাচীর অতিক্রম করিয়া তাহার অতীত প্রদেশে যাইতে পারি না। কিন্তু ভাবতবর্ষে যত তত্ত্ব আবিষ্ণত হইয়াছে তাহার দক্ষ গুলিরই প্রথম কথা, যুক্তির পরপারে গমন করা। বোগীরা অতি সাহসের সহিত এই রাজ্যের অবেষণে প্রবৃত্ত হন ও অবশেষে এমন এক বন্ধ লাভ করিয়া কুতকার্য্য হন, যাহা যুক্তির উপরে এবং যেখানেই কেবল আমাদের বর্তুমান পরিদৃশুমান অবস্থার কারণ পাওয়া বায়। বাহাতে আমাদিগকে জগতের বাহিরে লইরা যার, ভাহার বিষয় শিক্ষা করিবার এই ফল। "তুমি আমাদের পিতা, তুমি

উপক্রমণিকা

আমাদিগকে অজ্ঞানের পরপারে লইরা বাইবে।" "মং হি নঃ পিতা, বোহস্মাকমবিফারাঃ পরং পারং তারম্বদি" (প্রস্নোপ নিষদ, ৬৮) ইহাই ধর্ম্মবিজ্ঞান। আর কিছুই প্রকৃত ধর্মবিজ্ঞান নামের বোগ্য হইতে পারে না।

পাতঞ্জল-যোগসূত্ৰ

প্ৰথম অধ্যায়

সমাধি-পাদ

অথ যোগামুশাসনম্॥ ১॥

স্ট্রার্থ—্এক্ষণে যোগ ব্যাখ্যা করিতে প্রারত্ত হওয়া যাইতেছে।

যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ ॥ ২ ॥

স্থুত্রার্থ।—চিত্তকে বিভিন্ন প্রকার বৃত্তি অর্থাৎ আকার বা পরিণাম গ্রহণ করিতে না দেওয়াই যোগ।

ব্যাণ্যা। এখানে অনেক কথা আমাদিগকে ব্ঝাইতে হইবে। প্রথমতঃ, চিত্ত কি ও বৃত্তিগুলিই বা কি, তাহা বৃত্তিতে হইবে। আমাব এই চকু রহিয়াছে। চকু বাস্তবিক দেখে না। যদি মন্তিক্ষমধ্যত্ত দর্শনেক্রিয় বা দর্শনশক্তিটিকে নাশ করিয়া ফেল, তবে ভোমার চক্ষু থাকিতে পারে, চক্ষের পুতৃল অক্ষত থাকিতে পারে, আর চক্ষের উপর যে ছবি পড়িয়া দর্শন হয়, তাহাও থাকিতে পারে, তথাপি দেখা খাইবে না। তবেই চক্ষু কেবল দর্শনের গৌণ যন্ত্র মাত্র হইল। উহা প্রকৃত দর্শনেক্রিয় নহে। দর্শনেক্রিয় মন্তিক্রের অন্তর্গুত স্বায়ুকেক্রে অবস্থিত। স্তর্গাং দেখা গেল, কেবল

ছুইটি চকুতে কোন কাজ হইতে পারে না। কথনকথন লোকে চকু থুলিয়া নিজা যায়। বাহাচিত্রটি রহিবাছে, দর্শনেজিরও রহিয়াছে, কিন্তু ভৃতীয় একটি বস্তুর প্রয়োজন। (গ্রহণ ধারণ জক্ত) মন ইক্রিয়ে সংযুক্ত হওয়া চাই। স্কুতরাং দর্শনক্রিয়ার অস্ত্র চক্ষুরূপ বহিৰ্যন্ত্ৰ, মঞ্জিত্ব স্নায়ুকেন্দ্ৰ ও মন এই তিনটি জিনিষের স্মাবশুক। कथन कथन अपन इत्र (य. त्रांडा निशा गांड़ी हिनता यहिएकह. কিন্ত তুমি উহার শব্দ শুনিতে পাইতেছ না। ইহার কারণ কি? কারণ, তোমার মন প্রবণেক্রিয়ে সংযুক্ত হয় নাই। অতএব প্রত্যেক অমুভবক্রিগার জন্ম চাই—প্রথমত:, বাহিরের যন্ত্র,—তৎপরে ইন্সিয় এবং তৃতীয়তঃ, এই উভয়েতে মনের যোগ। মন বিষয়াভিয়াতজনিত (আলোচন) বেদনাকে আরও অভ্যন্তরে বহন করিয়া নিশ্চরাত্মিকা বৃদ্ধির নিকট কর্পণ কবে। তথন বৃদ্ধি হইতে প্রতিক্রিয়া (উহাপোহতত্ত্বজান) হয়। এই প্রতিক্রিয়াব সহিত অহংভাব জাগিয়া উঠে। 'আব এই ক্রিয়া ও প্রতিক্রিয়ার সমষ্টি, পুরুষ বা প্রকৃত আত্মার নিক্ট অর্পিত হয়। তিনি তথন এই মিশ্রণটিকে একটি (মূর্ত্তি ও ববধি[†]) ব**ন্তর্জনে**প উপলব্ধি করেন। ইন্দ্রিরগণ, মন, নিশ্চয়াত্মিকা বৃদ্ধি ও অহংকার মিলিত হইয়া যাহা হয়, তাহাকে অন্তঃক্বণ বলে। চিত্তসংজ্ঞক মনের উপাদানীভূত বস্তুর ভিতর উচারা ভিন্নভিন্ন প্রাক্রিয়া-স্থন্ধ। চিত্তের স্মন্তর্গত এই সকল চিস্তাপ্রবাহকে বৃদ্ধি (ঘূর্ণি) বলে। একণে জিজ্ঞাম্ভ চিন্তা কি পদার্থ ? চিন্তা মাধ্যাকর্ষণ বা বিকর্ষণ-শক্তির স্থায় একপ্রকাব শক্তিমাতা। প্রাকৃতিক শক্তির অক্ষর ভাণ্ডার হইতে এই শক্তি গৃহীত। চিন্তনামক

যন্ত্রটি এই শৃক্তিটিকে গ্রহণ করে, আর বধন উহা ভৌতিক প্রকৃতির <u>অপর</u> প্রান্তে নীত হয়, তথনই তাহাকে চিন্তা বলে। এই শক্তি আমাদের থাক্ত হইতে সংগৃহীত হয়। ঐ থাদ্য হুইতেই শরীরের গতি ইত্যাদি শক্তি হয়। আর চিস্তারূপ সমুদয় স্থন্ধতর শক্তিও উহা হইতেই উৎপন্ন হয়। স্থতরাং মন চৈতক্তমৰ নহে। উহা আপাততঃ চৈতক্তমন্ন বলিয়া বোধ হয় মাত্র। এইরূপ বোধ হইবার কারণ কি? কারণ, চৈতক্তমর আত্মা উহার পশ্চাতে রহিয়াছে। তুমিই একমাত্র চৈতক্তময় পুরুষ—মন কেবল একটি যন্ত্রমাত্র, বন্ধারা তুমি বহির্জগৎ অম্বভব কর। এই পুত্তকথানির কথা ধর, বাহিরে উহার পুত্তক-রূপী অন্তিও নাই। বাহিরে বান্তবিক বাহা আছে তাহা অজ্ঞাত ও অজ্ঞেয়। উহা কেবল উত্তেজক কারণ মাত্র। বেমন জলে একটি প্রস্তরখণ্ড নিক্ষেপ করিলে জল বেমন প্রবাহাকারে বিভক্ত হইয়া ঐ প্রন্তর-খণ্ডতে প্রতিঘাত করে, তক্রপ উহা যাইয়া মনে আঘাত প্রদান করে, আর মন হইতে একটি প্রতিক্রিয়া হয়। স্থতরাং আসল বহির্জগণটি মানসিক প্রতিক্রিরার উত্তেজক কারণ মাত্র। পুস্তকাকার, গজাকার বা মমুখাকার কোন পদার্থ বাহিরে নাই। উহাদের সম্বন্ধ আমরা কেবল ভাহাই জানিতে পারিতেছি, মাত্র বাহিরের উত্তেজক কারণ হইতে মনের মধ্যে যে প্রতিক্রিয়া হইতেছে। জন ই,রাট মিল বলিরাছেন, "মহুভবের নিত্য স্ম্ভাব্যভার" নাম ভৃত। বাহিরে কেবল ঐ প্রতিক্রিয়া উৎপন্ন করিয়া দিবার উত্তেঞ্চক কারণ মাত্র রহিরাছে। উদাহরণ-স্থলে একটি শুক্তিকে

লওয়া বাউক। তোমরা জান, মুক্তা কিরূপে উৎপন্ন হয়। এক বিন্দু বানুকণা 🛊 অথবা আর কিছু উহার ভিতরে প্রবেশ করিয়া উহাকে উত্তেজিত করিয়া থাকে; তথন সেই শুক্তি ঐ বালুকার চতুর্দ্দিকে একপ্রকার এনামেল-তুল্য আবরণ দিতে পাকে। তাহাতেই মৃক্তা উৎপন্ন হয়। (এই সমুদর ব্রহ্মাওই ষেন আমাদের নিজের এনামেল-স্বরূপ। প্রকৃত জগৎ ঐ বাশুকা-কণা। সাধারণ লোকে এ কথা কথন বুঝিতে পারিকে না, কারণ, যথনই সে ইছা বুঝিতে চেষ্টা করিবে, সে তথনই বাহিরে এনামেল নিক্ষেপ করিবে ও নিক্ষের সেই এনামেলটিকেই দেখিবে। আমরা একলে বুঝিতে পারিলাম, বুত্তির প্রকৃত অর্থ কি। মাহুষের প্রকৃত বরুপ বাহা, ভাষা মনেরও অতীত। মন তাঁহার হল্তে একটি যন্ত্রতুল্য। তাঁহারই চৈতক্ত ইহার ভিতর দিয়া আসিতেছে। ধথন তুমি উহার পশ্চাতে দ্রষ্টারূপে অবস্থিত থাক, তথনই উহা চৈতক্তমর হইয়া উঠে। যথন মাতুষ এই মনকে একেবারে ত্যাগ করে, তখন উহাব একেবারে নাশ হইয়া য়ায়, উহার অভিত মোটেই थाटक ना। हेश इहेटल वृका शिन, हिल विनटल कि वृकाय। উহা মনস্তব্ব-শ্বরূপ-বৃত্তিগুলি উহাব তবল-শ্বরূপ, যথন বাহিরের কতকগুলি কারণ উহাব উপর কার্য্য করে, তথনই উহা ঐ প্রবাহ-রূপ ধারণ করে। জগৎ ৰলিয়া

^{*} বৈজ্ঞানিক পণ্ডিজ্ঞাণের মতে বালুকণা হইতে মুক্তার উৎপত্তি, এই লোকপ্রচলিত বিবাসটির কোন দৃঢ়ভিত্তি নাই; সন্তবতঃ কুক্ত কীটাপু-বিশেব (parasite) হইতে মুক্তার উৎপত্তি '

- রাজযোগ

আমাদের যাহা ধারণা আছে, তাহার সমুদ্রই কেবল এই ব্**ত্তিগুলিকে** বঝিতে হইবে।

আমরা হ্রদের তলদেশ দেখিতে পাই না, কারণ, উহার উপরিভাগ কুদ্রকুদ্র তরকে অবৃত। যথন সম্বয় তরক শাস্ত হইয়া জল স্থিব হইয়া যায়, তথনই কেবল উহার তলদেশের ক্ষণিক দর্শন পাওয়া সম্ভব। যদি জল ঘোলা থাকে বা উহা ক্রমাগত নড়িতে থাকে, তাহা হইলে উহার তলদেশ কথনই দেখা যাইবে না। যদি উহ। নির্মাণ থাকে, আর উহাতে বিদ্মাত্র তরক না থাকে, তবেই আমরা উহার তলদেশ দেখিতে পাইব। হ্রদের তল্দেশ আমাদের প্রকৃত স্বরূপ—হুদটি চিত্ত, আর উহার তরদগুলি বৃত্তিম্বরূপ। আরও দেখিতে পাওয়া যায়, এই মন ত্রিবিধ-ভাবে অবস্থিতি করে; প্রথমটি অন্ধকারময় অর্থাৎ তম:, যেমন পশু ও অতি মুর্থদিগের মন। উহার কার্য্য কেবল অপরের অনিষ্ট করা; এইরূপ মনে আর কোনপ্রকার ভাব উদয় হয় না। দ্বিতীয়, মনেব ক্রিয়াশীল অবস্থা, রঞ্জ:—এ অবস্থায় কেবল প্রভুষ ও ভোগের ইচ্ছা থাকে। আমি ক্ষমতাশালী হইব ও অপরের উপব প্রভুত্ত করিব, তথন এই ভাব থাকে। তৃতীয়, যখন সমুদয় প্রবাহ উপশান্ত হয়—হুদের জল নির্মাণ হটয়া যায়—তাহাকে সন্তু বা শাস্ত অবস্থা বলা যায়। ইহা জড়াবস্থা নহে, কিন্তু অতিশয় ক্রিয়াশীল অবস্থা। শান্ত হওয়া শক্তির সের্বাপেকা উচ্চতম বিকাশ। ক্রিয়াশীল হওয়া ত সহজ। লাগাম ছাড়িয়া দিলৈ অস্বেরা তোমাকে সাপনিই টানিয়া লইরা ধাইবে।

থে-শে লোক ইরা করিতে পারে; কিন্তু বিনি এইরূপ
ক্রতধাবনশীল অখকে থামাইতে পারেন, তিনিই মহাশক্তিধর
পুরুষ। ছাড়িয়া দেওয়া ও বেগ ধারণ করা ইহাদের মধ্যে
কোন্টিতে অধিকতর শক্তির প্রয়োজন ? শাস্ত ব্যক্তি আর অলস
ব্যক্তি একপ্রকারের নতে। স্বকে যেন অলপতা মনে করিও না।
বিনি মনের এই তরকগুলিকে আপনার অধীনে আনিতে পারিয়াছেন,
তিনিই শাস্ত পুরুষ। ক্রিয়াশীলতা নিম্নতর শক্তির ও শাস্তভাব
উচ্চতর শক্তির প্রকাশ।

এই চিত্ত সদা সর্ববদাই উহার স্বাভাবিক, পবিত্র অবস্থা পুন:-প্রাপ্তির জন্ম চেষ্টা করিতেছে, কিন্তু ইন্দ্রিরগুলি উহাকে বাহিরে আকর্ষণ করিয়া রাখিতেছে। উহাকে দমন করা, উহার বাহিবে যাইবার প্রবৃত্তিকে নিবারণ করা ও উহাকে প্রত্যাবৃত্ত করিয়া সেই চৈতক্তঘন পুরুষের নিকটে যাইবার পথে কিরান, ইহাই যোগের প্রথম সোপান; কারণ, কেবল এই উপারেই চিত্ত উহার প্রকৃত পথে যাইতে পারে।

যদিও অতি উচ্চতম হইতে অতি নিম্নতম প্রাণীর ভিতরেই এই চিত্ত বহিয়াছে, তথাপি কেবল মন্ত্র্যাদেহেই আমরা উহাকে বৃদ্ধিরপে বিকশিত দেখিতে পাই। মন যতদিন না বৃদ্ধির আকার ধারণ করিতেছে, ততদিন উহার পক্ষে, এই সকল বিভিন্ন সোপানের মধ্য দিয়া প্রত্যাবর্ত্তন করিয়া আত্মাকে মৃক্ত করা সম্ভব নহে। গো অথবা কুকুরের পক্ষে সাক্ষাৎ মৃক্তি অসম্ভব, কারণ, উহাদের মন আছে বটে, কিন্তু উহাদের মন এখনও বৃদ্ধির আকার ধারণ করে নাই।

এই চিত্ত, অবস্থাভেদে নানা রূপ ধারণ করে, যথা—কিপ্ত, মৃচ্, বিক্ষিপ্ত ও একাগ্র (বিবেকখাতি বা প্রসংখান) । মন এই চারিপ্রকার অবস্থার, চারিপ্রকার রূপ ধারণ করিতেছে। প্রথম, ক্ষিপ্ত—যে অবস্থার মন চারিদিকে ছড়াইরা ধার—যে অবস্থার কর্ম্মবাসনা প্রবল থাকে। এইরূপ মনের চেটা কেবলই স্থথ তঃথ এই দ্বিষি ভাবে প্রকাশ হওয়া। তৎপরে মৃচ্ অবস্থা—উহা তমোগুণাত্মক; উহার চেটা কেবল অপরের অনিট করা। বিক্ষিপ্ত অবস্থা তাহাই, যথন মন আপনার কেব্রের দিকে ধাইবার চেটা করে। এখানে টীকাকার বলেন, বিক্ষিপ্ত অবস্থা দেবতাদের ও মৃচ্বস্থা অস্করদিগের স্বাভাবিক। একাগ্র চিত্তই আমাদিগকে সমাধিতে লইরা যার। ১৭৬১

তদ। দ্রফাঃ স্বরূপেহ্বস্থানম্॥ ৩॥

্রু সূত্রার্থ।—তখন (অর্থাৎ এই নিরোধের অবস্থায়)
ক্রম্বা (পুরুষ) আপনার (অপরিবর্ত্তনীয়) স্বরূপে
অবস্থিত থাকেন।

ব্যাপ্যা। যথনই প্রবাহগুলি শান্ত হইরা যায় ও ব্রদ শান্ত ভাবাপর হইরা যায়, তথনই আমরা ব্রদের নিয়ভূমি দেখিতে পাই। মন সম্বন্ধেও এইরূপ ব্বিতে হইবে। যথন উহা শান্ত হইরা যায়, তথনই আমরা আমাদের স্বরূপ ব্বিতে পারি;

এবানে নিরুদ্ধ (ধর্মমেয বা পরম্প্রসংখ্যান) জবস্থার কথা বলা হয় নাই,
 কারণ, নিরুদ্ধাবস্থাকে প্রকৃতপকে চিত্তবৃত্তি বলা ঘাইতে পারে না ।

তথন আমরা ঐ প্রবাহগুলির সহিত আপনাদিগকে মিশাইরা ফেলি না, কিন্তু নিজের স্বরূপে অবস্থিত থাকি।

বৃত্তি-সারূপ্যমিতরত। ৪॥

স্থ্রার্থ।—অক্যান্স সময়ে (অর্থাৎ এই নিরোধের অবস্থা ব্যতীত সময়ে) ড্রন্টা (চিত্ত) বৃত্তির সহিত একীভূত হুইয়া থাকেন।

ব্যাখ্যা। যেমন কেহ আমাকে নিন্দা করিল, আমি অতিশয় ছাথত হইলাম; ইহা একপ্রকাব পবিণাম—একপ্রকার বৃদ্ধি—আমি উহার সহিত আমাকে মিশ্রিত কবিয়া ফেলিতেছি; উহার ফল তঃথ।

রত্তযঃ পঞ্চতয়ঃ ক্লিফাইক্লিফাঃ॥ ৫॥ স্তার্থ।—বৃত্তি পাঁচপ্রকার—ক্লেশ-যুক্ত ও ক্লেশ-শৃষ্ণ। প্রমাণ-বিপর্য্যয়-বিকল্প-নিদ্রো-স্মৃত্যঃ॥ ৬॥

সূত্রার্থ।—প্রমাণ, বিপর্য্যায়, বিকল্প, নিদ্রা ও স্মৃতি অর্থাৎ সত্যজ্ঞান, ভ্রম-জ্ঞান, শাব্দভ্রম, নিজা ও স্মৃতি— বৃত্তি এই পাঁচ প্রকার।

প্রত্যক্ষানুমানাগমাঃ প্রমাণানি ॥ ৭ ॥

সূত্রার্থ।—প্রত্যক্ষ অর্থাৎ সাক্ষাৎ অমুভব, অমুমান ও আগম অর্থাৎ বিশ্বস্ত লোকের বাক্য—এইগুলিই প্রমাণ।

বাখ্যা। বখন আমাদের হুইটি অমুভৃতি পরস্পার পরস্পারের বিরোধী না হয়, ভাহাকেই প্রমাণ বলে। আমি কোন বিষয় শুনিলাম: যদি উহা কিছু পূর্বামুক্তত বিষয়ের বিরোধী হয়, তবেই আমি উহার বিরুদ্ধে তর্ক করিতে থাকি, উহা কখনই বিশ্বাস করি না। প্রমাণ আবার তিন প্রকার। সাক্ষাৎ অফুভব বা প্রত্যক্ষ—ইহা একপ্রকার প্রমাণ। ধদি আমরা কোনপ্রকার চকুকর্ণের ভ্রমে না পড়িয়া থাকি, তাহা হইলে আমরা থাহা কিছু দেখি বা অমুভব করি, তাহাকে প্রত্যক্ষ বলা ধাইবে। আমি এই জগৎ দেখিতেছি, উহার অস্তিত্ব আছে, তাহার ইহাই যথেষ্ট প্রমাণ। দ্বিতীয়, অনুমান— তোমাব কোন শিক্ষজ্ঞান হইল। তাহা হইতে উহা যে বিষয়ের স্থচনা করিতেছে, তাহাকে জানাইয়া দেয়। তৃতীয়তঃ. আপ্তবাক্য-যোগী অর্থাৎ বাঁহারা প্রকৃত সত্য দর্শন করিয়াছেন. তাঁহাদের প্রত্যকামুভূতি। আমরা সকলেই জ্ঞান লাভের জন্ম ক্রমাগত চেষ্টা করিতেছি। কিন্তু তোমাকে **আমাকে** উ**ংার** ব্দক্ত কঠোর চেষ্টা করিতে হয়, বিচার-রূপ দীর্ঘকালব্যাপী বির্জ্তিকর রাজা দিয়া অঞ্চনর হইতে হয়, কিছু বিশুদ্ধনত যোগী এই দকলের পারে গিয়াছেন। তাঁহার মনকক্ষের সমক্ষে ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান সব এক হইয়া গিয়াছে, তাঁহার পক্ষে উহার। বেন একথানি পাঠ্যপুস্তকম্বরূপ। আমাদের মত জ্ঞানলাভের ঐ মুহুগতি বিরক্তিকব প্রণালীর ভিতর দিয়া ষাওয়া তাঁছার পক্ষে আর আবস্তুক করে না। তাঁহার বাক্যই প্রমাণ, কারণ, তিনি নিজের ভিতরেই সমূদর জ্ঞানের

উপলব্ধি করেন। তিনিই সর্ব্বক্ত পুরুষ। এইরূপ ব্যক্তিগণই শাস্ত্রের বচন্নিতা, আর এই বস্তুই শাস্ত্র প্রমাণ বলিরা গ্রাহ্ছ। যদি বর্ত্তমান সময়ে এরূপ শোক কেছ থাকেন, তবে ভাঁহার কথা অবশ্র প্রমাণরূপে গণ্য হইবে। অক্সান্ত দার্শনিকেরা এই আপ্রদম্বন্ধে অনেক বিচার করিবাছেন। তাঁহারা প্রশ্ন উত্থাপন করিয়াছেন, আপ্রবাক্য সত্য কেন? তাঁহারা ইহার এই উত্তর দেন, 'আপ্রবাকোর প্রমাণ এই যে, উহা তাঁহাদের প্রতাক্ষ অমুভৃতি।' যেমন পূর্বজ্ঞানেব বিবোধী না হইলে, তুমি যাহা দেথ, আমি ধাহা দেখি, তাহা প্রমাণ ব্লালয়া গ্রাহ্ম হর, উহারও প্রামাণ্য দেইরূপ বৃথিতে হইবে। ^{*}ইক্রিয়ের **অ**ডীত জ্ঞান লাভ করা সম্ভব; যখনই ঐ জ্ঞান, যুক্তি ও মনুব্যের পূর্ব্ব সতা অমুভৃতিকে থণ্ডন না করে, তথন সেই জ্ঞানকে প্রমাণ বলা হায়। একজন উন্মন্ত ব্যক্তি আসিয়া বলিতে পাবে, আমি চারিদিকে দেবতা দেখিতে পাইতেছি। উছাকে প্রমাণ বলা ঘাইবে না। প্রথমতঃ, উহা সত্যজ্ঞান হওয়া চাই। দ্বিতীয়তঃ, উহা যেন আমাদের পূর্কজ্ঞানের বিরোধী না হয়। ততীয়ত:, সেই ব্যক্তির চরিত্রের উপব উহা নির্ভর করে। অনেককে এরপ বলিতে শুনিয়াছি যে, এরপ ব্যক্তির চরিত্র কিরপ, দেখিবার ভত আবশুক নাই, সে কি বলে, সেইটিই জানা বিশেষক্লপে আবিশ্রক-দে কি বলে, ইহাই প্রথম ন্তনা আবশ্রক। অ্যুক্ত বিষয়ে এ কথা সত্য হইতে পারে; কোন লোক ছইপ্রকৃতি হইলেও সে জ্যোতিব সম্বন্ধে কিছ আবিষ্ণার করিতে পারে, কিন্তু ধর্মবিকরে শ্বন্তপ্ত কথা, কারণ,

কোন অপবিত্র ব্যক্তিই ধর্মের প্রকৃত সত্য লাভ করিতে পারিবে না। এই কারণেই আমাদের প্রথমতঃ দেখা উচিত. ধে ব্যক্তি আপনাকে আপ্ত বলিয়া ঘোষণা করিতেছে, দে ব্যক্তি সম্পূর্ণরূপে নিঃস্বার্থ ও পবিত্র কি-না। দ্বিতীয়তঃ, দেখিতে হইবে, সে অতীন্ত্রিয় জ্ঞান লাভ করিয়াছে কি-না, তৃতীয়ত:, আমাদের দেখা উচিত, যে. সে ব্যক্তি যাহা বলে. তাহা মহুষ্যজাতির পূর্ব্ব সত্যজ্ঞান ও অভিজ্ঞতার বিরোধী কি-না। কোন নতন সত্য আবিষ্কৃত হইলে, উহা পূর্বের কোন সত্যের খণ্ডন করে না রবং পূর্বে সভ্যের সহিত ঠিক থাপ থাইয়া যায়। চতুর্থত:, ঐ সত্যকে অপবের প্রত্যক্ষ করিবার সম্ভাব্যতা थांकित। यनि कांन वास्कि वल, आमि कांन अलोकिक দৃশু দর্শন কবিয়াছি, আর সঙ্গে সঙ্গে বলে যে, ভোমার উহা দেখিবার কোন অধিকাব নাই, আমি তাহার কথা বিশ্বাস করি না। প্রত্যেক ব্যক্তি নিজে প্রত্যক্ষ উপলব্ধি করিয়া দেখিতে পারিবে, উহা সত্য কি-না। আবাব যিনি ধন-বিনিময়ে আপনার জ্ঞান বিক্রয় করেন, তিনি কথনই আপ্ত নহেন। এই সমস্ত পরীক্ষায় উদ্ভীর্ণ হওয়া আবশ্রক। প্রথমত:, দেখিতে হইবে, সেই ব্যক্তি-পবিত্র ও নিংম্বার্থ, তাহার লাভ অথবা মনের আকাজ্জা নাই। দ্বিতীয়ত: ইহা তাহাকে দেখাইতে হইবে যে, তিনি জ্ঞানাতীত ভূমিতে আরোহণ করিয়াছেন। তৃতীয়ত:, তাঁহার আমাদিগকে এমন কিছু দেওরা আবশুক, বাহা আমরা ইন্দ্রির হইতে লাভ করিতে পাক্সিনা ও যাহা জগতের কল্যাণকর। আরও দেখিতে ইইবে

বে, উহা, অপ্তাক্ত সভোর বিরোধী না হয়; বদি উহা অপ্তাক্ত বৈজ্ঞানিক সভৌর বিরোধী হয়, তবে উহা তৎক্ষণাৎ পরিত্যাগ কর। চতুর্যতঃ, সেই ব্যক্তিই যে কেবল ঐ বিষয়ের অধিকারী, আর কেহ নয়, তাহা হইবে না। অপরের পক্ষে বাহা লাভ করা সম্ভব, তিনি কেবল নিজের জীবনে তাহাই কার্য্যে পরিণত করিয়া দেখাইবেন। তাহা হইলে প্রমাণ তিন প্রকার হইল; প্রভাক্ষ—ইক্রিয়-বিষয়ামভূতি, অমুমান ও আপ্তরাক্য। এই আপ্ত কথাটি ইংরাজীতে অমুবাদ করিতে পারিতেছি না। ইহাকে অমুপ্রাণিত inspired যায়শবের হারা প্রকাশ করা না, কাবণ, এই অমুপ্রাণন বাহির হইতে আইনৈ, আর একণে যে ভাবের কথা হইতেছে, তাহা ভিতর হইতে আইনে। ইহার আক্রিক অর্থ—"যিনি পাইয়াছেন"।

বিপর্যায়ে মিথ্যাজ্ঞানমতক্র পপ্রতিষ্ঠম্ ॥৮॥

সূত্রার্থ।—বিপর্য্যয় অর্থে মিথ্যা-জ্ঞান, যাহা সেই বস্তুর প্রকৃত-স্বরূপে প্রতিষ্ঠিত নহে। (ইহা তিন প্রকার—সংশয়, বিপর্য্যয় ও তর্ক।)

ব্যাখ্যা। আর একপ্রকার বৃদ্ধি এই যে, এক বস্তুতে ক্ষন্ত বস্তুর ভ্রান্তি। ইহাকে বিপর্যায় বলে, যথা, শুক্তিতে রক্ষত-ভ্রম।

শব্দ-জ্ঞানানুপাতী বস্তুশুন্থো বিৰুল্ল: ॥৯॥

· স্ত্রার্থ।—কেবলমাত্র শব্দ হইতে যে একপ্রকার জ্ঞান উৎপন্ন হয়, ত্মথচ সেই শব্দ-প্রতিপাত্য বস্তুর অক্তিত্ব যদি না থাকে, তাহাকে বিকল্প অর্থাৎ শব্দ-জ্ঞাত জ্রম বলে। (ইহা তিন প্রকার—বস্তু, ক্রিয়া ও অভাব।)

ব্যাখ্যা। বিকল্প নামে আর এক প্রকার বৃত্তি আছে।
একটা কথা শুনিলাম, তথন আর আমরা উহার অর্থবিচার
ধীরভাবে না করিয়া তাড়াতাড়ি একটা সিদ্ধান্ত করিয়া বসিলাম।
ইহা চিত্তের হর্বলতার চিহ্ন। সংযমবাদটি এখন বেশ বৃঝা ঘাইবে।
মাহ্য যত হর্বল হয়, তাহার সংযমের ক্ষমতা ততই কম থাকে। সর্বাদা
এই সংযমেব মানদগু দ্বাবা আত্মপরীক্ষা করিবে। যখন তোমার ক্রেদ্ধ
অথবা হৃংখিত হইবার ভাব আসিতেছে, তখন বিচার করিয়া দেখ
যে, কোন সংবাদ তোমার নিকট আসিবামাত্র কেমন তোমার
মনকে বৃত্তিতে পরিগত করিয়া দিতেছে।

অভাব-প্রত্যয়ালম্বনার্ডির্নিদ্রা ॥ ১০ ॥

সূত্রার্থ।—যে বৃত্তি শৃক্তভাবকে অবলম্বন করিয়া থাকে, সেই বৃত্তিই নিজা।

ব্যাখ্যা। আর এক প্রকার বৃত্তির নাম নিদ্রা (শ্বপ্ন ও সুষ্থি)। আমরা ধখন জাগিরা উঠি, তখন আমরা জানিতে পারি ধে, আমরা ঘুমাইতেছিলাম। অমুভূত বিধরেরই কেবল শ্বতি হইতে পারে। ধাহা আমরা অমুভব করি না, আমাদের সেই বিধরের কোন শ্বতি আসিতে পারে না। প্রত্যেক প্রতিক্রিয়াই তিত্তহদের একটি তরক শ্বরূপ। একণে কথা হইতেছে, নিদ্রার ধদি মনের কোন প্রকার বৃত্তি না থাকিত, ভাহা হইলে ঐ অবস্থার আমাদেব ভাবাত্মক বা অভাবাত্মক কোন অমুভূতি থাকিত না। শ্বতরাং আমরা উহা শ্বরণও করিতে পারিতাম না। আমরা বে নিদ্রাবন্ধাটি শ্বরণ করিতে

পাবি, ইহাতেই প্রমাণিত হইতেছে যে, নিজাবস্থায় মনে এক প্রকার তরক ছিল। স্থৃতিও এক প্রকার বৃত্তি।

অনুভূতবিষয়াসম্প্রমোষঃ স্মৃতিঃ ॥ ১১ ॥

সূত্রার্থ।—অমুভূত বিষয় সমস্ত আমাদের মন হইতে চলিয়া না গিয়া (যখন সংস্কার-বশে জ্ঞানের আয়ত্ত হয়), তাহাকে স্মৃতি বলে। (ইহা চুই প্রকার—ভাবিত ও অমুস্তাবিত।)

ব্যাখ্যা। পূর্ব্বে বে চারি প্রকার বৃত্তিব • বিষয় কথিত হইরাছে, তাহার প্রত্যেকটি হইতেই স্মৃতি আসিতে পারে। মনে কর, তুমি একটি শব্দ শুনিলে। ঐ শব্দটি যেন চিত্তহুদে বিক্ষিপ্ত প্রস্তর-তুল্য; উহাতে একটি ক্ষুদ্র তরঙ্গ (প্রত্যয়) উৎপন্ন হয়। সেই তবঙ্গটি আবার আরও অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গমালা উৎপাদন করে। ইহাই (গ্রাহ্ম রূপ) স্মৃতি। নিদ্যাতেও এই ব্যাপার ঘটিয়া থাকে। যথন নিদ্যা নামক তরঙ্গবিশেষ চিত্তের ভিতর স্মৃতিরূপ অনেক তরঙ্গপরপ্রা উৎপাদন করে, তথন উহাকে স্বপ্র বলে। জাগ্রৎকালে যাহাকে স্মৃতি বলে, নিদ্যাকালে সেইরূপ তরঙ্গকেই স্বপ্র বলিয়া থাকে।

অভ্যাসবৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ ॥ ১২ ॥ স্ক্রার্থ।—অভ্যাস ও বৈরাগ্যের দ্বারা এই রুন্তি-গুলির নিরোধ হয়। *

ব্যাখ্যা। এই বৈরাগ্য লাভ করিতে হইলে, মন বিশেষক্লপ নির্মাল, মং ও বিচারপূর্ণ হওয়া আবেঞ্চক। অভ্যাস করিবার

আবশ্রক কি ? প্রত্যেক কার্যাই হ্রদের উপরিভাগে কম্পনশীল প্রবাহম্বরূপ। প্রত্যেক কার্য্যেই যেন চিত্তহ্রদের উপর একটি তরক চলিয়া যায়। এই কম্পন কালে নাশ হইয়া যায়। থাকে কি? সংস্থারসমূহই অবশিষ্ট থাকে। মনে এইরূপ অনেকগুলি সংস্থার পড়িলে সেগুলি একত্রিত হইয়া অভ্যাসরূপে পরিণত হয়। "অভ্যাসই দ্বিতীয় স্বভাব" এইরূপ ক্ষিত হইয়া থাকে; শুৰু দিতীয় স্বভাব নহে, উহা প্ৰথম স্বভাবও বটে—মানুষের সমুদর স্বভাবই ঐ অভ্যাদের উপর নির্ভর করে। আমরা এখন যেরপ প্রকৃতিবিশিষ্ট রহিয়াছি, তাহা পূর্বব অভ্যাদের ফল। সমুদর্ অভ্যাসের ফল জানিতে পারিলে, আমাদের মনে সাম্বনা আইসে, কারণ যদি আমাদের বর্ত্তমান মভাব কেবল অভ্যাস বশেই হইয়া থাকে, তাহা হইলে আমরা ইচ্ছা করিলে যথন ইচ্ছা ঐ অভ্যাসকে নাশও করিতে পারি। আমাদের মনের ভিতর যে চিম্বাপ্রবাহগুলি চলিয়া যায়, তাহার প্রত্যেকটি এক একটি দাগ রাখিয়া যায়, সংস্কারগুলি তাহাদের সমষ্টি। আমাদের চরিত্র এই সমুদয় সংস্কারের সমষ্টিস্বরূপ। যথন কোন বিশেষ বুত্তিপ্রবাহ প্রবল হয়, তখন লোকের সেই ভাব হইয়া मिष्पात्र। यथन मम्खन व्यवन रुत्र, ज्थन मारूष मु रहेना यात्र। यनि मन्त्र ভाব প্রবল হয়, তবে মন্দ হইয়া বায়। यनि जानत्मत जाव धावन इत्र, उत्त मञ्जा क्यी इहेना थात्न। অসৎ অভ্যাসের একমাত্র প্রতীকার—তাহার বিপরীত অভ্যাস। ৰত কিছু অসৎ অভ্যাস আমাদের চিত্তে সংস্কারবন্ধ হইরা গিরাছে, তাহা কেবল সৎ অভ্যাসের হারা নাশ করিতে

হইবে। কেবল সংকার্য করিয়া বাও, সর্বনা পবিত্র চিন্তা কব; অসৎ সংস্থার নিবারণের ইহাই একমাত্র উপায়। কথনই বলিও না, অমুকের আর উদ্ধারের আশা নাই। কারণ, অসৎ ব্যক্তি কেবল একটি বিশেষ প্রকার চরিত্র, যাহা কতকগুলি অভ্যাসেব সমষ্টিমাত্র, তাহারই পরিচয় দিতেছে। নৃতন ও সৎ অভ্যাসের ঘারা ঐ গুলিকে দ্ব করা বাইতে পারে। চরিত্র কেবল পুনঃ পুনঃ অভ্যাসের সমষ্টিমাত্র। এইরূপ পুনঃপুনঃ অভ্যাসই কেবল স্থভাবকে সংশোধন করিতে পারে।

তত্র স্থিতে। যত্নোহভ্যাসঃ॥ ১৩॥

সূত্রার্থ।—ঐ বৃত্তিগুলিকে সম্পূর্ণরূপে বশে রাথিবার যে নিয়ত চেষ্টা, তাহাকে অভ্যাস বলে।

ব্যাখ্যা। অভ্যাস কাহাকে বলে? মনকে দমন করিবার চেষ্টা অর্থাৎ উহার প্রবাহরূপে বহির্গতি নিবারণ করিবার চেষ্টাই অভ্যাস।

সতু দীর্ঘকালনৈর স্তর্য্যসৎ কারসেবিতো দৃঢ়স্থনিঃ ॥১৪॥
স্কুত্রার্থ।—দীর্ঘকাল সদা সর্ব্বদা তীব্র শ্রদ্ধার
সহিত (সেই পরম-পদ প্রাপ্তির) চেষ্টা করিলেই
অভ্যাস দৃঢ়ভূমি হইয়া যায়।

' ব্যাখ্যা। এই সংযম এক দিনে আইসে না, দীর্ঘকাল নিরস্তর অভ্যাস কবিলে পুর আইসে।

দৃষ্টাপুশ্রেবিকবিষয়বিতৃষ্ণস্থাবশীকারসংজ্ঞাবৈরাগ্যম্॥১৫॥ স্ত্রার্থ।—দৃষ্ট অথবা শ্রুত সর্বপ্রকার বিষয়ের

আকাজ্কা যিনি ত্যাগ করিয়াছেন, তাঁহার নিকট যে একটি অপূর্ব্ব ভাব আইসে, যাহাতে তিনি সমস্ত বিষয় বাসনাকে দমন করিতে পারেন, তাহাকে বৈরাগ্য বা অনাভোগ বলে। (উহা চারি প্রকার—যতমান, ব্যতিরেক, একেন্দ্রিয় ও বশীকার।)

ব্যাখ্যা। হইটি শক্তি আমাদের সমৃদয় কার্যপ্রবৃত্তির নিরামক—(১ম) আমাদের নিজের অভিজ্ঞ**তা।** (২র) অপরের অমুভৃতি। এই হুই শক্তি, আমাদের মনোহ্রদে নানা তরক উৎপাদন কবিতেছে। বৈরাগ্য এ শক্তিম্বয়ের বিরুদ্ধে যুদ্ধ করিবার ও মনকে বশে রাখিবার শক্তিম্বরূপ। হুতরাং আমাদের প্রয়োজন—এই কার্য্যপ্রবৃত্তির নিয়ামক শক্তিদ্বয়কে ত্যাগ করিবার শক্তি লাভ করা। মনে কর, আমি একটি পথ দিয়া যাইতেছি একজন লোক আসিয়া আমার ঘডিট কাডিয়া লইল। ইহা আমার নিজের প্রভাকাহভৃতি। ইহা আমি নিজে দেখিলাম। উহা আমার চিত্তকে তৎকণাৎ ক্রোধরূপ বুত্তির আকারে পরিণত করিয়া দিল। ঐ ভাব আসিতে দিবে না। বদি উহা নিবারণ করিতে না পার, তবে তোমাতে আছে কি ? কিছুই নাই। যদি নিবারণ করিতে পার, তবেই ভোমার বৈরাগ্য আছে, বুঝা ঘাইবে। এইরূপ, সংসাগী লোকে যে বিষয়ভোগ করে ভাছাতে আমাদিগকে শিক্ষা দেয় যে বিষয়-ভোগই জীবনের চরম লক্ষা। এ সকল আমাদের ভরানক প্রামেল বরুপ। ঐ ভালিতে সম্পূর্ণ উদাসীন হওয়া ও মনকে উহাদিগকে লইয়া বুদ্তির আকারে পরিণত হইতে না দেওয়াই

বৈরাগ্য। স্বাস্থভ্ত ও পরাস্থভ্ত বিষয় হইতে যে আমাদের
ছই প্রকার কার্য্য প্রবৃত্তি অন্মার, উহাদিগকে দমন করা ও এইজপে

চিত্তকে উহাদের বশ হইতে না দেওয়াকে বৈরাগ্য বলে। ঐগুলি
যেন আমার অধীনে থাকে, আমি যেন উহাদের অধীন না হই।
এই প্রকার মনের বলকে বৈরাগ্য বলে—এই বৈবাগ্যই মুক্তির
একমাত্র উপায়।

তৎপরং পুরুষখ্যাতেগু ণবৈতৃষ্ণম্॥ ১৬॥

সূত্রার্থ।—যে তীব্র বৈরাগ্য লাভ হইলে আমরা গুণ-গুলিতে পর্য্যস্তু বীতরাগ হই ও উহাদিগকৈ পরিত্যাগ করি, তাহাই পুরুষের প্রকৃত স্বরূপ প্রকাশ করিয়া দেয়।

ব্যাখ্যা। যথন এই বৈরাগ্য আমাদের গুণের প্রতি আসক্তিকে পর্যন্ত পরিভ্যাগ করার, তথনই উহাকে শক্তির উচ্চত্তম বিকাশ (অগ্রা) বলা যার। প্রথমে প্কষ বা আত্মা কীও গুণগুলিই বা কী, তাহা আমাদের জানা উচিত। যোগ-শাস্ত্রেব মতে, সম্দর প্রকৃতি ত্রিগুণাত্মিকা; ঐ গুণগুলির একটির নাম তমঃ, অপবটি বজ্ঞঃ ও তৃতীয়টি সয়। এই তিন গুণ বাহ্ন-জগতে আকর্ষণ, বিকর্ষণ ও উহাদের সামঞ্জন্ম এই ত্রিবিধ ভাবে প্রকাশ পার। প্রকৃতিতে যত বন্ধ আছে, সম্দর্য প্রপঞ্চই এই তিন শক্তির বিভিন্ন সমবান্নে উৎপন্ন। সাংখ্যেরা প্রকৃতিকে নানাপ্রকার, তত্ত্বে বিভক্ত করিয়াছেন; মহুবাের আত্মা ইহাদের সকলগুলির বাহিরে, প্রকৃতির বাহিরে; উহা স্বপ্রকাশ, তদ্ধ ও পূর্ণস্বরূপ; আর প্রকৃতিতে বে কিছু চৈতক্তের প্রকাশ,

দেখিতে পাই, তাহার সমৃদয় প্রকৃতির উপরে আত্মার প্রতিবিদ্ধ
মাত্র। প্রকৃতি নিজে জড়া। এটি শ্বরণ রাধা উচিত বে,
প্রকৃতি বলিতে উহার সহিত মনকেও ব্যাইতেছে। মনও
প্রকৃতির ভিতরের বস্তু। আমাদের যাহা কিছু চিন্তা, তাহাও
প্রকৃতির ভারগত। চিন্তা হইতে অতি স্থলতম ভূত পর্গান্ত
সমৃদয়ই প্রকৃতির অন্তর্গত—প্রকৃতির বিভিন্ন বিকাশ মাত্র।
এই প্রকৃতির অন্তর্গত—প্রকৃতির বিভিন্ন বিকাশ মাত্র।
এই প্রকৃতি মমুব্যের আত্মাকে আবৃত রাথিয়াছে; বখন প্রকৃতি
ক্র আবরণ সরাইয়া লয়েন, তখন আত্মা আবরণমৃক্ত হইয়া
শ্বমহিমায় প্রকৃশিত হন। পঞ্চদশ ক্রে বর্ণিত এই বৈরাগ্যছারা প্রকৃতি বশীভূত হন বলিয়া উহা আত্মার প্রকাশের পক্ষে
অতিশর সাহায়্যকারী। পরস্ত্রে সমাধি অর্থাৎ পূর্ণ
একাগ্রতার লক্ষণ বর্ণনা করা হইয়াছে। উহাই য়োগীর চরম

বিতর্কবিচারানন্দাস্মিতারূপামুগমাৎ সম্প্রজাতঃ ॥১৭॥

সূত্রার্থ।—যে সমাধিতে বিতর্ক, বিচার, আনন্দ ও অশ্মিতা অমুগত থাকে, তাহাকে সম্প্রজ্ঞাত বা সম্যক জ্ঞানপূর্বক সমাধি বলে।

ব্যাখ্যা। সমাধি হুই প্রকার। একটিকে সম্প্রজাত ও অপরটিকে অসম্প্রজাত বলে। এই সম্প্রজাত সমাধিতে প্রকৃতিকে বশীকরণের সমুদ্য শক্তি আইন্নে। সম্প্রজাত সমাধি আবার চারি প্রকার। ইহার প্রথম প্রকারকে সবিভর্ক সমাধি বলে, সকল সমাধিতেই মনকে অন্তাক্ত বিষয় হুইতে সরাইয়া

বিষয়বিশেষের পুন:পুন: অফুধ্যানে নিযুক্ত করিতে হয়। এই প্রকার চিন্তা বা খানের বিষয় ছই প্রকার। প্রথম, জড়-চতুৰ্বিংশতি তম্ব ও দিতীয়,—চেতন পুরুষ। যোগের এই অংশট সম্পূর্ণরূপে সাংখ্যদর্শনের উপর স্থাপিত। এই সাংখ্যদর্শনের বিষয় ভোমাদিগকে পূর্বেই বলিয়াছি। তোমাদের স্মরণ থাকিতে পারে, মন, বৃদ্ধি অংকার—ইহাদের এক সাধারণ ভিত্তিভূমি আছে। উহাকে চিত্ত বলে, চিত্ত হইতেই উহাদের উৎপত্তি। এই চিত্ত প্রকৃতির ভিন্ন ভিন্ন শক্তিগুলিকে গ্রহণ করিয়া উহাদিগকে চিন্ধার্মণে পরিণত করে। আবার শক্তি ও ভূত উভয়েবই কারণীভূত এক পদার্থ আছে, ইহা অবশ্রই স্বীকার করিতে হইবে। এই পদার্থটিকে অব্যক্ত বলে—উহা স্ষ্টির প্রাক্তানীন প্রকৃতির অপ্রকাশিত অবস্থা। উহাতে এক কল্পরে সমুদয় প্রকৃতিই প্রত্যাবর্তন করে, আবার পরকল্পে উহা হইতে পুনরায় সমুদয় প্রাত্তভূতি হয়। এই সমুদয়ের অতীত প্রদেশে চৈত্রেঘন পুরুষ রহিয়াছেন। জ্ঞানই প্রক্লুত শক্তি। কোন বল্পর জ্ঞানলাভ হইলেই আমরা উহার উপব ক্ষমতা লাভ করি। এইরূপে যথনই আমাদের মন এই সমুদর ভিন্ন ভিন্ন বিষয় ধ্যান করিতে থাকে, তথনই উহাদের উপর ক্ষমতা লাভ করিয়া থাকে। যে প্রকার সমাধিতে বাহ্ন সুল ভতগণই ধ্যের হর. তাহাকে সবিতর্ক বলে। বিতর্ক অর্থে প্রাশ্ব—সবিতর্ক অর্থে 🕟 প্রাশ্নের সহিত। বাহাতে ভৃতসমূহ উহাদের অন্তর্গত সভ্য ও উহাদের সমুদর শক্তি ঐরপ ধাানগরায়ণ পুরুষকে প্রদান করে, এইকস্ত ভৃতগুলিকে প্রশ্ন

করা, তাহাকেই স্বিতর্ক বলে। কিন্তু শক্তি লাভ করিলেই মুক্তিলাভ হর না। উহা কেবল ভোগের জল্প চেষ্টা মাঞা। আব এই জীবনে প্রকৃত ভোগম্বধ হইতেই পারে না। ভোগম্বধের অব্যেষণ রুধা, ইহাই জগতে অতি প্রাচীন উপদেশ; কিন্তু মানুবের পক্ষে ইহা ধারণা করা অতি কঠিন। যথন সে ইহার ধারণা করিতে পারে, তথন সে জগতের অতীত হয়া মুক্ত হয়া যায়। যে গুলিকে সাধারণতঃ গুলুশক্তিবলে, তাহা লাভ করিলে ভোগের রুদ্ধি হয় মাঞ্জ, কিন্তু পরিশেষে তাহা হইতে আবার যন্ত্রণারও রুদ্ধি হয়। অবশু, বিজ্ঞানের চক্ষে দৃষ্টি কবিয়া পতঞ্জলি এই গুলু শক্তি লাভের সন্ধারনা শীকার করিয়াছেন। কিন্তু তিনি এই সমুদ্র শক্তির প্রলোভন হইতে আমাদিগকে সাবধান কবিয়া দিতে ভূলেন নাই।

আবার সেই ধ্যানেই যথন ঐ ভৃতগুলিকে দেশ ও কাল ইইতে পৃথক করিয়া উহাদিগের স্বরূপ চিস্তা করা যায়, তথন সেই সমাধিকে নির্ব্ধিতর্ক সমাধি বলে। যথন আব এক সোপান অগ্রসর হইয়া তন্মাত্রগুলিকে ধ্যানের বিষয় করিয়া উহাদিগকে দেশকালের অন্তর্গত বলিয়া চিস্তা করা ধার, তথন তাহাকে সবিচার সমাধি বলে। আবার ঐ সমাধিতে যথন ঐ স্ক্রভৃতগুলিকে দেশকালের অতীত ভাবে লইয়া উহাদের স্বরূপ চিস্তা করা ধার, তথন তাহাকে নির্বিচার সমাধি বলে। ইহার পরবর্ত্তা সোপান এই—ইহাতে স্ক্র্ল্য, স্কুল উভর প্রকার ক্রিপ্তের চিস্তা পরিত্যাগ ক্রিয়া অন্তঃকরণকে ধ্যানের বিষয় ক্রিপ্তে হয়। যথন অন্তঃকরণকে রক্তর্ত্বালেশাম্বিদ্ধরূপে

্চিন্তা করা হয়, তথন উহাকে আনন্দ সমাধি বলে। যথন আমরা অন্তঃকরণকে রজস্তমোলেশীশৃক্ত শুদ্ধ সম্ভরপে চিদ্ধা করি, যথন সমাধি বিশেষ পরিপক্ষ হইয়া যায়, যথন স্থল সম্পন্ন ভ্তের চিন্তা পরিত্যক্ত হইয়া মনের স্বরূপাবস্থাই ধ্যেয় বিষয় হইয়া দাঁড়ায়, কেবল সান্তিক অহজার মাত্র অক্যাক্ত বিষয় হইয়া দাঁড়ায়, কেবল সান্তিক অহজার মাত্র অক্যাক্ত বিষয় হইয়া দাঁড়ায়, কেবল সান্তিক অহজার মাত্র অক্যাক্ত বিষয় হইতে পৃথক্কত হইয়া বর্ত্তমান থাকে, তথন উহাকে অম্মিতা সমাধি বলে। এ অবস্থায়ও সম্পূর্ণরূপে মনের অতীত হওয়া যায় না। যে ব্যক্তি ঐ অবস্থা পাইয়াছেন, তাঁহাকেই বেদে "বিদেহ" বলিয়া থাকে। তিনি আপনাকে, স্থলদেহশূক্তরূপে চিন্তা করিতে পারেন বটে, কিন্তু তাঁহার নিজেকে, স্ক্রমণরীয়ারী বলিয়া চিন্তা কবিতে হইবেই হইবে। যাঁহারা এই অবস্থায় থাকিয়া সেই পরমপদ লাভ না করিয়া প্রকৃতিতে লয় প্রাপ্ত হন, তাঁহাদিগকে প্রকৃতিলীন বলে; কিন্তু যাঁহারা ঐ প্রকার স্ক্র ভোগম্বেও সন্তুর্ত্ত নন, তাঁহারাই চরমলক্ষ্য মৃক্তিলাভ করেন।

বিরামপ্রত্যয়াভ্যাদপূর্বাঃ সংস্কারশেষোহভঃ॥ ১৮॥

স্তার্থ।—অন্ম প্রকার সমাধিতে সর্ব্বদা সমুদয় মানসিক ক্রিয়ার বিরাম অভ্যাস করা হয়, কেবল (ব্যুত্থান প্রত্যয়হীন) সংস্কার-মাত্র অবশিষ্ট থাকে।

ব্যাথা। ইহাই •পূর্ণ জ্ঞানাতীত অসম্প্রজাত সমাধি; ঐ সমাধি আমাদিগকে মুক্তি দিতে পারে। প্রথমে যে সমাধির কথা বুলা হইয়াছে, তাহা আমাদিগকে মুক্তি দিতে পারে না—

আত্মাকে মুক্ত করিতে পারে না। একজন ব্যক্তি সমৃদর শক্তি. শাভ করিতে পারে কিন্তু তাঁহার পুনরায় পতন হইবে। যতকণ না আত্মা প্রকৃতির অতীতাবস্থায় গিয়া সম্প্রজাত সমাধিরও বাহিরে যাইতে পারে, ততক্ষণ পতনের ভয় থাকে। विभि हेहात व्यनामी पूर महक रनिया त्यां हम, किन्छ हेहा লাভ করা অতি কঠিন। ইহার প্রণালী এই—মনকে ধ্যানের বিষয় করিয়া যথনি তাহাতে কোন চিস্তা আসিবে, তথনি তাহাকে দাবাইয়া দেওয়া। মনের ভিতর কোন প্রকার চিন্তা আসিতে না দিষা উহাকে সম্পূর্ণরূপে শৃক্ত করা। যথনি আমরা ইছা যথার্থক্রপে, সাধন করিতে পারিব, সেই মুহুর্ত্তেই আমরা মুক্তি (পরম প্রদংখ্যান) লাভ করিব। পূর্ব্ব সাধন যাঁহারা আয়ত্ত না করিয়াছেন, তাঁহারা যথন মনকে শৃক্ত করিতে চেষ্টা পান, তথন তাঁহাদের চিত্ত অজ্ঞান-সভাব তমোগুণ বারা আবৃত হইয়া যায়, তাহাতে তাঁহাদের মনকে অলম ও অকর্মণ্য করিয়া ফেলে। তাঁহারা কিন্ত মনে করেন আমরা মনকে শৃক্তভাবে ভাবিত করিতেছি। ইহা প্রকৃতরূপে সাধন করিতে সমর্থ হওয়া উচ্চতম শক্তির প্রকাশ— মনকে পুতা করিতে সমর্থ হইলেই সংযমের চুড়ান্ত হইয়া গেল। যথন এই অসম্প্রজাত অর্থাৎ জানাতীত অবস্থা লাভ হয়, उथन के नमाधि निक्वीक इरेग्रा यात्र। नमाधि निक्वीक इन्न, रेहात অর্থ কি ? সম্প্রজাত সমাধিতে চিত্তবৃত্তিগুলি দ্যিত হয় মাত্র, উহারা সংস্থার বা বীব্দ আকারে অবশিষ্ট্র থাকে। আবার সময় ব্দাসিলে তাহারা পুনরায় ত্রন্সাকারে প্রকাশিত হইয়া থাকে। किष भेषथन मः इति छानितक अर्था स्व निर्मा कर्ता इत्र, विथन मन्छ

প্রায় বিনষ্ট হইয়া আইসে, তথনই সমাধি নির্ব্বীক্ষ ইইয়া যায়।
তখন মনের ভিতর এমন কোন সংস্থার-বীক্ষ থাকে না, যাহা ইইতে
এই জীবনলতিকা পুন: পুন: উৎপন্ন ইইতে পারে—যাহা ইইতে এই
অবিরাম ক্ষয়যুত্যকক্র প্রবাহিত ইইতে পারে।

অবশ্র তোমরা জিজ্ঞাসা করিতে পার যে জ্ঞান থাকিবে না, সে আবার কি প্রকার অবস্থা। যাহাকে আমরা জ্ঞান বলি. তাহা ঐ জ্ঞানাতীত অবস্থার সহিত তুলনায় নিমতর অবস্থানাত। এইটি সর্বাদা স্মরণ রাখা উচিত বে, কোন বিষয়ের সর্বোচ্চ ও সর্কনিম প্রান্তবয় প্রায় একই প্রকার দেখায়। ইথারের কম্পন মুত্তম হইলে উহাকে অন্ধকার বলে, আবার উহার উচ্চতম-কম্পনও অন্ধকারের স্থার দেখার। কিন্তু ঐ ছই প্রকার অন্ধকারকে কি এক বলিতে হইবে? উহার একটি—প্রক্বত অন্ধকার, অপরটি—অতি তীব্র আলোক, তথাপি উহারা দেখিতে একই প্রকার। এইরূপে, অজ্ঞান সর্বাপেক্ষা নিয়াবস্থা, জ্ঞান মধ্যাবস্থা, আর ঐ জ্ঞানের অতীত (বিজ্ঞানধাতু) একটি উচ্চ অবস্থা আছে। কিছু অজ্ঞানাবস্থা ও জ্ঞানাতীত (নিঃসন্থ নির্জীব) অবস্থা দেখিতে একই প্রকার। আমরা বাহাকে জ্ঞান বলি, তাহা এক উৎপন্ন দ্রব্য-উহা একটি মিশ্র পদার্থ, উহা প্রকৃত সত্য নহে। এই উচ্চতর সমাধি ক্রমাগত অভ্যাস করিলে তাহার কি ফল হইবে? উহাতে. এই অভ্যাদের পূর্বে আমাদের অন্থিগতা ও জড়ত্বের দিকে মনের যে একটা প্রফণতা ছিল, তাহা ত নষ্ট হইবেই, সঙ্গে সঙ্গে সংপ্রবৃত্তিরও নাশ হইয়া বাইবে। অপরিষ্কৃত স্থবর্ণ হইতে উহার খাদ বাহির করিবার জয় কোন রাসাগনিক দ্রব্য

মিশাইলে যাহা হয়, এ ক্লেত্রেও ঠিক তাহাই হইয়া থাকে। ধবন খনি হইতে উদ্ভোগিত অপরিষ্কৃত ধাতুকে গলান হয়, তখন ধে রাসায়নিক পদার্থগুলি উহার সঙ্গে মিশান হয়, সেগুলিও ঐ থাদের সহিত গলিয়া যায়। এই প্রকারেই সর্বাদা পূর্ব্বোক্ত সমাধি অভ্যাসরূপ সংয্ম-শক্তিবলে প্রথমে পূর্ববতন অসৎ প্রবৃত্তিগুলি ও পরিশেষে সৎপ্রবৃত্তিগুলিও চলিয়া ঘাইবে। এইরূপে সদসৎ প্রবৃত্তিরয়ের নিরোধে আত্মা সর্ববন্ধনবিমুক্ত হইয়া স্বমহিমায়, সর্বব্যাপী সর্বশক্তিমান ও সর্বজ্ঞ রূপে অবস্থিত থাকিবেন। স্তরাং সমুদয় শক্তি ত্যাগ করিলেই আমরা সর্কাশক্তিমান্ হইতে পারি, এই কুদ্র জীবনের অভিমান ত্যাগ করিলেই আমরা মৃত্যু অভিক্রম করিয়া মহাপ্রাণরূপে অবস্থিত হইতে পারি। তখন মামুষ জানিতে পারিবে, কোনকালেই তাহার জন্ম মৃত্যু ছিল না, তাহার ম্বর্গ বা পৃথিবী কখনই কিছুরই প্রয়োজন ছিল না। সে তথন বুঝিবে, তাহার আসা যাওয়া কোন কালেই নাই, আসা যাওয়া কেবল প্রকৃতির। আর প্রকৃতির ঐ গতিই আত্মার উপর প্রতিবিধিত হইয়াছিল। কাচ হইতে প্রতিবিশ্বিত হইয়া প্রাচীরের উপর আগোক পড়িয়াছে ও নড়িতেছে। প্রাচীর নির্বোধের মত্ভাবিতেছে, আমিই নডিতেছি। আমাদের সকলের সম্বন্ধেই এইরূপ: চিত্তই ক্রমাগত এদিক ওদিক ঘাইতেছে, উচা আপনাকে নানারূপে পরিণত করিতেছে, কিন্ত অনুমরা মনে করিতেছি. জামরা এই বিভিন্ন আকার ধারণ করিতেছি। অসম্প্রজাত শুমাৰির অভ্যাসে এই সমুদর অজ্ঞানই চলিয়া ঘাইবে ৷ সেই

মুক্ত আত্মা হখন বাহা আজ্ঞা করিবেন-প্রার্থনা বা ডিক্সকের মত যাচ্ঞা নয়, কিন্ত আজ্ঞা করিবেন,—'তিনি ধাহা ইচ্ছা করিবেন তৎক্ষণাৎ ভাহাই পূর্ণ হইবে, ডিনি যথন যাহা ইচ্ছা করিবেন, তথন তাহাই করিতে সমর্থ হইবেন। সাংখ্যদর্শনের मर्छ, क्रेश्वरतत व्यक्तिय नारे। এই पर्यन वर्णन, कर्गार्डत क्रेश्वत কেহ থাকিতে পারেন না, কারণ, যদি তিনি থাকেন, তাহা হইলে তিনি নিশ্চয়ই আত্মা, আর আত্মা বদ্ধ বা মুক্তস্বভাব--এই উভয়ের অন্তত্তর। যে আত্মা প্রকৃতির বশীভূত, প্রকৃতি যে আত্মার উপর আধিপত্য স্থাপন করিয়াছেন, তিনি কিরূপে স্ষ্টি করিতে পারেন? তিনি ত নিজেই দাসরপ। আবার যদি অপর পক্ষ গ্রহণ করা যায়, অর্থাৎ আত্মাকে যদি মুক্ত বলিয়া দ্বীকার করা যায়, তবে এই আপত্তি আইলে যে, মুক্ত আত্মা কিরূপে স্বষ্টি ও এই সমুদয় জগতের ক্রিয়াদি নির্বাহ কবিতে পারেন? উঁহার কোন বাসনা থাকিতে পারে না. মুতরাং উহার সৃষ্টি ও জগৎশাসনাদি করিবার কোন প্রয়োজন থাকিতে পারে না। দিতীয়ত:, এই সাংখ্যদর্শন বলেন যে, ঈশবের অন্তিত্ব স্বীকার করিবার কোন আবশুক নাই। প্রকৃতি স্বীকার করিলেই যখন সমুদ্ধ ব্যাখ্যা করা যায়, তখন ঈশ্বরের আর প্রয়োজন কি? তবে কপিল বলেন, অনেক আত্ম। এরূপ আছেন, যাঁহারা সিদ্ধাবস্থার কাছাকাছি যাইরাও বিভূতিলাভের বাসনা সম্পূর্ণরূপে ত্যাগ করিতে না পারায় ধোগভ্রষ্ট হন। তাঁহাদের মন কিছুদিন প্রকৃতিতে লীন হইয়া থাকে: তাঁহারা যখন আবার উৎপন্ন হন, তথন প্রাকৃতির

প্রভূ হইয়া আসেন। ইহাদিগকে যদি ঈশার বল, তবে এরপ ঈশার আছেন বটে। আমরা সকলেই এক সমরে এরপ ঈশারছ লাভ করিব। আর সাংখ্যদর্শনের মতে, বেদে ষে ঈশারের কথা বণিত হইয়াছে, তাহা এইরূপ একজন মুক্তাত্মার বর্ণনা মাত্র। ইহা ব্যতীত নিত্যমূক্ত, আনন্দমর, জগতের স্পষ্টিকর্ত্তা কেহ নাই। আবার এদিকে যোগীরা বলেন, "না, একজন ঈশার আছেন, অক্যান্ত সমুদর আছোন সমুদর পুরুষ—হইতে পৃথক্ একজন বিশেষ পুরুষ আছেন; তিনি সমুদর সৃষ্টির অনস্ত দিত্য প্রভূ, নিত্যমূক্ত, সমুদর গুরুর গুরুর করেপ।" যোগীরা অবশ্র, সাংখ্যেরা যাহাদিগকে প্রকৃতিলীন বলেন, তাহাদেরও অক্তিত্ব স্থীকার করেন। তাহারো বলেন বে, ইহারা যোগভাই যোগী। কিছুকালের জন্ত তাহাদের চরম্বাক্তা গমনের ব্যাত্মান্ত ঘটিয়া থাকে বঁটে, কিন্ত তাহাদের চরম্বাক্তের অংশবিশেষের অধিপতিরূপে অবন্থিতি করেন।

ভবপ্রত্যয়ো বিদেহপ্রকৃতিলয়ানাম্ ॥ ১৯ ॥

স্ত্রার্থ।—(সমাধি পর-বৈরাগ্যের সহিত অমুষ্ঠিত । না হইলে) তাহাই দেবতা ও প্রকৃতিলীনদিগের পুনরুংপত্তির কারণ।

ব্যাখ্যা। ভারতীয় সমূদয় ধর্মপ্রণাণীতে দেবতা অর্থে কতকগুলি উচ্চপদস্থ ব্যক্তিগণকে বৃঝায়। ভিন্ন ভিন্ন জীনাত্মা ক্রমান্থ্যে ঐ পদ পূর্ণ করেন। কিন্তু ইহাদের মধ্যে কেহই পূর্ণ মহেন। শ্রদাবীর্যাম্মতিসমাধিপ্রজ্ঞাপূর্বক ইতরেষাম্ ॥২০॥

সূত্রার্থ।—'অপর কাহারও কাহারও নিকট শ্রদ্ধা অর্থাৎ বিশ্বাস, বীর্য্য অর্থাৎ মনের তেজ্কঃ, স্মৃতি, সমাধি বা একাগ্রতা, ও সত্য বস্তুর বিবেক হইতে এই সমাধি উৎপন্ন হয়।

ব্যাথ্যা। যাঁহারা দেবত্বপদ অথবা কোন কল্পের শাসনভার প্রার্থনা না করেন, তাঁহাদেরই কথা বলা হইতেছে। তাঁহারা মুক্তিলাভ করেন।

তীব্রসংবেগানামাসমঃ ॥২১॥

সূত্রার্থ।—যাঁহারা অত্যস্ত আগ্রহযুক্ত বা উৎসাহী, তাঁহারা অতি শীঘ্রই যোগে কৃতকার্য্য হন।

মৃত্যুমধ্যাধিমাত্রত্বাৎ ততোহিশি বিশেষঃ ॥২২॥

সূত্রার্থ।—আবার মৃত্ব চেষ্টা, মধ্যম চেষ্টা, অথবা অত্যস্ত অধিক চেষ্টা, এই অনুসারেই যোগিগণের সিন্ধির বিশেষ বা ভেদ দেখা যায়।

ঈশ্বরপ্রণিধানাদ্বা ॥২৩॥

স্ত্রার্থ।—অথবা ঈশ্বরের প্রতি ভক্তি দ্বারাও (সমাধি লাভ হয়)।

> কুেশকর্মবিপাকাশরৈরপরামৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বরঃ ॥২৪॥

সূত্রার্থ।—এক বিশেষ পুরুষ, যিনি ছঃখ, কর্ম্ম, কর্মফল অথবা বাসনা দ্বারা অস্পৃষ্ট, তিনিই ঈশ্বর (পরম নিয়ন্তা)।

ব্যাখ্যা। আমাদের এথানে পুনরায় শ্বরণ করিতে হইবে
যে, পাতঞ্জল যোগশাস্ত্র সাংখ্যদর্শনের উপর স্থাপিত, কিন্ধ সাংখ্যদর্শনে ঈশ্বরের স্থান নাই; যোগীরা কিন্ধ ঈশ্বর স্থীকার করিয়া
থাকেন। যোগীরা ঈশ্বর স্থীকার করিলেও স্পষ্টকর্ত্ত্ত্বাদি ঈশ্বরসম্বন্ধীয় বিবিধ ভাবের কোন প্রসঙ্গ উত্থাপন করেন না। যোগীদিগের ঈশ্বর অর্থে জগতের স্পষ্টকর্ত্তা। বেদের অভিপ্রায় এই,
ক্রগতে যথন সামঞ্জন্ম দেখা যাইতেছে, তথন জগৎ অবশ্ব এক
ইচ্চাশক্তিরই বিকাশ হইবে।

বোগীরা ঈশ্বরান্তিত্ব স্থাপনের জন্ত এক নূতন ধরণের যুক্তির অবতারণা করেন। তাঁহারা বলেন—

তত্ত্র নিরতিশয়ং সর্ববজ্ঞবীজম্ ॥২৫॥

স্ত্রার্থ।—অন্তেতে যে সর্বজ্ঞত্বের বীজ আছে, তাহা তাঁহাতে নিরতিশয় অর্থাৎ অনস্ত ভাব ধারণ করে।

ব্যাখ্যা। মনকে অতি বৃহৎ ও অতি ক্ষুদ্র এই ছইটি চূড়াম্ব ভাবের ভিতর ভ্রমণ করিতে হইবেই হইবে। তুমি অবশু সীমাবদ্ধ দেশের বিষয় চিন্তা করিতে পার, কিন্তু উহা চিম্ভা করিতে গেলেই, উহার সঙ্গে সঙ্গে তোমাকে অনম্ভ দেশের চিন্তা করিতে হইবে। চকু মুদ্রিত করিয়া বদি একটি ক্ষুদ্র দেশের বিষয় চিম্বা ফর, তাহা হইলে দেখিতে পাইবে, ষে মুহুর্ব্বে ঐ কুদ্র দেশরূপ কুর্ত্বন্ত দেখিতে পাইতেছ, সেই মুহুর্ব্বেই উহার চতুর্দিকে অনস্ত বিস্তৃত আর একটি বৃত্ত রহিয়াছে। কাল সম্বন্ধেও ঐ কথা। মনে কর, তুমি এক সেকেও সময়ের বিষয় ভাবিতেছ, তৎসঙ্গে সক্ষেই তোমাকে অনস্ত কালের কথা চিম্বা করিতে হইবে। জ্ঞান সম্বন্ধেও ঐরূপ মার্ম্বে কেব্ল জ্ঞানের বীজ্ঞ-ভাব আছে। কিন্তু ঐ কুদ্র জ্ঞানের চিম্বা করিতে হইবে। ইতাব সঙ্গেসকে অনস্ত জ্ঞানের বিষয় চিম্বা করিতে হইবে। ইতাব সঙ্গেসকে অনস্ত জ্ঞানের বিষয় চিম্বা করিতে হইবে। ইতাব সঙ্গেসকে অনস্ত জ্ঞানের বিষয় চিম্বা করিতে হইবে। ইতবাং আমাদের নিজ মনের গঠন ইহা হুইতেই বেশ প্রতিপন্ন হইতেছে যে, এক অনস্ত জ্ঞান রহিয়াছে। যোগীরা সেই অনস্ত জ্ঞানকে ক্ষম্বর বলেন।

পূর্ব্বেষামপি গুরুঃ কালেনানবচ্ছেদাৎ ॥২৬॥
স্থ্রার্থ।—তিনি পূর্ব্ব পূর্ব্ব (প্রাচীন) গুরুদিগেরও
গুরু, কারণ, তিনি কালদারা সীমাবদ্ধ নন।

ব্যাখ্যা। আমাদিগের অভ্যস্তরেই সমুদয় জ্ঞান রহিয়াছে
বটে, কিন্তু অপর এক জ্ঞানের দারা উহাকে জ্ঞাগরিত করিতে
হইবে। জ্ঞানিবার শক্তি আমাদের ভিতবেই আছে বটে, কিন্তু
উহাকে জ্ঞাগাইতে হইবে। আর যোগীরা বলেন, ঐরূপে জ্ঞানের
উন্মেষ কেবল অপর একটি জ্ঞানের সাহায্যেই সম্ভব হইতে পারে।
জড়, অচেতন ভূত কথল জ্ঞান বিকাশ করাইতে পারে না—
কেবল জ্ঞানের শক্তিতেই জ্ঞান বিকাশ হইয়া থাকে।
আমাদের ভিতরে বে জ্ঞান আছে, তাহার উন্মেষের ক্ষম্ম জ্ঞানী

वाकिशालव मर्वनारे जामात्मत्र निकृष्ठे शाकात প্রয়োজন, সুতরাং **এই छक्र**गानत मर्सनारे श्राह्मान हिन। स्ना९ कथन् এই সকল আচার্ঘ্যবির্হিত হয় নাই। কোন জ্ঞানই তাঁহাদের সহায়তা ব্যতীত আদিতে পারে না। ঈশ্বর সমুদয় গুরুরও গুক, কারণ. এই সমস্ত গুরুগণ যতই উন্নত হউন না কেন, জাঁহারা দেবতাই হউন, অথবা স্বৰ্গদুতই হউন, সকলেই বদ্ধ ও কাল ছারা দীমাবদ্ধ, কিন্তু ঈশ্বর কাল ছারা আবদ্ধ নন। যোগীদিগের এই হুইটি বিশেষ দিদ্ধান্ত—প্রথমটি এই যে, শান্ত বস্তুর চিন্তা করিতে গেলেই মন বাধ্য হইয়াই অনস্তের চিন্তা করিবে। আর যদি ঐ মানসিক অমুভৃতিব এক ভাগ সত্য হয়, তবে উহার অপর ভাগও সত্য হইবে। কারণ, হুইটিই যথন সেই একই মনের অমুভৃতি, তথন ছুইটি অমুভৃতির মূল্যই সমান। মানুষেব অল্ল জ্ঞান আছে অর্থাৎ মানুষ অল্লজ-ইহা হইতেই বঝা যাইতেছে যে ঈশ্বরের অনস্ত জ্ঞান আছে—ঈশ্বর অনম্ভর্জানসম্পন্ন। যদি আমরা এই হুইটি অনুভৃতির ভিতরে একটিকে গ্রহণ কবি. তবে অপরটিকেও গ্রহণ না করিব কেন? যুক্তি ত বলে—হাঁয়, উভয়কে গ্রহণ কর, নয়, উভয়কেই পরিত্যাগ কর। যদি আমি বিশ্বাস কবি যে, মানব অল্পজ্ঞানসম্পন্ন, তবে আমাকে অবশ্রুই স্বীকার করিতে হইবে যে, তাহার পশ্চাতে একজন অসীমজ্ঞানসম্পন্ন পুৰুষ আছেন। বিতীয় সিদ্ধান্ত এই যে, শুরু ব্যতীত কোন জ্ঞানই হুইতে পারে না। বর্ত্তমান কালের দার্শনিকগণ যে বলিরা থাকেন, মাহুষের জ্ঞান তাহার আপনার ভিতর হইতে উৎপন্ন হয়, এ কথা সত্য বুটে, সমুদ্র

জ্ঞানই মান্থবের ভিতরে রহিয়াছে বটে, কিছ ঐ জ্ঞানেব উলেবের জন্ত কতকগুলি অনুকূল পারিপার্ধিক অবস্থার প্রয়োজন। আমরা গুরু বাতীত কোন জ্ঞান লাভ করিতে পারি না। এক্ষণে কথা হইতেছে, যদি মন্থা, দেব, অথবা স্থার্গবাসী দ্তবিশেষ আমাদের গুরু হন, তাহা হইলে, তাঁহারা ত সকলেই সসীম; তাঁহাদের পূর্বে তাঁহাদের আবার গুরু কে ছিলেন? আমাদিগকে বাধ্য হইয়া এই চরম সিদ্ধান্ত স্থির করিতে হইবেই হইবে যে, এমন একজন গুরু আছেন, যিনি কালেব ছাবা সীমাবদ্ধ বা অবচ্ছিয় নহেন। সেই এক স্কনন্তজ্ঞানসম্পন্ধ গুরু, যাঁহার আদিও নাই, অন্তও নাই, তাঁহাকেই ঈশ্বর বলে। ২7 টিঃ

তস্থ বাচকঃ প্রণবঃ॥ ২৭॥ স্থুতার্থ।—প্রণব অর্থাৎ ওঙ্কার তাঁহার প্রকাশক।

ব্যাখা। তোমার মনে যে কোন ভাব আছে, তাহারই এক প্রতিরূপ শব্দও আছে; এই শব্দ ও ভাবকে পৃথক্ করা বায় না। একই বস্তব বায়ভাগটিকে শব্দ ও তাহারই অন্তর্ভাগটিকে চিস্তা বা ভাব আখ্যা দেওয়া ইইরা থাকে। কোন ময়্ময়ই বিশ্লেষণবলে চিস্তাকে শব্দ হইতে পৃথক্ করিতে পারে না। কতকগুলি লোক একত্রে বসিয়া কোন্ ভাবের কায় কি শব্দ প্রয়োগ করিতে হইবে, এইরূপ ছির করিতে করিতে ভাষাব উৎপত্তি হইয়াছে, এইরূপ ছানেকের মত; কিছ এই মত যে স্থাত্মক, তাহা প্রমাণিত ইইয়াছে। বতদিন মায়্ময় রহিয়াছে, ভতদিন শব্দ ও ভাষা উভয়েরই অন্তিত্ত "রহিয়াছে। একণে কথা ইইতেছে, একটি ভাব ও

একটি শব্দে পরম্পর সম্বন্ধ কি? আমরা যদিও দেখিতে পাই যে, একটি ভাবের সহিত একটি শব্দ থাকা চাই-ই চাই, কিন্তু এক ভাব যে একটি মাত্র শব্দের দ্বাবা প্রকাশিত হইবে, তাহা নহে। কুড়িটি বিভিন্ন দেখে ভাব একরূপ হইতে পাবে, কিন্তু ভাষা সম্পূর্ণ পুথক পুথক। প্রত্যেক ভাব প্রকাশ করিতে গেলে অবশ্য একটি না একটি শব্দের প্রয়োজন হইবে, কিন্ধ এই একভাব-প্রকাশক শব্দগুলিকে যে এক প্রকাব উচ্চাবণবিশিষ্ট হইতে হইবে, তাহাব কোন প্রয়োজন নাই। ভিন্নভিন্ন জার্ডিতে অবশ্র ভিন্নভিন্ন উচ্চারণবিশিষ্ট শব্দ ব্যবহার করিবে। সেই জন্ম টীকাকার বলিয়াছেন যে. "যদিও ভাব ও শব্দেব পরম্পাব সম্বন্ধ স্বাভাবিক, কিন্তু এক শব্দ ও এক ভাবেব মধ্যে যে একেবাবে এক অন্তিক্রমণীয় সম্বন্ধ থাকিবে, ভাহা বুঝাইতেছে না।" * এই সমস্ত শব্দ বিভিন্নবিভিন্ন হয় বটে তথাপি শব্দ ও ভাবের প্রক্রপ্র সম্বন্ধ স্বাভাবিক। যদি বাচ্য ও বাচকের মধ্যে প্রকৃত সম্বন্ধ থাকে, তবেই ভাব ও শব্দেব মধ্যে পরম্পর সম্বন্ধ আছে বলা যায়, তাহা না হটলে সে वाहक भक्त कथनहे मर्खमाधारत वादहात कतिएक भारत ना। বাচক বাচ্য-পদার্থের প্রকাশক। যদি সে বাচ্য বন্তর পূর্ব্ব হটতে অন্তিত্ব থাকে, আর আমরা যদি পুনঃপুনঃ প্রীকাদারা দেখিতে পাই বে. ঐ বাচক শব্দটি ঐ বন্ধকে অনেক বার

^{*} সর্ব্বে এব শব্দঃ সর্ব্বাকারার্থাভিধানসমর্থা—ইতি স্থিত এবৈষাং স্বৰ্কাকার্ট্ররথেঃ স্বাভাবিকঃ সম্বন্ধঃ।

[—] ব্যাসভাব্যৈর বাচশাভিষিত্রকৃত টীকা

বুঝাইয়াছে, তাহা হইলে আমরা বুঝিতে পারি যে, ঐ বাচ্য বাচকের মধ্যে যথার্থ একটি সম্বন্ধ আছে। যদি ঐ পদার্থগুলি উপম্বিত না থাকে, সহস্রসহস্র ব্যক্তি উহাদের বাচকের ছারাই উহাদের জ্ঞান লাভ করিবে। বাচ্য ও বাচকের মধ্যে স্বাভাবিক সময় থাকা বিশেষ আবশ্যক: তাহা হইলেই যথন ঐ বাচক শব্দটিকে উচ্চাবণ করা হইবে, তথনই উহা ঐ বাচ্য-পদার্থ টির কথা মনে উল্লেখ কবিয়া দিবে। স্থতকার বলিতেছেন, ওঙ্কাব ঈশরের বাচক। স্তুকার বিশেষভাবে 'ওঁ' এই শব্দটের উল্লেখ কবিলেন কেন? "'ঈশ্বং'' এই ভাবটি বুঝাইবাব জক্ত ত শত শত শব্দ রহিয়াছে। একটি ভাবেব সহিত সহস্রসহস্র শন্দেব সম্বন্ধ থাকে। ঈশ্বর ভাবটি শত শত শব্দেব সহিত সম্বন্ধ রহিয়াছে, উহার প্রত্যেকটিই ত ঈশবের বাচক। ভাল, তাহাই হইল; কিন্তু তাহা হইলেও ঐ শব্দগুলির মধ্যে একটি সাধারণ শব্দ বাহির করা চাই। ঐ সমুদর বাচকগুলিব একটি সাধারণ শব্দ-ভূমি বাহির করিতে হইবে—আব যে বাচক শব্দটি সকলের সাধারণ বাচক হইবে, সেই বাচক শব্দটিই সর্বন্দ্রেষ্ঠরূপে পরিগণিত **इटेर्ट.** चार म्हिंग्डें राज्यविक खेशांत्र यथार्थ राहक इटेर्टर। কোন শব্দ উচ্চারণ করিতে হইলে, আমরা কণ্ঠনালী ও তালকে শব্দোচ্চারণাধাররূপে বাবহার কবিয়া থাকি। এমন কি কোন ভৌতিক শীক্ষ আছে, অপর সমুদয় শব্দ যাহাব প্রকাশ স্বরূপ—যাহা স্বভাবত:ই অক্ত সমুদর শব্দগুলিকে বুঝাইতে পারে ? ওঁ—এই শব্দই এই প্রকার; উহাই সমৃদর

শব্দের ভিত্তি-স্বরূপ। উহার প্রথম অক্ষব 'অ' সমুদয় শব্দের মৃল-উহাই সমৃদয় শব্দের কুঞ্চিকাম্বরূপ, উহা ভিহ্বা অথবা তালুর কোন অংশ স্পর্শ না করিয়াই উচ্চারিত হয়। 'ম'---বর্গীয় সমুদয় শব্দের শেষ শব্দ, উহার উচ্চাবণ করিতে হইলে, ওর্গ্রন্থ কর্ম কবিতে হয়। আর 'উ' এই শব্দ জিহ্বামূল হইতে মুখমধ্যবর্তী শব্দাধারের শেষ সীমা পর্যান্ত যেন গড়াইয়া যাইতেছে। এইরূপে 'ওঁ' শব্দটিব দ্বার। সমুদয় শব্দোচ্চারণ ব্যাপারটি প্রকাশিত হইতেছে। এই কারণে উহাই স্বাভাবিক বাচক শব্দ---উহাই সমুদন্ন ভিন্ন ভিন্ন শব্দের জননী-স্বরূপ। যত প্রকার শব্দ উচ্চারিত হইতে পাবে—আমাদের ক্ষমতায় যত প্রকার শব্দ উচ্চারণের সম্ভাবনা আছে, উহা তৎ সমুদয়ের স্চক। এই সকল আমুমানিক গবেষণা ছাড়িয়া দিলেও দেখা যায়, ভাবতবর্ষে যত প্রকার বিভিন্ন ধর্মভাব আছে, এই ওঙ্কার সকল-গুলিবই কেন্দ্র স্বরূপ, বেদের বিভিন্ন ধর্মভাবসমহ এই ওঙ্কারকে আশ্রয় করিয়া রহিয়াছে। এক্ষণে কথা হইতেছে. ইহার সহিত আমেরিকা, ইংলও ও অক্তান্ত দেশেব কি সম্বন্ধ আছে। ইহার উত্তর এই—সর্বদেশে এই ওক্কারের ব্যবহার চলিতে পারে; ভাহার কাবণ এই যে, ভারতবর্ষে ষতরূপ বিভিন্ন ধর্মভাবের বিকাশ হইমাছে, ওন্ধার তাহাব প্রত্যেক সোপানেই পরিরক্ষিত হইয়াছে ও উহা ঈশ্বসম্বনীয় ভিন্নভিন্ন ভাব বুঝাইবার অস্ত ব্যবহৃত হইরাছে। "অহৈতবাদী, দৈতবাদী, হৈতাহৈতবাদী, ভেদাভেদবাদী, এমন কি নান্তিকগণ পৰ্যস্ত তাঁহালৈর উচ্চতম আদর্শ প্রকাশের অন্ত এই ওক্কার অবলম্বন

করিয়াছিলেন। স্থতরাং কার্য্যতঃ যথন এই ওক্কার মানব জাতির অধিকাংশের ধর্ম্মভাব প্রকাশের জন্ম ব্যবহৃত হইতেছে, ভথন সকল দেশের সকল জাতিই ইহা অবলম্বন করিতে পারেন। ইংরাজী 'গড' শব্দ ধর, উহাতে যে ভাব প্রকাশ করে, তাহা বড় বেশী দূব যাইতে পারে না। যদি তুমি উহার অতিরিক্ত কোন ভাব ঐ শব্দ দারা ব্যাইতে ইচ্ছা কর, ভবে ভোমাকে উহাতে বিশেষণ যোগ করিতে হইবৈ— যেমন (Personal) সপ্তণ, (Impersonal) নিশ্রণ, (Absolute) নির্বিশেষ ইত্যাদি। অন্য সমুদ্র ভাষাতেই ঈশ্বরবাচক যে সকল শব্দ আছে, তৎসম্বন্ধেও এই কথা থাটে; উহাদের অতি অল্প-ভাব প্রকাশ করিবাব শক্তি আছে। কিশ্ব 'ওঁ' এই শব্দে এই সর্বপ্রকার ভাবই রহিয়াছে। অভএব, উহা সর্ব্বসাধারণের গ্রহণ করা আবশ্যক।

তজ্জপস্তদৰ্থভাবনম্॥ ২৮॥

স্তার্থ।—এই ওঙ্কারের পুনঃপুনঃ উচ্চারণ ও উহার অর্থ ধ্যান (সমাধিলাভের উপায়)।

ব্যাথ্যা। এক্ষণে কথা হইতেছে, পুন:পুন: উচ্চারণের আবশুকতা কি? অবশু, আমাদের সংস্কারবিষয়ক মতবাদের কথা স্মরণ আছে; সমুদম্ব সংস্কারসমষ্টিই আমাদের মনোমধ্যে অবস্থিত আছে। সংস্কারগুলি মনের মধ্যে বাস করে; তাহারা ক্রমশ: স্ক্রাণুস্ক্র হইয়া অব্যক্তভাব ধারণ করে বটে, কিন্তু একেবারে লৃপ্ত হয় না, উহারা মনের মধ্যেই অবস্থিত থাকে;

উদীপক কারণ উপস্থিত হইলেই উহারা ব্যক্তভাব ধাবণ করে। व्यागिवक कष्णन कथनहे निवृत्व हहेरव ना। यथन এই সমূদয় জগৎ নাশ হইবে, তখন প্রকাণ্ডপ্রকাণ্ড কম্পন বা প্রবাহ সমুদয়ই চলিয়া যাইবে; হুগ্য, চক্র, তারা, পৃথিবী সকলই লয় হইয়া যাইবে; কিন্তু পরমাণুগুলিব মধ্যে যে কম্পন ছিল, তাহা থাকিবে। এই বৃহৎ বৃহৎ ব্রহ্মাণ্ডে যে কার্য্য হইতেছে, প্রত্যেক পরমাণু সেই কার্য্য সাধন করিবে। বাহ্যবস্তু সম্বন্ধে যেরূপ কথিত হইল, চিত্ত সম্বন্ধেও তজ্ঞপ। চিত্তের অভ্যন্তবস্থ কম্পন সম্দয় জ্প্রকাশ হইবে বটে, কিন্তু পরমাণু-কম্পনের স্থায় তাহাদের স্ক্র গতি অব্যাহত থাকিবে, তাহারা উত্তেজক কারণ পাইলেই পুন: প্রকাশিত হইয়া পড়িবে। পুন:পুন: উচ্চারণের অর্থ এক্ষণে বুঝা যাইবে। আমাদের ভিতৰ সে দকল ধর্ম্মের সংস্কার আছে, ইহা সেইগুলিকে বিশেষভাবে উত্তেঞ্জিত কবিবার প্রধান সহায়। "ক্রণমিহ সজ্জনসঙ্গতিবেকা। ভবতি ভবার্ণব-তরণে নৌকা॥" (শংকরকৃত মোহমূদাব, ৫)। ক্ষণমাত্র সাধুসক, ভবসমূজ পারের একমাত্র নৌকা স্বরূপ হয়। সৎসক্ষের এতদুর শক্তি ! বাহু সৎসঙ্গের যেমন শক্তি কথিত হইল, তেমনি আন্তরিক সংসক্ত আছে। এই ওঙ্কারের পুন:পুন: উচ্চারণ ও উহার অর্থ স্মরণ করাই নিজ অন্তরে সাধুসঙ্গ করা। পুন:পুন: উচ্চারণ কর এবং তৎসব্দে উচ্চারিত শব্দের অর্থ ধ্যান কর, তাহা হইলে হ্বদয়ে জ্ঞানালোক আসিবে ও আত্মা প্রকাশিত হইবেন।

· কিন্তু বেমন 'ওঁ' এই শব্দের চিন্তা করিতে হইবে, তৎসঙ্গে উহার ^{গু}অর্থেরও চিন্তা করিতে হইবে। অসৎসঙ্গ ত্যাগ, কর, কারণ, পুরাতন ক্ষতের চিক্ন এখনও তোমার অঙ্কে রহিয়াছে; এই অসৎসঙ্গর্মপ তাপ যেই উহার উপর প্রযুক্ত হয়, অমনিই আবার সেই ক্ষত পূর্ব-বিক্রেমে আসিয়া দেখা দেয়। এই উদাচ্বরণের ঘারাই বোধগম্য হইবে যে, আমাদেব ভিতরে যে সকল উত্তম সংস্কার আছে, দেগুলি একণে অব্যক্ত ভাব ধারণ করিয়াছে বটে, কিন্তু উহারা আবার সৎসঙ্গের ঘারা জাগরিত হইবে—বাক্তভাব ধারণ করিবে। সৎসঙ্গ অপেক্ষা জগতে পবিব্রতর কিছু নাই, কারণ, সংসঙ্গ হইতেই শুভ সংস্কারগুলি জাগরিত হইবার হুযোগ উপস্থিত হয়—এগুলি চিত্তরদের, তলদেশ হইতে উপবিভাগে আসিবাব উপক্রম করে।

ততঃ প্রত্যক্চেতনাধিগমোহপ্যন্তরায়াভাবশ্চ ॥২৯॥

স্ত্রার্থ।—উহা হইতে অন্তদৃষ্টি লাভ হয় ও যোগ-বিশ্বসমূহ নাশ হয়।

ব্যাথা। এই ওক্কার জপ ও চিস্তাব প্রথম ফল এই দেখিবে যে, ক্রমশঃ অন্তর্দৃষ্টি বিকশিত এবং মানসিক ও শারীরিক ঘোগ-বিম্নসমূদয় দ্বীভূত হইতে থাকিবে। একণে এই হইতেছে, এই যোগবিম্নগুলি কি কি?

ব্যাধিস্ত্যানসংশয় প্রমাদালস্থাবিরতিভ্রান্তিদর্শনালব্ধ-ভূমিকত্বানবস্থিতত্ত্বানি চিত্তবিক্ষেপাস্তেহস্তরায়াঃ॥৩০॥

সূত্রার্থে।—রোগ, মানসিক জড়তা, সন্দেহ, উত্তম-রাহিড্য, আলস্ত, বিষয়তৃষ্ণা, মিথ্যা অমুভব, একাগ্রতা

লাভ না করা, ঐ অবস্থা লাভ হইলেও তাহা হইতে পতিত হওয়া—এইগুলিই চিত্তবিক্ষেপের অন্তরায়।

বাাখা। ১ম ব্যাধি-এই জীবন-সমুদ্রের অপর পারে यारेट्न रहेटन, धरे भंगीतरे छेरा भात रहेवात धकमाज मोका। ইহাকে স্বস্থ রাখিবার জন্ম বিশেষ যত্ন করিতে হইবে। অসুস্থ-শবীরিগণ যোগী হইতে পারে না। মানসিক জডতা আসিলে, আমাদের যোগবিষয়ক প্রবল অমুরাগ নষ্ট হইয়া যায়। উহার অভাবে সাধন করিবার জন্ম যে দৃঢ় সংকল্প ও শক্তি পাকা প্রয়োজন, তাহার কিছুই থাকে না। আমাদের এই বিষয়ে বিচাবজ্ঞনিত বিখাস যতই থাকুক না কেন, যতদিন না দুবদর্শন, দুবশ্রবণাদি অনৌকিক অমুভৃতি না আসিবে, ততদিন এই বিস্থার সভ্যতা বিষয়ে অনেক সন্দেহ আসিবে। যথন এই সকলের একটুএকটু আভাদ আদিতে থাকে, তথন মনও থুব দৃঢ় হইতে থাকে, তাহাতে ঐ সাধককে সাধনপথে আরও অধ্যবসায়শীল করিয়া তুলে। অনবস্থিতত্ব-কয়েক দিন বা ক্ষেক সপ্তাহ ধরিয়া সাধন করিবার সময় দেখিবে, মন বেশ সহজে একাগ্র ও স্থির হইতেছে; বোধ হইতেছে, তুমি সাধনপথে শীঘ্র শীঘ্র খুব উন্নতি করিতেছ। একদিন দেখিবে, হঠাৎ তোমার এই উন্নতিস্ৰোত বন্ধ হইয়া গেল। তুমি দেখিলে, যেন হঠাৎ একদিন তোমার সমুদর উন্নতিস্রোত বন্ধ হইয়া, যেমন জাহাঞ চডায় সংলগ্ন হইলে চলনরহিত হয়. সেইরূপ হইল। এইরূপ হুইলে অধ্যবসায়শূক্ত হুইও না। এইক্লপে বারবার উঠা পড়া হইতৈই ক্ৰমে উন্নতিলাভ হইয়া থাকে।

তুঃখনে র্শ্বনস্থাঙ্গমেজয়ত্বখাস প্রশাস। বিক্ষেপসহভুবঃ ॥ ৩১ ॥

সূত্রার্থ।—হঃখ, মন খারাপ হওয়া, শরীর নড়া, (অঙ্গম্†এজয়ত্ব। ।∕এজৃ কম্পনে) অনিয়মিত শ্বাসপ্রশ্বাস, এইগুলি একাগ্রতার অভাবের সঙ্গেসঙ্গে উৎপন্ন হয়।

ব্যাখ্যা। যথনই যথনই একাগ্রতা অভ্যাস করা যায়, তথন তথনই মন ও শরীর সম্পূর্ণ স্থিরভাব খারণ করে। যথন ঠিক পথে সাধনা না হয়, মথবা যথন চিত্ত রীতিমত সংঘত না থাকে, তথনই এই বিম্নগুলি আসিয়া উপস্থিত হয়। ওকার জপ ও ঈশ্বরে আত্মসমর্পণ হইতেই মন দৃঢ় হয় ও ন্তন বল আইসে। সাধনপথে প্রায় সকলেরই এইরূপ স্নায়বীয় চাঞ্চল্য উপস্থিত হয়। ওদিকে থেয়াল না করিয়া সাধন করিয়া যাও। সাধনেব দ্বারাই ওগুলি চলিয়া যাইবে, তথন আসন স্থির হইবে।

তৎপ্রতিষেধার্থমেকত্বাভ্যাসঃ ॥ ৩২ ॥

সূত্রার্থ।—ইহা নিবারণের জন্ম এক-তত্ত্ব (ঈশ্বর বা স্থলাদি বা অভিমত তত্ত্ব) অভ্যাসের আবশ্যক।

ব্যাথ্যা। কিছুক্ষণের জন্ত মনকে কোন বিষয়বিশেষের আকারে আকারিত করিবাব চেষ্টা কবিলে পূর্ব্বোক্ত বিদ্নগুলি চলিগা যায়। এই উপদেশটি খুব সাধারণ ভাবে দেওয়া হইল। পর স্ত্রগুলিতে এই উপদেশটিই বিস্তারিতভাবে বির্ত হইবে ও বিশেষবিশেষ ধ্যেয় বিশ্বরে এই সাধারণ উপদেশের প্রয়োগ উপদিষ্ট হইবে। এক প্রকার অভ্যাশ সকলের পক্ষে থাটিতে

পারে না, এই জন্ম নানাপ্রকার উপারের কথা বলা ইইয়াছে। প্রভ্যেকেই নিজে পরীক্ষা করিয়া কোন্টি তাঁহার পক্ষে থাটে, দেখিয়া লইতে পারেন।

মেত্রীকরুণামুদিতোপেক্ষাণাং স্থপ্তঃখপুণ্যাপুণ্যবিষয়াণাং ভাবনাতশ্চিত্তপ্রসাদনম্ ॥ ৩০ ॥
স্ক্রার্থ।—স্থ, ছঃখ, পুণ্য ও পাপ এই কয়েকটি
ভাবের প্রতি যথাক্রমে বন্ধুতা, দয়া, আনন্দ ও উপেক্ষা
এই কয়েকটি ভাব ধারণ করিতে পারিলে চিত্ত প্রসন্ন হয়।

ব্যাখ্যা। আমাদের এই চারি প্রকার ভাব থাকাই আবশুক। আমাদের সকলের প্রতি বন্ধুত্ব রাথা, দীনজনের প্রতি দয়াবান্ হওয়া, লোককে সৎকর্ম করিতে দেখিলে স্থী হওয়া এবং অসৎ ব্যক্তিব প্রতি উপেক্ষা প্রদর্শন করা আবশুক। এইরূপ যত কিছু বিষয় আমাদেব সমূথে আইসে, সেই সকল-শুলির প্রতিও আমাদের এইএই ভাব ধাবণ করা আবশুক। যদি বিষয়টি স্থাকর হয়, তবে উহার প্রতি বন্ধু অর্থাৎ অহুকুল ভাব ধারণ করা আবশুক। এইরূপ, যদি কোন ছঃথকর ঘটনা আমাদের চিস্তার বিষয় হয়, তবে যেন আমাদের অস্তঃকরণ উহার প্রতি করুণভাবাপন্ন হয়। যদি উহা কোন শুভ বিষয় হয়, তবে আমাদের আন্তঃকরণ ইয়, তবে আমাদের আননিক্ত হওয়া আবশুক আর অসৎ বিষয় হয়, তবে আমাদের আননিক্ত হওয়া আবশুক আর অসৎ বিষয় হয়, তবে আমাদের আননিক্ত হওয়া আবশুক আর অসৎ বিষয় হয়, তবে আমাদের আননিক্ত হওয়া আবশুক আর মন শাস্ত হইয়া বার্থনৈ। আমাদের দৈননিক জীবনের অধিকাংশ গোল্যোগ

ও অশান্তির কারণ, মনকে ঐ-ঐক্নপভাবে ধারণ করিবার অক্ষমতা। মনে কর, একজন আমার প্রতি কোন অস্তায় ব্যবহার করিল, অমনি আমি তাহার প্রতীকার করিতে উম্বত হইলাম। আর আমরা যে, কোন অক্সায় ব্যবহারের প্রতিশোধ না লইয়া থাকিতে পারি না, তাহার কারণ এই যে, আমরা চিত্তকে থামাইয়া রাথিতে পারি না। উহা ঐ পদার্থের প্রতি প্রবাহাকারে ধাবমান হয়; আমরা তথন মনের শক্তি হারাইয়া ফেলি। আমাদিগের মনে মুণা অথবা অপরের অনিষ্টকরণ-প্রবৃত্তি-রূপ যে প্রতিক্রিয়া হয়, তাহা শক্তির ক্ষরমাত্র। আর কোন অশুভ চিম্ভা অথবা ঘুণাপ্রস্থত কার্য্য অথবা কোন প্রকার প্রতি-ক্রিয়ার চিন্তা যদি দমন করা যায়, তবে তাহা হইতে ভভকরী শক্তি উৎপন্ন হইয়া আমাদের উপকারার্থ সঞ্চিত থাকিবে। এইরূপ সংযমেব দ্বারা আমাদের যে কিছু ক্ষতি হয়, তাহা নহে, বরং তাহা হইতে আশাতীত উপকার হইয়া থাকে। যথনই আমরা ঘুণা অথবা ক্রোধবৃদ্ধিকে সংযত করি, তথনই উহা আমাদেব অমুকুল শুভশক্তিম্বরূপ সঞ্চিত হইয়া উচ্চতর শক্তিরূপে পরিণত হইয়া থাকে।

প্রচ্ছর্দনবিধারণাভ্যাং বা প্রাণস্থ ॥ ৩৪ ॥

স্থৃত্রার্থ।—শ্বাস বাহির করিয়া দেওয়া ও ধারণ দ্বারাও (চিত্ত স্থির হয়)।

ব্যাখ্যা। এ স্থানে অবশ্র প্রাণ শব্দ ব্যবহৃত হইয়াছে। প্রাণ অবশ্র ঠিক শাস নহে। সম্বয় ব্যগতে যে শক্তি ব্যাপ্ত

রহিয়াছে, তাহারই নাম প্রাণ। জগতে যাহা কিছু দেখিতেছ, যাহা কিছু একস্থান হইতে অপর স্থানে গমনাগমন করে, যাহা কিছু কার্য্য করিতে পাবে, অথবা যাহার জীবন আছে, তাহাই এই প্রাণের বিকাশ। সমুদয় জগতে যত শক্তি প্রকাশিত রহিয়াছে, তাহার সমষ্টিকে প্রাণ বলে। যুগোৎপত্তির প্রাক্তালে এই প্রাণ প্রায় একরূপ গতিহীন অবস্থায় অবস্থান কবে, আবার যুগপ্রারম্ভকালে প্রাণ ব্যক্ত হইতে আরম্ভ হয়। এই প্রাণই গতিরূপে প্রকাশিত হইতেছে. ইহাই মনুষ্যজাতি অথবা অক্সান্ত প্রাণীতে স্নায়বীয় গতিরূপে প্রকাশিত, আবাব ঐ প্রাণই চিন্তা ও অন্তান্ত শক্তিরূপে প্রকাশিত হয়। সমুদর জগৎ এই প্রাণ ও আকাশের সমষ্টি। মমুন্তাদেহও এরপ: যাহা কিছ দেপিতেছ বা অমুভব কবিতেছ, সমুদয় পদার্থ ই আকাশ হইতে উৎপন্ন আর প্রাণ হইতেই সমুদয় বিভিন্ন শক্তি উৎপন্ন হইয়াছে। এই প্রাণকে বাহিরে ত্যাগ কবা ও উহাব ধাবণ করার নামই প্রাণায়াম। যোগশাসের পিতাম্বরূপ পতঞ্চলি এই প্রাণায়াম সম্বন্ধে কিছু বিশেষ বিধান দেন নাই, কিন্তু তাঁহার প্রবর্ত্তী অক্সান্স যোগীরা এই প্রাণায়াম-সম্বন্ধে অনেক তত্ত্ব আবিষ্কার করিয়া উহাকেই একটি মহতী বিস্থা করিয়া তুলিয়া-ছেন। পতঞ্জালার মতে ইহা চিন্তবৃত্তিনিবোধের বিভিন্ন উপায়-সমূহের মধ্যে অক্সভম উপায় মাত্র, কিন্তু তিনি ইহাব উপর বিশেষ ঝোঁক দেন নাই। তাঁহার তাব এই ধে. খাদ থানিককণ বাহিরে ফেলিয়া আবার ভিতরে টানিয়া লইবে এবং কিছুৰণ উহা ধারণ করিয়া রাখিবে, তাহাতে মন অপেকাকত

এक हे श्वित इहेरत। किस शतकों कारण हेहा इहेर है शानाशम নামক বিশেষ বিষ্ঠার উৎপত্তি হইয়াছে। এই পরবর্তী যোগিগণ কি বলেন, আমাদের তৎসম্বন্ধে কিছু জানা আবশুক। এ বিষয়ে পূর্বেই কিছু বলা হইয়াছে, এখানে আবও কিছু বলিলে তোমাদের মনে রাথিবার স্থবিধা হটবে। প্রথমতঃ মনে রাখিতে হইবে, এই প্রাণ বলিতে ঠিক খাসপ্রখাস বুঝায় না ; যে শক্তিবলে শ্বাসপ্রশ্বাদের গতি হয়, যে শক্তিটি বাস্তবিক শ্বাস-প্রস্থাদেরও প্রাণম্বরূপ, তাহাকে প্রাণ বলে। আবার এই প্রাণশব্দ সমুদ্য ইচ্ছিয়গুলির নামরূপে ব্যবহৃত •ুহইয়া থাকে। এই সমুদয়কেই প্রাণ বলে। মনকেও আবার প্রাণ বলে। অতএব দেখা গেল যে প্রাণ মর্থ শক্তি। তথাপি ইহাকে আমবা শক্তি নাম দিতে পাবি না, কাবণ, শক্তি ঐ প্রাণের বিকাশ স্বরূপ। ইহাই শক্তি ও নানাবিধ গতিরূপে প্রকাশিত হইতেছে। চিত্ত ষম্ভস্বরূপ হইয়া চতুর্দিক হইতে প্রাণকে আকর্ষণ করিয়া এই প্রাণ হইতেই শরীরক্ষার কারণীভৃত ভিন্ন-ভিন্ন জীবনী-শক্তি এবং চিষ্টা, ইচ্ছা ও অক্তান্ত সমুদয়শক্তি উৎপন্ন করিতেছে। পূর্ব্বোক্ত প্রাণায়াম ক্রিয়াদারা আমরা শরীরের সমুদর ভিন্নভিন্ন গতি ও শরীরের অন্তর্গত সমুদর ভিন্নভিন্ন সায়বীয় শক্তিপ্রবাহগুলিকে বশে আনিতে পারি। আমরা প্রথমত: ঐ গুলিকে উপলব্ধি ও সাক্ষাৎকার করি. পরে অল্লে অল্লে উহাদের উপর ক্ষমতা লাভ করি—উহাদিগকে বশীভূত করিতে ক্বতকার্য্য হই। পতঞ্জলির পরবর্তী যোগী-দিগের মতে শরীরের মধ্যে তিনটি প্রধান প্রাণপ্রবাহ আছে।

একটিকে তাঁহারা ইড়া, অপরটিকে পিকলা ও তৃতীয়টিকে সুযুমা বলেন। তাঁহাদের মতে, পিঙ্গলা মেরুদণ্ডের দক্ষিণ নিকে, हेड़ा वामितिक, जांत्र के त्मकृतिखंत मधारति स्वृत्रानामी मुख নালী আছে। তাঁহাদের মতে ইড়া ও পিকলা নামক শক্তিপ্রবাহন্বর প্রত্যেক মনুষ্য মধ্যে প্রবাহিত হইতেছে. উহাদের সাহাযোই আমরা জীবনযাতা নির্বাহ করিতেছি। স্থ্যার কার্যা সকলেব মধোই সম্ভব বটে, কিন্তু কার্যাতঃ **८करन यां भीर भेदी दारे छहात मधा मिया कांग्रा हहेया थाटक।** তোমাদের স্মবণ রাধা উচিত যে যোগী যোগসাধন বলে আপনার দেহকে পরিবর্ত্তিত করেন। তুমি যতই সাধন করিবে, ততই তোমার দেহ পরিবর্ত্তিত হইয়া যাইবে; সাধনের পূর্বে তোমার ধেরূপ শরীর ছিল, পরে আর তাহা থাকিবে না। ব্যাপারটি অযৌক্তিক নছে; ইহা যুক্তি ছারা ব্যাখ্যা করা যাইতে পারে। আমরা যে কিছু নূতন চিস্তা করি, ভাহাই আমাদের মন্তিক্ষে একটি নৃতন প্রণালী নির্দ্ধাণ করিয়া দেয়। ইহা হইতে বেশ বুঝা যায়, মনুষ্যস্বভাব এত ম্বিতিশীলতার পক্ষপাতী কেন: মমুদ্মস্বভাবই এই যে, উহা পুর্বাবর্ত্তিত পথে ভ্রমণ করিতে ভালবাসে, কারণ, উহা व्यालकाकुछ महत्व। मृष्टोखबक्र यपि मान करा यात्र, मन একটি স্চিকাশ্বরূপ আর মন্তিক উহাব সন্মুখে একটি কোমল পিশুমাত্র, তাহা হইলে দেখা যাইবে যে, আমাদের প্রত্যেক চিন্তাই মন্তিকমধ্যে বেন একটি পথ প্রস্তুত করিয়া দিতেছে, चौत्र मखिक मधाइ धृमत्र भनार्थि। यनि वे भवित हात्रिधादत

এক সীমা প্রস্তুত করিয়া না দেয়, তাহা হইলে ঐ পথটি বদ্ধ হইয়া বার। বদি ঐ ধ্সরবর্ণ পদার্থটি না থাকিত, তাহা হইলে আমাদের শ্বতিই সম্ভব হইত না, কারণ, শ্বতির অর্থ, পুরাতন পথে ভ্রমণ, একটি পূর্ব্ব চিস্তার উপব দাগা বুলান। হয়ত, তোমরা, লক্ষ্য কবিয়া থাকিবে, যথন আমি সর্ব্বপরিচিত কতকগুলি বিষয় গ্রহণ করিয়া ঐ গুলিবই ঘোরফের করিয়া किছু विगटि अवस हरे, उथन তোমরা সহজেই আমাব कथा বুঝিতে পার, ইহার কারণ আর কিছুই নয়—এই চিস্তাব পথ বা প্রণাণীগুলি প্রত্যেকেরই মক্তিকে বিগুমান আঁছে, কেবল ঐ গুলিতে পুনঃ পুনঃ প্রত্যাবর্ত্তন করা আবশুক হয়, এই মাত্র। কিন্তু যথনই কোন নতন বিষয় আমাদের সন্মধে আইসে, তথনই মন্তিকের মধ্যে নৃতন প্রণালীর নির্মাণ আবশুক হয়; এই অভা তত সহজে উহা বুঝা যায় না। এই জভাই মন্তিষ—মামুষেবা নয়, মন্তিষই—অজ্ঞাতসারে এই নৃতন প্রকার ভাবদারা পরিচালিত হইতে অস্বীকার কবে। উহা যেন সবলে এই নৃতন প্রকার ভাবের গতিরোধ করিবার চেষ্টা করে। প্রাণ নৃতন নৃতন প্রণাদী করিতে চেষ্টা করিতেছে, মন্তিছ তাহা করিতে দিতেছে না। মাহুষ যে স্থিতিশীলভার এত পক্ষপাতী, তাহার গুছ কারণ ইহাই। মস্তিকের মধ্যে এই প্রণাদীগুদি যত অল পরিমাণে আছে, আর প্রাণরূপ স্চিকা উহার ভিতর যত অলসংখ্যক পথ প্রস্তুত করিয়াছে, মন্তিক তত্তই স্থিতিশীলতাপ্রিয় হইবে, তত্তই উহা নৃতন প্রকার চিস্তা ও ভাবের বিরুদ্ধে সংগ্রাম করিবে। মামুষ ষতই চিস্তালীল

রাজ্বোগ

হয়, মন্তিকের ভিতরের পথগুলি ততই অধিক জটিল হইবে, ততই সহজে সে নৃতন নৃতন ভাবগ্রহণ করিবে ও তাহা বুঝিতে পাবিবে। প্রত্যেক নৃতন ভাব সম্বন্ধে এইরূপ জানিবে। মহিংকে একটি নুতন ভাব আসিলেই মহিংকের ভিতর নৃতন প্রণালী নিশ্মিত হইল। এই জন্ত যোগ অভ্যাদের সময় আমরা প্রথমে এত শারীরিক বাধা প্রাপ্ত হই। কারণ, যোগ সম্পূর্ণরূপে কতকগুলি নৃত্রপ্রকার চিন্তা ও ভাবসমষ্টি। এই জন্মই আমবা দেখিতে পাই যে, ধর্মেন যে অংশ, প্রাক্ষতিক. জাগতিক ভার লইয়া বেশী নাড়াচাড়া কবে, তাহা সর্ব্বসাধারণেক গ্রাহ্ম হয়, আব উহাব অপবাংশ অর্থাৎ দর্শন বা মনোবিজ্ঞান, যাহা কেবল মহুয়োৰ আভ্যন্তরিক ভাগ লইয়া ব্যাপুত, ভাহা সাধারণত: লোকে তত গ্রাহের মধ্যে আনে না। আমাদেব এই জগতের লক্ষণ স্মবণ রাখা আবশুক; জগৎ আমাদেব জ্ঞানভূমিতে প্রকাশিত অনন্ত সন্তামাত্র। অনন্তের কিয়দংশ আমাদের জ্ঞানের সম্মুথে প্রকাশিত হইয়াছে, উহাকেই আমরা ष्पामादित खग९ वित्रा शिकि। छोडा इहेटनहे दिया राम त्य, জগতের অতীত প্রদেশে এক অনন্ত সন্তা বহিয়াছে। ধর্ম এই উভয় বিষয়ক হওয়া আবশ্রক অর্থাৎ এই কুদ্রপিও, বাহাকে আমরা জগৎ বলি, আর জগতের অভীত অনস্ত সন্তা—এই উভয়ই ধর্মের বিষয়। যে ধর্ম এই উভয়ের মধ্যে কেবল একটিকে লইয়াই ব্যাপত, গুাহা অবশ্ৰই অসম্পূর্ব। ধর্ম এই উভয়-বিষয়ক হওয়াই আবশুক। অনস্তেব যে ভাগ আমাদিগের এই জ্ঞানের ভিতর দিয়া অমুভব করিতেছি,

যাহা দেশকালনিমিত্তরূপ চক্রের ভিতর আসিয়া পডিয়াছে. ধর্ম্মের যে অংশ ইহার বিষয় লইয়া ব্যাপত, তাহা আমাদের সহকে বোধগম্য হয়, কারণ, আমরা ত পূর্ব হইতেই উহার বিষয় জ্ঞাত আছি, আর এই জগতের ভাব একরপ স্মরণাতীতকাল হইতেই আমাদের পরিচিত। কিন্তু উহার যে অংশ অনন্তের বিষয় লইয়া ব্যাপৃত, তাহা আমাদের পক্ষে সম্পূর্ণ নৃত্ন, দেইজক উহার চিন্তায় মন্তিক্ষের মধ্যে নৃতন প্রণালী গঠিত-হইতে থাকে, উহাতে সমুদয় শরীরটাই যেন উলটিয়া পালটিয়া যায়; দেইজকু সাধন কয়িতে গিয়া সাধাবণ লোকে প্রথমটা যেন আপনাদের চিবাভ্যক্ত পথ হইতে বিচ্যুত হইয়া পড়ে। যথাসম্ভব এই বিম বাধাগুলি যাহাতে না আইসে. ভজ্জপ্তই পতঞ্জাল এই সকল উপায় আবিদ্ধার কবিয়াছেন, যাহাতে আমরা উহাদিগের মধ্য হইতে বাছিয়া লইয়া যেটি আমাদিগের সম্পূর্ণ উপযোগী, এমন যে কোন একটি সাধন-প্রণালী অবলম্বন করিতে পারি।

> বিষয়বতী বা প্রবৃত্তিরুৎপন্না মনসঃ স্থিতিনিবন্ধনী ॥ ৩৫ ॥

সুত্রার্থ—যে সকল সমাধিতে কতকগুলি অলোকিক ইন্দ্রিয়বিষয়ের অমুভূতি হয়, তাহারা মনের স্থিতির কারণ হইয়া থাকে।

ব্যাথ্যা। ইহা ধারণা অর্থাৎ একাগ্রতা হইতেই আপনা আপনি আসিতে থাকে; বোগীরা বলেন, যদি নাসিকাগ্রে মন

একাগ্র ধরা বায়, তবে কিছু দিনের মধ্যেই অস্তৃত স্থগন্ধ
অস্থৃতব কবা বায়। জিহ্বাম্লে এইরপে মনকে একাগ্র করিলে,
স্থলর শব্দ শুনিতে পাওয়া বায়। জিহ্বাপ্রে এইরপ করিলে
দিব্য রসাম্বাদ হয়, জিহ্বা-মধ্যে সংযম করিলে বোধ হয় য়ে, য়েন
কি এক বস্ত্র স্পর্শ করিলাম। তালুতে সংযম করিলে দিব্যরপ
সকল দেখিতে পাওয়া বায়। কোন অস্থিরচিত্ত ব্যক্তি বদি এই
বোগের কিছু সাধন অবলম্বন করিয়াও উহাব সত্যতার
সন্দিহান হয়, তখন কিছুদিন সাধনার পর এই সকল অমুভৃতি
হইতে থাকিলে আব তাহার সন্দেহ থাকিবে না, তখন সে
অধ্যবসায়সহকারে সাধন করিতে থাকিবে।

বিশোকা বা জ্যোতিশ্বতী ॥ ৩৬ ॥

সূত্রার্থ।—শোকরহিত জ্যোতিত্মান্ পদার্থের (বিষয়বতী হার্দ্দাকাশ অথবা অস্মিতা) ধ্যানের দ্বারাও সমাধি হয়।

বাাথা। ইহা আর এক প্রকার সমাধি। এইরপ ধাান কর বে, ক্সান্থের মধ্যে যেন এক পদ্ম রহিয়াছে; তাহার কর্ণিকা অধামুখী; উহার মধ্য দিয়। স্থয়্মা গিয়াছে। তৎপরে প্রক কর, পরে রেচক করিবার সময় চিস্তা কর বে, ঐ পদ্ম কর্ণিকাব সহিত উদ্ধান্থ হইয়াছে, আর ঐ পদ্মের মধ্যে মহাজ্যোতিঃ রহিয়াছে। ঐ জ্যোতির ধ্যান কর।

বীতরাগবিষয়ং বা চিত্তমূঁ॥ ৩৭ ॥

, স্ত্রার্থ।—অথবা যে হৃদয় সমূদয় ইন্দ্রিয়বিষয়ে
১৮২

আসক্তি পরিত্যাগ করিয়াছে, তাহার ধ্যানের দারাও চিত্ত স্থির হইয়া থাকে।

ব্যাখ্যা। কোন সাধু পুরুষের কথা ধর। কোন মহাপুরুষ, যাহার প্রতি তোমার খুব শ্রদ্ধা আছে, কোন সাধু, যাহাকে তুমি সম্পূর্ণরূপে অনাসক্ত বলিয়া জান, তাঁহার হৃদরের বিষয় চিস্তা কর। তাঁহাব অন্তঃকরণ সর্প্রবিষয়ে অনাসক্ত হইয়াছে (নিশ্চিন্ত, নিরিচ্ছ ও প্রশাস্ত), স্ত্তরাং তাঁহাব অন্তবের বিষয় চিন্তা করিলে তোমাব অন্তঃকরণ শান্ত হইবে। ইগা যদি করিতে সমর্থ না হও, তবে আর এক উপায় আছে।

স্বপ্রনিদ্রাজ্ঞানালম্বনম্ বা ॥ ৩৮ ॥

সূত্রার্থ।—অথবা স্বপ্লাবস্থায় কখন কখন যে অপূর্বব জ্ঞানলাভ হয়, তাহাব এবং সুষুপ্তি অবস্থায় লব্ধ সাত্ত্বিক সুখের ধ্যান কবিলেও (চিত্ত প্রশাস্ত হয়)।

ব্যাখ্যা। কথন কখন লোকে এইরূপ স্বপ্ন দেখে যে, তাহার নিকট দেবতারা আসিয়া কথাবার্ত্তা কহিতেছেন, সে যেন একরূপ ভাবাবেশে বিভোব হইরা রহিয়াছে। বায়ুর মধ্য দিয়া অপূর্ব্ব সঙ্গীত ধ্বনি ভাসিতে ভাসিতে আসিতেছে, সে তাহা শুনিতেছে। ঐ স্বপ্লাবস্থায় সে একরূপ আনন্দের ভাবে থাকে। জাগরণের পর ঐ স্বপ্ল তাহার অন্তরে দূচবছ হইরা থাকে। ঐ স্বপ্লটকে সত্য বলিয়া চিন্তা কর, উহার

ধ্যান কর। তুমি বদি ইহাতেও সমর্থ না হও, তবে যে কোন প্রিত্র বস্তু ভোমার ভাল লাগে, তাহাই ধ্যান কর।

যথাভিমতধ্যানাদ্ধা ॥ ৩৯ ॥

স্ত্রার্থ।—অথবা যে কোন জিনিষ তোমার নিকট ভাল বলিয়া বোধ হয়, তাহারই ধ্যান দ্বারা (সমাধি লাভ হয়)।

ব্যাখ্যা। অবশু ইহাতে এমন বুঝাইতেছে না বে, কোন
অসৎ বিষয় খ্যান করিতে হইবে। কিন্তু যে কোন সৎ বিষয়
তুমি ভালবাস—যে কোন স্থান তুমি খুব ভালবাস, যে কোন দৃশ্য
তুমি খুব ভালবাস, যে কোন ভাব তুমি খুব ভালবাস, যাহাতে
ভোমার চিত্ত একাগ্রহয়, তাহারই চিন্তা কর।

পরমাণুপরমমহত্ত্বাস্তোহস্থবশীকারঃ॥ ৪০॥

স্থ্রার্থ। এইরপ ধ্যান করিতে করিতে পরমাণু হইতে পরম বৃহৎ পদার্থে পর্যান্ত ভাহার মন অব্যাহত-গতি হয়।

ব্যাখ্যা। মন এই অভ্যাসের দ্বাবা অতি স্ক্র হইতে বৃহত্তম বস্তু পর্যান্ত সহজে ধ্যান করিতে পারে। তাহা হইলেই এই মনোরুত্তি প্রবাহগুলিও ক্ষীণতর হইয়া আইসে।

ক্ষীণর্ত্তেরভিজাতস্থেব মণে গ্রহীতৃগ্রহণগ্রাহের্
তৎস্থ-তদপ্ধনতাসমাপত্তিঃ ॥ ৪১ ॥

সূত্রার্থ।—যে যোগীর চিত্তবৃত্তিগুলি এইরপ ক্ষীণ হইয়া যায় (বঁশে আইসে), তাঁহার চিত্ত তখন, যেমন শুদ্ধ ফটিক (ভিন্ন ভিন্ন বর্ণযুক্ত বস্তুর সম্মুখে তৎসদৃশ আকার ধারণ করে), সেইরপ গ্রহীতা, গ্রহণ ও গ্রাহ্য বস্তুতে (অর্থাৎ আত্মা, মন ও বাহ্য বস্তুতে) একাগ্রতা ও একীভাব প্রাপ্ত হয়।

ব্যাখ্যা। এইরূপ ক্রমাগত ধ্যান করিতে করিতে কি ফল লাভ হয়? আমাদের অবশুই শ্বরণ আছে বে, পূর্বের এক স্ত্রে পতঞ্জলি ভিন্ন ভিন্ন প্রকাব সমাধির কথা বর্ণনা করিয়াছেন। প্রথম সমাধি স্থুল বিষয় লইয়া, দ্বিতীয়টি স্কল্প বিষয় লইয়া; পরে ক্রমশ: আরও ফ্লাণুফ্ল বস্তু আমাদের সমাধির বিষয় হয়, তাহাও পূর্বে কথিত হইয়াছে। এই সকল সমাধির অভাাস দারা সুলের ক্রায় ফুল্ম বিষয়ও আমরা সহজে ধাান করিতে পারি। এই অবস্থায় যোগী তিনটি বস্তু দেথিতে পান-গ্রহীতা, গ্রাহ্ম ও গ্রহণ অর্থাৎ আত্মা, বিষয় ও মন। তিন প্রকাব ধ্যানের বিষয় আমাদিগকে দেওয়া হইয়াছে। প্রথমতঃ স্থল, যথা, শরীব বা ভৌতিক পদার্থ সমুদয় (বিশ্বডেদ) দ্বিতীয়তঃ, সুক্ষ বস্তু সমুদয়, যথা, মন বা চিন্তাদি। তৃতীয়তঃ, গুণ-বিশিষ্ট পুরুষ (ঈশর বা মৃক্ত) অথবা অম্মিতা বা অহঙ্কার। এখানে আত্মা বলিতে উহার যথার্থ স্বরূপকে বুঝাইতেছে না। অভ্যাসের দারা যোগী এই সমুদর ধ্যানে দৃঢ়প্রতিষ্ঠ হইরা থাকেন। তথন তাঁহার এতাদুশী একাগ্রতা শক্তি লাভ হর বে, বখনই তিনি

ধ্যান করেন, তথনই অক্তান্ত সমুদ্য বস্তুকে মন হইতে সরাইয়া দিতে পারেন। তিনি যে বিষয় ধ্যান করেন, সে বিষয়ের সহিত এক হইয়া যান (তৎস্থিততা ও তদপ্তনতা); যথন তিনি ধ্যান কবেন, তিনি যেন একথও ক্ষটিকতৃপ্য হইয়া যান। পুশের নিকট ক্ষটিক থাকিলে, ঐ ক্ষটিক যেন পুশোর সহিত একরূপ একীভৃতই হইয়া যায়। যদি পুশাটি লোহিত হয়, তবে ক্ষটিকটিও লোহিত দেখায়, যদি পুশাট নীলবর্ণবিশিষ্ট হয় তবে, ক্ষটিকটিও নীলবর্ণবিশিষ্ট দেখায়।

তত্ত্ৰ শব্দাৰ্থজ্ঞানবিকল্পৈ: সঙ্কীৰ্ণা সবিতৰ্কা

সমাপতিঃ॥ ৪২॥

সূত্রার্থ।—শব্দ, অর্থ ও তৎপ্রসূত জ্ঞান যখন মিশ্রিত হইয়া থাকে, তখনই তাহা সবিতর্ক অর্থাৎ বিতর্কযুক্ত সমাধি বলিয়া কথিত হয়।

ব্যাথ্যা। এখানে শব্দ অর্থে কম্পন। অর্থ অর্থে যে
মায়বিক শক্তিপ্রবাহ উহাকে লইয়া ভিতরে চালিত করে, আর,
জ্ঞান অর্থে প্রতিক্রিয়া। আমার এ পর্যন্ত হত প্রকার সমাধির
কথা শুনিলাম, পত্তর্লাল এসকল গুলিকেই সবিতর্ক বলেন।
ইহার পর তিনি আমাদিগকে ক্রমশ:, আরও উচ্চউচ্চ সমাধির
কথা বলিবেন। এই সবিতর্ক সমাধিগুলিতে আমরা বিষয়ী
ও বিষয়—এই ছইটি সম্পূর্ণরূপে পৃথক রাধিয়া থাকি; উহা
শব্দ, উহার অর্থও তৎপ্রস্ত জ্ঞানমিশ্রণে উৎপন্ন হয়। প্রথম
বাহ্বক্রান—শব্দ; উহা ইক্রিয়প্রবাহ্বায়া ভিতরে প্রবাহিত

হইলে তাহাকে অর্থ বলে। তৎপরে চিত্তেতে এক প্রতিজিয়াপ্রবাহ আইদে, উহাকে জ্ঞান বলা যায়। যাহাকে আমরা বাহ্যবস্তুর অমৃভূতি বলি, তাহা প্রকৃতপক্ষে এই তিনটির সমষ্টি (সংকীর্ণ) মাত্র। আমরা এ পর্যান্ত যত প্রকার সমাধিব কথা পাইয়াছি, তাহার সকল গুলিতেই এই সমষ্টিই আমাদের ধ্যেয়। ইহার পরে যে সমাধির কথা বলা হইবে, তাহা অপেক্ষাকৃত শ্রেষ্ঠ।

স্মৃতিপরিশুদ্ধে স্বরূপশৃত্যেবার্থমাত্রনির্ভাসা নির্কিতর্কা ॥ ৪৩ ॥

সূত্রার্থ।—যখন স্মৃতি শুদ্ধ হইয়া যায়, অর্থাৎ স্মৃতিতে আর কোন গুণসম্পর্ক থাকে না, যখন উহা কেবল ধ্যেয় বস্তুর অর্থমাত্র প্রকাশ করে, তাহাই নির্বিতর্ক অর্থাৎ বিতর্কশৃত্য সমাধি।

ব্যাখ্যা। পূর্ব্বে যে শব্দ, অর্থ ও জ্ঞানের কথা বলা হইয়াছে, এই তিনটির একত্রে অভ্যাস করিতে করিতে এমন এক সমর আইসে, যখন উহারা আর মিশ্রিত হয় না, তথন আমরা অনায়াসে এই তিবিধ ভাবকে অভিক্রম করিতে পারি। একণে প্রথমতঃ, এই তিনটি কি, আমরা তাহা ব্রিতে বিশেষ চেষ্টা করিব। এই চিত্ত রহিয়াছে, পূর্ব্বের সেই হ্রদের উপমার কথা অরণ কর, হুদকে মনস্তব্বের সহিত তুলনা করা হইয়াছে, আর শব্দ বা বাক্য অর্থাৎ বস্তুর কম্পন যেন উহার উপর একটি প্রবাহের ত্যায় আসিভেছে। ভোমার

निष्कत मर्साहे थे श्वित द्वन दिशाहि। मत्न कत आमि 'र्गा, এই শব্দটি উচ্চারণ করিলাম। যথনই উহা আমার কর্ণে প্রবেশ করিল, অমনি তৎসঙ্গেই তোমাব চিত্তহ্রদে একটি প্রবাহ উভিত হইল। ঐ প্রবাহটিট 'গো' এই শব্দ-স্চিত ভাব বা অর্থ। তুমি যে মনে করিয়া থাক, আমি একটি 'গো'কে জানি, উহা কেবল তোমাব মনোমধ্যস্থ একটি তরঙ্গমাত্র। উহা বাহ্য ও আভ্যস্তর শব্দপ্রবাহের প্রতিক্রিয়া-স্বরূপ উৎপন্ন হইয়া থাকে, ঐ শব্দেব সঙ্গেসঙ্গে প্রবাহটিও নাশ হইয়া যায়। একটি বাক্য বা শব্দ ব্যতীত প্রবাহ থাকিতে পাবে না। অবশ্র, তোমার মনে এরূপ উদয় হইতে পারে যে, যথন কেবল 'গো'টিব বিষয় চিন্তা কর অথচ বাহির হইতে কোন শব্দ কর্ণে না আইসে. তখন শব্দ থাকে কোথায়? তথন ঐ শব্দ তুমি নিজেনিজেই করিতে থাক। তুমি তথন নিজের মনেমনেই 'গো' এই শন্ধটি আন্তে আন্তে বলিতে থাক, তাহা হইতেই তোনার অন্তরে একটি প্রবাহ আসিয়া থাকে। শব্দের উত্তেজনা ব্যতীত কোন প্রবাহ আসিতে পারে না: আর যথন বাধির হইতে ঐ উত্তেজনা না আইদে, তথন ভিতর হইতেই উহা আইদে। আর যথন শব্দটি থাকে না. তথন প্রবাহটিও থাকে না। তথন কি অবশিষ্ট থাকে? তথন ঐ প্রতিক্রিয়ায় ফলমাত্র অবশিষ্ট থাকে। উহাই জ্ঞান। এই তিনটি আমাদের মনে এত দুচুদগদ বহিয়াছে যে, আমরা উহাদিগকে পৃথক করিতে পারি না। यथनहे मक আইসে, ভখনই ইল্লিয়গণ কম্পিত হইয়া থাকে, আর প্রবাহ সকল

প্রতিক্রিরাম্বরূপে উৎপন্ধ হইরা থাকে, উহারা একটির পর আর একটি এক শীঘ্র আসিয়া থাকে যে, উহাদের মধ্যে একটি হইতে আর একটিকে বাছিয়া লওয়া অতি হর্ষট ; এথানে যে সমাধির কথা বলা হইল, তাহা দীর্ঘকাল অভ্যাস করিলে পর সমৃদয় সংস্কারের আধারভূমি শ্বৃতি শুদ্ধ হইরা যায়, তথনই আমরা উহাদের মধ্যে একটি হইতে অপরটিকে পৃথক্ করিতে পারি, ইহাকেই নির্বিতর্ক সমাধি বলে।

এতায়েব সবিচারা নির্বিবচারা চ সূক্ষাবিষয়া ব্যাখ্যাতা॥ ৪৪॥

সূত্রার্থ। —পূর্ব্বোক্ত সূত্রদ্বয়ে যে সবিতর্ক ও নির্বি-তর্ক সমাধিদ্বয়ের কথা বলা হইল, তন্দারাই সবিচার ও নির্বিচার উভয় প্রকার সমাধি, যাহাদের বিষয় সুক্ষাতর, তাহাদেরও ব্যাখ্যা করা হইল।

ব্যাথ্যা। এখানে পূর্কেব স্থায় বৃঝিতে হইবে। কেবল পূর্কোক্ত তুইটি সমাধির বিষয় স্থুল, এখানে উহার বিষয় স্থুল।

मृक्यविषयः प्रकालिक भर्या वमानम् ॥ ८० ॥

সূত্রার্থ।—সুক্ষবিষয়ের অস্ত প্রধান পর্য্যস্ত।

ব্যাথা। ভৃতপ্তলি ও তাহা হইতে উৎপন্ন সমুদর বস্তুকে সূল বলে। স্ক্রবস্ত এডনাতা হইতে আরম্ভ হয়। ইন্দ্রির, মন (অর্থাৎ সাধারণ ইন্দ্রির, সমুদর ইন্দ্রিয়ের সমষ্টিস্বরূপ), অহকার, মহতব্ (বাহা সমুদর ব্যক্ত জগতের কারণ), সন্ধু, রঞ: ও

তথের সাম্যাবস্থারূপ প্রধান, প্রকৃতি অথবা অব্যক্ত, ইহারা সমূদ্রই হক্ষ বস্তুর অন্তর্গত। পুরুষ অর্থাৎ আত্মাই কেবল ইহার ভিতৰ পড়েন না।

তা এব সবীজঃ সমাধিঃ । ৪৬॥

সূত্রার্থ।—এই সকল গুলিই সবীজ সমাধি।

ব্যাখ্যা। এই সমাধিগুলিতে পূর্বকর্মের বীজ নাশ হয় না; স্থতরাং উহাদের দারা মৃক্তি লাভ হয় না। তবে উহাদের দারা কি হয় ? তাহা পশ্চালিখিত স্ত্রগুলিতে ব্যক্ত হইন্নাছে।

নির্বিচার-বৈশারভেহধ্যাত্মপ্রদানঃ॥ ৪৭॥

স্থ্রার্থ।—নির্বিচার সমাধির স্বচ্ছতা জন্মিলে চিত্তের স্থিতির দৃঢ়তা হয়। (ইহাই বৈশাবদী প্রজ্ঞা)।

খতন্তরা তত্র প্রজা॥ ৪৮॥

সূত্রার্থ।—উহাতে যে জ্ঞানলাভ হয়, তাহাকে ঋতস্তর অর্থাৎ সত্যপূর্ণ জ্ঞান বলে।

বাাথা। পরস্ত্রে ইহা ব্যাথ্যাত হইবে।

শ্রুতানুমানপ্রজ্ঞাভ্যামন্যবিষয়া বিশেষার্থত্বাৎ॥ ৪৯॥

সূত্রার্থ।—যে জ্ঞান বিশ্বস্তজনের বাক্য ও অনুমান হ'ইতে লব্ধ হয়, তাহা সাধারণ বস্তু বিষয়ক। যে সকল বিষয় আগম ও অনুমানজক্ত জ্ঞানের গোচর সহে, তাহারা পূর্বক্ষিত সমাধির প্রকাশ্য।

ৰীখা। ইহার তাৎপথ্য এই যে, আমরা সাধারণবস্তু-

বিষয়ক জ্ঞান প্রত্যক্ষাস্থভব, তহুপস্থাপিত অনুষান ও বিশ্বস্ত-লোকের বাক্য হইতে প্রাপ্ত হই। 'বিশ্বন্তলোক' অর্থে যোগীরা ঋষিদিগকে শক্ষ্য কবিয়া থাকেন, ঋষি অর্থে বেদবর্ণিত ভাব-গুলির দ্রষ্টা অর্থাৎ বাঁহারা সেইগুলিকে সাক্ষাৎ করিয়াছেন। তাহাদের মতে শাস্ত্রের প্রামাণ্য কেবল এই জক্ত যে, উহা বিশ্বস্তলোকের বাক্য। শাস্ত্র বিশ্বস্তলোকের বাক্য হইলেও তাঁহারা বলেন, শুদ্ধ শাস্ত্র আমাদিগকে সতা অমুভব করাইতে कथनहे नमर्थ नरह। आमता नमूनव रवन পाঠ कतिनाम, তথাপি আধ্যাত্মিক তত্ত্বের অমুভৃতি কিছুমাত্র হইল না। কিন্তু যথন আমরা দেই শাস্ত্রোক্ত সাধনপ্রণালী অমুসারে কার্ঘ্য করি, তথনই আমরা এমন এক অবস্থায় উপনীত হই, যে অবস্থায় শাস্ত্রোক্ত কথাগুলির প্রত্যক্ষ উপলব্ধি হয়; যুক্তি, প্রত্যক্ষ ও অমুমান যথায় ঘেঁদিতে পারে না, উহা তথায়ও প্রবেশে সমর্থ, তথায় আপ্রবাক্যেরও কোন কার্য্যকারিতা নাই। এই সূত্রদ্বারা ইহাই প্রকাশিত হইয়াছে যে প্রত্যক্ষ করাই ষ্পার্থ ধর্ম, ধর্মের উহাই সার, আর অবশিষ্ট যাহা কিছু, যথা, ধর্মবক্ততাশ্রবণ অথবা ধর্মপুস্তক পাঠ অথবা বিচার কেবল ঐ পথেব জন্ম প্রস্তুত হওয়া মাত্র। উহা প্রকৃত ধর্ম নহে। কেবল কোন মতে বৃদ্ধিব সায় দেওয়া, বা না-দেওয়া ধর্ম নছে। যোগীদিগের মূল ভাব এই বে, যেমন ইচ্ছিয়-বিষয়ের সহিত আমাদের সাক্ষাৎ সবদ্ধঘটনা হয়, ধর্মও তজ্ঞপ প্রত্যক্ষ করা যাইতে পাবে: বরং উহা আরও উজ্জ্বলতর্ক্সপে অকুভূত হইতে পারে। ঈশ্বর, আত্মা প্রভৃতি ধর্মের যে সকল প্রতিপান্ত

সত্য আছে, বহিবিন্দিয় দারা উহাদের প্রত্যক্ষ হইতে পারে, না। চক্ষ দ্বারা আমি ঈশ্ববকে দেখিতে পাই না অথবা হস্তদারা ম্পর্শ করিতে পারি না। আব ইহাও জানি যে বিচার আমাদিগকে ইন্তিয়ের অতীত প্রদেশে লইয়া বাইতে পারে না: উহা আমাদিগকে সম্পূর্ণ অনিশ্চিত প্রদেশে ফেলিয়া দিয়া চলিয়া यात्र। नमख खीवन विচार कत्र ना क्वन. তাहार कन कि হইবে ? আধ্যাত্মিক তত্ত্ব প্রমাণ বা অপ্রমাণ কিছুট করিতে পারিবে না। এইরূপ বিচার ত জগৎ সহস্রবর্ষ ধরিয়া কবিয়া আসিতেছে। আমরা যাহা সাক্ষাৎ অনুভব করিতে পাবি, তাহাই ভিত্তিম্বরূপ কবিয়া সেই ভিত্তির উপব যক্তি, বিচাবাদি করিয়া থাকি। অতএব ইহা স্পষ্টই বোধ হইতেছে যে. যুক্তিকে এই বিষয়ামুভূতিরূপ গণ্ডির ভিতর ভ্রমণ করিতে ছইবেই হইবে; উহা তাহার উপর কথনই যাইতে পারে না। স্বতরাং ধাহা কিছু আধ্যাত্মিক তত্ত্ব অহুভব কবিতে হটবে, সমুদয়ই আমাদেব ইন্দ্রিয়ের অতীত প্রদেশে। যোগীরা বলেন, মানুষ ইক্সিয়জ প্রত্যক্ষ ও বিচাবশক্তি উভয়কেই অতিক্রম করিতে পারে। মামুধেব নিজ বুদ্ধিকেও অতিক্রম করিবার শক্তি রহিয়াছে আর এই শক্তি প্রত্যেক প্রাণীতে, প্রত্যেক ব্দ্ধতেই অন্তর্নিহিত আছে। যোগাভাগের দ্বারা এই শক্তি জ্ঞাগরিত হয়। তথন মাত্র্য বিচারের গণ্ডি পার হইয়া গিয়া তর্কের অগমা বিষয়সমূহ প্রভাক্ষ কবে।

¹,তজ্জঃ সংস্কারোহগুসংস্কারপ্রতিবন্ধী॥ ৫•॥

সূত্রার্থ।—এই সমাধিজাত (জ্ঞান ও ক্রিয়া) সংস্কার অক্যান্ত সংস্কারের প্রতিবন্ধী হয় অর্থাৎ অক্যান্ত সংস্কারকে আব আসিতে দেয় না।

ব্যাখ্যা। আমরা পূর্বস্তত্তে দেখিয়াছি যে, সেই জ্ঞানাতীত ভূমিতে যাইবার একমাত্র উপায়—একাগ্রতা। আমবা আরো দেখিয়াছি, পুর্ববসংস্বারগুলিই কেবল আমাদিগের ঐ প্রকার একাগ্রতা লাভের প্রতিবন্ধক। তোমরা সকলেই লক্ষা কবিয়াছ যে যথনই তোমরা মনকে একাগ্রুকবিতে চেষ্টা কব, তথনই তোমাদের নানাপ্রকাব চিম্ভা আইসে। যথনই ঈশবচিন্তা করিতে চেষ্টা কর, ঠিক সেই সময়েই ঐ সকল সংস্থার জাগিয়া উঠে। অন্ত সময়ে তাহাবা তত প্রবল থাকে না, কিন্তু যথনই উহাদিগকে তাড়াইবার চেষ্টা কর, তথনই উহারা নিশ্চয়ই আদিবে, তোমার মনকে যেন একেবারে ছাইয়। ফেলিবার চেষ্টা করিবে। ইহার কাবণ কি? এই একাগ্রতা অভাাদের সময়েই ইহারা এত প্রবল হয় কেন? ইহার কাবণ এই, তুমি উহাদিগকে দমন করিবার চেষ্টা করিতেছ বলিয়াই উহারা উহাদের সমুদ্য বল প্রকাশ করে। অক্যান্ত সময়ে উহারা ওরূপ ভাবে বল প্রকাশ কবে না। এ সকল পূর্বসংস্কারের সংখ্যাই বা কত! চিত্তের কোন স্থানে উহার। জড় হইয়া রহিয়াছে, আর ব্যান্তের স্থায় লক্ষ্ক প্রাণান করিয়া আক্রমণের জন্ত বেন সর্বাদা প্রস্তুত হইয়া রহিয়াছে। ঐ গুলিকে প্রতিরোধ করিতে হইবে, যাহাতে আমরা যে ভাবটি দ্বনমে

রাখিতে ইচ্ছা কবি, কেবল সেইটিই আইসে, অপরাপর সম্দম্ব ভাবগুলি চলিয়া য়য়। তাহা না হইয়া তাহারা ঐ সময়েই আসিবার চেটা করিতেছে। সংয়ার-সম্হের এইরপ মনের একাপ্রতাশক্তিকে বাধা দিবার ক্ষমতা আছে। স্থতরাং যে সমাধির কথা এই মাত্র বলা হইল, উহা অত্যাস করা বিশেষ আবশ্রক; কারণ, উহা ঐ সংয়ারগুলিকে নিবাবণ করিতে সমর্থ। এইরপ সমাধির অভ্যাসের ম্বারা যে সংয়ার উত্থিত হইবে, তাহা এত প্রবল হইবে যে, তাহা অত্যাস্ত করিয়া বাধিবে।

তস্তাপি নিরোধে দর্কনিরোধান্নির্বীজঃ সমাধিঃ॥ ৫১॥

সূত্রার্থ।—তাহারও (অর্থাৎ যে সংস্কার অস্তান্ত সমুদ্র সংস্কারকে অবরুদ্ধ করে) অবরোধ করিতে পারিলে, সমুদ্র নিরোধ হওয়াতে নির্বীজ সমাধি আসিয়া উপস্থিত হয়।

ব্যাথা। তোমাদের অবগ্য স্থবণ আছে, আমাদের জীবনের চরম লক্ষ্য—এই আত্মাকে সাক্ষাৎ উপলব্ধি করা। আমরা আত্মাকে উপলব্ধি করিতে পারি না, কারণ উহা প্রকৃতি, মন ও শবীরের সহিত মিপ্রিত হইয়া পড়িয়াছে। অভান্ত অজ্ঞানী আপনার দেহকেই আত্মা বলিয়া মনে করে। তাহা অপেকা একটু উন্নত লোকে মনকেই আত্মা বলিয়া মনে করে। কিন্তু উন্নত লোকে মনকেই আত্মা বলিয়া মনে করে। কিন্তু

হন কেন ? চিত্তে এই নানাপ্রকার তরক উত্থিত হইয়া আত্মাকে আবৃত করে, আমরা কেবল এই তরকগুলির ভিতর দিয়াই আত্মার কিঞ্চিৎ প্রতিবিশ্বমাত্র দেখিতে পাই। যদি ক্রোধ-বৃত্তিরূপ প্রবাহ উথিত হয়, তবে আমবা আত্মাকে ক্রোধযুক্ত অবলোকন করি; বলিয়া থাকি, 'আমি রুষ্ট হইয়াছি। যদি প্রেমেব এক তরঙ্গ চিত্তে উত্থিত হয়, তবে ঐ তরক্ষে আপনাকে প্রতিবিশ্বিত দেখিয়া মনে কবি যে, আমি ভালবাসিতেছি। যদি ছঞ্চলতারূপরুত্তি আসিরা উদিত হয়, তবে উহাতে আপনাকে প্রতিবিম্বিত কবিয়া মনে করি, আমি 'চুর্বাল। এই সকল বিভিন্ন পূর্ব্বদংস্কার আত্মার স্বরূপকে আবংণ করিলেই এই সকল বিভিন্ন ভাব উদিত হইয়া থাকে। চিত্তহ্রদে যতদিন পর্যান্ত একটিও তরঙ্গ থাকিবে, ততদিন আত্মার প্রকৃতস্বরূপ দেখা যাইবে না। যতদিন না সমুদর প্রবাহ একেবারে উপশাস্ত হইয়া যাইতেছে. ততদিন আত্মার প্রকৃত স্বরূপ কথনই প্রকাশিত হইবে না। এই কারণেই পভঞ্জলি প্রথমে এই প্রবাহম্বরূপ বুত্তিগুলি কি, তাহা জানাইয়া দ্বিতীয়ত: উহাদিগকে দমন করিবার সর্বভ্রেষ্ঠ উপায় শিক্ষা দিলেন— তৃতীয়তঃ এই শিক্ষা দিলেন যে, যেমন এক বৃহৎ অগ্নিরাশিকুদ্র অগ্নিকণাগণকে গ্রাস করে, তেমনি একটি প্রবাহকে এত দুর প্রবল করিতে হইবে. যাহাতে অপব প্রবাহগুলি একেবারে नुश इहेशा गात्र। यथन • এक ए প্রবাহমাত অবশিষ্ট থাকিবে. তথন উহাকেও নিবারণ করা সহজ্ঞ হইবে। আর ধখন উহাও চলিয়া याहेर्रा, उथनि म्हि नमाधिर निक्वीं नमाधि

বলে। তথন আব কিছুই থাকিবে না, আত্মা নিজম্বরূপে
নিজমহিমার অবস্থিত হইবেন। আমবা তথনই জানিতে
পারিব যে, আত্মা মিশ্র পদার্থ নহেন, উনিই জগতে এক
মাত্র নিত্য অমিশ্র পদার্থ, স্মৃতরাং উহার জন্মও নাই, মৃত্যুও
নাই—উনি অমব, অবিনশ্বর, নিতা চৈত্তস্থান সন্তা-স্বরূপ।

ব্বিতীয় অধ্যায় সাধন পাদ

তপঃ স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগঃ॥ ১॥

সূত্রার্থ।—তপস্তা, অধ্যাত্ম-শাস্ত্র পাঠ ও ঈশ্বরে সমুদ্র কর্মফল সমর্পণকে ক্রিয়াযোগ কচে।

ব্যাখ্যা। পূর্বে অধ্যায়ে যে সকল সমাধিব কথা, বলা হইয়াছে, তাহা লাভ করা অতি হুইট। এই জন্ত আমাদিগকে ধীরে ধীরে ঐ সকল সমাধিলাভের চেটা করিতে হইবে। ইহার প্রথম সোপানকে ক্রিরাবোগ বলে। ইহার শব্দার্থ—কর্ম্ম হাবা বোগের দিকে অগ্রসর হওয়া। আমাদের ইক্রিয়গুলি যেন অশ্বস্ত্রপ, মন তাহার প্রগ্রহ (রশ্মি বা লাগাম), বৃদ্ধি সার্যা, আআ সেই রথের আবোহী, আর এই শরীর রথ স্বরূপ। গৃহস্বামিম্বরূপ মান্থবের আত্মা রাজা-ম্বরূপে এই রথে বিসিয়া আছেন। যদি অশ্বগণ অতি প্রবল হয়, রশ্মিহারা সংযত না থাকিতে চায়, আর যদি বৃদ্ধিরূপ সার্যাথ ঐ অশ্ব-গণকে কিরূপে সংযত করিতে হইবে, তাহা না জানে, তবে এই রথের পক্ষে মহা বিপদ্ উপস্থিত হইবে। পক্ষান্তরে, যদি ইক্রিয়রূপ অশ্বগণ, উত্তমরূপে সংযত থাকে, আর মনরূপ রশ্মি বৃদ্ধিরূপ সার্থির হস্তে দৃঢ়রূপে শ্বত থাকে, ভবে ঐ রথা বিদ্ধিরূপ সার্থির হস্তে দৃঢ়রূপে শ্বত থাকে, ভবে ঐ রথা ঠিক উহার গন্তব্য স্থানে পৌছিতে পারে। এক্ষণে এই

তপস্থা শব্দের অর্থ কি, বুঝিতে পারা যাইবে। তপস্থা শব্দের অর্থ-এই শরীর ও হক্রিয়গণকে পরিচালন করিবার সময় খুব দ্যভাবে রশ্মি ধরিয়া থাকা, উহাদিগকে ইচ্ছামত কার্য্য করিতে না দিয়া আত্মবশে বাথা। তৎপরে, পাঠ বা স্বাধ্যায়— এ স্থলে পাঠ অর্থে কি বুঝিতে হইবে? নাটক, উপস্থাস বা গল্পেব পুস্তক পাঠ নয়—যে সকল গ্রন্থে আত্মার মুক্তি কিলে হয় শিক্ষা দেয়. সেই সকল গ্রন্থপাঠ। আবার স্বাধ্যায় বলিতে ভর্ক বা বিচারাত্মক পুস্তক পাঠ বৃঝিতে হইবে না। ইহা বুঝিতে হুইবে যে, যিনি যোগী, তিনি, বিচারাদি করিয়া তৃপ্ত হইয়াছেন: আর তাঁহাব বিচাবে কচি নাই। তিনি (জপ, স্তোত্ত ও শাস্ত্র) পাঠ করেন, কেবল ভাঁহাব ধারণাগুলি দৃঢ় করিবার জক্ত। তুই প্রকার শাস্ত্রীয় জ্ঞান আছে, এক প্রকারের নাম বাদ (যাহা ভর্ক-যুক্তি ও বিচারাত্মক) ও দ্বিতীয়-সিদ্ধান্ত (মীমাংসাত্মক)। অজ্ঞানাবস্থায় লোকে প্রথমোক্ত প্রকার শাস্ত্রীয় জ্ঞানামূশীলনে প্রবৃত্ত হয়, উহা তর্কযুদ্ধ-স্বরূপ-প্রত্যেক বস্তুর সব দিক দেখিয়া বিচার কবা; এই বিচার শেষ হইলে তিনি কোন এক মীমাংসায় উপনীত হন। কিন্তু শুধু সিশ্ধান্তে উপনীত হইলে চলিবে না। এই সিদ্ধান্ত-বিষয়ে মনের ধারণা প্রাগাঢ় কবিতে হইবে। শাস্ত্র অনস্ত, সময় সংক্রিপ্ত, অতএব জ্ঞানলাভেব গুপ্তকৌশল এই যে, সকল বস্তুর সারভাগ গ্রহণ করা উচিত। ঐ সারটুকু লইয়া ঐ উপদেশ মত জীবন যাপন করিতে চেষ্টা কর। ভারতবর্ষে প্রাচীন কাল হইতে একটি প্রবাদ প্রচলিত আছে, তাহা এই

ষে, ষদি তুমি কোন রাজহংসের সমুথে একপাত্র জলমিশ্রিত ত্ত্ব ধর, তবে সে সমুদয় ত্ত্বটুকু পান করিবে, অলটুকু ফেলিয়া রাখিবে। এইরূপে জ্ঞানের ধে টুকু প্রয়োজনীয় অংশ, তাছা গ্রহণ করিয়া অসারভাগ টুকু আমাদিগকে ফেলিয়া দিতে হইবে। প্রথম অবস্থায় এই বৃদ্ধির ব্যায়াম আবশুক করে। অন্ধভাবে কিছুই গ্রহণ করিলে চলিবে না। তবে ধিনি যোগী, তিনি এই তর্কযুক্তির অবস্তা অতিক্রম করিয়া একটি পর্বতবৎ অচল দৃঢ় সিদ্ধান্তে উপনীত হইরাছেন। তাঁহার তখন একমাত্র উদ্দেশ্য হয় বে, ঐ সিদ্ধায়ট্টতে দৃঢ়প্রতায় হওয়া। তিনি বলেন, বিচাব কবিও না; যদি কৈহ জোর কবিয়া তোমার সহিত তর্ক কবিতে আইসে, তুমি তর্ক না করিয়া চুপ করিয়া থাকিবে। কোন তর্কের উত্তর না দিয়া শাস্তভাবে তথা হইতে চলিয়া ঘাইবে, কারণ, তর্কের ছাবা কেবল মন চঞ্চল হয় মাত্র। তর্কেব প্রয়োজন ছিল, কেবল বুদ্ধিকে সভেজ করা; তাহাই যথন সম্পন্ন হটয়া গেল, তথন আর উহাকে বুথা চঞ্চল করিবার প্রয়োজন কি? বুদ্ধি একটি তুৰ্বল বন্ত্ৰ মাত্ৰ, উহা আমাদিগকে ইক্তিয়ের গণ্ডিব মধ্যবন্ত্ৰী জ্ঞান দিতে পারে মাত্র। যোগীর উদ্দেশ্য ইন্দ্রিয়াতীত প্রদেশে বাওয়া, স্তরাং তাহার পক্ষে বুল্ক চালনার আর কোন প্রয়োজন পাকে না। তিনি এই বিষয়ে দুঢ়নিশ্চিত হইয়াছেন, স্মৃতরাং তিনি আর তর্ক করেন না, চুপচাপ থাকেন। কারণ, তর্ক করিতে গেলে মন সমতাচ্যুত হইরা পড়ে, চিত্তের মধ্যে একটা বিশৃত্বলা উপস্থিত হয়; আর চিত্তের এইরূপ বিশৃত্বলা তাঁহার

পক্ষে বিশ্বমাত্র। এই সমুদয় তর্ক, যুক্তি বা বিচারপূর্ব্বক তত্ত্বাদ্বেশ কেবল প্রথম শিক্ষার্থীর পক্ষে। এই তর্কযুক্তির অতীত প্রদেশে উচ্চতর তত্ত্বসমূহ রহিয়াছে। সমুদয় জীবনটাই কেবল বিভালন্বের বালকের ভার বিবাদ বা বিচার-সমিতি লইরাই পর্যাপ্ত নহে। ঈশ্বরে কর্মফল অর্পণ অর্থে কর্ম্মের জন্ত নিজে নিজে কোনরূপ প্রশংসা বা নিন্দা না লইয়া এই ছইটিই ঈশ্বরে সমর্পণ কবিয়া নিজে শান্তিতে অবস্থিতি করা বুঝার।

সমাধি ভাবনার্থঃ কেশতন্করণার্থশ্চ ॥ ২ ॥ স্ত্রার্থ।—এ ক্রিয়াযোগের প্রয়োজন, সমাধিকে ভাবিত বা উদ্দীপিত ও ক্লেশজনক বিশ্বসমূদয়কে ক্ষীণ করা।

ব্যাখ্যা। আমরা অনেকেই মনকে আছুরে ছেলেব মত করিয়া ফেলিয়ছি। উহা বাহা চায়, তাহাই দিয়া থাকি এই জক্ত সর্বনা ক্রিয়াবোগেব অভ্যাস আবশুক, বাহাতে মনকে সংযত করিয়া নিজের বশীভূত করা বায়। এই সংযমের অভাব হইতেই বোগের সমুদয় বিম্ন উপস্থিত হইয়া থাকে ও তাহাতেই ক্রেশের উৎপত্তি। উহাদিগকে দূব করিবার উপায়—ক্রিয়াবোগের দারা মনকে বশীভূত করা—উহাকে উহার কার্য্য করিতে না দেওয়া।

অবিত্যাহিন্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চকুেশাঃ ॥৩॥ স্ত্রার্থ।—অবিত্যা, অম্মিতা, রাগ, দ্বেষ, ও অভি-নিবেশ,—ইহারাই পঞ্চ ক্লেশ। ব্যাখ্যা। ইহারাই পঞ্চ ক্লেশ, ইহারা পঞ্চবন্ধনস্বরূপে আমাদিগকে এই সংসারে বন্ধ করিয়া রাখে। অবশ্য, অবিছাই ঐ
অবশিষ্ট সমুদয়গুলির জননীস্বরূপা। ঐ অবিদ্যাই আমাদেব
ছংখের একমাত্র কাবণ। আব কাহার শক্তি আছে যে, আমাদিগকে
এইরূপ ছংখে রাখে? আত্মা নিত্য আনন্দস্বরূপ, ইহাকে
অজ্ঞান, ভ্রম, মায়া ব্যতীত আব কিসে ছংখিত করিতে পাবে?
আত্মার এই সমুদয় ছংখই কেবল ভ্রমমাত্র।

অবিভা ক্ষেত্রমুত্রেষাং

প্রস্থতকুবিচ্ছিলোদারাণাম্ ॥ ৪॥

সূত্রার্থ।—আবিভাই অপরগুলির উৎপাদক ক্ষেত্র স্বরূপ। উহারা কখন লীনভাবে, কখন স্ক্ষ্মভাবে, কখন অন্ত বৃত্তি দারা বিচ্ছিন্ন অর্থাৎ অভিভূত হইয়া, কখন বা প্রকাশ থাকে।

ব্যাখ্যা। অবিভা—অস্মিতা, রাগ ছেব ও অভিনিবেশেব কারণ। ঐ সংস্কারগুলি আবার বিভিন্ন লোকের মনে বিভিন্ন অবস্থার অবস্থিতি করিয়া থাকে। কখন কখন উহারা প্রস্থপুশুলবে থাকে। তোমরা অনেক সময় 'শিশুতুলা নিরীহ', এই বাক্য শুনিয়া থাক—কিন্তু এই শিশুর ভিতরেই হয়ত দেবতা বা অস্থরের ভাব রহিয়াছে। ঐ ভাব ক্রমশঃ প্রকাশ পাইবে। যোগীর স্থপরে প্র্বের ফলস্বরূপ ঐ সংস্কারগুলি তমুভাবে থাকে। ইহার তাৎপর্য্য এই উহারা খুব স্ক্র অবস্থায় থাকে, তিনি উহাদিগকে দমন করিয়া রাধিতে পারেন। তাঁহার

উহাদিগকে ব্যক্ত হইতে না দিবার শক্তি আছে। কথন কথন কতকগুলি প্রবল সংস্কাব আর কতকগুলি সংস্কাবকে কিছুকালের ক্ষন্ত আছেন্ন করিয়া রাথে—কিন্তু যথনই ঐ আছেন্নকারী কারণগুলি চলিন্না যান, তথনই আবাব উহারা প্রকাশ হইয়া পড়ে। এই অবস্থাটিকে বিচ্ছিন্ন বলে। শেষ অবস্থাটিব নাম উদার। ঐ অবস্থান্ন সংস্কারগুলি অনুকূল পারিপার্শ্বিক অবস্থার সহারতা পাইয়া শুভ বা অশুভরূপে থুব প্রবলভাবে কার্য্য করিতে থাকে।

অনিত্যাশুচিহ্নঃখানাত্মস্

নিত্যশুচিম্বথাত্মখ্যাতিরবিদ্যা।। ৫ ॥

সূত্রার্থ।—অনিত্য, অপবিত্র, ছঃথকর ও আত্মা ভিন্ন পদার্থেযে নিত্য, শুচি, স্থথকর ও আত্মা বলিয়া ভ্রম হয়, তাহাকে অবিত্যা বলে।

ব্যাথা। এই সম্পন্ন সংস্থারগুলিব একমাত্র কারণ—অবিছা।
আমাদের প্রথমে জানিতে হইবে, এই অবিছা কি? আমরা সকলেই
মনেকরি, "আমি শরীর, শুদ্ধ জ্যোতিশ্বন্ন নিত্য আনন্দস্বরূপ আত্মা
নহি"—ইহাই অবিছা। আমবা মামুধকে (অশুচি স্থান-বীক্ষ-উপইস্তনিজন্ম-নিধন-আধেন্নশোচত রূপ) শরীর বলিয়া ভাবি এবং দেখি, ইহা
মহা ভ্রম।

দৃগ্দর্শনশক্ত্যোরেকাত্মতেবাহস্মিতা।।৬। স্তার্থ।—দৃক্ ও দর্শনশক্তির একীভাবই অস্মিতা।

ব্যাখা। আত্মাই ষণার্থ দ্রষ্টা, তিনি তদ্ধ, নিতাপবিত্র, জনন্ত ও জনর। আর দর্শনশক্তি অর্থাৎ উচার ব্যবহার্য বন্ধ কি কি ? চিত্ত, বৃদ্ধি অর্থাৎ নিশ্চয়াত্মিকারতি, মন ও ইন্দ্রিরগণ, এইগুলি উহাব যন্ত্র। এই গুলি তাঁহাব বাহা জগৎ দেখিবার যন্ত্রন্থরূপ, আর আত্মার সহিত ঐগুলির একীভাবকে অন্মিতারণ অবিদ্যা বলে। আমরা বলিয়া থাকি, "আমি চিত্তবৃতি, আমি রুষ্ট হইয়াছি, অথবা আমি মুখী।" কিন্তু কথা এই, কিন্তুপে আমরা রুষ্ট হইতে পারি বা কাহাকেও ঘুণা করিতে পারি? আত্মাব সহিত আপনাকে অভেদ জানিতে হইবে। আত্মার ত কথনও পরিণাম হয় না। আত্মা যদি অপরিণামী হন, তবে তিনি কিরূপে এইম্মণে মুখী, এইক্ষণে তৃ:খী হইতে পাবেন ? , তিনি নিরাকার অনম্ভ ও সর্বব্যাপী। উহাকে পবিণামপ্রাপ্ত করাইতে পারে কে ? আত্মা সর্ববিধ নিয়মেন অতীত। কিসে তাঁহাকে বিক্বত করিতে পারে? জগতেব মধ্যে কিছুই আত্মার উপর কোন কার্য্য করিতে পাবে না। তথাপি আমবা অজ্ঞতাবশতঃ আপনাকে মনোবুত্তিৰ সহিত একীভূত কৰিয়া ফেলি এবং স্থ অথবা চঃথ অমুভব কবিতেছি মনে করি।

স্থানুশ্যী রাগঃ।।৭।।

সূত্রার্থ ।—যে মনোবৃত্তি কেবল স্থুখকর পদার্থের উপর থাকিতে চায়, তাহাকে রাগ বলে।

বাখিয়া। আমবা কোন কোন বিষয়ে স্থপ পাইছা থাকি; বাহাতে আমরা স্থপ পাইট, মন একটি প্রবাহের মত তাহার দিকে প্রবাহিত হইতে থাকে। স্থথ-কেন্দ্রের দিকে ধাবমান আমাদের মনের ঐ প্রবাহকেট (গর্জা) রাগ বা আসক্তি বলে। আমরা ঘাহাতে

স্থুপ পাই না এমন কোন বিষয়েই কখন আক্সষ্ট হই না।
আমরা অনেক সময়ে নানা প্রকার কিন্তৃত্তিমাকার ব্যাপাবে
স্থুপ পাইয়া পাকি, তাহা হইলেও রাগের যে লক্ষণ দেওয়া
গেল, ভাহা সর্ব্বত্তই খাটে। আমরা যেখানে স্থুপ পাই,
সেখানেই আক্রম হইয়া থাকি।

তুঃখাকুশয়ী দ্বেষঃ ॥৮॥

সূত্রার্থ ।—ছঃখকর পদাথের উপর পুনঃপুনঃ স্থিতি-শীল অস্তঃকরণরুত্তিবিশেষকে দ্বেয বলে।

ব্যাথ্যা। স্থামরা যাহাতে ছঃথ পাই তৎক্ষণাৎ তাহা ত্যাগ কবিবাব চেষ্টা পাইয়া থাকি।

স্বরসবাহী বিছুষোহপি তথারুঢ়োহভিনিবেশঃ ॥৯।

সূত্রার্থ।—যাহা পূর্ব্বপূর্ব মরণান্মভব হইতে স্বভা-বভঃ প্রবাহিত ও যাহা পণ্ডিত ব্যক্তিতেও প্রভিষ্ঠিত, ভাহাই অভিনিবেশ অর্থাৎ জীবনে মমতা।

ব্যাখ্যা। এই জীবনের মমতা প্রত্যেক জীবনেই প্রকাশিত দেখিতে পাওয়া ধায়। ইহার উপর অনেক পরকাল সম্বন্ধীয় মত স্থাপন করিবার চেষ্টা হইয়াছে। যেহেতু লোকে ঐছিক জীবন এতদ্র ভালবাসে, স্থতরাং 'ভবিষাতেও যেন জীবিত থাকি' এইরূপ আকাজ্জা করিয়া থাকে। অবশু, ইহা বলা বাছলা যে এই যুক্তির বিশেষ কোন শ্লা নাই—তবে ইহার মধ্যে, এইটুকু আশ্রুষ্ঠা ব্যাপার দেখিতে পাওয়া যায় যে, পাশাত্যদেশসমূহে, এই জীবনে মমতা হইতে যে পরলোকের

সম্ভাবনীয়তা স্চিত হয়, তাহা তাঁহাদের মতে, কেবল মাহুষের পকেই থাটে, কিন্তু অস্তান্ত জন্তুব পক্ষে নহে। ভারতে এই জীবনে মমতা, পূর্ব্বসংস্কার ও পূর্ব্বজীবন প্রমাণ করিবার একটি যুক্তিশ্বরূপ হইয়াছে। মনে কর, যদি সমুদয় জ্ঞানই আমাদের প্রত্যক্ষ অমুভৃতি হইতে লাভ হইয়া থাকে, তবে ইহা নিশ্চয় যে, সামরা যাহা কথন প্রত্যক্ষ অনুভব করি নাই, তাহা কথন কল্পনাও করিতে পাবি না অথবা বুঝিতেও পারি না। কুকুট-শাবকগণ ডিম্ব হইতে ফুটিবামাত্র থান্ত থুঁটিয়া থাইতে আরম্ভ করে। অনেক সময়ে এরূপ দেখা গিয়াছে যে, যুখন কুরুটী ছারা হংসভিম্ব ফুটান হইয়াছে, তথন হংসশাবক ডিম্ব হইতে বাহির হইবামাত্র জলে চলিথা গিয়াছে; তাহাব কুকুটী মাতা মনে করিল শাবকটা বুঝি জলে ডুবিয়া গেল। যদি প্রত্যক্ষামুভৃতিই জ্ঞানেব একমাত্র উপায় হয়, তাহা হইলে এই কুকুটশাবকগুলি কোথা হইতে থান্য খুঁটিতে শিখিল ? অথবা ঐ হংসশাবকগুলি জল তাহাদেব স্বাভাবিক স্থান বলিযা জানিতে পারিল? যদি তুমি বল, উহা সহজাত জ্ঞান (instinct) মাত্র, তবে তাহাতে কিছুই বুঝাইল না। কেবল একটি শব্দ প্রয়োগ করা হইল মাত্র, কারণ ব্যাখ্যা কিছুই করা হইল না। এই সহজাত জ্ঞান কি ? আমাদেরও ত এইরূপ সহজাত জ্ঞান অনেক রহিয়াছে। দ্টাম্ভস্কল দেখা যাউক, আপনাদের মধ্যে অনেক মহিলাই পিয়ানো বাজাইয়া • থাকেন; আপনাদের অবশ্র স্মরণ থাকিতে পারে, বধন আপনারা প্রথম শিক্ষা করিতে আরম্ভ করেন, তথন আপনাদিগকে, খেত, ক্লফ, উভয় প্রকার পরদায়, একটির

পর অপরটিতে কত ধত্বের সহিত অঙ্গুলি প্রহোগ করিতে হইড, কিন্তু বছবৎসরের অভ্যাদের প্র, একণে, আপ্নারা হয়ত, কোন বন্ধব সহিত কথা কহিবেন, অথচ সঙ্গে সঙ্গে পিয়ানোর উপর অঙ্গুলি আপনা আপনি চলিতে থাকিবে। উহা এক্ষণে আপনাদেব সহজাত-জ্ঞানে পরিণত হইগাছে—উহা আপনাদের পক্ষে সম্পূর্ণ স্বাভাবিক হইয়া পড়িয়াছে। অক্যাক্ত কার্য্য যাহা আমরা করিয়া থাকি, তাহাব সম্বন্ধেও ঐ। অভ্যাদের দারা উহা সহজাত-জ্ঞানে পরিণত হয়, স্বাভাবিক ইইরা যায়। কিন্তু আমরা যুত্দুর জানি, এক্ষণে যে ক্রিয়াগুলিকে স্বাভাবিক বা সহজাত জ্ঞানজনিত বলিয়া থাকি, দেগুলি পূর্বের বিচারপূর্বক জ্ঞানের ক্রিয়া ছিল, এক্ষণে নিমভাবাপর হটয়া ঐরপ স্বাভাবিক হইয়া পড়িয়াছে। যোগীদিগের ভাষায় সহজাত জ্ঞান, বিচাবের নিম্নভাবাপন্ন ক্রমসক্ষ্টিত অবস্থা মাত্র। বিচারজনিত জ্ঞান অবনত ভাবাপন্ন হইয়া স্বাভাবিক সংস্থারে পরিণত হয়। অভএব, আমরা এ জগতে যাহাকে সহজাত জ্ঞান বলি, তাহা যে কেবলমাত্র বিচারজনিত জ্ঞানের নিয়াবস্থা মাত্র, একথা সম্পূর্ণ যুক্তিসঙ্গত। এই বিচার আবার প্রতাকামভূতি ব্যতীত হইতে পারে না, স্মৃতবাং, সমূদর সহজাত জ্ঞানই পূর্বে প্রভাকামুভৃতির ফল। কুরুটগণ খেনকে ভর করে, হংসশাবকগণ জল ভালবাসে, ইহা সবই পূর্ব্ব-প্রত্যক্ষাত্বভূতির ফলস্বরূপ। একণে প্রশ্ন এই, এই অমুভূতি জীবাত্মার অথবা উহা কেবল শরীবের ? হংস এক্ষণে বাহা অমুভব করিতেছে, তাহা কেবল ঐ হংসের পিতৃ-পুরুষণণের অন্নভৃতি হইতে আসিতেছে, না উহা হংসের নিজের

প্রত্যক্ষামুভূতি ? আধুনিক বৈজ্ঞানিকগণ বলেন, উহা কেবল তাহার শরীরের ধর্ম কিন্তু যোগীরা বলেন, উহা মনের অফুভৃতি---শরীরের ভিতর দিয়া আদিতেছে মাত্র। ইহাকেই পুনর্জন্মবাদ বলে। আমরা পুর্বেব দেখিয়াছি, আমাদের সমৃদয় জ্ঞান যাহাদিগকে প্রত্যক্ষ, বিচারজনিত জ্ঞান বা সহজাত জ্ঞান বলি, তাহার সমুদরই প্রত্যক্ষামুভতিরূপ জ্ঞানের একমাত্র প্রণানী দিয়াই আসিতে পারে আর যাহাকে আমরা সহজাত জ্ঞান বলি, তাহা আমাদের পূর্ব প্রতক্ষামুভৃতির ফলম্বরূপ, উহাই একণে অবন্তভাবাপন্ন হইয়া সহজাত জ্ঞানুরূপে পরিণ্ড হইয়াছে, নেই সহজাত জ্ঞান আবার বিচারজনিত জ্ঞানরূপে পরিণত হইয়া থাকে। সমুদয় জগতের ভিতরেই এই ব্যাপার চলিতেছে। ইহার উপরেই ভারতের পুনর্জন্মবাদের একটি প্রধান যুক্তি স্থাপিত হইবাছে। পূর্বামুভূত অনেক ভরের সংস্কার কালে এই জীবনের মনতারূপে পরিণত হইয়াছে *দ* এই কারণেই বালক অতি বাল্যকাল হটতেই আপনা আপনি ভয় পাইয়া থাকে, কারণ, তাহার মনে কটের পূর্বামুভৃতিজ্ঞনিত সংস্থার রহিয়াছে। অতিশয় বিদ্বান ব্যক্তির ভিতরে যাঁহারা জানেন যে, এই শরীর চলিয়া যাইবে, যাঁহারা বলেন, আত্মার মৃত্যু নাই, আমাদের শত শত শরীর রহিয়াছে, স্থতরাং কি ভয়, তাঁহাদের মধ্যেও তাঁহাদের সমুদ্য বিচারজাত ধারণা সত্ত্বেও আমবা এই জ্বীবনে প্রগাঢ় মমতা দেখিতে পাই। এই জীবনে মমতা কোথা হইতে আসিল? আমরা দেখিয়াছি বে, ইহা আমাদের সহজ বা স্বাভাবিক হইয়া পড়িয়াছে। বোগীদিগের

বাজযোগ

দার্শনিক ভাষায় উহা সংস্থাররূপে পরিণত হইয়াছে, বুলা যায়। এই সংস্কারগুলি ফুল্ম বা গুপ্ত হইয়া চিত্তের ভিতর যেন নিদ্রিত রহিয়াছে। এই সমুদ্য পূর্বে মৃত্যুর অমুভৃতিগুলি, যাহাদিগকে আমরা সহজাত জ্ঞান বলি—তাহাবা যেন জ্ঞানেব নিয় ভূমিতে উপনীত হইয়াছে। উহাবা চিত্তেই বাস করে. আর তাহাবা যে নিজ্ঞিয়ভাবে অবস্থান কবিতেছে, তাহা নহে, উহাবা ভিতবে ভিতবে কার্য্য করিতেছে। এই চিত্তবৃত্তিগুলি অর্থাৎ যে গুলি সুলভাবে প্রকাশিত রহিয়াছে, তাহাদিগকে আমরা বেশ বুঝিতে পারি ও অহুভব কবিতে পারি: তাহাদিগকে সহজেই দমন কবা বাইতে পারে, কিন্তু এই সকল স্ক্লাতর সংস্থারগুলির দমন কিকপে হইবে? উহাদিগকে দমন করা যায় কিরুপে? যথন আমি কট হই, তথন আমাব সমৃদয় মনটি যেন এক মহা ক্রোধেব তবঙ্গাকাব ধারণা করে। আমি উহা অমুভব কবিতে পাবি, উহাকে দেখিতে পারি, উহাকে বেন হাতে ক্ররিয়া নাড়িতে চাড়িতে পাবি, উহার সহিত সহজেই যাহা ইচ্ছা, তাহাই করিতে পারি, উহাব সহিত যুদ্ধ করিতে পারি, কিন্তু আমি যদি মনের অতি গভীর প্রদেশে না যাইতে পারি. তবে কথনই আমি উহার মূলোৎপাটনে ক্লুতকাষ্য হইব না। কোন লোক আমাকে থুব কড়া কথা বলিল, আমারও বোধ হইতে লাগিল বে. আমি গরম হইতেছি. সে আরও কড়া কথা বলিতে লাগিল, স্ববশেষে আমি ক্রোধে উন্মন্ত হইয়া উঠিলাম, আত্মবিশ্বতি ঘটল, ক্রোধর্ত্তির সহিত বেন[†] আপনাকে মিশাইয়া ফেলিলাম। যথন সে আমাকে প্রথমে

কটু বলিতে আরম্ভ করিয়াছিল, তথনও আমার বোধ হইতেছিল যে আমার ক্রোধ আসিতেছে। তখন ক্রোধ একটি ও আমি একটি পৃথক পৃথক ছিলাম। কিন্তু বখনই আমি কুৰু হইয়া উঠিলাম, তথন আমিই যেন ক্রোধে পবিণত হইরা গেলাম। ঐ বুজিগুলিকে মুল হইতেই—তাহাদের সন্মাবস্থা হইতেই উৎপাটন করিতে হইবে। উহারা আমাদের উপর কার্য্য করিতেছে, এটি বুঝিবার পূর্বেই উহাদিগকে সংযম করিতে হইবে। জগতের অধিকাংশ লোক এই বৃত্তিগুলির স্ক্রাবস্থার অক্তিম পথান্ত জ্ঞাত নহে। যে অবস্থায় ঐ বুদ্ধিগুলি জ্ঞানের নিমভূমি হইতে একটু একটু করিয়া উদয় হয়, তাহাকেই বুজির স্ক্রাবস্থা বলা যায়। যথন কোন হদের তলদেশ হইতে একটি তরঙ্গ উত্থিত হয়, তথন আমরা উহাকে দেখিতে পাই না, শুধু তাহা নহে, উপরিভাগের খুব নিকটে আসিলেও আমবা উহা দেখিতে পাই না; যথনই উহারা উপরে উঠিয়া একটি তরক্ষাকারে পরিণত হয়, তথনই আমরা জানিতে পারি যে, একটি তরক উঠিল। যথন আমরা ঐ তরদগুলির সন্মাবস্থাতেই উহাদিগকে ধরিতে পারিব। এইক্লপে ষত দিন না আমরা স্থলভাবে পরিণত হইবার পুর্বেই স্ক্লাবস্থায় ঐ ইঞ্জিয়বুত্তিগণকে সংযত করিতে পারিব, ততদিন কোন বৃত্তিই পূর্ণরূপে সংযম করিতে পারিব না। ইঞ্জিয়-वृखिश्वनित्क मश्यम कति इंड इहेटन, व्यामानिशतक छेहारमञ्ज मृतन গিরা সংযম করিতে হইবে। তথনই, কেবল তখনই আমরা উহাদের বীত্রপর্যান্ত দথ করিয়া ফেলিতে পারিব; বেমন

ভর্জিত বীজ মৃত্তিকায় ছড়াইয়া দিলেও পঞ্চুর উৎপন্ন হয় না, তক্ষপ এই ইন্দ্রিয়ের বৃত্তিগুলি আর উদয় হইবে না।

তে প্রতিপ্রসবহেয়াঃ সূক্ষ্মাঃ॥ ১০॥

সূত্রার্থ।—সেই সুক্ষা সংস্কারগুলিকে প্রতিপ্রসব অর্থাৎ প্রতিলোমপরিণাম দ্বারা নাশ করিতে হয়।

ব্যাখ্যা। ধ্যানের দারা যথন চিত্তবৃত্তিগুলি নই হয়, তথন যাহা অবশিষ্ট থাকে, তাহাকে স্ক্রসংস্কার বা বাসনা বলে। উহাকে নাশ করিবার উপায় কি? উহাকে প্রতিপ্রাসব অর্থাৎ প্রতিলোম-পরিণামের দাবা নাশ করিতে হইবে। প্রতিলোম-পরিণাম অর্থে কার্য্যের কারণে লয়। চিত্তরূপ কার্য্য যথন সমাধি দাবা অন্মিতারূপ স্বকারণে লীন হইবে, তথনই চিত্তের সহিত ঐ সংস্কারগুলিও নই হইয়া যাইবে।

धानट्यां छन्त्रख्यः ॥ ১১ ॥

সূত্রার্থ।—ধ্যানের দ্বারা উহাদের স্থুলাবস্থা নাশ করিতে হয়।

ব্যাথ্যা। খ্যানই এই বৃহৎ তরক্ষগুলির উৎপত্তি নিবারণ ক্ষিবার এক প্রধান উপায়। খ্যানের ছারা মনের বৃদ্ধিরূপ তরক্ষসকল লয় পাইবে। বদি দিলের পর দিন, মাসের পর মাদ, বৎসরের পর বৎসর, এই খ্যান অভ্যাস কর, বৃষ্ডদিন না উহা ভোষার স্বভাবের মধ্যে দাঁড়াইয়া ধায়, বতদিন না তুমি ইচ্ছানাক রিলেও ঐ খ্যান আপনা হইতেই আইসে)— তাহা হইলে ক্রোধ, মুণা প্রভৃতি বৃত্তিগুলি চলিয়া বাইবে,।

কুেশমূলঃ কর্মাশয়ো দৃষ্টাদৃষ্টজন্মবেদনীয়ঃ॥ ১২॥

স্থ তার্থ।—কর্ম্মের আশয়ের মূল এই পূর্ব্বোক্ত ক্লেশগুলি; বর্ত্তমান অথবা পরজীবনে উহারা ফল প্রসব করে।

ব্যাখ্যা। কর্মাশয়ের অর্থ এই সংস্কারগুলির সমষ্টি। আমরা যে কোন কাধ্য করি না কেন, অমনি মনো হলে একটি ভরক উথিত হয়। আমরা মনে করি, ঐ কার্যাটি শেষ হইয়া গেলেই তরঙ্গটিও চলিয়া যাইবে; কিন্তু বাস্তবিক তাহা নহে। উহা যেন স্ক্র আকার ধারণ করিয়াছে মাত্র. কিন্তু তথাপি তখনও ঐ স্থানেই রহিয়াছে। যথন আমরা উহা স্মরণ করিবার চেষ্টা করি, তথনই উহা পুনর্কার উদর হইয়া আবার তরদাকারে পরিণত হয়। স্থতরাং জানা যাইতেছে, উহা মনের ভিতর গুঢ়ভাবে ছিল; যদি না থাকিত, তাহা হইলে শ্বতি অসম্ভব হইত। স্বতরাং প্রত্যেক কার্যা, প্রত্যেক চিস্তা, তাহা 😙 ভই হউক, আর অশুভই হউক, মনের গভীরতম প্রদেশে গিয়া হক্ষভাব ধারণ কবে ও ঐ স্থানেই সঞ্চিত থাকে। স্থখকর অথবা চুঃথকর সকল প্রকার চিকাকেই ক্লেশ বলে, কারণ, যোগীদিগের মতে উভর্ই পরিণামে তু:খ প্রস্ব করে। ইব্রিয়গণ হইতে যে সকল হুথ পাওৱা বায়, তাহারা পরিণামে ছ:ৰ আনয়ন কুরিবেই করিবে। ভোগে ভোগতৃষ্ণা বাড়িয়া থাকে;

তাহার ফল হ:থ। মানুষের বাসনার অন্ত নাই, মানুষ ক্রমাগত বাসুনা করিতেছে, বাসনা করিতে করিতে যথন সে এমন স্থানে উপনীত হয় যে কোন মতে তাহার বাসনা আ। পবিপূর্ণ হয় না, তথনই তাহার ছঃখ উৎপন্ন হয়। এই জন্মই বোগীরা শুভ অশুভ সমুদয় সংস্কারগুলির সমষ্টিকে ক্লেশ বলিয়া থাকেন, উহারা আত্মার মুক্তির পথে বাধা প্রদান করে। সমুদয় কার্য্যের স্ক্রমুলস্থরপ সংস্থারগুলি সম্বন্ধে বুঝিতে হইবে যে, ভাহারা কারণস্করণ হইয়া ইহজীবনে অথবা পরজীবনে ফল প্রাসব করিয়া থাকে (দৃষ্ট বা অদৃষ্ট জন্ম-বেদনীয়)। বিশেষ বিশেষ স্থলে ঐ সংস্থারগুলির প্রাবল্য হেতু উহারা অতি শীঘ্রই ফল প্রসব করে, অত্যুৎকট পুণ্য বা পাপকর্ম ইহজীবনেই তাহার ফল উৎপাদন করে। যোগীরা বলেন যে, যে সকল ব্যক্তি ইহজীবনেই পুর প্রবল শুভসংস্কার উপার্জ্জন করিতে পারেন, তাঁহাদের মৃত্যু হয় না, তাঁহারা ইহজীবনেই এই দেহকে দেবদেহে পরিণত করিতে পারেন। যোগীদিগের গ্রন্থে এইরূপ কতকগুলি দৃষ্টাক্তের উল্লেখ আছে। ইহারা আপনাদের শরীরের উপাদান পধান্ত পরিবর্ত্তন করিয়া ফেলেন। ইহার। নিজেদের দৈহের পরমাণুগুলিকে এমন নৃতনভাবে সন্নিবেশিত করিয়া লন যে, তাঁহাদের আর কোন পীড়া হয় না এবং আমরা যাহাকে মৃত্যু বলি, ভাহাও তাঁহাদের নিকট আসিতে পারে না। এক্রপ ঘটনা না হইবার কোন কারণ নাই। শারীরবিধান শান্ত থান্তের অর্থ করেন--সূর্ব্য হইতে শক্তিগ্রহণ। ঐ শক্তি ্র্রাথমে উদ্ভিদে প্রাবেশ করে; সেই উদ্ভিদ্কে আবার কোন পশু

ভোজন করে, মাতুর আবার সেই পশুমাংস ভোজন করিয়া থাকে। এই ব্যাপারটি বৈজ্ঞানিক ভাষার বলিতে গেলে, বুলিতে হইবে যে, আমবা সুধ্য হইতে কিছু শক্তি গ্রহণ করিয়া উহাকে নিজেব অস্বীভূত করিয়া লইলাম। ইহা যদি যথার্থ হয়, তবে এই শক্তি আহরণ করিবার যে একমাত্র উপায় থাকিবে, তাহা কে বলিল ? আমরা যেরপে শক্তি সংগ্রহ করি, উদ্ভিদের শক্তি সংগ্রহের উপায় ঠিক তাহা নছে: আমরা যেরূপে শক্তি সংগ্রহ কবি, পুণিবী সেরূপে করে না, কিন্তু তাহা হইলেও সকলেই কোন না কোনক্রপে শক্তি সংগ্রহ কবিয়া থাকে। যোগীরা বলেন. তাঁহারা কেবল মন:শক্তিবলেই শক্তি সংগ্রহ করিতে পাবেন। তাঁহারা বলেন, আমরা সাধারণ উপায় অবলয়ন না করিয়াও যত ইচ্ছা শক্তি সংগ্রহ কবিতে পাবি। উর্ণনাভ যেমন নিজ শরীর হইতে তক্ত বিস্তার করিয়া পরিশেষে এমন বন্ধ হইয়া পড়ে যে, বাহিরে কোথাও যাইতে হইলে সেই ত**ন্ত** অবসম্বন না করিয়া যাইতে পাবে না. সেই**রূপ** আমবাও আমাদের উপাদানীভূত পদার্থ হইতে এই সাযু**লাল** সৃষ্টি করিয়াছি, এখন আর সেই স্নায়ুপ্রণালী অবলম্বন না করিয়া কোন কার্য্য করিতে পারি না। যোগী বলেন, ইহাতে বন্ধ থাকিবাৰ আমার প্রয়োজন কি? এই তব্টি আর একটি উদাহরণের ধারা বুঝান যাইতে পারে। আমরা পৃথিবীর চতুর্দিকে তড়িংশক্তিকে প্রেরণ করিতে পারি, কিছ উহা প্রেরণ করিবাব জন্ম আমাদের তারের আবহাক হয়। কেন. প্রকৃতি ত বিনা তারে বহু পরিমাণে শক্তি প্রেরণ করিতেছেন।

আমরাই বা কেন না তাহা করিতে পারিব ? আমরা চতুর্দিকে মানসতজিৎ প্রেরণ করিতে পারি। আমরা বাহাকে মন বলি, তাহা প্রায় তড়িৎশক্তির সদৃশ। স্নায়ুব মধ্যে যে এক তরল পদার্থ প্রবাহিত হইতেছে, তাহার মধ্যে যে অনেক পরিমাণে বিছংশক্তি আছে, তাহাতে কোন সন্দেহ নাই। কারণ, তড়িতের স্থায় উহারও প্রান্তবমে বিপরীত শক্তিবম দৃষ্ট হয় ও তড়িতের জন্তান্ত যে সকল ধর্ম, উহাতেও সেই ধর্মগুলি দেখা বায়। এই তডিৎশক্তিকে একণে আমরা কেবল সায়ু-মণ্ডলের মধ্য দিয়াই প্রবাহিত করিতে পারি। কিন্তু স্নাযু-মণ্ডলীর সাহায্য না লইয়াই বা আমরা কেন ইহা প্রবাহিত করিতে সমর্থ হইব না ? যোগী বলেন ইহা সম্পূর্ণ সম্ভব; শুধু **সম্ভব নহে,** ইহা কার্য্যে পরিণত করা যাইতে পারে। আর ইহাতে কৃতকাগ্য হইলে তুমি সমুদয় জগতের মধোই আপনাব এই শক্তি প্রিচালন করিতে সমর্থ হইবে। তথ্ন তুমি কোন মান্ত্রপ্রের সাহায্য না লইয়াই ষেথানে ইচ্ছা, যে শরীবেব উপর ইচ্ছা কার্য্য করিতে পারিবে। মথন কোন আত্মা এই স্নায়্-ষম্ভব্নপ প্রণালীর ভিতর দিয়া কার্যা করেন, আমরা তথন তাঁহাকে ভীবিত. আর এই যন্তগুলির নাশ হইলেই তাঁহাকে मुख विष । किन्त यिनि এইরপ স্নায়ুষঞ্জেব সাহায্যেই হউক, অথব। তৎসাহায্যনিরপেক্ষ হইয়াই হউক, উভয় প্রকারেই কার্ব্য করিতে পারেন, তাঁহার পক্ষে অন্ম ও মৃত্যু এই ছই শব্দের কোন অর্থই নাই। জগতে যত ভিন্ন ভিন্ন প্রকার শরীর আছে, সবই তন্মাত্রা বারা রচিত, কেবল, প্রভেদ

ভাহাদের বিক্তাসের প্রণানীতে। যদি তুমিই ঐ বিস্তাসের কর্ত্তা হও, তাহা হইলে তুমি যেরূপে ইচ্ছা, ঐ তন্মাত্রাগুলির বিফাস করিয়া শরীর রচনা করিতে পার। এই শরীর তুমি ছাড়া আর কে নির্মাণ করিয়াছে? আহার করে কে? যদি আর একজন তোমার হইয়া আহার করিয়া দিত তোমাকে বড় বেশী দিন বাঁচিতে হইত না। ঐ থাম হইতে রক্তই বা উৎপাদন করে কে? নিশ্চয়, তুমিই। ঐ রক্তকে বিশুদ করিয়া ধমনীর মধ্যে প্রবাহিত করিতেছে কে? তুমিই। আমরাই দেহের কর্ত্তা এবং উহাতে বাদ করিতেছি। কেবল উহা কিরুপে নৃত্ন করিয়া গড়িতে হয়, দেই জ্ঞান আমরা হারাইয়া ফেলিয়াছি। আমরা যন্ত্র-তুল্য অবনতপ্রভাব হইয়া পড়িয়াছি। আমরা দেহের পরমাবুগুলির বিক্যাসপ্রণালী ভূলিয়া গিয়াছি। স্থতরাং স্মামবা এক্ষণে যাহা যন্ত্রবৎ করিতেছি, ভাহা জ্ঞাতসাবে করিতে হইবে। আমবাই কর্ত্তা, স্থভরাং আমাদিগকেই এই বিক্যাসপ্রণালীকে নিয়মিত করিতে হইবে। ইহাতে কুতকার্য হইলেই আমরা ইচ্ছামত নৃতন করিয়া দেহের নিশ্বাণে সমর্থ হইব: তথন আমাদের জন্ম, মৃত্যু, ব্যাধি আদি किছूहे थाकित्व ना।

সতিমূলে তদ্বিপাকো জাত্যায়ুর্ভোগাঃ॥ ১৩॥

সূত্রার্থ।—মনে এই সংস্কাররূপ মূল থাকায় তাহার ফলস্বরূপ মন্থ্যাদি জাতি, ভিন্ন ভিন্ন প্রমায়ু ও সুখ-তুংখাদি ভোগ হয়।

ব্যাখ্যা। মূল অর্থাৎ সংস্কারক্ষপী কারণগুলি ভিতরে থাকাতে তাহারাই ব্যক্তভাব ধারণ করিয়া ফলরূপে পরিণত হয়। কারণের নাশ হইয়া কার্য্যের উদয় হয়, আবার কার্য্য স্কল্পভাব ধারণ করিয়া পরবতী কার্য্যের কারণস্বরূপ হয়। রুক্ষ বীজ্ঞ প্রস্ব করে; বীজ স্মাবার পরবর্ত্তী বুক্ষের উৎপত্তির কারণ হইয়া থাকে। এই রূপেই কার্য্যকারণপ্রবাহ চলিতে থাকে। আমরা একণে যে কিছু কর্ম করিভেছি, সমুদয়ই পূর্ববসংস্থারের ফলস্বরূপ। এই কার্যাঞ্জলি আবার সংস্থাররূপে পরিণত হট্মা ভবিষ্যৎ কার্য্যের কারণ হইবে; এইরূপেই কার্য্যকারণ প্রবাহ চলিতে থাকে। এই স্ত্র এই অস্তুই বলিতেছে ষে, কারণ থাকিলে, তাহার ফল বা কাৰ্য্য অবশ্ৰুই হইবে। এই ফল প্ৰথমত:, জাতিরূপে প্রকাশ পায়; কেহ বা মাত্র্য হইবেন, কেহ দেবতা, কেহ পশু, কেহ বা অম্বর হইবেন। বিতীয়ত:, এই কর্ম আবার আয়ুকেও নিয়মিত করিবে। একজন হয়ত পঞ্চাশবর্ধ জীবিত থাকিয়া মৃত্যুমুখে পতিত হয়, অপরের জীবন হয়ত শত বর্ষ, আবার কেহ হয়ত, ছই বৎসর শীবিত থাকিয়াই মৃত্যুমুথে পতিত হয়, সে আর মোটেই পূর্ণবয়ত্ব হয় না। এই যে বিভিন্নতা, ইহা কেবল পূর্ববৰ্ণম ধারা নিয়মিত হয়। কাহাকেও দেখিলে বোধ হয় যে, কেবল স্থভোগের জন্তই তাহার আছা: যদি সে বনে গিয়া পুকাইয়া থাকে, স্থুথ যেন তাহার পশ্চাৎ পশ্চাৎ ঘাইবে। আর একজন যেখানেই যায়, হঃও যেন ^{*}ভাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হয়, সবই তাহার নিকট হঃখময় হইয়া দাঁড়ায়। এই नमूमबरे छ। हाराज निक निक शूर्यकर्त्यात कन। सांगीमिश्यत

মতে, সমুদর পুণ্যকর্ম্মে স্থথ ও সমুদর পাপকর্মে ছঃখ আনরন করে। যে ব্যক্তি কোন অসৎ কার্য্য করে, সে নিশ্চরই ক্লেশরূপে ভাহার ক্লভকর্মের ফলভোগ করিবে।

তে হলাদপরিতাপফলাঃ পুণ্যাপুণ্যহেতুত্বাৎ ॥ ১৪ ॥

সুত্রার্থ।—পুণ্য ও পাপ উহাদের কারণ বলিয়া উহাদের ফল আনন্দ ও হঃখ।

পরিণামতাপদংস্কারছঃথৈগুণরুত্তিবিরোধাচ্চ ছঃখমেব সর্বাং বিবেকিনঃ ॥ ১৫ ॥:

সূত্রার্থ।—কি পরিণাম-কালে, কি ভোগ-কালে, ভোগব্যাঘাতের আশঙ্কায়, অথবা সুখের সংস্কারজনিত তৃষ্ণার প্রসবকারী বলিয়া, আর গুণবৃত্তি, অর্থাৎ সন্তু, রজ্ঞঃ, তমঃ পরস্পর পরস্পরের বিরোধী বলিয়া বিবেকীর নিকট সবই হুঃখ বলিয়া বোধ হয়।

ব্যাখ্যা। যোগীরা বলেন, যাঁহাব বিবেকশক্তি আছে, থাঁহার একটু ভিতরের দিকে দৃষ্টি আছে, তিনি স্থ ও হুঃথ নাম-ধেয় সর্কবিধ বন্ধর অস্তত্তল পর্যন্ত দেখিয়া থাকেন, আর জানিতে পারেন বে, উহারা সর্কদা সর্কত্ত সমভাবে রহিয়াছে। একটির মঙ্গে আর একটি বেন জড়াইয়া, একটি বেন আর একটিতে মিশাইয়া আছে। সেঁই বিবেকী পুরুষ দেখিতে পান বে, মাহুষ সমুদ্ধ জীবন কেবল এক আলেয়ার অনুসরণ করিজেছে; সে কখনই ভাহার বাসনা পুরণে সমর্থ হয় না। এক সময়ে মহারাজ

हेत्र विनयाहित्मन, "कीवत्न मर्व्यात्मका व्यान्तवा घटेना এই या, প্রতি মুহুর্ত্তেই আমবা ভূতগণকে মৃত্যুমুধে পতিত হইতে দেখিতেছি, তথাপি আমবা মনে করিতেছি, আমরা কথনই মবিব না।" চতুর্দিকে মুর্থ ব্যক্তিগণ দারা পরিবেষ্টিত হইয়ামনে করিতেছি, আমবাই একমাত্র পণ্ডিত—আমরাই কেবল মুর্থশ্রেণী হইতে স্বতন্ত্র। চতুর্দিকে সর্বপ্রকার চঞ্চলতার দুষ্টান্তে বেষ্টিত হইয়া আমর। মনে করিতেছি, আমাদের ভালবাসাই একমাত্র স্থাগী ভালবাসা। ইহা কি করিয়া হইতে পারে? ভালবাসাও স্বার্থপরতা মিক্সিত। যোগী বলেন, 'পরিণামে দেখিতে পাইব, এমন কি. পতিপত্নীর প্রেম, সম্ভানের প্রতি ভালবাসা এবং বন্ধুগণের প্রাণয় পর্যান্ত অল্লে অল্লে ক্ষয় হইয়া নাশ পায়।' এই সংসাবে ক্ষয় প্রত্যেক বস্তুকেই আক্রমণ করিয়া থাকে। যথনই, কেবল যথনই, সংসাবের সকল বাসনায়, এমন কি, ভালবাসাতেও আমরা নিরাশ হই, তথনই যেন চকিতের স্থায় মাহুধ বুঝিতে পারে, এই জগৎ কি ভ্রম! যেন স্বপ্রসদৃশ! তথনই এক বিন্দু বৈরাগ্যভাব তাহার হৃদয়ে উদিত হইয়া থাকে, তথনই সে জগতের অতীত সন্তার যেন একটু আভাস পায়। এই জগৎকে ত্যাগ করিলেই পারলৌকিক তত্ত্ব হুদয়ে উদ্ভাসিত হয়; এই অগতের স্থাধ আসক্ত থাকিলে, ইহা কথনও সম্ভাবিত হইতে পারে না। এমন কোন মহাত্মা হন নাই, যাঁহাকে এই উচ্চাবস্থা লাভের জন্ম ইন্সিরমুখটোগ ত্যাগ করিতে হর নাই। হু:থের কারণ, প্রকৃতির বিভিন্ন শক্তিগুলির পরস্পার-। বিরোধ। মাতুষকে একটি একদিকে, অপরটি আর

একদিকে টানিয়া লইয়া ধাইতেছে, কাজেই স্থায়ী সুধ অসম্ভব হইয়া পড়ে। *

হেয়ং ছুঃখমনাগতম্ ॥১৬॥

স্থুত্রার্থ।—যে ছঃখ এখনও আইসে নাই, তাহাই ত্যাগ করিতে হইবে।

ব্যাখ্যা। কর্ম্মের কিঞ্চিদংশ আমাদের ভোগ হইয়া গিরাছে, কিঞ্চিদংশ আমরা বর্ত্তমানে ভোগ করিতেছি, আর অবশিষ্টাংশ ভবিশ্বতে ফলপ্রদানোন্থ হইয়া আছে। আমাদের যাহা ভোগ হইয়া গিয়াছে, তাহা ত চুকিয়া গিয়াছে। আমরা বর্ত্তমানে যাহা ভোগ করিতেছি, তাহা আমাদিগকে ভোগ করিতে হইবেই হইবে, কেবল যে কর্ম্ম ভবিশ্বতে ফলপ্রদানোন্থ হইয়া আছে, তাহাই আমরা জয় অর্থাৎ নাশ করিতে পারিব। এই কারণেই আমাদিগের সমুদয় শক্তি, যে কর্ম্ম এক্ষণেও কোন ফল প্রসব করে নাই, তাহারই নাশের জন্ম নিযুক্ত করা আবশ্বত ।

क्कृ मृ श्राट्याः अः त्यार्गा (श्यारङ्कः ॥) १॥

সূত্রার্থ।—এই যে হেয়, অর্থাৎ যে ছঃখকে ত্যাগ করিতে হইবে, তাহার কারণ, দ্রস্তা ও দৃশ্যের সংযোগ।

ব্যাখ্যা। এই দ্রন্থার অর্থ কি ? মনুষ্যের আত্মা—পুরুষ।
দৃশু কি ? মন হইতে আরম্ভ করিয়া স্থল-ভৃত পর্যান্ত সমুদর
প্রাক্ষতি। এই পুরুষ ও মনের সংযোগ হইতেই স্থখহাথ সমুদর
উৎপন্ন হইরাছে। তোমাদের অবশু স্মরণ থাকিতে পারে,
এই যোগাশাস্ত্রের মতে পুরুষ শুক্ষস্করণ; যথনই উহা প্রক্লতির

সহিত সংযুক্ত হয় ও প্রক্কতিতে প্রতিবিধিত হয়, তথনই উহা হয় সূথ, নয় ত্রঃথ অফুভব করে বলিয়া প্রতীয়মান হয়।

প্রকাশক্রিয়ান্থিতিশীলং ভূতেন্দ্রিয়াত্মকং ভোগাপবর্গার্থং দৃশ্যম্ ॥১৮॥

সূত্রার্থ।—দৃশ্য অর্থে ভূত ও ইন্দ্রিয়গণকে বুঝায়। উহা প্রকাশ, ক্রিয়া ও স্থিতিশীল। উহা দ্রপ্তার অর্থাৎ পুরুষের ভোগ ও মুক্তির জন্ম।

ব্যাখ্যা। দুখ অর্থাৎ প্রকৃতি, ভূত ও ইন্দ্রিয়দমষ্টিরূপ; ভৃত বলিতে স্থুল, ফুন্দ সর্ব্বপ্রকার ভৃতকে বুঝাইবে, আর ইন্দ্রিয় অর্থে চক্ষুবাদি সমুদয় ইন্দ্রিয়, মন প্রভৃতিকেও বুঝাইবে। উহা-দের ধর্ম আবার তিন প্রকার; যথা—প্রকাশ, কার্য্য ও স্থিতি অর্থাৎ জড়ত্ব: ইহাদিগকেই অন্ত কথায় সন্তু, রজ:, তম: বলে। সমূদয় প্রকৃতির উদ্দেশ্য কি? উদ্দেশ্য এই, যাহাতে পুরুষ সমূদয় ভোগ করিয়া বিশেষজ্ঞ হইতে পাবেন। পুক্ষ যেন আপনার মহান্ ঐশবিক ভাব বিশ্বত হইয়াছেন। এ বিধয়ে একটি বড় স্থন্দর আখ্যায়িকা আছে। অস্থ্র বধের নিমিত্ত কোন সময়ে দেবরাজ বিষ্ণু শুকর হইয়া কর্দনের ভিতর বাস করিতেন, তাঁহার অবশ্য একটি শুকরী ছিল—দেই শুকরী হইতে তাঁহার অনেকগুলি শাবক হইয়াছিল। অত্মর বধ হওয়ার পর তিনি অতি স্থথে কালযাপন করিতেন'। কতকগুলি দেবভা ভাঁহার তুরবস্থা দর্শন করিয়া তাঁহার নিকট আসিয়া বলিলেন, 'আপীন দেবরাজ, সমুদয় দেবগণ আপনার শাসনে অবস্থিত,

আপনি এথানে কেন ?' কিন্তু বিষ্ণু উত্তর দিলেন, 'আমি বেশ আছি, আমি ধর্গ চাই না; এই শৃকরী ও শাবকগুলি ষত দিন আছে, ততদিন স্বর্গাদি কিছুই প্রার্থনা করি না।' তথন সেই দেবগণ কি করিবেন, ভাবিয়া কিছুই স্থির করিতে পারি-লেন না। কিছুদিন পরে, তাঁহারা মনে মনে এক সংকল স্থির করিলেন এবং ধীরে ধীরে আসিয়া একটি শাবককে মারিয়া ফেলিলেন। এইরপে একটি একটি করিয়া সমুদয় শাবকগুলি হত হইল। দেবগণ অবশেষে দেই শূকরীকেও মারিয়া ফেলিলেন। খথন বিষ্ণুর পরিবারবর্গ সকলেই মৃত্র হইল, তথন বিষ্ণু কাতর হইয়া বিলাপ করিতে লাগিলেন। তথন দেবতারা বিষ্ণুর নিজের শৃকরদেহটিকে পর্যান্ত থণ্ড বিথণ্ড করিয়া ফেলিলেন। তথন বিষ্ণু সেই শৃকরদেহ হইতে নির্গত হইয়া হাক্ত করিতে লাগিলেন। তিনি তথন ভাবিতে লাগিলেন, 'আমি কি ভয়ক্ষর স্বপ্ন দেখিতেছিলাম !' তিনি তথন ভাবিতে লাগিলেন, 'আমি দেবরাজ, আমি এই শৃকরজন্মকেই একমাত্র बन्म विनिन्ना मत्न कतिराजिङ्गाम ; अधु जाहाह नरह, ममूनम बन्न रहे শুকরদেহ ধারণ করুক, আমি এই ইচ্ছা করিতেছিলাম।' পুরুষ ও এইরপে প্রকৃতির সহিত মিলিত হইয়া, তিনি যে শুদ্ধস্বভাব ও অনম্ভশ্বরূপ তাহা বিশ্বত হইয়া বান। পুরুষকে অন্তিত্বশালী বলিতে পারা যায় না, কারণ, পুরুষ স্বয়ং অক্তিত্বরূপ। আত্মাকে জ্ঞানসম্পন্ন গলিতে পারা যায় না, কারণ, আত্মা স্বন্ধং জ্ঞানস্বরূপ। তাঁহাকে প্রেমসম্পন্ন বলিতে পারা হায় না, কারণ, তিনি বৃষং প্রেমবরণ। আত্মাকে অভিদ্রশালী, জানযুক্ত

অথবা প্রেমময় বলা সম্পূর্ণ ভূল। প্রেম, জ্ঞান ও অক্তিত পুरुष्यत ७७१ नट्ट. উहाता 🗗 পুरुष्यत श्रद्धा । यथन উहाता কোন বস্তুর উপর প্রতিবিধিত হয়, তথন উহাদিগকে সেই বস্তুর গুণ বলিতে পারা যায়। কিন্তু উহারা পুরুষের গুণ নহে, উহারা সেই মহানু আত্মার-অনস্ত পুরুষের স্বরূপ-ই হার জন্ম নাই, মৃত্যু নাই, ইনি নিজ মহিমায় বিরাজ করিতেছেন। কিন্তু তিনি এতদুব স্বরূপবিভ্রষ্ট হইয়াছেন যে, যদি তুমি তাঁহার নিকট গিয়া বল, 'তুমি শূকর নহ', তিনি চাৎকার করিতে থাকিবেন ও তোমাকে কামড়াইতে আবম্ভ কবিবেন। মানার মধ্যে, এই স্থ্রময় জগতের মধ্যে আমাদেরও সেই দশা হইয়াছে। এথানে কেবল রোদন, কেবল ছ:খ, কেবল হাহাকার--এখানকার ব্যাপারই এই যে, কল্লেকটি স্থর্বগোলক যেন গড়াইয়া দেওয়া হইয়াছে আর সমুদর জগৎ উহা পাইবার জক্ত পরস্পর প্রতি-দ্বন্দিতা করিতেছে। তুমি কোন নিয়মেই কখন বন্ধ ছিলে না। প্রকৃতির বন্ধন তোমাতে কোন কালেই নাই। যোগী তোমাকে ইহাই শিক্ষা দিয়া থাকেন, সহিষ্ণুতার সহিত ইহা শিক্ষা কর। যোগী তোমাকে বুঝাইয়া দিবেন, কিব্লুপে এই প্রকৃতির সহিত মিশ্রিত হইয়া, আপনাকে মন ও জগতের সহিত মিশাইয়া পুরুষ আপনাকে হঃথী ভাবিতেছে। যোগী আরও বলেন, এই তু:খমম সংসার হুইতে অব্যাহতি পাইতে হুইলে, তাহার উপায় এই যে, প্রাকৃতিক সমুদয় মুখ হুঃখ তোগ করিয়া অভিজ্ঞতা অর্জন করিতে হইবে। ভোগ করিতে হইবে নিশ্চয়ই, তবে ভোগ, যত শীঘ্র শেষ করিরা ফেলা বার, ততই মঙ্গল। আমরা

আপনাদিগকে এই জালে ফেলিয়াছি, আমাদিগকে ইহার বাহিরে যাইতে হইবে। আমরা নিজেরা এই ফাঁদে পা দিয়াছি, আমাদিগকে নিজ চেষ্টায়ই উহা হইতে মুক্তি লাভ করিতে হইবে। অতএব, এই পতিপত্মীসম্বনীয়, মিত্রসম্বনীয় ও অক্তান্ত বে সকল কুদ্র কুদ্র প্রেমের আকাজ্জা আছে, সবই ভোগ করিয়া লও। যদি নিজের স্বরূপ সর্ববদা স্মরণ থাকে, তাহা হইলে তুমি भौघरे निर्कित्य हेरा रहेटल উन्हीर्न रहेग्रा गारेटन। এই अंतरा যে অতি অলকণের জক্ত এবং আমাদিগকে উহার মধ্য দিয়া বাধ্য হইয়া যাইতে হইডেছে, একথা কখনও ভূলিও না। ভোগ— এই সুথ-ত্র:থের অনুভবই---আমাদের একমাত্র মহানু শিক্ষক, কিন্তু ঐ ভোগগুলিকে কেবল সাময়িক পথেব ব্যাপার বলিয়া যেন মনে থাকে; উহারা ক্রমশঃ আমাদিগকে এমন এক অবস্থায় লইয়া যাইবে, বেখানে জগতের সমূদর বস্তু ত্মতি তুচ্ছ হইয়া যাইবে। পুরুষ তথন বিশ্বব্যাপী বিরাটক্রপে পরিণত হইবেন: তথন সমুদয় জগৎ যেন সমুদ্রে একবিন্দু জলের ভায় প্রতীয়নান হইবে, তথন উহা আপনা আপনিই চলিয়া ঘাইবে, কারণ, উহা শুক্তবরূপ। স্থত্বঃখভোগ আমাদিগকে করিতেই হইবে. কিন্তু আমরা যেন আমাদের চরম শক্ষা কখনই বিশ্বত না হই।

বিশেষাবিশেষলিঙ্গমাত্রালিঙ্গানি গুণপর্ব্বাণি ॥ ১৯ ॥

স্ত্রার্থ।— গুণেব এই পশ্চাল্লিখিত অবস্থা কয়েকটি আছে, যথা বিশেষ (ভূতেন্দ্রিয়), অবিশেষ (ভন্মাত্র অন্মিতা), কেবল চিহ্নমাত্র (মহৎ) ও চিহ্ন-শৃষ্ঠা (প্রকৃতি)।

ব্যাখ্যা। আমি আপনাদিগকে পূর্ব্বপূর্ব বক্তৃতায় বলিয়াছি যে যোগশাস্ত্র সাংখ্যদর্শনের উপর স্থাপিত, এখানেও পুনর্বার সাংখ্যদর্শনের জগৎস্ষ্টপ্রকরণ আপনাদিগকে শ্বরণ করাইয়া দিব। সাংখ্য মতে, প্রকৃতিই জগতের নিমিত্ত ও উপাদান কারণ এই উভয়ই। এই প্রকৃতি আবার ত্রিবিধ ধাততে নির্শ্বিত, যথা-সন্তু, রজ:, তম:। তম: পদার্থটি কেবল অন্ধকারম্বরূপ, যাহা কিছু অজ্ঞানাত্মক ও গুরু পদার্থ সবই তমোময়। বজ: ক্রিয়াশক্তি। সম্ভ শ্বির, প্রকাশস্বভাব। স্ষ্টির পূর্বে প্রকৃতি যে অবস্থায় থাকেন, ভাহাকে সাংখ্যে অব্যক্ত, অবিশেষ বা অবিভক্ত বলে: ইহার অর্থ এই যে অবস্থায় নামরূপের কোন প্রভেদ নাই, যে অবস্থায় ঐ তিনটি পদার্থ ঠিক সাম্যভাবে থাকে। তৎপরে যথন এই সাম্যাবস্থা नष्टे इहेशा दिवसाविष्टा चाहेरम, ज्यन এहे जिन भागर्थ भूथक পুথক ভাবে পরম্পর মিশ্রিত হইতে থাকে, তাহার ফল এই ব্দগং। প্রত্যেক ব্যক্তিতেও এই তিন পদার্থ বিরাজমান। যথন সন্তু প্রবল হয়, তথন জ্ঞানের উদয় হয়, রজঃ প্রবল হইলে ক্রিয়া বৃদ্ধি হয়, আবার তম: প্রবল হইলে অন্ধকার, আলস্ত ও অজ্ঞান আইদে। সাংখামতাত্বসারে ত্রিগুণময়ী প্রকৃতির সর্ব্বোচ্চ প্রকাশ মহৎ অথবা বৃদ্ধিতত্ত্ব—উহাকে সর্ব্বব্যাপী বা সাৰ্বজনীন বৃদ্ধিতত্ত্ব বলা যায়। প্ৰত্যেক মনুষ্যবৃদ্ধিই এই সর্বব্যাপী বৃদ্ধিতত্ত্বের একটি অংশমার। সাংখ্যমনোবিজ্ঞান মতে মন ও বৃদ্ধির মধ্যে বিশেষ প্রভেদ আছে। মনের কার্য্য ক্ষেল বিষয়াভিবাতক্ষনিত বেদনাগুলিকে লইয়া ভিতরে কড়

করা ও বৃদ্ধির অর্থাৎ বাষ্টি বা ব্যক্তিগত মহতের নিকট প্রদান कता। वृद्धि थै . नकन विषय निष्ठय कत्त्र। मह९ हहेल्ड অহংতম্ব ও অহংতম্ব হইতে স্ক্ম-ভূতের উৎপত্তি হয়। এই স্ক্ম-ভৃতসকল আবার পরস্পর মিলিত হইয়া এই বাহ্ স্থূল-ভতরূপে পরিণত হয়; তাহা হইতেই এই স্থূল জগতের উৎপত্তি; সাংখ্যদর্শনের মত—বৃদ্ধি হইতে আরম্ভ করিয়া একখণ্ড প্রস্তুর পর্যান্ত সমুদয়ই এক পদার্থ হইতে উৎপন্ন হইয়াছে, কেবল সৃন্ধতা ও স্থুলতা লইয়াই উহাদের প্রভেদ। স্ক্র কারণ, স্থুল কার্যা। সাংখ্যদর্শনের মতে পুরুষ সমুদয় প্রকৃতির বাহিবে, তিনি জড় নহেন। বৃদ্ধি, মন, তন্মাত্রা অথবা স্থল-ভূত, পুৰুষ কাহারই সদৃশ নহেন। ইনি সম্পূর্ণ পৃথক্ ইহাব প্রকৃতি সম্পূর্ণ ভিন্নরপ। ইহা হইতে তাঁহারা দিদ্ধান্ত করেন যে, পুক্ষ অবশ্য মৃত্যুরহিত, অজর, অমর কারণ, উনি কোন প্রকার মিশ্রণ হইতে উৎপন্ন নন। যাহা মিশ্রণ হইতে উৎপন্ন নয়, তাহার কথন নাশ হইতে পারে না। এই পুক্ষ বা আত্মাসমূহের সংখ্যা অগণন।

এক্ষণে আমরা এই স্ত্রটির তাৎপর্য্য ব্রিতে পারিব।
বিশেষ অর্থে স্থল ভূতগণকে লক্ষ্য করিতেছে—যেগুলিকে আমরা
ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি করিতে পারি। অবিশেষ অর্থে স্ক্র্যুভ্ত
—তন্মাত্রা, এই তন্মাত্রা, সাধারণ লোকে উপলব্ধি করিতে
পারে না। কিন্তু পতঞ্জলি বৈলেন, বিদি তুমি যোগাভ্যাস কর,
কিছুদিন পরে তোমার অন্তভ্তবশক্তি এতদ্র স্ক্র হইবে বে,
তুমি তন্মবাগুলিকে বাস্তবিক প্রত্যক্ষ করিবে। তোমরা

অনিয়াছ প্রত্যেক ব্যক্তির এক প্রকার জ্যোতি: আছে, প্রত্যেক প্রাণীর ভিতর হইতে সর্বদ। এক প্রকার আগোক বাহির হইতেছে। পভঞ্জলি বলেন, 'কেবল বোগীই উহা দেখিতে সমর্থ। আমরা সকলে উহা দেখিতে পাই না বটে, কিন্ত বেমন পুষ্প হইতে সর্বনাই পুষ্পের স্ক্রাণুস্ক্র পরমাণুস্করণ তলাতা নির্গত হয়, ষদ্ধারা আমরা আত্মাণ করিতে পারি. **সেইরূপ আমাদের শরীর হইতে সর্বাদাই এই তন্মাত্রও স্কল** বাহির হইতেছে। প্রত্যহই আমাদের শরীর হইতে ওড বা অশুভ কোন না কোন প্রকারের রাশীকৃত শক্তি বাহির হইতেছে স্থতরাং আমরা বেথায়ই বাই, সেথানেই আকাশ এই তন্মাত্রার পূর্ব থাকে। মামুধে ইহার প্রকৃত রহন্ত না कानिलिও हेहा इरेटारे खळाजगात मायुराव खळात मनित. গিৰ্জ্জাদি করিবার ভাব আদিয়াছে। ভগবানকে উপাসনা করিবার জন্ম মন্দিব নির্মাণের কি প্রয়োজন ছিল ? কেন. বেখানে সেখানে ঈশ্ববের উপাসনা করিলেই ত চলিত। ইহার কারণ এই, মানুষ নিজে এই রহস্তটি না জানিলেও তাহার মনে স্বাভাবিক এইরূপ উদয় হইয়াছিল যে, যেখানে লোকে ঈশরের উপাসনা করে, সে স্থান পবিত্র তন্মাত্রায় পরিপূর্ণ হইনা যায়। লোকে প্রত্যহই তথার গিয়া থাকে; লোকে তণায় যতই যাতায়াত করে, ততই তাহারা পৰিত্র হইতে ब्रांक এবং সঙ্গে সঙ্গে সেই স্থানটিও পবিত্রতর হইতে থাকে। ৰে ব্যক্তির অন্তরে তত্ত্ব সত্ত্ত্ব নাই, সে যদি সেখানে গমন করে. তাহারও সম্বগুণের উদ্রেক হইবে। অতএব মন্দিরাদি

ও छोशीनि किन পবিত্র বলিয়া গণা হয়, ভাহার কারণ বুঝা গেল। কিছু এটি সর্বনাই স্থানণ থাকা আবশ্রক যে, সাধু লোকের সমাগমের উপরেই সেই স্থানের পবিত্রতা নির্জর করে। কিছ লোকের এই গোল হইয়া পড়ে বে, লোকে উহার মূল উদ্দেশ্য বিশ্বত হইয়া ধার—হইয়া শক্টকে অখের অগ্রে বোজন। করিতে ইচ্ছা করে। প্রথমে, লোকেই দেই স্থানকে পবিত্র করিয়াছিল, তৎপরে সেই স্থানের পবিত্রতারূপ কার্যাট আবার কারণ হইয়া লোককেও পবিত্র করিত। যদি সে স্থানে সর্ব্বদা অসাধু লোক যাতায়াত করে, তাহা হইলে সেই স্থান অস্তান্ত श्वात्मत्र क्षांग्रहे व्यवित्व हहेन्। सहित् । वागित श्वातः नम्, लात्कत्र প্তণেই মন্দির পবিত্র বলির। গণ্য হয়; কিন্তু এইটিই আমর। সর্ববদা ভূলিয়া যাই। এই কারণেই প্রবল সৰ্গুণসম্পন্ন সাধ ও মহাত্মাগণ চতুর্দিকে ঐ সব্বগুণ বিকীরণ কবিয়া তাঁহাদের চতুষ্পার্মন্থ লোকের উপর মহা প্রভাব বিতার করিতে পারেন। মানুষ এতদুব পবিত্র হইতে পারে যে, ভাহার সেই পবিত্রভা যেন একেবারে প্রত্যক্ষ দেখা ঘাইবে—দেহ ফুটিগা বাহির হইবে। সাধুর শরীর পবিত্র হইরা যায়, স্থতবাং সেই দেহ যথায় বিচরণ করে. তথার পবিত্রতা বিকীরণ করিয়া থাকে। ইচা কবিজের ভাষা নয়, দ্ধপক নয়, বাস্তবিক সেই পবিত্রতা বেন ইব্রিয়গোচর একটি বাহ্ম বস্তা বলিয়া প্রতীয়মান হয়। ইহার একটা ষথার্থ অন্তিত্ব—যথার্থ সত্তা আছে। যে ব্যক্তি সেই লোকের সংস্পর্শে प्राहेटम. (महे পবিত हहेश शास ।

এক্ষণে 'শিদ্মাত্তের' অর্থ কি, দেখা ৰাউক। শিদ্মাত্র

বলিতে বৃদ্ধিকে বুঝায়; উহা প্রকৃতির প্রথম অভিব্যক্তি, উহা হইতেই অক্লান্ত সমুদর বস্তু অভিব্যক্ত হইরাছে। গুণের শেষ অবস্থাটির নাম অলিঙ্গ বা চিহ্নপৃক্ত। এই স্থানেই আধুনিক বিজ্ঞান ও সমুদয় ধর্মে এক মহা বিবাদ দেখা যায়। প্রত্যেক ধর্ম্মেই এই এক সাধারণ সত্য দেখিতে পাওয়া যায় যে. এই জগৎ চৈতস্তর্শক্তি হইতে উৎপন্ন হইয়াছে। ঈশ্বর আমাদের ক্রায় ব্যক্তিবিশেষ কি-না, এ বিচার ছাড়িয়া দিয়া কেবল মনোবিজ্ঞানের দিক দিয়া ধরিলে ঈশরবাদের তাৎপর্যা এই যে, চৈত্তাই সৃষ্টির আদি বস্তু। তাহা হইতেই স্থুল ভূতের প্রকাশ হইয়াছে। কিছ আধুনিক দার্শনিক পণ্ডিভেরা বলেন, চৈতছই স্ষ্টের শেষ বস্তু। অর্থাৎ তাঁহাদের মত এই যে অচেতন জড় বস্তু সকল অল্লে অল্লে জীবরূপে পরিণত হইয়াছে, এই জীবগণ আবার ক্রমশঃ উন্নত হইয়া মনুষ্যাকার ধারণ করে। তাঁহারা বলেন, জগতের সমুদয় বস্তা বে চৈত্ত হইতে প্রস্থত হইয়াছে, তাহা নহে, বরং চৈতন্ত্রই স্থান্টির সর্ববেশ্ব বস্তু। যদিও এইরূপে ধর্মসমূহের ও বিজ্ঞানের সিদ্ধান্ত আপাতবিরুদ্ধ বলিয়া প্রভীয়মান হয়, তাহা হইলেও এই তুইটি সিদ্ধান্তকেই সত্য বলিতে পারা যায়। একটি আল্ড শৃঙ্খল বা শ্রেণী গ্রহণ কর, যেমন ক-থ-ক-থ-ক-থ ইত্যাদি; এক্ষণে প্রশ্ন এই, ইহার মধ্যে ক আদিতে অথবা থ व्यापिटि ? यपि कृमि এই मुख्यनिर्दिक क-थ এই तरि श्रेश कत, তাহা হইলে অবশ্ৰ 'ক'কে প্ৰথম বলিতে হইবে, কিন্ত তুমি উহাকে থ-ক এই ভাবে গ্ৰহণ, তাহা হইলে 'থ'কেই আদি ধ্রিতে হইবে। আমরা যে দৃষ্টিতে উহাকে দেখিব, উহা সেই

ভাবেই প্রতীয়মান হইবে। চৈতক্ত অমুলোম-পরিণাম প্রাপ্ত হইরা স্থুক্তের আকার ধারণ করে, স্থুক্ত আবার বিলোম-পরিণাম প্রাপ্ত •হইরা চৈতক্তরপে পরিণত হয়। সাংখ্য ও সমুদর ধর্মাচার্য্যগণই চৈতক্তরেক অগ্রে স্থাপন করেন। তাহাতে ঐ শৃত্মল এই আকার ধারণ করে, যথা,—প্রথমে চৈতক্ত, পরে ভূত। বৈজ্ঞানিক প্রথমে ভূতকে গ্রহণ করিয়া বলেন, প্রথমে ভূত, পরে চৈতক্ত। কিন্তু এই উভরেই সেই একই শৃত্মলের কথা কহিতেছেন। ভারতীয় দর্শন কিন্তু এই চৈতক্ত ও ভূত উভরেরই উপর গিয়া পুরুষ বা আত্মাকে দেখিতে পান। এই আত্মা জ্ঞানেরও অতীত; জ্ঞান যেন তাঁহার নিকট হুইতে প্রাপ্ত আলোকস্বরূপ।

দ্রশিমাত্রঃ শুদ্ধোহপি প্রত্যয়ানুপশাঃ ॥ ২০ ॥
স্থার্থ।—প্রত্তী কেবল চৈতন্ত মাত্র; যদিও তিনি
স্বয়ং পবিত্রস্বরূপ, তথাপি বৃদ্ধির ভিতর দিয়া তিনি
দেখিয়া থাকেন।

ব্যাখ্যা। এথানেও সাংখ্যদর্শনের কথা বলা হইতেছে।
আমরা পূর্বেই দেখিয়াছি, সাংখ্যদর্শনের এই মত বে, অতি ক্ষুদ্র
পদার্থ হইতে বৃদ্ধি পর্যান্ত সবই প্রকৃতির অন্তর্গত, কিন্তু পুরুষগণই
এই প্রকৃতির বাহিরে, এই পুরুষগণের কোন গুণ নাই। তবে
আত্মা হঃখী বা স্থাী বলিষ্ধা প্রতীর্মান হয় কেন? কেবল বৃদ্ধির
উপরে প্রতিবিশ্বিত হইয়া তিনি ঐ সকল রূপে প্রতীর্মান হয়েন।
বেমন এক থপ্ত ক্ষটিকের নিকট একটি লাল মূল রাখিলে ঐ

ক্ষতিকটিকে লাল দেখাইবে; সেইক্লপ আমরা বে ত্রথ বা হুংথ বোধ করিতেছি, তাহা বাস্তবিক প্রতিবিশ্ব মাত্র, বাস্তবিক আত্মাতে এ সকল কিছুই নাই। আত্মা প্রকৃতি হইতে সম্পূর্ণ পুথক বস্তা। প্রকৃতি এক বন্ধ, আত্মা এক বন্ধ, সম্পূর্ণ পূথক, সর্বাদা পূথক। সাংখ্যেরা বলেন যে, জ্ঞান একটি মিশ্র পদার্থ, উহার হ্রাস বৃদ্ধি উভয়ই আছে. উহা পরিবর্ত্তন শীল: শরীরের ফ্রায় উহাও ক্রমশঃ পরিণাম প্রাপ্ত হয়, শরীরের যে সকল ধর্মা, উহাতেও প্রায় তৎসদৃশ ধর্ম বিজ্ञমান। শরীরের পক্ষে নথ যজপ, জ্ঞানের পক্ষে দেহও তজ্ঞপ। নথ শরীরের একটি অংশ বিশেষ, উহাকে শত শত বার কাটিয়া ফেলিলেও শরীর থাকিয়া বাইবে। এইরূপ এই শরীর শত শত বার নষ্ট হইলেও জ্ঞান যুগযুগান্তর ধরিয়া পাকিবে। কিন্তু তাহা হইলেও এই জ্ঞান কথনও অবিনাণী হইতে পারে না, কারণ, উহা পরিবর্ত্তনশীল, উহার প্রাসবদ্ধি আছে, আর যাহা পরিবর্ত্তনশীল, তাহা কথনও অবিনাশী হইতে পারে না। এই জান অবশ্যই জন্মপদার্থ। আর ইহা জন্ম. এই কথাতেই বুঝাইতেছে, ইহার উপরে—ইহা হইতে শ্রেষ্ঠ অস্তু এক পদার্থ আছে: কারণ, জন্তপদার্থ কথনও মুক্তস্বভাব হইতে পারে না। ভূতসংশ্লিষ্ট সমুদয়ই প্রকৃতির অন্তর্গত, স্থতরাং ভাষা চিংকালের কন্ত বদ্ধভাবাপর। তবে প্রব্রুত মুক্ত কে? যিনি কার্যাকারণ সম্বন্ধের অভীত, তিনিই প্রকৃত মুক্তখভাব। যদি তুমি বল, মুক্তভাবটি ভ্রমাত্মক, আমি বলিব, এই বন্ধনভাবটিও ভ্রমাত্মক। আমাদের জ্ঞানে এই ছই ভাঁবই সদা বিরাজিত ; ঐ ভাবধয় পরস্পার পরস্পরের আন্তিত ;

একটি না থাকিলে অপরটি থাকিতে পারে না। উহাদের মধ্যে একটির ভাব এই বে, আমরা বন। মনে কর, আমাদের ইচ্ছা হ'ইল, আমরা দেয়ালের মধ্য দিয়া ঘাইব। আমাদের মাথা দেওয়ালে লাগিয়া গেল; তাহা হইলে বুঝিলাম আমরা ঐ দেওয়ালের হারা সীমাবদ্ধ। কিন্তু তাহা হইলেও আমর। দেখিতে পাইতেছি, আমাদের ইচ্ছাশক্তি রহিয়াছে, আমাদের मत्न इष्क, এই ইচ্ছাশক্তিকে আমরা যেখানে ইচ্ছা, পরিচালিত করিতে পারি। প্রতিপদে আমরা দেখিতেছি, এই বিরোধী ভাব্দর আমাদের সমুখে আসিতেছে। আনরা মুক্ত, ইহা আমাদিগকে অবশ্রই বিশ্বাস করিতে হইবে; কিন্তু আবার প্রতি মুহুর্বেই দেখিতেছি যে, আমরা মুক্ত নহি। যদি হুইটির ভিতরে একটির ভাব ভ্রমাত্মক হয়, তবে অপরটিও ভ্রমাত্মক হইবে. আর যদি একটি সত্য হয়, তবে অপরটিও সত্য হইবে. কারণ, উভয়েই অমুভবন্ধপ একই ভিত্তির উপর স্থাপিত। যোগী বলেন, 'এই ছই ভাবের উভয়টিই সত্য।' বুদ্ধি পর্যান্ত ধরিলে আমরা বাস্তবিক বদ্ধ। কিন্তু আত্মা হিসাবে আমরা মুক্তমভাব। মাহুবের প্রকৃত স্বরূপ—আত্মা वा भूक्य-कार्याकात्रगणुक्यात्मत्र वाहित्त्र। এই व्याचात्रहे मूक-স্বভাবটি ভৃতের ভিন্নভিন্ন স্তরের মধ্য দিয়া প্রকাশিত হইয়া বুদ্ধি, মন ইত্যদি নানা আকার ধারণ করিয়াছে। ইহারই জ্যোতিঃ সকলের ভিতর দিয়া প্রকাশিত হইতেছে। বদ্ধির নিজের কোন চৈতক্ত নাই। প্রত্যেক ইঞ্জিরেরই মন্তিকে এক একটি কেন্দ্র আছে। সমুদর ইন্দ্রিরের বে একমাত্র কেন্দ্র,

তাহা নহে, প্রত্যেক ইন্দ্রিয়েরই কেন্দ্র পৃথকপৃথক। তবে আমাদের এই অনুভৃতিগুলি কোথায় যাইয়া একত্ব লাভ করে? যদি মন্তিকে ভাহার৷ একত্ব লাভ করিত, তাহা হইলে চকু:, কর্ণ, নাসিকা সকলগুলির একটি মাত্র কেন্দ্র থাকিত কিন্তু আমরা নিশ্চর করিয়া জানি যে. প্রত্যেকটির জন্ম ভিন্নভিন্ন কেন্দ্র আছে। কিন্তু লোকে এক সময়েই দেখিতে শুনিতে পায়। ইহাতেই বোধ হইতেছে যে, এই বুদ্ধির পশ্চাতে অবশ্রই এক একত্ব আছে। বুদ্ধি নিত্য কালই মন্তিক্ষের সহিত স**হন**—কিন্ত এই বুদ্ধিরও পশ্চাতে পুরুষ রহিয়াছেন। তিনি এক্তম্বরূপ। তাঁহার নিকট গিয়াই এই সমুদ্র অমুভৃতিগুলি একীভাব ধারণ করে। আত্মাই সেই কেব্রু বেথানে সমুদয় ভিন্নভিন্ন ইন্দ্রিয়ামুভৃতিগুলি একীভৃত হয়। আর আত্মা মুক্তস্বভাব। এই আত্মারই মুক্তস্বভাব তোমাকে প্রতি মুহুর্ত্তেই বলিভেছে ষে, তৃমি মুক্ত। কিন্তু তৃমি ভ্রমে পড়িয়া ষেই মুক্তস্বভাবকে প্রতি মুহুর্ত্তে বৃদ্ধি ও মনের সহিত মিশ্রিত করিয়া ফেলিতেছ। তুমি সেই মুক্তম্বভাব বুদ্ধিতে আরোপ করিতেছ। আবার তৎক্ষণাৎ দেখিতে পাইতেছ যে, বৃদ্ধি মুক্তস্বভাব নহে। তুমি আবার সেই মুক্ত স্বভাব দেহে আরোপ করিয়া থাক, কিন্তু প্রকৃতি তোমাকে তৎক্ষণাৎ विषया त्मन (य, जूमि जूनियाह; मुक्ति त्मरहत धर्मा नरह। এই जन्नरे এकरे नमरत्र सामारतत मूक्ति ७ दक्षन এरे इरे প্রকারের অনুভৃতিই দেখিতে পাওয়া ধায়। যোগী মুক্তি ও বন্ধন, উভয়েরই বিচার করেন, আর তাঁহার জ্ঞানান্ধকার

চলিয়া বায়। তিনি ব্ঝিতে পারেন যে, পুরুষই মুক্তস্বভাব, জ্ঞানঘন তিনি ব্রিরূপ উপাধির মধ্য দিয়া, এই সাস্ত জ্ঞানরূপে প্রকাশ পাইন্ডছেন, সেই হিসাবেই তিনি বন্ধ।

তদর্থ এব দৃশ্যস্থাত্ম। ॥২১॥

সূত্রার্থ—দৃশ্য অর্থাৎ প্রকৃতির আত্মা (স্বরূপ অর্থাৎ বিভিন্ন আকারের পরিণাম) চিন্ময় পুরুষেরই (ভোগ ও মুক্তির) জন্ম।

ব্যাখ্যা। প্রক্রতির নিঙ্কের কোন শক্তি নাই। যতক্ষণ প্রুষ তাঁহার নিকট উপস্থিত থাকেন, ততক্ষণই তাঁহার শক্তি প্রতীয়মান হয়। চন্দ্রালোক থেমন তাঁহার নিজের নহে, হুর্ঘ্য হইতে আহ্বত, প্রকৃতির শক্তিও তজ্ঞপ পুরুষ হইতে লক। যোগীদিগের মতে, সমুদ্র ব্যক্ত হুগৎ প্রকৃতি হইতে উৎপন্ন; কিন্তু প্রকৃতির নিজের আর কোন উদ্দেশ্য নাই, কেবল পুরুষকে মুক্ত করাই প্রকৃতির প্রয়োজন।

কৃতার্থং প্রতিন্টমপ্যন্টং তদন্সাধারণত্বাৎ।।২২।।

স্তার্থ :— যিনি সেই পরম পদ লাভ করিয়াছেন, তাঁহার পক্ষে প্রকৃতি নষ্ট হইলেও উহা নষ্ট হয় না, কারণ উহা অপরের পক্ষে সাধারণ।

ব্যাথা। আত্মা যে প্রকৃতি ইইতে সম্পূর্ণ স্বতন্ত্র, ইহা জানানই প্রকৃতির একমাত্র লক্ষ্য। যথন আত্মা ইহা জানিতে পারেন, তথন প্রকৃতি আর তাঁহাকে কিছুতেই প্রলোভিত

করিতে পারেন না। থিনি মুক্ত হইশ্বাছেন, তাঁহার পক্ষেই সম্পর প্রকৃতি একেবারে উড়িয়া যার। কিন্তু অনস্ত কোটি লোক চিরকালই থাকিবেন, যাঁহাদের জন্ম প্রকৃতি কার্য্য করিয়া বাইবেন।

স্বসামিশক্ত্যোঃ স্বরূপোপলব্ধিহেতুঃ সংযোগঃ ॥২৩॥

সূত্রার্থ ।—দৃশ্য ও উহার প্রভুর দ্রুষ্টার শক্তি-দ্বয়ের (ভোগ্যুত্ব ও ভোক্তাত্বরূপ) স্বরূপ উপলব্ধির হেতু সংযোগ i

ব্যাখ্যা। এই স্থ্রাহ্নসাবে, যথনই আত্মা প্রকৃতির সহিত সংযুক্ত হন, তথনই এই সংযোগবশতঃ উভয়ের যথাক্রমে দ্রষ্ট্র ও দৃশ্রম্ব এই ছই শক্তির প্রকাশ হইয়া থাকে। তথনই এই জগৎপ্রপঞ্চ ভিন্ন ভিন্ন রূপে ব্যক্ত হইতে থাকে। অজ্ঞানই এই সংযোগের হেতু। আমরা প্রতিদিনই দেখিতে পাইতেছি যে, আমাদের হঃখ বা স্থথের কারণ, শরীরের সহিত আপনাকে সংযোগ। যদি আমার এই নিক্তরজ্ঞান থাকিত যে আমি শরীর নই, তবে আমার শীত, গ্রীম্ম অথবা আর কিছুরই থেয়াল থাকিত না। এই শরীর একটি সমবায় বা সংহতি মাত্র। আমার এক দেহ, তোমার অন্ত দেহ, অথবা স্থ্য এক পৃথক পদার্থ বলা কেবল গল্লকথামাত্র। সেম্দ্র জগৎ এক মহাজ্তসম্দ্রত্ব্যা। সেই মহাসম্দ্রের তুমি এক বিন্দু, আমি এক বিন্দু ও স্থ্য আর এক বিন্দু। আমরা জানি, এই ভূত সর্কাশীই ভিন্নভিন্ন আকার ধারণ করিতেছে। আরু যাহা

স্থর্বের উপাদানভূত রহিয়াছে, কাল তাহা আমাদের শরীরের উপাদানরূপে পরিণত হইতে পারে।

তস্ম হেতুরবিদ্যা ॥ ২৪॥

স্থুত্রার্থ।—এই সংযোগের কারণ অবিদ্যা অর্থাৎ অজ্ঞান।

ব্যাখ্যা। আমরা অজ্ঞানবশতঃ আপনাকে এক নির্দিষ্ট শরীরে আবদ্ধ করিয়া আমাদের তংশের পথ উদ্মুক্ত রাথিয়াছি। এই যে 'আমি শরীর' এই ধারণা, ইহা কেবল কুসংশ্বার মাত্র। এই কুসংশ্বারেই আমাদিগকে স্থথী হংখী করিতেছে। অজ্ঞান-প্রভব এই কুসংশ্বার হইতেই আমরা শীত, উষ্ণ, স্থধ, হংখ, এই সকল বোধ করিতেছি। আমাদের কর্ত্তবা, এই সংশ্বারকে অতিক্রম করা। কি করিয়া ইহা কার্য্যে পরিণত করিতে হইবে, যোগী তাহা দেখাইয়া দেন। ইহা প্রমাণিত হইয়াছে যে, মনের কোন কোন বিশেষ অবস্থাতে শরীর দগ্ধ হইতেছে, তথাপি যতক্ষণ সেই অবস্থা থাকিবে, ততক্ষণ সে কোন কন্ত বোধ করিবে না। তবে মনের এইরূপ হঠাৎ উচ্চাবস্থা হয়ত এক নিমিষের জন্ম ঝড়ের মত আসিল, আবার পরক্ষণেই চলিয়া গেল। কিন্তু যদি আমরা এই অবস্থা যোগের হারা, বৈজ্ঞানিক প্রণালীতে লাভ করি, তাহা হইলে আমরা সর্ব্বদা শরীর হইতে আত্মাকে পৃথক রাথিতে পারিব।

তদভাবাৎ সংযোগাভাবো হানং তদ্দৃশেঃ কৈবল্যম্ ॥ ২৫ ॥

সূত্রার্থ।—এই অজ্ঞানের অভাব হইলেই পুরুষ-প্রকৃতির সংযোগ নম্ভ হইয়া গেল। ইহাই হান (অজ্ঞানের পরিত্যাগ), ইহাই দ্রম্ভার কৈবল্যপদে অবস্থিতি।

ব্যাখ্যা। যোগশাস্ত্রের মত আত্মা অবিগাবশতঃ প্রকৃতির সহিত সংযুক্ত হইয়াছেন: প্রকৃতির কবল হইতে মুক্ত হওয়াই আমাদের উদ্দেশ্য। ইহাই সমুদর ধর্ম্মের একমাত্র লক্ষ্য। আত্মা মাত্রেই অব্যক্ত বন্ধ। বাহা ও অন্তঃপ্রকৃতি বশীভূত করিয়া আত্মার এই বন্ধভাব ব্যক্ত করাই জীবনের চরম লক্ষ্য। কর্ম, উপাসনা, মন:भःशम व्यथवा छान, ইহাদের মধ্যে এক, একাধিক বা সকল উপায় গুলির ছারা আপনার ব্রহ্মভাব ব্যক্ত কর ও মুক্ত হও। ইহাই ধর্মের পূর্ণাক। মত, অফুঠান-পদ্ধতি, শান্ত্র, মন্দির, বা অন্ত বাহ্ন ক্রিয়াকলাপ কেবল উহার গৌণ অঙ্গপ্রতাক মাতা। যোগী মন:সংযমের দ্বারা এই চরম লক্ষ্যে উপনীত হইতে চেষ্টা করেন। যত দিন না আমরা প্রকৃতির হস্ত হইতে আপনাদিগকে উদ্ধার করিতে পারি, ততদিন আমরা ক্রীতদাস সদৃশ; প্রকৃতি যেমন বলিয়া দেন, আমরা. সেইরূপ চলিতে বাধ্য হইয়া থাকি। যোগী বলেন, ধিনি মনকে বশীভূত করিতে পারেন, তিনি ভূতকেও বশীভূত করিতে পারেন। অন্তঃপ্রকৃতি বাহপ্রকৃতি অপেকা উচ্চতর, স্থতরাং উহার উপর ক্ষমতাবিক্তার—উহাকে জুরু করা, অপেক্ষাকৃত কটিন। এই কারণে যিনি অন্তঃপ্রকৃতি বশীভূত করিতে পারেন, সমুদয় জগৎ তাহার বশীভূত হয়। উহা তাহার দাসম্বরূপ হইয়া

যায়। রাজযোগ প্রকৃতিকে এইরূপে বণীভূত করিবার উপায় দেখাইয়া দেয়া আমরা বাহুজগতে যে সকল শক্তির সহিত পরিচিত, তদপেকা উচ্চতর শক্তিসমূহকে বশে আনিতে হইবে। এই শবীর মনের একটি বাহ্য আবরণমাত্র। শরীর ও মন যে তুইটি ভিন্ন ভিন্ন বস্তু, তাহা নহে, উহারা শুক্তি ও তাহার বাঞ্চ আবরণের মত। উহারা এক বন্ধবই চুইটি বিভিন্ন অবস্থা। শুক্তির অভ্যন্তরীণ পদার্থটি বাহির হইতে নানাপ্রকার উপাদান গ্রহণ করিয়া ঐ বাহ্ন আবরণ রচিত করে। মনোনামধেয় এই আন্তরিক হন্দ্র-শক্তিসমূহও বাহির হইতে হুঁল-ভৃত লইয়া তাহা হইতে এই শরীরন্ধপ বাহ্ন আবরণ প্রস্তুত করিতেছে। স্থতবাং, যদি আমরা অন্তর্জ্জগৎকে জয় করিতে পারি, তবে বাহ্যজগৎকে জয় করাও সহজ চইয়া আইসে। আবার এই তই শক্তি যে পরম্পর বিভিন্ন, তাহা নহে। কতকগুলি শক্তি ভৌতিক ও কতকগুলি মানসিক, তাহা নহে। যেমন এই দুখ্যমান ভৌতিক জগৎ সুক্ষজগতের সুল প্রকাশ মাত্র, তদ্ধপ ভৌতিক শক্তিগুলিও স্ক্রশক্তির স্থল প্রকাশ মাত্র।

বিবেকখ্যাতিরবিল্পবা হানোপায়ঃ।। ২৬।।

সূত্রার্থ।—নিরস্তর এই বিবেকের অভ্যাসই অজ্ঞান নাশের উপায়।

ব্যাথা। সমূদর সাধনের প্রকৃত লক্ষ্য এই সদস্বিবেক—
পূক্ষ যে প্রকৃতি হইতে স্বভন্ত, তাহা জানা; এইটি বিশেষরূপে
জানা বে পুকুষ ভূতও নন, মনও নন, আর উনি প্রকৃতিও নন,

স্থতরাং উহার কোনরূপ পরিণাম অসম্ভব। কেবল প্রার্থিই সদাসর্জ্ঞলা •পরিণত ছইতেছে, সর্ক্ষদাই উহার সংশ্লেব, বিশ্লেষ ঘটতেছে। যথন নিরস্তর অভ্যাসের ঘারা আমরা বিবেক লাভ করিব, তথনই অজ্ঞান চলিয়া যাইবে। তথনই পুরুষ আপনার স্বরূপে অর্থাৎ সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্ ও স্ক্রব্যাপিরূপে প্রতিষ্ঠিত ছইবেন।

তস্য সপ্তধা প্রান্তভূমিঃ প্রজা॥ ২৭॥

সূত্রার্থ।—তাঁহার (জ্ঞানীর) বিবেকজ্ঞানের সাভটি উচ্চতম সোপান আছে।

ব্যাখা। যখন এই জ্ঞান লাভ হইতে থাকে, তখন যেন উহা একটির পর আর একটি করিয়া সপ্তস্বরে আইসে। আর বখন উহাদের মধ্যে একটি অবস্থা আরম্ভ হয়, আমরা তখন নিশ্চর করিয়া জানিতে পারি বে, আমরা জ্ঞানলাভ করিতেছি। প্রথমে এইরূপ অবস্থা আসিবে—মনে এইরূপ উদয় হইবে, "বাহা জানিবার তাহা জানিয়াছি।" মনে তখন আর কোনরূপ অসম্ভোষ থাকিবে না। যখন আমাদের জ্ঞানপিপাসা থাকে, তখন আমরা ইতন্তত: জ্ঞানের অনুসন্ধান করি। যেখানে কিছু সত্য পাইব বলিয়া মনে হয়, আমবা অমনি তৎক্ষণাৎ তথায় ধাবিত হইয়া থাকি। যখন তথায় উহা প্রাপ্ত না হই, তথনি মনে অশান্তি আইসে। অমনি অক্ত একদিকে সত্যের অমুসন্ধানে ধাবিত হইয়া থাকি। যতক্ষণ না আমরা অমুভ্ব করিতে পারি, যে সমুদর জ্ঞান আমাদের ভিতরে, যতিনি না দৃঢ়

ধারণা হয় বে কেহই আমাদিগকে সত্যলাভ করিতে সাছায়া कत्रिए शास्त्रन ना, आंशांनिशत्क नित्कनित्करे निकारक माहासः করিতে হইবে, ততদিন সমুদর সত্যাবেষণ্ট রুথা। বিবেক অভাাস করিতে আরম্ভ করিলে, আমরা যে সভাের নিকটবর্ত্তী হইতেছি, তাহার প্রথম চিহ্ন এই প্রকাশ পাইবে যে ঐ পর্বোক্ত অসভোষ অবস্থা চলিয়া ঘাইবে। আমাদের নিশ্চয় ধারণা হইবে যে, আমরা সত্য পাইয়াছি—ইহা সত্য ব্যতীত আর কিছুই হইতে পারে না। তথন আমরা জানিতে পারিব ষে. সতাম্বরূপ স্থা উদিত হইতেছেন, আমাদের অজ্ঞানরঞ্জনী প্রভাতা হইতেছে। তথন বুকে ভরসা বাধিয়া সেই পরমপদ লাভ ষতদিন না হয়, ততদিন অধ্যবসায়পরায়ণ হইয়া থাকিতে হইবে। দ্বিতীয় অবস্থায় সমস্ত হঃখ চলিয়া যাইবে। জগতের বাহ্য বা আভ্যন্তর কোন বিষয়ই তথন আমাদিগকে চুঃখ দিতে পারিবে না। তৃতীয় অবস্থায় আমরা পূর্ণ জ্ঞান লাভ করিব; व्यर्था९ मर्खछ हरेर। ठजुर्थ व्यवष्टांग्र वित्वक महारव ममूनव কর্ত্তব্যের অস্তু লাভ হইবে। তৎপরে চিত্তবিমৃক্তি অবস্থা আদিবে। আমরা বুঝিতে পারিব, আমাদের বিম্নবিপত্তি দব চলিয়া গিয়াছে। "যেমন কোন পৰ্কতের চূড়া হইতে একটি প্রস্তরখণ্ড নিম্ন উপত্যকায় পতিত হইলে, আর উহা কথন উপরে যাইতে পারে না, তজ্ঞপ মনের চঞ্চলতা, মন:সংযমের অসামর্থ্য সমুদর পড়িয়া যাইবে অর্থাৎ চলিয়া যাইবে।" তৎপরের অবস্থা এই হইবে—চিত্ত বুঝিতে পারিবে বে, ইচ্ছা মাত্রই উছা স্বকারণে লীন হইয়া যাইতেছে। অবশেষে আমরা দেখিতে

রাজযোগ

পাইব যে, আমরা স্বন্ধরূপে অবস্থিত রহিয়াছি; দেখিব যে, এতদিন স্কগতের মধ্যে কেবল আমরাই একমাত্র অবস্থিত ছিলাম। মন অথবা শরীরের সঙ্গে আমাদের কোন সম্পর্ক ছিল না[·] উহারা ত আমাদিগের সহিত সংযুক্ত কথনই ছিল না। উহারা আপনার আপনার কাজ আপনারা করিতেছিল, আমরা অজ্ঞানবশতঃ আপনাদিগকে উহাদের সহিত যুক্ত করিয়াছিলাম। কিন্তু আমরাই কেবল সর্ব্বশক্তিমান্, সর্বব্যাপী ও সদানস্ক-স্বরূপ। আন্মাদের নিজ আত্মা এতদূব পবিত্র ও পূর্ণছিল বে, আমাদের আর কিছুই আবশুক ছিল না। আমাদিগকে সুখী করিবার জন্ম আর কাহাকেও আবশুক ছিল না, কারণ, আমবাই সুথস্বরূপ। আমরা দেথিতে পাইব ষে, এই জ্ঞান আর কিছুর উপর নির্ভর করে না। জগতে এমন কিছুই নাই, যাহা আমা-দের জ্ঞানালোকে প্রকাশ না হইবে। ইহাই যোগীব পরম শক্ষা। যোগী তথন ধীর ও শাস্ত হইয়া যান, আব কোন প্রকার কট্ট অনুভব করেন না। তিনি আর কথন অজ্ঞান মোহে প্রান্ত হন না, হঃথ আর তাঁহাকে স্পর্শ করিতে পারে না। তিনি জানিতে পারেন যে, আমি নিত্যানন্দস্বরূপ, নিত্যপূর্ণস্বরূপ ও সর্বশক্তিমান।

যোগাঙ্গানুষ্ঠানাদশুদ্ধিক্ষয়ে জ্ঞানদীপ্তিরবিবেক-খ্যাতেঃ ॥ ২৮ ॥

স্ত্রার্থ-পৃথক্ পৃথক্ যোগাঙ্গ অন্তর্চান করিতে

করিতে যখন অপবিত্রতা লয় হইয়া যায়, তখন জ্ঞান, প্রদীপ্ত হইয়া উঠে: উহার শেষ সীমা বিবেকখ্যাতি।

ব্যাখ্যা। একণে সাধনের কথা বলা হইতেছে। এককণ বাহা বলা হইতেছিল, তাহা অপেকাক্কত উচ্চতর ব্যাপার। উহা আমাদের অনেক দ্রে; কিন্ত উহাই আমাদের আদর্শ, আমা-দিগের উহাই একমাত্র লক্ষ্য। ঐ লক্ষ্যস্থলে প্রছিতে হইলে, প্রথমতঃ শরীর ও মনকে সংবত করা আবশ্যক। তথন পূর্বেলকে উচ্চতর লক্ষ্য বাস্তবিক অপরোক্ষ পথে আসিরা ছারী হইতে পারে। আমাদের আদর্শ লক্ষ্য কি, তাহা আমুম্যা আনিতে পারিরাছি, একণে উহা লাভের কন্ত সাধন আবশ্যক।

> যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারধারণাধ্যান-সমাধ্যোইফীবঙ্গানি ॥২৯॥

স্থুতার্থ। — যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রভ্যা-হার, ধারণা, ধ্যান, সমাধি এই আটটি যোগের অঙ্গ-স্বরূপ।

অহিংদাসত্যান্তেয়ত্রক্ষচর্য্যাপরিগ্রহা যমাঃ ॥৩०॥

সূত্রার্থ।—অহিংসা, সত্য, অস্তের (অচৌর্য্য), ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ, এই গুলিকে যম বলে।

ব্যাথা। পূর্ণ যোগী হইতে গেলে, তাঁহাকে নিঙ্গাভিমান ত্যাগ করিতে হইবে। আত্মার কোন নিঙ্গ নাই, তবে তিনি নিঙ্গাভিমান হারা আপনাকে কন্মিত করিবেন কেন ? আমরা

রাজবোগ

পরি তারও স্পষ্ট বৃথিতে গারিব, কেন এই সকল ভাব একেবারে পরিত্যাগ করিতে হইবে। চৌর্য্য বেমন অসংকার্য্য, পরিপ্রত অর্থাৎ অপরের নিকট হইতে প্রহণও তন্ত্রপ অসংকর্ম। বিনি অপরের নিকট হইতে কোদরূপ উপহার প্রহণ করেন, তাঁহার মনের উপর উপহারদাতার মন কার্য্য করে, স্থতরাং বিনি উল্লেখ্যণ করেন, তাঁহার প্রপ্ত হইবার সম্ভাবনা। অপরের নিকট ইইতে উপহার প্রহণ মনের স্বাধীনতা নই হইরা বার। আমরা ক্রীতদাস তুলা অধীন ইইরা পড়ি। অতএব কিছু প্রহণ করা. উচিত নহেন

জাতিদেশকালসময়ানবচ্ছিনাঃ 'সার্ব্বভৌমা মহাত্রতং'॥৩১॥

স্ত্রার্থ।—এই গুলি জাতি, দেশ, কাল ও সময় অর্থাৎ উদ্দেশ্য দ্বারা অবচ্ছিন্ন না হইলে সার্বভৌম মহাত্রত বলিয়া কথিত হয়।

ব্যাখ্যা। এই সাধনগুলি অর্থাৎ এই অহিংসা, সভা, অন্তের, ব্রহ্মচর্য্য ও অপরিগ্রহ, প্রত্যেক পুষুষ, স্থী, ও বালকের পক্ষে আভি, দেশ অথবা অবস্থানির্বিদেবে অমুঠের।

> শোচসন্তোষতপঃস্বাধ্যায়েশর-প্রণিধানানি নিয়মাঃ ॥৩২॥

সূত্রার্থ। শ্রেষ্ ও অক্টানোচ, সন্তোধ, তপাতা, ংগ্রেষ , স্বাধ্যায় (মন্ত্রন্ধপা, স্তোত্র বা অধ্যাত্মশাস্ত্র পাঠ ') ও ঈশ্বরো-পাসনা এইগুলি নিয়ম।

ব্যাখ্যা। বাছনোচ অর্থে শরীরকে শুচি রাখা; অক্টেচি
ব্যক্তি কথনও বোগী হইতে পারে না; এই বাহু শৌচের সন্দে
সন্দে অন্তঃশৌচও আবশুক। সমাধিপাদ ৩০শ স্ত্রে বে
ধর্মগুলির কথা বলা হইরাছে, তাহা হইতেই এই অন্তঃশৌচ
আইনে। অবশু বাহুশৌচ হইতে অন্তঃশৌচ অধিকতর
উপকারী, কিন্তু উভয়টিরই প্রেরোজনীয়তা আছে; আর অন্তঃশৌচ
ব্যতীত কেবল বাহুশৌচ কোন ফলোপধারক হর না।

বিতর্কবাধনে প্রতিপক্ষভাবনম্ ॥৩৩॥

সূত্রার্থ।—যোগের প্রতিবন্ধক ভাবসমূহ উপস্থিত হুইলে, তাহার বিপরীত চিম্ভা করিতে হুইবে।

ব্যাখা। পূর্বে যে সকল ধর্মের কথা বলা হইল ভাহাদের
অভ্যাসের উপার, মনে বিপরীত প্রকারের চিন্তা আনমন করা।
যথন অন্তরে চৌর্যের ভাব আসিবে, তথন অচৌর্যের চিন্তা
করিতে হইবে। যথন দান গ্রহণ করিবার ইচ্ছা হইবে, তথন
বিশরীত চিন্তা করিতে হইবে।

বিতর্কা হিংসাদয়ঃ কৃতকারিতাসুমোদিতা লোভ-ক্রোধমোহপূর্বক্। মৃত্যুমধ্যাধিমাত্রা ছঃখাজানানন্ত-

ফলা ইতি প্রতিপক্ষভাবনম্ ॥৩৪॥ সুত্রার্থ।—পূর্বসূত্রে যে প্রতিপক্ষ ভাবনার কথা

রাজযোগ

বলা হইয়াছে, তাহার প্রণালী এইরপ—বিতর্ক অর্থাৎ যোগের প্রতিবন্ধক হিংসা আদি; কৃত; কারিত, অথবা অমুমোদিত; উহাদের কারণ লোভ, ক্রোধ, অথবা মোহ অর্থাৎ অজ্ঞান, তাহা অল্পই হউক, আর মধ্যম পরিমাণই হউক, অথবা অধিক পরিমাণই হউক; উহাদের ফল অনস্ত অজ্ঞান ও ক্লেশ; এইরপ ভাবনাকেই প্রতিপক্ষ ভাবনা বলে।

ব্যাখ্যা) আমি নিজে কোন মিথ্যা কথা বলিলে, ভাছাতে বে পাপ হয়, যদি আমি অপরকে মিগ্যা কথা কহিতে প্রবুত্ত করি, অথবা অপরে মিথ্যা কহিলে তাহাতে অমুমোদন করি, তাহাতেও তুল্য পরিমাণে পাপ হয়। যদিও উহা সামাক্ত মিথ্যা হউক, তথাপি উহা যে মিখ্যা, তাহা সীকার করিতে হইবে। পর্বত গুহার বসিরাও যদি তুমি কোন পাপ চিন্তা করিয়া থাক, বদি কাহারও প্রতি অন্তরে ঘুণা প্রকাশ করিয়া থাক, ভাহা হইলে ভাহাও সঞ্চিত থাকিবে, কালে আবার তাহা তোমার উপরে গিয়া প্রতিঘাত করিবে, একদিন না একদিন কোন না কোন প্রকার তঃধের আকারে উহা প্রবদ বেগে তোমাকে আক্রমণ করিবে। তুমি বদি হৃদরে সর্বপ্রকার ঈর্বা ও স্থার ভাব শোষণ কর ও উহা ভোমার হানর হইতে চতুর্দিকে প্রেরণ কর, তবে উহা হল সমেত তোধার উপর গিরা পড়িবে। স্ক্রপতের কোন শক্তিই উহা নিবারণ করিতে পারিবে না। ুৰখন তুমি একবার এ শক্তি প্রেরণ করিয়াছ, তখন অবশু

তোমাকে উহার প্রতিঘাত দহু করিতে হইবে। এইটি শ্বরণ থাকিলে, তোমাকে অসংকার্য হইতে নির্ব্ত রাথিবে।

অহিংসাপ্রতিষ্ঠায়াং তৎসন্নিধৌ বৈরত্যাগঃ॥৩৫॥

্ সূত্রার্থ।—অন্তরে • অহিংসা প্রতিষ্ঠিত হইলে, তাহার নিকট অপরে আপনাদের স্বাভাবিক বৈরিতা পরিত্যাগ করে।

ব্যাখ্যা। ধদি কোন ব্যক্তি অহিংসার চরমাবস্থা লাভ করেন, তবে তাঁহার সমুখে, বে সকল প্রাণী স্বভাবতঃই হিংস্র, তাহারাও শাস্ত ভাব ধারণ করে। সেই যোগীর সমুখে ব্যাত্ত, মেষ-শাবক একত্র ক্রীড়া করিবে, পরস্পরকে হিংসা করিবে না। এই স্ববস্থা লাভ হইলে তুমি ব্রিতে পারিবে বে তোমার অহিংসাব্রত প্রতিষ্ঠিত হইয়াছে।

সত্যপ্রতিষ্ঠায়াং ক্রিয়াফলাশ্রয়ত্বম্ ॥৩৬॥

সূত্রার্থ।—যখন সত্যত্রত হৃদয়ে প্রতিষ্ঠিত হয়, তখন নিজের জন্ম বা অপরের জন্ম কোন কর্ম না করিয়াই তাহার ফল লাভ হইয়া থাকে।

ব্যাখ্যা।— যখন এই সত্যের শক্তি ভোমার মধ্যে প্রতিষ্ঠিত হইবে, যখন স্বপ্নে পর্যস্ত তুমি মিখ্যা কথা কহিবে না, বখন কান্নমনোবাক্যে সত্য ভিন্ন, কখন মিখ্যা ভাষণ করিবে না, তখন (এইন্নপ অবস্থা লাভ হইলে) তুমি বাহা বলিবে, ভাহাই সভ্য হইনা যাইবে। তখন তুমি বদি কাহাকেও বল, 'তুমি

রাক্যোঁগ

কৃতাৰ্থ হও,' সে তৎক্ষণাৎ কৃতাৰ্থ হইয়া বাইবে। কোন ব্যক্তিকে যদি বল, 'রোগমুক্ত হও', সে তৎক্ষণাৎ রোগমুক্ত হইয়া বাইবে।

षरखरथ िक शियाः मस्त्र र द्वां श्रहानम् ॥ ७१ ॥

সূত্রার্থ।—অচোর্য্য প্রতিষ্ঠিত হইলে, সেই যোগীর নিকট সমুদয় ধন-রত্নাদি আসিয়া থাকে।

ব্যাখ্যা। তুমি বতই প্রকৃতি হইতে পশারনের ইচ্ছা
করিবে, সে তৃতই তোমার অমুদরণ করিবে, আর তুমি বদি
সেই প্রকৃতির প্রতি কিছুমাত্র শক্ষ্য না কর, তবে সে ভোমার দাসী
হইরা থাকিবে।

ব্রহ্মচর্য্যপ্রতিষ্ঠায়াং বীর্য্যলাভঃ ॥ ৬৮॥

স্ত্রার্থ।— ত্রন্ধার্চর্য্য প্রতিষ্ঠিত হইলে বীর্যালাভ হয়।
ব্যাধ্যা। ত্রন্ধার্ট্যন্ ব্যক্তির মন্তিকে প্রবেগ শক্তি—মহতি
ইচ্ছাশক্তি সঞ্চিত থাকে। উহা ব্যতীত আধ্যাত্মিক শক্তি আর
কিছুতেই হইতে পাবে না। যত মহামহা মন্তিকশালী প্রব্দ দেখা যার, তাঁহারা সকলেই ত্রন্ধার্ট্যন্ ছিলেন। ইহা ছারা
মান্ত্রের উপর আশ্চর্যা ক্ষমতা লাভ করা যায়। মানবসমাজের
নেজ্গণ সকলেই ত্রন্ধার্ট্যন্ ছিলেন, তাঁহাদের সমুদ্র শক্তি এই
ক্রন্ধার্ট্য হইতেই লাভ হইয়াছিল; অত্থব, যোগীর ক্রন্ধার্ট্যন্
হক্তা বিশেষ আব্রুক।

অপরিগ্রহবৈর্ঘয়ে জন্মকণস্তাসংবোধঃ॥ ৩৯ ॥

সূত্রার্থ।—অপরিগ্রহ দৃঢ়প্লতিষ্ঠ হইলে, পূর্ববন্ধন্ম স্থান্তপর্থে উদিত হইবে।

্ব্যাখ্যা। যোগী যথন অপ্রের নিকট হইতে কোন বস্থ গ্রহণ না করেন, তথন তাঁহার অপ্রের সহিত বাধ্যবাধকতা না থাকাতে তিনি স্বাধীন ও মুক্তস্থভাব হইরা যান। তাঁহার মন তথ্য হইরা যায়, কারপ, দানগ্রহণ করিতে গেলে দাতার পাপ গ্রহণ করিতে হয়। উহা মনের উপর স্তরেস্তরে লাগিয়া থাকে, স্থতরাং উহা সর্বপ্রকার পাপের আবরণে আবৃত হইরা পড়ে। এই পরিগ্রহ ত্যাগ করিলে মন তথ্য হইয়া যায়, আর ইহা হইতে যে সকল ফললাভ হয়, তন্মধ্যে পূর্বজন্ম স্থতিপথে আর্চ হওয়া প্রথম। তথনই সেই যোগী সম্পূর্ণরূপে তাঁহার নিজ লক্ষ্যে দৃঢ় হইয়া থাকিতে পারেন। কারণ, তিনি দেখিতে পান বে, এত দিন তিনি কেবল যাওয়া আসা করিতেছিলেন। তিনি তথন হইতে দৃঢ়প্রতিজ্ঞান্ধা হন বে, এইবার আমি মুক্ত হইব, আমি আর যাওয়া আসা করিব না, আর প্রকৃতির, দাস হইব না।

(मोहार. शा**त्रक्**राशा भरेत्रत्रमञ्जः ॥ ८० ॥

সূত্রার্থ।—শৌচ প্রতিষ্ঠিত হইলে নিজের শরীরের প্রতি ঘৃণার উদ্রেক হয়, পরের সহিতও সঙ্গ করিতে আর প্রবৃত্তি থাকে না।

ব্যাথা। ধখন বাস্তবিক বাহ্ন ও আভান্তর উভয় প্রকার শৌচ সিদ্ধ হয়, তথন শরীরের প্রেড়ি অবস্থ আইসে, উহাকে

ব্লাঞ্বোগ

কিসে ভাল রাখিব, কিসেই বা উহা স্থন্দর দেখাইবে, এ সকল তাব একেবারে চলিয়া যায়। অপরে মাহাকে অতি স্থন্দর মুখ বলিবে তাহাতে জ্ঞানের কোন চিক্ত না থাকিলে যোগীর নিকট তাহা পশুর মুখ বলিয়া প্রভীয়মান হইবে। জগতের লোকে যে মুখে কোন বিশেষত্ব দেখে না, তাহার পশ্চাতে চৈতক্ত প্রকাশ থাকিলে তিনি তাহাকে স্বর্গীয় মুখন্তী বলিবেন। এই দেহত্ত্বা মন্থুজ্ঞীবনের এক মহা উপদ্রব। স্থতরাং শৌচপ্রতিষ্ঠার প্রথম লক্ষণ এই প্রকাশ পাইবে যে তুমি আপনাকে আর একটি শরীরমাত্র বলিয়া ভাবিতে পারিবে না। যথন এই পবিত্রতা আমাদের মধ্যে বাস্তবিক প্রবেশ করে, তথনই আমরা এই দেহ-ভাবকে অতিক্রম করিতে পারি।

সত্তভদ্ধিদোমনতৈ কাত্ৰতে ক্ৰিয়-

জয়াত্মদর্শনযোগ্যত্মানি চ ॥ ৪১ ॥

সূত্রার্থ।—এই শৌচ হইতে সত্ত-শুদ্ধি, সৌমনস্থ অর্থাৎ মনের প্রফুল্ল ভাব, একাগ্রতা, ইন্দ্রিয়জয় ও আত্মদর্শনের যোগ্যতা লাভ হইয়া থাকে।

ব্যাখ্যা। এই শৌচ অভ্যাসের ধারা সন্থ পদার্থ বৃদ্ধিত হইবে, স্নতরাং মনও একাগ্র ও সন্তোবপূর্ণ হইবে। তুমি ধর্মপথে অগ্রসর হইতেছ, ইহার প্রথম লক্ষণ এই দেখিবে বে, তুমি বেশ সন্তোবলাভ করিতেছ। বিষাদপূর্ণ ভাব অবস্ত অজীর্ণ রোগের ফল হইতে পারে, কিন্তু তাহা ধর্ম নহে। স্থধই সন্তোব অভাবসিদ্ধ ধর্মী; সান্তিক ব্যক্তির পঞ্চে সম্দরই স্থময়

বলিয়া বোধ হয়, স্বতরাং বধন ভোমার এই আনন্দের ভাব আদিতে থাকিবে, তখন তুমি বুঝিবে বে, তুমি বোগে খুক · উরতি করিতেছ। • কট বাহা কিছু, সকলই তমোগুণপ্রভব ; স্থতরাং ঐ কষ্ট বাহাতে নাশ হয়, তাহা করিতে হইবে। অতিশর বিসাদাচ্চর হট্যা মুখ ভার করিয়া রাখা তমোগুণের এकটি नक्तन। नवन, मृह, ऋक्काइ, यूवा 'ও সাহসী व्यक्तिकारे যোগী হইবার উপযুক্ত। যোগীর পক্ষে সমূদরই স্থমর বলিয়া প্রতীরমান হয়; তিনি যে কোন মহুযামূর্ত্তি দেখেন, তাহাতে उाँहात जानम छेमत्र हन्न। हेहारे धार्मिक लाटकत हिरू। পাপই কষ্টের কারণ, আর কোন কারণ হইতে ক্ট আইসে ना। विशापरभचाष्ट्र मूथ गरेश कि इरेंदि ? 'उरा कि ख्यानक দৃশু! এইরূপ মেঘাচ্ছর মুখ লইরা বাহিরে ঘাইও না। কোন मिन এहेन्नल हहेत्न, चाद्य व्यर्गनवक कतिया काठीहेमा माछ। জগতের ভিতর এই ব্যাধি সংক্রামিত করিয়া দিবার ভোমার কি অধিকার আছে? যথন ভোমার মন সংযত হইবে, তখন তুমি সমুদর শরীরটাকে বশে রাখিতে পারিবে। তথন আর তুমি এই বজ্ঞের দাস থাকিবে না; এই দেহবল্পই তোমার দাসবং हहेबा शांकित्व। এই দেহযন্ত্ৰ আত্মাকে আকৰ্ষণ করিবা নিমদিকে ना नहेंगा शिवा উहारे जाहात मुक्तिभर्य महान महात हहेरत।

সন্তোষাদসূত্রম-স্থলাভঃ ॥ ৪২ ॥
স্ত্রার্থ।—সন্তোর্থ হইতে পরম স্থ লাভ হয়।
কায়েন্দ্রিয়নিদির শুদ্ধিক্যাত্রপদঃ ॥ ৪৩ ॥

রাজ্যবাগ:

সূত্রার্থ-।—অশুদ্ধি-ক্ষর-নিবন্ধন তপস্থা হইতে দেহ ও ইব্রিয়ের নানাপ্রকার শক্তি আইসে।

ব্যাখ্যা। তপস্তার ফল কখন কখন সহসা দ্রদর্শন, দ্রশ্রণ ইত্যাদি রূপে প্রকাশ পার।

স্বাধ্যায়াদিউদেবতাসম্প্রয়োগঃ ॥ ৪৪ ॥

্ সূত্রার্থ।—মন্ত্রাদির পুনঃপুনঃ উচ্চারণ বা অভ্যাস দ্বারা ইষ্টদেবতার দর্শনলাভ হইয়া থাকে।

্ব্যাখ্যা। ধে পরিমাণে উচ্চ প্রাণী (দেবতা, ঋষি, সিদ্ধ) দেখিবার ইচ্ছা করিবে, অভ্যাসও সেই পরিমাণে অধিক করিতে হইবে।

সমাধিদিদ্ধিরীশ্বরপ্রণিধানাৎ ॥ ৪৫ ॥

সূত্রার্থ।—ঈশ্বরে সমুদর অর্পণ করিলে সমাধিলাভ হইয়া থাকে।

ব্যাখ্যা। ঈশ্বরে নির্ভরের দারা সমাধি ঠিক পূর্ণ হয়। স্থিরস্থেশাসনম্॥ ৪৬॥

সূত্রার্থ।—যে ভাবে অনেকক্ষণ স্থিরভাবে স্থাখে বসিয়া থাকা যায়, তাহার নাম আসন।

ব্যাখ্যা। একণে আসনের কথা বলা হইবে। যতকণ তুমি হিরভাবে অনেককণ বসিরা থাকিতে না পারিতেছ, ভতকণ ভূমি প্রাণারাম ও অন্তান্ত সাধনে কিছুতেই কৃতকার্য , হইবে না। আয়ন দৃঢ় হেওয়ার অর্থ এই, ভূমি শরীরের সভা

মোটেই অমুত্তব করিতে পারিবে না। এইরূপ হইলেই বাণ্ডবিক আসন দৃঢ় হইরাছে, বলা বার। কিছ সাধারণ ভাবে, তুমি যদি কিৰৎকণের অক্স বদিতে চেষ্টা কর, তোমার নানাপ্রকার বিম্ন আসিতে থাকিবে। কিন্তু বধনই তুমি এই স্থলদেহভাববিবৰ্জ্জিত হইবে, তথন তোমার শরীরের অক্তিত্ব পর্যান্ত অমুভূত হইবে না। আর তুমি হুখ অথবা হংব কিছুই অমুভব করিবে না। আবার বথন তোমার শরীরের জ্ঞান আসিবে, তখন তুমি অহুভব করিবে যে, আমি অনেককণ বিশ্রাম করিলাম। বদি শরীরকে সম্পূর্ণ বিশ্রাম দেওয়া সম্ভব হয়, তবে উহা এইরূপেই হইতে পারে ৷ বখন তুমি এইরূপে শরীরকে নিজ্ঞ অধীন করিয়া উহাকে দৃঢ় রাখিতে পারিবে, তথন তোমার সাধনও দৃঢ় হইয়াছে জানিবে। কিন্ত যতক্ষণ তোমার শারীরিক বিম্ববাধাগুলি আসিতে থাকিবে, ততক্ষণ তোমার স্নায়ুমগুলী চঞ্চল থাকিবে, এবং তুমি কোনরূপে মনকে একাগ্র করিয়া রাখিতে পারিবে না।

व्यक्रेमिषिनाग्नसम्भाशिष्णाम् ॥ ४१ ॥

সূত্রার্থ।—শরীরে যে এক প্রকার, অভিমানাত্মক প্রযত্ন আছে, তাহা শিথিল করিয়া দিয়া ও অনস্তের চিস্তা দারা আসন স্থির ও সুখকর হইতে পারে।

ব্যাখ্যা। অনন্তের চিন্তা দারা আসন অধিচণিত হ**উতে** পারেঃ অবশু আমরা সেই সর্বাহন্দাতীত অনস্ত[া] (ব্রন্ধ) রাজযোগ

্লছজে (সহজে) চিস্তা করিতে পারি না, কিন্তু আমরা অনস্ত আকাশের বিষয় চিস্তা করিতে পারি।

ততো দ্বন্দানভিঘাতঃ ॥ ৪৮॥

সূত্রার্থ।—এইরূপে আসন জয় হইলে, তথন দক্ষ-পরম্পরা আর কিছু বিম্ব উৎপাদন করিতে পারে না।

ব্যাখ্যা। দ্বন্দ অর্থে শুভ অশুভ, শীত উষ্ণ, আলোক আন্ধকার, মুথ হঃথ ইত্যাদি বিপরীতধর্মক ছইছই পদার্থ। এশুলি আর তথন ভোমাকে চঞ্চল করিতে পারিবে না।

তিশ্বান্ সতি খাসপ্রখাসয়োর্গতিবিচ্ছেদঃ
প্রাণায়ামঃ ॥ ৪৯ ॥

' স্তার্থ।—এই আসন জয়ের পর শ্বাস ও প্রশ্বাস উভয়ের গতি সংযত করাকে প্রাণায়াম বলে।

ব্যাখ্যা। যথন এই আসন ব্সিত হয়, তথন এই খাসপ্রেশাসের গতিভঙ্গ (অভাব) করিয়া দিয়া উহাকে জয় করিতে হইবে,
স্থতরাং, এক্ষণে প্রাণায়ামের বিষর আরম্ভ হইল। প্রাণায়াম
কি? না—শরীরস্থিত জীবনীশক্তিকে বলে আনয়ন। য়িণও
প্রোণ শব্দ সচরাচর খাস অর্থে ব্যবস্থত হইয়া থাকে, কিন্তু
বাত্তবিক উহা খাস নহে। প্রাণ অর্থে ব্যবস্থত সমৃদয় শক্তিসমষ্টি। উহা প্রত্যেক্ দেহে অবস্থিত শক্তিশ্বরূপ, আর উহার
আপাতপ্রতীয়মান প্রকাশ—এই ফুস্কুসের গতি। প্রাণ যথন
খাসকে ভিতর দিকে আকর্ষণ করে, তথনই এই গুড়ি

আরম্ভ হর; প্রাণারাম করিবার সমর আমরা উহাকেই সংঘম করিবার চেটা করিয়া থাকি। এই প্রাণের উপর শক্তিলাভ করিতে হইলে, আমরা প্রথমে খাসপ্রখাসকে সংঘম করিতে আরম্ভ করি, কারণ, উহাই প্রাণজন্মের সর্বাপেকা সহজ পছা।

বাহ্যাভ্যন্তরন্তন্তরন্তিঃ দেশকালসংখ্যাভিঃ । পরিদৃষ্টো দীর্ঘসূক্ষাঃ॥ ৫০॥

সূত্রার্থ।—বাহারন্তি, অভ্যন্তররন্তি ও স্বস্তরন্তি ভে্দে এই প্রাণায়াম ত্রিবিধ; দেশ, কাল, সংখ্যার দ্বারা নিয়মিত এবং দীর্ঘ বা সূক্ষ হওয়াতে উহাদেরও আবার নানাপ্রকার ভেদ আছে।

ব্যাখ্যা। এই প্রাণায়াম তিন প্রকার ক্রিয়ায় বিভক্ত। প্রথম—
যথন আমরা খাসকে অভ্যন্তরে আকর্ষণ ও ধারণ করি; ছিতীর—যথন
আমরা উহা বাহিরে প্রক্ষেপ ও ধারণ করি; তৃতীয়—যথন খাস ও
প্রশ্বাস কুস্কুসের মধ্যে বা বাহিরে ধীরে ধীরে সংকৃচিত হইরা ধৃত হর।
উহারা আবার দেশ, কাল ও সংখ্যা অনুসারে ভিন্ন ভালার ধারণ
করে। দেশ অর্থে—প্রাণকে শরীরের কোন অংশ্বিশেবে আবদ্ধ রাখা
(অথবা তাহার দৈর্ঘ্য লক্ষ্য করা)। সময় অর্থে—প্রাণ কোন্
ভানে কভক্ষণ রাখিতে হইবে, এবং সংখ্যা অর্থে—কভরার ঐরপ
করিতে হইবে, তাহা বৃথিতে হইবে। এই কল্প কোণার, কভক্ষণ ও
ও কভবার রেচকাদি করিতে হইবে, ইত্যাদি কথিত হইয়া থাকে।
এই প্রাণায়ামের কল উদ্বাত অর্থাৎ কুগুলিনীর আগরণ।

ৰাজযোগ

বাহাভ্যস্তরবিষয়াকেপী চতুর্থঃ ॥ ৫১॥

স্ত্রার্থ।—চতুর্থ প্রকার প্রাণায়াম এই যে, যাহাতে প্রাণায়ামের সময় বাহ্য বা আভ্যন্তর গতির অভাব হয়।

ব্যাখ্যা। ইহা চতুর্থ প্রকার প্রাণারাম। ইহাতে পূর্ব্বোক্ত চিন্তাসহক্ত দীর্ঘকাল অভ্যাসের বারা বে স্বাভাবিক কৃষ্ণ ক (ক্তম্বর্ত্তি) হইরা থাকে। অক্ত প্রাণারামগুলিতে চিন্তার সংস্রব নাই।

ততঃ ক্ষীয়তে প্রকাশাবরণম্॥ ৫২॥

সূত্রার্থ ।—ভাহা হইতেই চিত্তের প্রকাশের আবরণ ক্ষয় হইয়া যায়।

বাাখ্যা। চিত্তে স্বভাবত:ই সমুদর জ্ঞান রহিরাছে, উহা সম্ব পদার্থ হারা নির্মিত, উহা কেবল রজঃ ও তমোহারা আবৃত হইরা আছে। প্রাণায়াম হারা চিত্তের এই আবরণ চলিয়া যায়।

ধারণাহ্ন চ যোগ্যতা মনসঃ॥ ৫৩॥

স্ত্রার্থ।—(ভাহা হইতেই) ধারণায় মনের যোগ্যতা হয়।

ব্যাখ্যা। এই আবরণ চলিয়া গেলে আমরা মনকে একাগ্র করিতে সমর্থ হইয়া থাকি।

স্ববিষয়াসপ্রায়োগে চিত্তস্কুরুপাসুকার

ইবেন্দ্রিয়াণাং প্রত্যাহারঃ ॥ ৫৪ ॥
পুতার্থ।—যখন ইন্দ্রিয়গণ তাহাদের নিজ

বিষয় পদ্মিত্যাগ[ে] করিয়া বেন চিন্তের 'স্বরূপ' গ্রহণ করে, তথন তাহাকে প্রত্যাহার বলা যায়।

ব্যাখ্যা। এই ইক্সিয়গুলি মনেরই বিভিন্ন অবস্থা মাত্র।
মনে কর, আমি একথানি পুত্তক দেখিতেছি। বাল্ডবিক, ঐ
পুত্তকাক্বভি বাহিরে নাই। উহা কেবল মনে অবস্থিত।
বাহিরের কোন কিছু ঐ আক্বতিটিকে জাগাইয়া দের মাত্র;
বাল্ডবিক উহা চিন্তেই আছে। এই ইক্সিয়গুলি, যাহা তাহাদের
সন্মুখে আসিতেছে তাহাদেরই সহিত মিশ্রিত হইয়া, তাহাদেরই
আকার গ্রহণ করিতেছে। যদি তুমি মনের এই সকল ভিন্ন
ভিন্ন আক্বতি ধারণ নিবারণ করিতে পার, তবে তোমার্ক্র
মন শাল্ত হইবে এবং ইক্সিয়েরাও মনের অন্ত্র্ক্রপ হইবে। ইহাকেই
প্রত্যাহার বলে।

ততঃ পরমবশ্যতেন্দ্রিয়াণাম্॥ ৫৫॥

স্তার্থ।—তাহা হইতেই ইন্দ্রিয়গণ সম্পূর্ণক্রপে জিত হইয়া থাকে।

ব্যাখ্যা। যথন যোগী ইন্দ্রিয়গণের এইরূপ বহিবস্তার আরুতি ধারণ নিবারণ করিতে পারেন ও মনের সহিত উহাদিগকে এক করিয়া ধারণ করিতে কৃতকার্য্য হন, তথনই ইন্দ্রিয়গণ সম্পূর্ণরূপে ক্লুত হইরা থাকে। আর ষধনই ইন্দ্রিয়গণ জিত হয়, তথনই সমুদর স্নায়্যু, সমুদয় মাংসপেশী পর্যাস্ত আমাদের বশে আসিয়া থাকে, কারণ, ইন্দ্রিয়গণই সর্ব্বপ্রকার অমুভৃতি ও কার্যাের কেন্দ্রেয়গণ। এই ইন্দ্রিয়গণ, ক্লানেন্দ্রিয় ও কর্শেনিস্ল

বাজযোগ

এই ছই ভাগে বিভক্ত। স্তরাং বধন ইক্রিয়গণ সংযত হইবে, তথন বোগী সর্বপ্রকার ভাব ও কার্যকে জর করিতে পারিবেন। সমুদর শরীরটিই তাঁহার অধীন হইরা পড়িবে। এইরপ অবস্থা লাভ হইলেই মাহ্ব দেহধারণে আনন্দ অমুভব করে। তথনই সে বথার্থ সত্যভাবে বলিতে পারে বে, "আমি জন্মিরাছিলাম বলিরা আমি স্থবী।" যথন ইক্রিয়গণের উপর এইরপ শক্তিলাভ হয়, তথনই ব্বিতে পার! যায়, এই শরীর যথার্থই অতি অমুত পদার্থ।

ভৃতীয় অধ্যায়

বিভূতি-পাদ

একণে বিভৃতি-পাদ আদিল।

দেশবন্ধশ্চিত্তস্থ ধারণা ॥ ১॥

সূত্রার্থ।—চিত্তকে কোন বিশেষ বস্তুতে বন্ধ করিয়া রাখার নাম ধারণা।

ব্যাখ্যা। যথন মন শরীরের ভিতরে অথবা বাৃহিরে কোন ' বস্তুতে সংলগ্ন হয় ও কিছুকাল ঐ ভাবে থাকে, তাহাকে ধারণা বলে।

তত্ত্ৰ প্ৰত্যয়ৈকতানতা ধ্যানম্।। ২।।

সূত্রার্থ।—সেই বস্তুবিষয়ক জ্ঞান নিরন্তর একভাবে প্রবাহিত হইতে থাকিলে তাহাকে ধ্যান বলে।

ব্যাখা। মনে কর, মন যেন কোন একটি বিষয় চিন্তা করিবার চেষ্টা করিতেছে, কোন একটি বিশেষ স্থানে, যথা মন্তকের উপরে, অথবা স্থানর ইত্যাদি স্থানে আপনাকে ধরিয়া রাখিবার চেষ্টা করিতেছে। যদি মন, শরীরের কেবল ঐ আংশ দিয়াই সর্ব্বপ্রকার অমুভূতি গ্রহণ করিতে সমর্থ হয়, শরীরের আর সমুদর ভাগকে যদ্ভি বিষয়গ্রহণ হইতে নির্ত্ত রাখিতে পারে, তবে তাহার নাম ধারণা, আর যথন আপনাকে খানিকক্ষণ ঐ অবস্থায় রাখিতে সমর্থ হয়, তাহার নাম ধান।

রাজবোগ

তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশৃষ্ঠামিব সমাধিঃ ॥৩॥

স্ত্রার্থ।—তাহাই যখন সমুদয় বাহোপাধি পরিত্যাগ করিয়া কেবল অর্থ-মাত্রকেই প্রকাশ করে, তখন সমাধি আখ্যা প্রাপ্ত হয়।

ব্যাখ্যা। বখন খানে বন্ধর আরুতি বা বাহ্নভাগ পরিত্যক্তন হর, তখনই এই সমাধি অবস্থা আইসে। মনে কর, আমি এই প্রকেখানি সহক্ষে খান করিতেছি; মনে কর, বেন আমি উহার উপর চিন্তসংবম করিতে রুতকার্য হইলাম, তখন কেবল কোনরূপ আফারে অপ্রকাশিত অর্থনামধের অভ্যন্তরীণ অকুভৃতিগুলি আহাদের জানে প্রকাশিত হইতে লাগিল। এইরূপ ধ্যানের অবস্থাকে সমাধি বলে।

ত্তর্মেকতা সংযমঃ ॥৪॥

স্ত্রার্থ।—এই ভিনটি যখন একত্র অর্থাৎ এক বস্তুর সম্বন্ধেই অভ্যস্ত হয়, তখন তাহাকে সংযম বলে।

ব্যাখ্যা। বখন কেই তাঁহার নিজের মনকে কোন নির্দিষ্ট দিকে
লইরা গিরা সেই বস্তার উপর কিছুক্ষণের জক্ত ধারণ করিতে
পারেন, পরে তাহার অক্তর্জাগকে উহার বাহু আকার হইতে
পৃথক্ করিরা অনেককণ থাকিতে পারেন, তখনই সংখ্য হইল।
অর্থাৎ ধারণা, ধ্যান ও সমাধি এই সমুদ্যাগুলি একটির পর আর একটি ক্রমান্তর এক বস্তার উপরে হইলে একটি সংখ্য ইইল। তখন
বস্তার বাহু আকারটি কোথার চলিয়া ধার, মনেতে কেবল তাহার
অর্থায়ে উত্তাসিত হইতে গাকে।

उच्छ्या थ श्राताकः ॥०॥

স্তার্থ।—এই সংযমের দ্বারা যোগীর জ্ঞানালোকের প্রকাশ হয়।

ব্যাখ্যা। যথন কোন ব্যক্তি এই সংযমসাধনে কৃতকার্য্য হর, তথন সমুদর শৈক্তি তাহার হত্তে আসিরা থাকে। এই সংবদই বোগীর জ্ঞানসাভের প্রধান বন্ধবরূপ। জ্ঞানের বিবর অনস্ত। উহারা স্থুল, স্থুলতর, স্থুলতম; স্থা, স্থাতর, স্থাত্ম ইত্যাদি নানা বিভাগে বিভক্ত। এই সংযম প্রথমতঃ স্থুল বস্তুর উপর প্রয়োগ করিতে হয়, আর বধন স্থুলের জ্ঞানসাভ হইতে থাকে, তথন একটু একটু করিরা সোপানক্রমে উহা স্থাতর বস্তুর উপর প্রয়োগ করিতে হইবে।

তস্ত ভূমিযু বিনিয়োগঃ ॥৬॥

স্থুত্রার্থ।—এই সংযম সোপানক্রমে প্রয়োগ করা উচিত।

ব্যাখ্যা। খুব ক্ষত ধাইবার চেষ্টা করিও না, এই ক্ষ এইরূপ সাবধান করিলা দিতেছে।

ত্রয়মন্তরঙ্গং পূর্বেভ্যঃ মণ।

সূত্রার্থ।—এই তিনটি যোগীর পূর্বক্থিত সাধনগুলি হুইতে অধিক অন্তরক সাধন।

ব্যাখ্যা। পূর্বে যম, নিরম, আসন, প্রাণারাম ও প্রভ্যা-হারের বিষর কথিত হইরাছে। উহার। ধারণা, ধ্যান ও সমাধি

বাজ্যোগ

হইতে বহিরক। এই ধারণাদি অবস্থা লাভ করিলে অবশ্র মানুষ সর্ব্বজ্ঞ ও সর্বাশক্তিমান হইতে পারে, কিন্তু সর্বজ্ঞতা বা সর্বাশক্তিমন্তা ত মুক্তি নহে। কেবল ঐ তিবিধ সাধন দারা মন নির্বিকরক অর্থাৎ পরিণামশৃত্য হইতে পারে না, ঐ তিবিধ সাধন আয়ন্ত হইলেও দেহধারণের বীজ থাকিয়া বাইবে। ধখন সেই বীজ্ঞলি যোগীদের ভাষায় ধাহাকে ভজ্জিত বলে, তাহাই হইয়া বায়, তখন তাহাদের পুনরায় বৃক্ষ উৎপন্ন করিবার উপবোগী শক্তিটি নই হইয়া বায়। শক্তিসমূহ কখনই বীজ্ঞালিকে ভক্জিত করিত্তে পারে না।

তদপি বহিরঙ্গং নিব্বীজস্ত ॥৮॥

স্ত্তার্থ। – কিন্তু এই সংযমও নিব্বীষ্ণ সমাধির পক্ষে বহিরক্ষম্বরূপ।

ব্যাখ্যা। এই কারণে নির্ব্বীক্ষ সমাধির সহিত তুলনা করিলে এইগুলিকেও বহিরক বলিতে হইবে। সংঘদলাভ হুইলে আমরা বস্তুতঃ সর্ব্বোচ্চ সমাধি অবস্থা লাভ না করিয়া একটি নিম্নতর ভূমিতে মাত্র অবস্থিত থাকি। সেই অবস্থার এই পরিদৃশুমান কাৎ বিশ্বমান থাকে, সিদ্ধি সকল এই কাতেরই অস্তর্গত।

ব্যুত্থান-নিরোধসংস্কারয়োরজ্বিভবপ্রান্তর্ভাবে। নিরোধক্ষণচিত্তান্বয়ো নিরোধপরিণামঃ॥৯॥ স্কার্থ।—যখন বৃত্থান অর্থাৎ মনশ্চাঞ্চল্যের অভিভব (নাশ) ও নিরোধ-সংস্কারের আবির্জাব হয়, তথন চিত্ত নিরোধ-নামক-অবসরের অমুগত হয়, উহাকে নিরোধপরিণাম বলে।

ন্যাখ্যা। ইহার অর্থ এই বে, সমাধির প্রথম অবস্থায় মনের সমৃদয় বৃত্তি নিরুক্ষ হয় বটে, কিন্তু সম্পূর্ণরূপে নহে, কারণ, তাহা হইলে কোন প্রকার বৃত্তিই থাকিত না। মনেকর, মনে এমন এক প্রকার বৃত্তি উদয় হইয়াছে, যাহাতে মনকে ইক্রিয়ের দিকে লইয়া যাইতেছে, আর যোগী ঐ বৃত্তিকে সংযম করিবার চেষ্টা করিতেছেন। এ অবস্থায় ঐ সংযমটিকেও একটি বৃত্তি বলিতে হইবে। একটি তরক্ষ আর একটি তরক্ষের হারা নিবারিত হইল, স্থতরাং, উহা সর্বভরক্ষের নিবৃত্তিরূপ সমাধি নহে, কারণ, ঐ সংযমটিও একটি তরক্ষ। তবে বে অবস্থায় মনে তরক্ষের পর তরক্ষ আসিতে থাকে, তদপেক্ষা এই নিয়তর সমাধি সেই উচ্চতর সমাধির নিকটবর্তী বটে।

তস্থ্য প্রশান্তবাহিতা সংস্কারাৎ ॥১০॥ স্ক্রার্থ।—অভ্যাসের দ্বারা ইহার স্থিরতা হয়।

ব্যাখ্যা। প্রতিদিন নিয়মিতক্সপে অভ্যাস করিলে ও সদাসর্ব্বদা একাগ্রতার শক্তি লাভ করিলে মনের এই নিয়ত সংযম প্রবাহাকারে চলিতে থাকে ও উহার স্থিরতা হয়।

সর্ব্বার্থতৈকাগ্রতয়োঃ ক্ষয়োদয়ে চিত্তস্থ সমাধিপরিণামঃ ॥১১॥

রাজযোগ

পুত্রার্থ।—মনে সর্ব্বপ্রকার বস্তু গ্রহণ করা ও একাগ্রতা, এই ছুইটি যখন যথাক্রেমে ক্ষয় ও উদর হয়, তাহাকে চিত্তের সমাধি-পরিণাম বলে।

ব্যাখ্যা। মন সর্বাদাই নানাপ্রকার বিষয় গ্রহণ করিতেছে, সর্বাদাই সর্বাপ্রকার বস্তুতেই ঘাইতেছে। আবার মনের এমন একটি উচ্চতর অবস্থা রহিয়াছে, যখন উহা একটিমাত্র বস্তু গ্রহণ করিয়া আর সকল বস্তুকে ত্যাগ করিতে পারে। এই এক বস্তু গ্রহণ করার কল সমাধি।

ততঃ পুন: শান্তোদিতো তুল্যপ্রত্যয়ে চিত্তস্থৈকা-গ্রতাপরিণামঃ ॥১২॥

পুত্রার্থ।—যখন মন শাস্ত ও উদিত অর্থাৎ অতীত ও বর্ত্তমান উভয় অবস্থাতেই তুল্য-প্রত্যয় হয়, অর্থাৎ উভয়কেই এক সময়ে গ্রহণ করিতে পারে, তাহাকে চিত্তের একাগ্রতা-পরিণাম বলে।

ব্যাখ্যা। মন একাগ্র হইরাছে, কি করিয়া জানা যাইবে?
মন একাগ্র হইলে সমরের কোন জ্ঞান থাকিবে না। যতই
সমরের জ্ঞান চলিয়া যায়, আমরা ততই একাগ্র হইতেছি,
বুরিতে হইবে। আমরা সাধারণতঃ দেখিতে পাই, যথন আমরা
খ্ব আগ্রহের সহিত কোন পুত্তকপাঠে মুয় হই, তথন সময়ের
দিকে আমাদের মোটেই লক্ষ্য থাকে না; যথন আবার পুত্তকপাঠে বিরত হই, তথন ভাবিয়া আক্র্যা হই বে, কতথানি সময়
আমসি চলিয়া লিয়াছে। সমুদ্র সময়টি বেন একজিত হইয়া

বর্ত্তমানে একীভূত হইবে। এই জন্মই বলা হইরাছে, বতই সভীত বর্ত্তমান ও ভবিব্যৎ আদিরা মিশিরা একীভূত হইরা যার, মন ভত্তই একাগ্র হইরা থাকে।

এতেন ভূতেব্রিয়ের ধর্মনক্ষণাবন্থা পরিণামা ব্যাখ্যাতাঃ॥ ১৩॥

স্তার্থ।—ইহার দ্বারাই ভূত ও ইন্দ্রিয়ের যে ধর্ম, লক্ষণ ও অবস্থারূপ পরিণাম আছে, তাহার ব্যাখ্যা করা হইল।

ব্যাখ্যা। পূর্ব তিনটি স্ত্রে যে চিত্তের নিরোধাদি পরিণামের কথা বলা হইরাছে, তন্ধারা ভৃত ও ইন্দ্রিরের ধর্মা, লক্ষণ ও অবস্থারূপ তিন প্রকার পরিণামের ব্যাখ্যা করা হইল। মন ক্রমাগত র্ত্তিরূপে পরিণত হইতেছে, ইহা মনের ধন্মরূপ পরিণাম। উহা যে অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ এই তিন কালের মধ্য দিয়া চলিতেছে, ইহাই মনের লক্ষণরূপ পরিণাম, আর কথনও যে নিরোধ-সংকার প্রবল ও ব্যুখান সংকার হর্বল অথবা তাহার বিপরীত হয়, ইহা মনের অবস্থারূপ পরিণাম। মনের এই পরিণামন্তরের ভায় ভৃত ও ইন্দ্রিয়ের তিবিধ পরিণামও ব্রিতে হইবে। যথা, মৃত্তিকারূপ ধর্মীর শিশুরূপ ধর্মা গিয়া উহাতে যে ঘটাকার ধুর্ম্ম আবিভূতি হয়, তাহা ধর্ম্ম-পরিণাম। ঐ ঘটের বর্ত্তমান, অতীত ও ভবিষ্যৎ অবস্থারূপ পরিণামকে কক্ষণ-পরিণাম এবং উহার নৃতনত্ব ও পুরাতনত্বাদি অবস্থারূপ পরিণামকে অবস্থান্ধ অবহারূপ

রাজযোগ

পূর্ব পূর্ব হত্তে যে সকল সমাধির বিষয় কথিত হইরাছে, তাহাদের উদ্দেশ্রে, যোগী যাহাতে মনের পরিণামগুলির উপর ইচ্ছাপূর্বক ক্ষমতা সঞ্চালন করিতে পারেন। তাহা হইতে পূর্ব্বোক্ত সংযমশক্তি লাভ হইরা থাকে।

শান্তোদিতাব্যপদেশ্যধর্মানুপাতী ধর্ম্মী ॥ ১৪ ॥
সুত্রার্থ।—শাস্ত অর্থাৎ অতীত, উদিত (বর্ত্তমান)
ও অব্যপদেশ্য (ভবিয়াৎ) ধর্ম যাহাতে অবস্থিত
তাহার নাম ধর্মী।

ব্যাখ্যা। ধর্মী তাহাকেই বলে, যাহার উপর কাল ও সংস্কার কার্য্য করিতেছে, যাহা সর্ব্বদাই পরিণামপ্রাপ্ত ও ব্যক্তভাব ধারণ করিতেছে।

ক্রমান্তবং পরিণামান্তবে হেতুঃ॥ ১৫॥

স্থুত্রার্থ।—ভিন্ন ভিন্ন পরিণাম হইবার কারণ ক্রমের বিভিন্নতা (পূর্ব্বাপর পার্থক্য)।

পরিণামত্রয়সংযমাদতীতানাগতজ্ঞানম্ ॥ ১৬ ॥

স্কুত্রার্থ।—পূর্ব্বোক্ত তিনটি পরিণামের প্রতি চিত্তসংযম করিলে অতীত ও অনাগতের জ্ঞান উৎপন্ন হয়।

ব্যাখ্যা। পূর্বে সংবদের বে লক্ষণ করা হইরাছে, আমরা তাহা বেন বিশ্বত না হই। যথন মন বস্তুর বাহুভাগকে পরিজ্যাগ করিয়া উহার আভ্যস্করিক ভাবগুলির সহিত নিজেকে এক্সিড্ড করিবার উপবৃক্ত অবস্থায় উপনীত হর, রখন দীর্ঘ অভ্যাসের ধারা মন কেবল একমাত্র সেইটিই ধারণা করিরা মুহুর্ত্তমধ্যে সেই অবস্থার উপনীত হইবার শক্তি লাভ করে, তথন তালকেই সংযম বলে। এই অবস্থা লাভ করিয়া যদি কেহ ভূত ভবিন্তাৎ জানিতে ইচ্ছা করেন, তাঁহাকে কেবল সংস্কারের পরিণামগুলির উপর সংযম প্রয়োগ করিতে হইবে। কতকগুলি সংস্কার বর্ত্তমান অবস্থার কার্য্য করিতেছে, কতকগুলির ভোগ শেষ হইয়া গিয়াছে আর কতকগুলি এখনও ফল প্রাদান করিবে বলিয়া সঞ্চিত রহিয়াছে। এই গুলির উপব সংযম প্রান্নোগ করিয়া তিনি ভূত ভবিয়াৎ সমুদার জানিতে পারেন।

শব্দার্থপ্রত্যয়ানামিতরেতরাধ্যাসাৎ সঙ্কর-স্তৎপ্রবিভাগসংযমাৎ সর্ব্বভূতরুতজ্ঞানম্॥ ১৭॥

সূত্রার্থ।—শব্দ, অর্থ ও প্রত্যায়ের পরস্পারে পরস্পারের আরোপ জন্ম এইরূপ সংকারাবস্থা ইইয়াছে, উহাদিগের প্রভেদগুলির উপর সংযম করিলে সমৃদয় ভূতের শব্দজ্ঞান ইইয়া থাকে।

ব্যাখ্যা। শব্দ বলিলে বাহুবিষয়—যাহাতে মনে কোন বৃদ্ধি জাগরিত করিয়া দের, তাহাকে বৃদ্ধিতে হইবে। অর্থ বলিলে বে শরীরাভ্যন্তরীণ প্রবাহ ইক্রিয়ঘার ঘারা লব্ধ বিষয়াভি-"ঘাতজনিত বেদনাকে লুইয়া গিয়া মন্তকে পাঁহছিয়া দের, তাহাকে বৃদ্ধিতে হইবে, আর জ্ঞান বলিলে মনের বে প্রতিক্রিয়া, বাহা হইতে বিষয়াস্থভূতি হয় তাহাকেই বৃদ্ধিতে হইবে। এই তিনটি মিশ্রিত হইরাই আমাদের ইক্রিয়গোচর বিষয় উৎপন্ন হয়।

বাজবোগ

মনে কর, আমি একটি শব্দ শুনিলাম, প্রথমে বহির্দেশে এক
কশ্পন হইল, তৎপরে প্রবণেজির বারা মনে একটি বোধপ্রবাহ
পেল, তৎপরে মন প্রতিঘাত করিল, আমি শব্দটিকে জানিতে
পারিলাম। আমি ঐ বে শব্দটিকে জানিলাম, উহা তিনটি
পদার্থের মিশ্রণ,—প্রথম কম্পন, বিতীর অমুভূতিপ্রবাহ ও
ভূতীর প্রতিজ্ঞিরা। সাধারণতঃ, এই তিনটি ব্যাপারকে পৃথক্
করা বার না, কিন্তু অভ্যাসের বারা বোগী উহাদিগকে পৃথক
করিতে পারেন। যখন মাহ্ম্য এই কয়েকটিকে পৃথক্ করিবার
শীজিলাভ করে, তথন সে যে কোন শব্দের উপর সংযমপ্ররোগ
করে, অমনিই যে অর্প্রপ্রকাশের জন্ত ঐ শব্দ উচ্চারিত, তাহা
মন্ত্রাক্বতই হউক, বা অক্ত কোন প্রাণিক্বতই হউক, তৎক্ষণাৎ
ব্রিতে পারে।

সংস্কারদাক্ষাৎকরণাৎ পূর্বজ্ঞাতিজ্ঞানম্ ॥ ১৮ ॥
স্ক্রার্থ।—সংস্কারগুলিকে প্রত্যক্ষ করিলে অর্থাৎ
উহাদিগকে জানিতে পারিলে পূর্বজন্মের জ্ঞান হয়।

ব্যাথ্যা। আমরা বাহা কিছু অন্থভব করি, সমৃদ্রই
আমাদের চিত্তে ভরলাকারে আসিরা থাকে; উহা আবার
চিত্তের অভ্যন্তরে মিলাইরা বার, ক্রমশঃ স্ক্রাৎ স্ক্রভর হইতে
থাকে, এইকবারে নই হইরা বার না। উহা ওথার বাইরা অভি
স্ক্র আকারে অবস্থিতি করে, বদি আমরা ঐ তরজাটকে পুনরার
আনারন করিতে পারি, ভাহা হইলে ভাহাই শ্বভি হইল। স্বভরাং
বোদী বদি মনের এই সমস্ভ পূর্বসংকারের উপর সংব্য করিছে

পারেন, ভবে ভিনি পূর্বজন্মের কথা স্বরণ করিতে আরম্ভ করিবেন।

প্রত্যয়স্থ পরিচিত্তজানম্ ॥ ১৯ ॥

সূত্রার্থ।—অপরের শরীরে যে সকল চিহ্ন আছে, তাহাতে সংযম করিলে সেই ব্যক্তির মনের ভাব জানিতে পারা যায়।

ব্যাখ্যা। প্রত্যেক ব্যক্তির শরীরেই বিশেষ বিশেষ প্রকার
চিহ্ন আছে, ভদ্ধারা তাহাকে অপর ব্যক্তি হইকে পৃথক করা
যায়। বখন বোগী কোন ব্যক্তির এই বিশেষ চিহ্নগুলির
উপর সংযম কবেন, তখন তিনি সেই ব্যক্তির মনের অবস্থা
কানিতে পারেন।

ন চ তৎ সালম্বনং তস্তাবিষয়ীভূতত্বাৎ ॥ ২০ ॥

সূত্রার্থ।—কিন্তু ঐ চিত্তের অবলম্বন কী, তাহা স্থানিতে পারেন না, কারণ, উহা তাঁহার সংযমের বিষয় নহে।

ব্যাখ্যা। পূর্বেষ যে শরীবের উপর সংযমের কথা বলা হইরাছে, তদ্বারা তাঁহার মনের ভিতরে তথন কি হইতেছে, তাহা জানিতে পার; বায় না। এথানে ছইবার সংখম করিবার আবশ্রুক হইবে, প্রথম শরীরের লক্ষণসমূহের উপর ও তৎপরে মনের উপর সংখম প্ররোগ করিতে হইবে। তাহা হইলে যোগী সেই যাক্তির মনের সমুদ্র ভার জানিতে পারিবেস।

রাজযোগ

কায়রূপসংয়্মাত্তল্যাগ্র্মাক্তন্তন্তে চক্ষুঃপ্রকাশাহসম্প্রায়েবেহন্তর্দ্ধানম্ ॥২১॥

সূত্রার্থ।—দেহের আকৃতির উপর সংযম করিয়া, ঐ আকৃতি অমুভব করিবার শক্তি স্তম্ভিত ও চক্ষুর প্রকাশশক্তির সহিত উহার অসংযোগ হইলে যোগী লোকসমক্ষে অস্তর্হিত হইতে পারেন।

ব্যাখ্যা। মনে কর, কোন যোগী এই গৃহের ভিতর দণ্ডায়থান রহিয়াছেন, তিনি আপাতদৃষ্টিতে সকলের সমক্ষে অস্তর্হিত
হইতে পারেন। তিনি যে বাস্তবিক অস্তর্হিত হন, তাহা নহে,
তবে কেহ তাঁহাকে দেখিতে পাইবে না, এই মাত্র। শরীরের
আক্রতি ও শরীর এই ছইটিকে তিনি যেন পৃথক্ করিয়
কেলেন। এটি বেন শ্বরণ থাকে বে, যোগী যথন এরপ
একাগ্রতা শক্তি লাভ করেন যে, বস্তুর আকার ও তদাকারবিশিষ্ট বস্ত্বকে পরশার পৃথক্ করিতে পারেন, তথন ঐরপ
অস্তর্জানশক্তি লাভ হইয়। থাকে। ইহার উপর অর্থাৎ
আকার ও সেই আকারবান্ বস্তুর পার্থক্যের উপর সংবমপ্রয়োগ করিলে ঐ আক্রতি অমুন্তব করিবার শক্তির উথর
যেন একটি বাধা পড়ে, কারণ, বস্তুর আক্রতি ও আকারবান
সেই পদার্থ পরশার যুক্ত হইলেই আমরা বস্তুকে উপলঙ্কি

এতেন শব্দাগুন্তর্দ্ধানমুক্তম্ ॥ ২২ ॥ সুতার্থ।—ইহা দারাই শব্দাদির অন্তর্দ্ধান অর্থাৎ . শব্দাদিকে অপরের ইন্দ্রিয়গোচর হইতে না দেওয়া ব্যাখ্যা করা হইলু।

সোপক্রমং নিরুপক্রমঞ্চ কর্ম্ম তৎসংযমাদ্অপরাস্তজ্ঞানমরিক্টেভ্যো বা ॥ ২৩ ॥

সূত্রার্থ।—কর্ম ছই প্রকার, যাহার ফল শীন্ত লাভ হইবে ও যাহা বিলম্বে ফলপ্রসব করিবে। ইহাদের উপর সংযম করিলে অথবা অরিষ্ট-নামক মৃত্যুলক্ষণ-সমূহের উপর সংযমপ্রয়োগ করিলে যোগীরা দেহত্যাগের সিঠিক সময় অবগত হইতে পারেন।

ব্যাখ্যা। যথন বোগী তাঁহার নিজ কর্ম অর্থাৎ তাঁহার মনের ভিতর যে সংস্কারগুলির কার্য্য আরম্ভ হইরাছে ও যেগুলি ফল প্রসবের জন্ম অপেক্ষা করিতেছে, সেগুলির উপর সংযমপ্রয়োগ করেন, তথন তিনি ষেগুলি ফলপ্রসবের জন্ম অপেক্ষা করিতেছে, তাহাদের ছারা জানিতে পারেন, কবে তাঁহার শরীরপাত হইবে। কোন্ সময়ে কোন্ দিন, কটার সময়ে, এমন কি, কত মিনিটের সময় তাঁহার মৃত্যু হইবে, তাহা তিনি জানিতে পারেন। হিন্মুরা মৃত্যুর এই আসর্রবর্তিতা জানাকে বিশেব প্রয়োজনীয় মনে করিয়া থাকেন, কারণ, গীতাতে এই উপদেশ পাওয়া যায় যে, মৃত্যুসময়ের চিন্তা পরজীবন নির্মিত করিবার পক্ষে বিশেষ প্রয়োজনীয় কারণস্ক্রপ।

रेयळा पियु यमानि ॥ २८ ॥

वाजस्यांभ

স্তার্থ।—দৈত্রী ইত্যাদি গুণগুলির উপর সংবম-প্রয়োগ করিলে, ঐ গুণগুলি অতিশয় প্রবল ভাব ধারণ করে।

्वरलयु रिखवलामीनि ॥ २०॥

সূত্রার্থ।—হস্তী ইত্যাদির বলের উপর সংযমপ্রয়োগ করিলে যোগিগণের শরীরে সেই সেই প্রাণীর তুল্য বল আইসে।

ব্যাধা। 'বধন বোনী এই সংঘমণক্তি লাভ করেন, তধন তিনি বদি বল ইচ্ছা করেন এবং হস্তীর বলের উপর সংবৰ-প্ররোগ করেন, তবে তাহাই লাভ করিয়া থাকেন। প্রত্যেক ব্যক্তির ভিতরেই অনস্ত শক্তি রহিয়াছে, সে যদি উপার জানে, তবে ঐ শক্তি লইরা ইচ্ছামত ব্যবহার করিতে পারে। যোগী বিনি, তিনি উহা লাভ করিবার বিঞ্চা আবিদ্যার করিয়াছেন।

প্রবৃত্ত্যালোকস্থাসাৎ সূক্ষব্যবহিত-বিপ্রকৃষ্টজ্ঞানম্ ॥ ২৬ ॥

স্ত্রার্থ।—(পূর্বকিথিত) মহা-জ্যোতির উপর সংযম করিলে স্ক্র, ব্যবহিত ও দূরবর্তী বস্তুর জ্ঞান হইয়া থাকে।

ব্যাখ্যা। জনবে বে মহা-জ্যোতিঃ আছে, তাহার উপর সংবদ করিলে অঞ্চি দূরবর্ত্তী বস্তুও তিনি দেখিতে পানু। বদি কোন বন্ধ পাহাড়ের আড়ালে থাকে, ভাহা এবং অতি স্ক্র স্ক্র বন্ধও তিনি জানিতে পারেন।

जूरनकानः मृर्या मःयमार ॥ २१ ॥

সূতার্থ।—সূর্য্যে সংযমের দ্বারা সমূদয় জগতের জ্ঞানলাভ হয়।

চন্দ্রে তারাব্যহজ্ঞানম্ ॥ ২৮ ॥

সূত্রার্থ।—চল্রে সংযম করিলে তারাসমূহের জ্ঞান-লাভ হয়।

ধ্ৰুবে তালাতিজ্ঞানম্ ॥ ২৯ ॥

স্ত্রার্থ।—গ্রুবতারায় চিত্তসংযম করিলে তারা-সমূহের গতিজ্ঞান হয়।

নাভিচকে কায়ব্যহ-জ্ঞানম্॥ ৩০॥

সূত্রার্থ।—নাভিচক্রে চিত্তসংযম করিলে শরীরের গঠন জানা যায়।

কণ্ঠকৃপে ক্ষুৎপিপাদানির্তিঃ॥ ৩১॥

স্ত্রার্থ।—কণ্ঠকৃপে সংযম করিলে ক্নুৎপিপাসা নির্তি হয়।

ব্যাখ্যা। অতিশর ক্ষ্ধিত ব্যক্তি বদি কণ্ঠকুপে চিত্তসংখন করিতে পারেন, তবে তাঁহার ক্ষুধানিবৃত্তি হইয়া বার।

বাৰযোগ

कृर्यमाण्डाः देष्ट्याम् ॥ ७२ ॥

স্ত্রার্থ।—কূর্শ্বনাড়ীতে চিত্তসংযম করিলে শরীরের স্থিরতা আইসে।

ব্যাখ্যা। যথন তিনি সাধনা করেন, তাঁহার শরীর চঞ্চল হয়না।

মূৰ্দ্ধক্যোতিষি সিদ্ধদৰ্শনম্॥ ৩৩॥

স্ত্রার্থ।—মস্তকের জ্যোতির উপর সংযম করিলে সিদ্ধপুরুষদিগের দর্শনলাভ হয়।

ব্যাখ্যা। সিদ্ধ বলিতে এন্থলে ভূতবোনি অপেক্ষা কিঞিৎ উচ্চবোনিকে বুঝাইতেছে। যোগী যথন তাঁহার মন্তকের উপরিভাগে মন:সংযম করেন, তথন তিনি এই সিদ্ধগণকে দর্শন করেন। এথানে সিদ্ধ শব্দে মৃক্তপুক্ষ বুঝাইতেছে না। কিছ অনেক সময় উহা ঐ অর্থে ব্যবস্থাত হইয়া থাকে।

প্ৰাতিভাৰ। সৰ্বাম্ ॥ ৩৪ ॥

সূত্রার্থ।—অথবা প্রতিভাশক্তি দ্বারা সমুদয় জ্ঞান সাভ হয়।

ব্যাথ্যা। যাঁহাদের এইরপ প্রতিভার শক্তি অর্থাৎ পবিত্রতার দারা লব্ধ জ্ঞানবিশেষ আছে, তাঁহাদের কোন প্রকার সংবদ ব্যতীতই এই সমূল্য জ্ঞান আদিতে পার্বে। বথন মানুষ উচ্চ প্রতিষ্ঠাশক্তি লাভ করেন, তথনই তিনি এই বহা আলোক প্রাপ্ত কন্য তাঁহার জ্ঞানে সমূদ্য প্রকাশিত হইয়া যায়। তাঁহার কোন প্রকার সংখ্য না করিয়াই, আপনা আপনিই স্মৃদর জ্ঞানলাভ হইয়া থাকে।

श्रमस्य हिल्मिश्रम् ॥ १०॥

স্থুতার্থ।—হাদয়ে চিত্তসংযম করিলে মনোবিষয়ক জ্ঞানলাভ হয়।

সত্ত্বপুরুষয়োরত্যস্তাসংকীর্ণয়োঃ প্রত্যয়াবিশেষো ভোগঃ পরার্থত্বাৎ স্বার্থসংঘমাৎ পুরুষজ্ঞানম্ ॥৩৬॥

সূত্রার্থ। — পুরুষ ও বৃদ্ধি, যাহারা অভিশয় পৃথক গতাহাদের বিবেকের অভাবেই ভোগ হইয়া থাকে, সেই ভোগ পরার্থ অর্থাৎ অপর বা পুরুষের জন্ম। বৃদ্ধির অন্ম এক অবস্থার নাম স্বার্থ; উহার উপর সংযম করিলে পুরুষের জ্ঞান হয়।

ব্যাখ্যা। পুরুষ ও বৃদ্ধি প্রকৃতপক্ষে সম্পূর্ণ স্বতন্ত্র; তাহা হইলেও পুরুষ বৃদ্ধিতে প্রতিবিধিত হইয়া উহার সহিত আপনাকে অভেদভাবাপর মনে করে এবং তাহাতেই আপনাকে স্থখী বা হংখী বোধ করিয়া থাকে। বৃদ্ধির এই অবস্থাকে পরার্থ বলে, কারণ, উহার সমৃদর ভোগ নিজের ক্লক্ত নহে, পুরুষের ক্লক্ত। এতব্যতীত বৃদ্ধির আর এক অবস্থা আছে—উহার নাম স্থার্থ। ইখন বৃদ্ধি সম্ব্রেথান হইয়া অতিশয় নির্দেশ হয় তথন তাহাতে পুরুষ বিশেষভাবে প্রতিবিধিত হন, এবং সেই বৃদ্ধি সম্ভন্ম্থী হইয়া পুরুষমাত্রাব্যাখন হয়।

রাজযোগ

সেই স্বার্থনামক বৃদ্ধিতে সংষম করিলে পুরুষের জ্ঞান হয়।
পুরুষমাত্রাবলম্বন-বৃদ্ধিতে সংঘম করিতে বলার উদ্দেশ্য এই—
শুদ্ধ পুরুষ জ্ঞাতা বলিয়া কথন জ্ঞানের বিষয় হইতে পারেন না।
ততঃ প্রাতিভশ্রাবণ-বেদনাহহদর্শাহহস্যাদবার্ত্তা

জায়ন্তে ॥৩৭॥

সূত্রার্থ।—তাহা হইতে প্রাতিভ শ্রবণ, স্পর্শ, দর্শন, স্বাদ ও ঘ্রাণ উৎপন্ন হয়।

তে স্মাধাবুপসর্গা ব্যুত্থানে সিদ্ধয়ঃ॥ ৩৮॥
স্ত্রার্থ।—ইহারা সমাধির সময়ে উপসর্গ, কিন্তু
সংসার অবস্থায় উহারা সিদ্ধিরস্বরূপ।

ব্যাথ্যা। বোগী জানেন, সংসারে এই সমুদয় ভোগ পুক্ষ ও মনের যোগের দ্বাবা হইয়া থাকে, যদি তিনি 'আআ ও প্রকৃতি প্রস্পার পূথক বস্তু' এই সত্যের উপর চিত্তসংযম করিতে পারেন, তবে তিনি পুক্ষের জ্ঞানলাভ করেন। তাহা হইতে বিবেকজ্ঞান উদয় হইয়া থাকে। যথন তিনি এই বিবেকলাভ করিতে ক্বতকার্য্য হন, তথন তাঁহার মহোচ্চ দৈবজ্ঞান লাভ হয়। কিন্তু এই শক্তিসমুদয় সেই উচ্চতম লক্ষ্য অর্থাৎ সেই পবিত্রস্বরূপ আত্মার জ্ঞান ও মুক্তির প্রতিবন্ধক-স্বরূপ। এগুলি পথিমধ্যে লব্ধ হইয়া থাকে মাত্র। যোগী যদি এই শক্তিগুলিকে পরিত্যাগ করেন, তবে তিনি সেই উচ্চতম জ্ঞানলাভ করিতে পারেন। যদি তিনি এই শক্তিগুলি লাভ করিতে প্রেলাভিত হন, তবে তাঁহার ক্ষধিক উন্নতি হয় না।

वसकातगरेमथिलग्रा अठातमः रवनगाक

, চিত্তস্থ পরশরীরাবেশঃ ॥৩৯॥

সূত্রার্থ।—যখন বন্ধের কারণ শিথিল হইয়া যায় ও চিত্তের প্রচারস্থানগুলিকে (অর্থাৎ শরীরস্থ নাড়ী-সমূহকে) অবগত হন, তখন তিনি অপরের শরীরে প্রবেশ করিতে পারেন।

ব্যাখ্যা। যোগী অস্ত এক দেহে অবস্থান করিয়া তদ্দেহে ক্রিয়াশীল থাকিলেও কোন এক মৃতদেহে প্রবেশ করিয়া উহাকে গতিশীল করিতে পাবেন। অথবা তিনি কোন জীবিত শবীরে প্রবেশ করিয়া সেই দেহস্থ মন ও ইন্দ্রিয়গণকে নিরুদ্ধ করিতে পারেন ও সেই সময়ের জন্ত সেই শবীবের মধ্য দিয়া কার্য্য করিতে পারেন। প্রকৃতিপুরুষেব বিবেকলাভ কবিলেই ইহা তাঁহার পক্ষে সম্ভব হইতে পারে। তিনি অপরের শরীবে প্রবেশ কবিতে ইচ্ছা করিলে সেই শবীরে সংযম প্রয়োগ করিলেই ইহা দিদ্ধ হইবে, কারণ তাঁহার আত্মা যে কেবল সর্বব্যাপী তাহা নহে, তাঁহাব মনও (অবশ্রু যোগীদিগের মতে) সর্বব্যাপী, উহা সেই সর্বব্যাপী মনের এক অংশমাত্র। এক্ষণে কিন্তু উহা কেবল এই শরীরের স্নায়্মগুলীর ভিতর দিয়াই কার্য্য করিতে পারে, কিন্তু যোগী যথন স্নায়বীয় প্রবাহগুলি হইতে আপনাকে মৃক্ত করিছে পারেন, তথন তিনি অন্তান্ত শরীরের শারাও কর্য্য করিতে পারেন।

উদান-জয়াজ্জল-পঙ্ক-কণ্টকাদিম্বসঙ্গ উৎক্রান্তিশ্চ ॥৪০॥

সূত্রার্থ।—উদান-নামক স্নায়্প্রবাহ জয়ের দ্বারা যোগী জলে বা পঙ্কে মগ্ন হন না, তিনি কণ্টকের উপর শুমণ করিতে পারেন ও ইচ্ছায়ত্যু হন।

ব্যাখ্যা। উদান নামক বে স্নায়বীয় শক্তিপ্রবাহ ফুস্ফুস্ ও
শরীরের উপরিস্থ সমুদয় অংশকে নিয়মিত করে, যোগী ধথন
তাহাকে জয় করিতে পারেন, তথন তিনি অভিশয় লঘু হইয়া
য়ান। তিনি আর জলে ময় হন না, কণ্টকের উপর ও
তরবারি-ফলকের উপর অনায়াদে প্রমণ করিতে পারেন, অয়ির
মধ্যে দণ্ডায়মান হইয়া থাকিতে পারেন এবং ইচ্ছামাত্রেই এই
শরীর ত্যাগা করিতে পারেন।

म्यानक्यां ब्ल्लनम् ॥ ४ ॥

স্থূতার্থ।—সমান বায়ুকে জয় করিলে তিনি জ্যোতিঃ দ্বারা বেষ্টিত হইয়া থাকেন।

ব্যাখ্যা। তিনি যথনই ইচ্ছা করেন, তথনই তাঁহার শরীর হুইতে ক্যোডি: নির্গত হয়।

শ্রোত্রাকাশয়েঃ সম্বন্ধসংয্মাদ্দিব্যং প্রোত্তম্ ॥৪২॥

স্থুত্রার্থ।—কর্ণ ও আকাশের পরস্পর যে সম্বন্ধ আছে, তাহার উপর সংযম করিলে দিব্য কর্ণ লাভ হয়।

ব্যাখ্যা। **এই আকাশ**ভূত ও^{়ত} তাহাকে অন্নভব করিবার যদ্রস্বরূপ কর্ণ রহিরাছে। ইহাদের উপর সংযম করিলে বোগী বু**নিধ্য** শ্রোত্ত লাভ করেন। তথন তিনি সমদর শুনিতে পান। বহু মাইণ দূরে কোন কথাবার্ত্তা বা শব্দ হইলেও তিনি ভনিতে পান।

> কায়াকাশয়োঃ সম্বন্ধসংযমা-ল্লযুতুলসমাপত্তেশ্চাকাশগমনম্ ॥৪৩॥

সূত্রার্থ।—শরীর ও আকাশের সম্বন্ধের উপর চিত্ত-সংযম করিয়া এবং ভূলাব ক্যায় আপনাকে লঘু ভাবনা . করিয়া যোগী আকাশের মধ্য দিয়া গমন করিতে পারেন।

ব্যাথ্যা। আকাশই এই শবীবের উপাদান; আকাশই একপ্রকার বিক্বত হইয়া এই শবীররূপ ধারণ করিয়াছে। যদি ধোগী শরীরের উপাদান ঐ আকাশ ধাতুর উপর সংযম প্রয়োগ করেন, তবে তিনি আকাশের ক্যায় লঘুতা প্রাপ্ত হন ও যেখানে ইচ্ছা, বায়ুব মধ্য দিয়া যথায় তথায় যাইতে পাবেন।

বহিরকল্পিতা র্ত্তিম হাবিদেহা ততঃ প্রকাশাবরণক্ষয়ঃ ॥৪৪॥

সূত্রার্থ।—বাহিরে যে মনের যথার্থ বৃত্তি অর্থাৎ
মনের ধারণা, তাহার নাম মহাবিদেহ; তাহার উপর
সংযমপ্রয়োগ করিলে প্রকাশের যে আবরণ, তাহার
কয় হইয়া যায়।

ব্যাখ্যা। মন অজ্ঞতাপ্রযুক্ত বিবেচনা করে, সে এই দেছের ভিতর দিয়া কার্য্য করিতেছে। যদি মন সর্বব্যাপী হয়, তবে

আমরা কেবলমাত্র এক প্রকার স্নায়্মগুলীর দ্বারা আবদ্ধ থাকিব, অথবা এই অহংকে একটি শরীরেই আবদ্ধ করিয়া রাখিব কেন? ইহার ত কোন যুক্তিই দেখিতে পাওয়া যায় না। যোগী ইচ্ছা করেন যে তিনি যেখানে ইচ্ছা, তথায় আপনার এই আমিছ-ভাবকে অমুভব করিবেন। এই দেহে অহংভাব চলিয়া গিয়া যে মানসিক বৃত্তিপ্রবাহ জ্ঞাগরিত হয়, তাহাকে 'অকল্লিতা বৃত্তি' বা 'মহাবিদেহ' বলে। যথন তিনি উহার উপর সংযম করিতে ক্তকার্য্য হন, তথন প্রকাশের সকল আবরণ চলিয়া যায় এবং সমুদ্র অন্ধকার ও অজ্ঞান চলিয়া গিয়া সমন্তই তাঁহার নিকট চৈত্ত্যময় বলিয়া বোধ হয়।

স্থুলস্বরূপ-সূক্ষাবয়ার্থবন্ত্ব-সংযমাদ্ভূতজয়ঃ ॥৪৫॥

সূত্রার্থ।—ভূতগণের স্থুল, স্বরূপ, সূক্ষ্ম, অম্বয় ও অর্থবন্ত্ব এই কয়েকটির উপর সংযম করিলে ভূতজ্ঞয় হয়।*

ব্যাথ্যা। যোগী সমৃদয় ভূতের উপর সংযম করেন; প্রথম
স্থুলভূতের উপর, তৎপরে উহার অক্সান্ত স্ক্র অবস্থার উপর সংযম
কবেন। এক সম্প্রদায়ের বৌদ্ধগণ এই সংযমটি বিশেষভাবে
গ্রহণ করিয়া থাকেন। তাঁহারা থানিকটা কাদার তাল লইয়া
উহার উপর সংযম প্রয়োগ কবেন, করিয়া ক্রমশঃ, উহা যে সকল

^{*}বন্ধপ-পৃথিবীর কাঠিশ্ব, জলের তারল্যাদি। অবয়—সব, রঞ্চঃ ও তমঃ প্রত্যেক ভূতে অবিত রহিয়াছে, ইহা জানা। অর্থবন্ধ—বিশেষ বিশেষ ভোষ্ঠাদান-সামর্থা।

স্ক্ষাভূতে নিশ্মিত, তাহা দেখিতে আবস্ত করেন। যথন তাঁহারা ঐ স্ক্ষাভূতের বিষয় সম্দয় জানিতে পারেন, তথনি তাঁহারা ঐ ভূতের উপর শক্তিশাভ করেন। সম্দয় ভূতের পক্ষেই ইহা বুঝিতে হইবে—বোগী সম্দয়ই জয় করিতে পারেন।

ততোহণিমাদি-প্রাত্নর্ভাবঃ কায়সম্পত্তদ্ধর্মা-নভিঘাতশ্চ ॥ ৪৬ ॥

সূত্রার্থ।—তাহা হইতেই অণিমা ইত্যাদি সিদ্ধির আবির্ভাব হয়, কায়-সম্পৎ লাভ হয় ও সমুদ্য় শারীরিক ধর্মের অনভিঘাত হয়।

ব্যাখ্যা।—ইহার অর্থ এই বে, যোগী অষ্টসিদ্ধি লাভ করেন।
তিনি আপনাকে ইচ্ছামত অণু করিতে পারেন, তিনি আপনাকে
খুব বৃহৎ করিতে পাবেন, আপনাকে পৃথিবীর স্থায় গুরু ও বায়্ব
স্থায় লঘু কবিতে পারেন, তিনি যাহা ইচ্ছা তাহারই উপর প্রভূত্ব
করিতে পারেন, যাহা ইচ্ছা তাহাই জয় কবিতে পারেন, তাঁহার
ইচ্ছায় সিংহ তাঁহার পদতলে মেষের স্থায় শাস্ভভাবে বসিয়া
খাকিবে ও তাঁহার সমুদয় বাসনাই পরিপূর্ণ হইবে।

রূপ-লাবণ্য-বল-বজ্রসংহননত্বানি কায়সম্পৎ ॥৪৭॥

সূত্রার্থ।—কায়সম্পৎ বলিতে সৌন্দর্য্য, স্থন্দর অঙ্গ-কান্তি, বল ও বজ্রবৎ দূঢতা বুঝায়।

· ব্যাখ্যা। তথন শরীর অবিনাশী হইয়া যায়, কিছুই উহার কোন ক্ষতি করিতে পারে না। যোগী যদি স্বয়ং ইচ্ছা না

, রাজ্যোগ

করেন, তবে কিছুই তাঁহার বিনাশে সমর্থ হর না, "কালদণ্ড ভক্ক করিয়া তিনি এই জগতে শরীর লইয়া বাস করেন।" বেদে লিখিত আছে যে, সেই ব্যক্তির রোগ, মৃত্যু অথবা কোন ক্লেশ হর না।

গ্রহণস্বরূপাঽস্মিতাহরয়ার্থবত্ত্বসংযমাদিন্দ্রিয়জয়ঃ ॥৪৮॥

সূত্রার্থ।—ইন্দ্রিয়গণের বাহাপদার্থাভিমুখী গতি, তজ্জনিত জ্ঞান, এই জ্ঞান হইতে বিকশিত অহং-প্রত্যয়, উহাদের ত্রিগুণময়ত্ব ও ভোগদাতৃত্ব এই কয়েকটির উপর সংযম করিলে ইন্দ্রিয় জয় হয়।

ব্যাখ্যা। বাহ্ বস্তুর অমুভৃতির সময়ে ইন্দ্রিয়গণ মন হইতে বাহিরে বাইয়া বিষয়ের দিকে ধাবমান হয়, তাহা হইতেই উপলব্ধি ও অম্মিতার উৎপত্তি হয়। যথন যোগী উহাদের উপর এবং অপর ছইটির উপরও ক্রমে ক্রমে সংযম প্রয়োগ করেন, তথন তিনি ইন্দ্রিয় জয় করেন। যে কোন বস্তু তুমি দেখিতেছ বা অমুভব করিতেছ—যথা একখানি পুস্তক—তাহা লইয়া তাহার উপর সংযম প্রয়োগ কর। তৎপরে পুস্তকের আকারে যে জ্ঞান রহিয়াছে তাহার উপর সংযম প্রয়োগ কর। এই অভ্যাসের ম্বায়া সমুদ্র ইন্দ্রিয় জয় হইয়া থাকে।

ততো মনোজবিত্বং বিকরণভাবঃ প্রধানজয়শ্চ ॥৪৯॥
স্থার্থ।—তাহা হইতে দেহের মনের স্থায় বেগ,
ইন্দ্রিয়গণের দেহনিরপেক শক্তিলাভ ও প্রকৃতি জয়
হইনা থাকে।

ব্যাথ্যা। ধেমন ভূতজন্ম দারা কান্তসম্পৎ লাভ হয়, তজ্ঞপ ইন্দ্রিমসংঘমের দারা পূর্বোক্ত শক্তিসমূদর লাভ হইরা থাকে। সত্ত্বপুরুষান্যতাখ্যাতিমাত্রস্থ সর্ববভাবাহধিষ্ঠাতৃত্বং

সর্ববজ্ঞাতৃত্বঞ্চ ॥ ৫০ ॥

সূত্রার্থ।—পুরুষ ও বৃদ্ধির পরস্পর পার্থক্য-বিজ্ঞানের উপর চিত্তসংযম করিলে সকল বস্তুর উপর অধিষ্ঠাতৃত্ব ও সর্ববজ্ঞাতৃত্ব লাভ হয়।

ব্যাখ্যা। যখন আমবা প্রকৃতি জন্ম করিতে পারি ও পুরুষ-প্রকৃতির ভেদ উপলব্ধি করিতে পারি, অর্থাৎ জানিতে পারি ফে পুরুষ অবিনাশী, পবিত্র ও পূর্ণস্বরূপ, তখন সর্বাশক্তিমন্তা ও সর্ব্বক্ততা লাভ হয়।

তদৈরাগ্যাদপি দোষবীজক্ষযে কৈবল্যম্ ॥ ৫১ ॥ স্ত্রার্থ।—এইগুলিকেও ত্যাগ করিতে পারিলে দোষের বীজ ক্ষয় হাইয়া যায়, তথনই কৈবল্য লাভ হয়।

ব্যাখ্যা। বখন তিনি কৈবল্য লাভ করেন তখন তিনি মুক্ত হইয়া বান। যখন তিনি সর্ব্বাক্তমন্তা ও সর্ব্বজ্ঞতা শক্তিছয়কেও পরিত্যাগ করেন, তখন তিনি সম্পন্ন প্রলোভন, এমন কি, দেব-গণক্তত প্রলোভনও অভিক্রেম করিতে পারেন। যখন বোগী এই সকল অভ্ত ক্রমতা লাভ করিয়াও উহাদিগকে পরিত্যাগ করেন, তখনই তিনি সেই চরম লক্ষান্থলে উপনীত হন। বাত্তবিক এই শক্তিভালি কি ? কেবল বিকার মাত্র। স্থা হইডে

'উহাদের শ্রেষ্ঠত্ব কি আছে? সর্বাশক্তিমন্তাও স্বপ্নতুল্য। উহা, কেবল মনের উপর নির্ভর করে। যতক্ষণ পর্যান্ত মনের অন্তিত্ব থাফে, ততক্ষণ পর্যান্ত সর্বাশক্তিমন্তা সম্ভব হইতে পারে, কিন্তু আমাদের লক্ষ্য মনেরও অভীত প্রদেশে।

স্থান্যুপনিমন্ত্রণে সঙ্গস্ময়াকরণং পুনরনিউপ্রসঙ্গাৎ ॥ ৫২ ॥

ৃ সূত্রার্থ।—্দেবগণ প্রলোভিত করিলেও তাহাতে আসক্ত হওয়া বা আনন্দ বোধ করা উচিত নয়, কারণ, তাহাতে অনিষ্টের আশঙ্কা আছে।

ব্যাখ্যা। আরও অনেক বিদ্ন আছে। দেবাদি যোগীকে প্রলোভিত করিতে আইসেন; তাঁহারা ইচ্ছা করেন না যে, কেছ সম্পূর্ণরূপে মুক্ত হন। আমরা যেমন ঈর্ধাপরায়ণ, তাঁহারাও সেইরূপ, বরং কথন কথন আমাদের অপেকা অধিক। তাঁহারা পাছে আপনাদের পদন্তম হন, তজ্জম্ব অতিশয় ভীত। যে সকল যোগী সম্পূর্ণ সিদ্ধ হইতে পারেন না, তাঁহারা মৃত হইয়া দেবতা হন। তাঁহারা সোজা পথ ছাড়িয়া পার্শ্বের এক পথে চলিয়া যানও এই ক্ষমতাগুলি লাভ করেন। তাঁহাদের আবার জন্মাইতে হয়, কিন্তু যিনি এতদুর শক্তিসম্পন্ন যে, এই প্রলোভনগুলি পর্যন্ত অতিক্রম করিতে পারেন ও একেবারে সেই ক্ষ্মা স্থানে পৌছছিতে পারেন, তিনিই মুক্ত হইয়া যান।

ক্ষতৎক্রময়োঃ সংযমাদ্বিবেকজং জ্ঞানম্ ॥৫৩॥

সূত্রার্থ।—ক্ষণ ও তাহার পূর্ব্বাপর ভাবগুলির উপর সংযম প্রয়োগ করিলে বিবেকজ জ্ঞান উৎপন্ন হয়।

ব্যাখ্যা। এই দেবতা, স্বর্গ ও শক্তিগুলি হইতে রক্ষা পাইবার উপায় কি? বিবেকবলে যথন সদসৎ বিচারশক্তি হয়, তথনই এই সকল বিদ্ন চলিয়া যাইবে। এই বিবেকজ্ঞান দৃঢ় হইতে পারে, এই উদ্দেশ্যে এই সংযমের উপদেশ প্রদত্ত হইল। ক্ষণ অর্থাৎ কালের স্ক্ষেত্রম অংশের এবং উহার পূর্ব্বাণর ভাবগুলির উপর সংযমেব দ্বারা ইহা হইয়া থাকে।

জাতিলক্ষণদেশৈরস্থতানবচ্ছেদাত্ত্ল্যাস্থতঃ
প্রতিপত্তিঃ ॥ ৫৪ ॥

সূত্রার্থ।—জাতি, লক্ষণ ও দেশ দ্বারা যাহাদিগের পার্থক্যনিশ্চয় করিতে না পারার জন্ম তুল্য বোধ হয়, তাহাদিগকেও ঐ পূর্বেবাক্ত সংযমের দ্বারা পৃথক্ করিয়া জানা যাইতে পারে।

ব্যাখ্যা। আমরা বে হু:থভোগ করি, তাহা সন্ত্য ও অসত্যের মধ্যে পার্থক্যদৃষ্টির অভাবরূপ অজ্ঞান হইতে উৎপন্ন হইয়া থাকে। আমরা সকলেই মন্দকে ভাল বলিয়া ও স্বপ্লকে সন্ত্য বলিয়া গ্রহণ কবি। আত্মাই একমাত্র সন্ত্য, আমরা উহা বিশ্বত হইয়াছি। শরীর মিথ্যা স্বপ্নমাত্র; আমরা ভাবি, আমরা শরীর। স্থতরাং দেখা গেল, এই অবিবেকই হু:থের কারণ। এই অবিবেক আবার অবিক্যা হইতে প্রস্তুত হয়। বিবেক আসিলেই ভাহার সাক্ষে সঙ্গেই বলও আইদে, তথনই আমরা এই শরীর,

স্বৰ্গ ও দেবাদির কল্পনা পরিহারে সমর্থ হই। জাতি, চিহ্ন ও স্থান মারা আমরা বস্তুদিগকে ভিন্ন করিয়া থাকি। উদাহরণস্থলে একটি গাভীর কথা ধরা যাউক। গাভীর কুরুর হইতে ভেদ জাতিগত। তুইটি গাভীর মধ্যে আমরা কিরূপে পরম্পর প্রভেদ করিয়া থাকি ? চিহ্নের দারা। আবার হুইটি বস্তু সর্বাংশে সমান হইলে, আমরা স্থানগত ভেদের ধারা উহাদিগকে পৃথক্ করিতে পারি। কিন্তু যথন বস্তুসকল এমন মিশাইয়া থাকে যে, ভেদ করিবার এই ভিন্ন ভিন্ন উপায়গুলির কিছুই কাজে আদে ना, जथन भूर्त्वाफ माधनश्रेगांनी অভ্যাদের ছারা नद्ग विद्युकवरन আমরা উহাদিগকে পূথক করিতে পারি। যোগীদিগের উচ্চতম দর্শন এই সত্যের উপর স্থাপিত যে, পুরুষ শুদ্ধস্বভাব ও সদা পূর্ণস্বরূপ ও জগতের মধ্যে তাহাই একমাত্র অমিত্র বস্তু। শরীর ও মন মিশ্র পদার্থ, তথাপি আমরা সর্ব্বদাই আমাদিগকে উহাদের সহিত মিশাইয়া ফেলিতেছি। এই আমাদের মহা ভ্রম যে. এই পার্থক্যটুকু নষ্ট হইয়া গিয়াছে। যখন এই বিবেকশক্তি লব্ধ হয়, তথন মাত্র্য দেখিতে পার যে জগতের সমুদয় বস্তু তাহা বাহুই হউক আর আভান্তরই হউক, সমুদর্য মিশ্র পদার্থ, স্বভরাং, উহারা পুরুষ হইতে পারে না।

> তারকং সর্ব্ববিষয়ং সর্ব্বথা-বিষয়মক্রমঞ্চেতি বিবেকজ্ঞং জ্ঞানম্ ॥ ৫৫॥

ক্ষুত্রার্থ।—যে বিবেকজ্ঞান সকল বস্তু ও বস্তুর ২৮৪ সর্ববিধ অবস্থাকে যুগপৎ গ্রহণ করিতে পারে, তাহাকে তারকজ্ঞান বলে।

ব্যাখ্যা। তারক অর্থে বাহা সংসার হইতে তারণ করে।
সমুদর প্রকৃতির স্ক্র স্থুল সর্ববিধ অবস্থা এই জ্ঞানের গ্রাহ্থ।
এই জ্ঞানে কোনরূপ ক্রম নাই। ইহা সমুদর, বস্তুকে মুহুর্ত্তমধ্যে
যুগপৎ গ্রহণ করিতে পাবে।

সত্তপুরুষয়োঃ শুদ্ধিসাম্যে কৈবল্যমিতি ॥ ৫৬ ॥

সূত্রার্থ।—যখন সন্ত ও পুরুষের শুদ্ধির সমতা হর, তখনই কৈবল্য লাভ হয়।

ব্যাখা। কৈবলাই আমাদের লক্ষ্য; যথন এই লক্ষ্যস্থলে পাঁছছিতে পারা যায়, তথন আত্মা বুঝিতে পারেন যে, তিনি চিরকালই একমাত্র—কেবল ছিলেন, তাঁহাকে স্থণী করিবার জন্ত আর কাহারও প্রয়োজন ছিল না। যতদিন আমরা আমাদিগকে স্থণী করিবার জন্ত আর কাহাকেও চাহি, ততদিন আমরা দাসমাত্র। যথন পুরুষ জানিতে পারেন যে, তিনি মুক্তস্বভাব ও তাঁহাকে পূর্ণ করিতে আর কাহারও প্রয়োজন হয় না,—জানিতে পারেন যে, এই প্রকৃতি ক্ষণিক, ইহার কোন প্রয়োজন নাই, তথনই মুক্তিলাভ হয়, তথনই এই কৈবল্য লাভ হয়। যথন আত্মা, জানিতে পারেন যে, জগতের ক্ষেতম পরমাণ্ হইতে দেবগণ পর্যান্ত কিছুরই উপর তাঁহার নির্ভরের প্রয়োজন নাই, তথনই আত্মার সেই অবস্থাকে কৈবল্য ও পূর্ণতা

বলে। ধখন শুদ্ধি ও অশুদ্ধি উভয় মিশ্রিত সম্ব অর্থাৎ বৃদ্ধি
পুরুষের স্থায় শুদ্ধ হইয়া ধার, তথনই এই কৈবল্য লাভ হইয়া
থাইকে, তথন উহা কেবল নিগুল, পবিত্রস্বরূপ পুরুষকে প্রতি
ফলিত করে।

চভূর্থ অধ্যায় কৈবল্য-পাদ

জমৌষধিমন্ত্রতপঃ-সমাধিজাঃ দিদ্ধয়ঃ॥ ১॥

সূত্রাথ ।— সিদ্ধিসমূহ জন্ম, ঔষধ, মন্ত্র, তপস্তা ও সমাধি হইতে উৎপন্ন হয়।

ব্যাখ্যা। কথনও কখনও মানুষ পূর্বজন্মণ্র সিদ্ধি লইয়া জন্মগ্রহণ করে। সে জন্মে সে যেন তাহাদের ফলভোগ করিতেই আইসে। সাংখ্যনশনের পিতৃত্বরূপ কপিলসম্বন্ধে কথিত আছে যে, তিনি সিদ্ধ হইয়া জন্মিয়াছিলেন। 'সিদ্ধ' এই শব্দের অর্থ—ধিনি ক্বতকার্য্য হইয়াছেন।

যোগীরা বলেন, রসায়নবিভা অর্থাৎ ঔষধাদি দ্বারা এই সকল শক্তি লব্ধ হইতে পাবে। তোমরা সকলেই জ্ঞান বে, রসায়নবিভার প্রারম্ভ আলকেমি * হইতে। মানুষ পরশ-পাথর Philosopher's stone), সঞ্জীবনী অমৃত (Elixir of life) ইত্যাদির অধ্বেষণ করিত। ভারতবর্ষে রসায়ন নামে এক সম্প্রদায় ছিল। তাহাদের এই মত ছিল বে, স্ক্ষুত্র্বিথ্যতা,

^{*} আলকেষি—তামা ৢ প্রভৃতি নিমনরের ধাতৃ হইতে সোণা রূপা প্রভৃতি করিবার বিজ্ঞা। পূর্বে ইউরোপে গুপ্তভাবে এই বিজ্ঞার থুব চর্চা ছিল। 'সঞ্জীবনী অমৃত' অর্থে এক প্রকার কাল্পনিক রস বন্ধারা মামব অমর হইতে পারে।

জ্ঞান, আধ্যাত্মিকতা, ধর্ম, এ সকলগুলিই সত্য (ভাল) বটে, কিন্তু এইগুলিকে লাভ করিবার একমাত্র উপায় এই শরীর। যদি মধ্যে মধ্যে শরীর ভগ্ন আর্থাৎ মৃত্যুগ্রস্ত হয়, তবে ঐ কারণে সেই চরমলক্ষ্যে পঁছছিতে কতকটা অধিক সময় লাগিবে। মনে কর. কোম ব্যক্তি যোগ অভ্যাস করিতে অথবা অত্যধিক আগাত্মিকভাবসম্পন্ন হইতে ইচ্ছুক। কিন্তু অধিকদুর উন্নতি করিতে না করিতেই তাহার মৃত্যু হইল। তথন সে আর এক দেহ লইয়া পুনরায় সাধন করিতে আরম্ভ করিল, পরে তাহার মৃত্যু ত্ইল, এইরূপে পুন:পুন: জন্মগ্রহণ ও মৃত্যুতেই তাহার অধিকাংশ সময় नष्टे रुरेया राम। यनि भवीतरक এতদুর সবল ও নির্দোষ করিতে পারা যায় যে, উহার জন্মমৃত্যু একেবারে বন্ধ হইয়া যায়, তাহা হইলে আধ্যাত্মিক উন্নতি করিবার অনেক সময় পাওয়া যাইবে। এই কারণে এই রসায়নেরা বলিয়া থাকেন, 'প্রথমে শরীরকে সবল কর।' তাঁহারা বলেন যে, শরীরকে অমর করা বাইতে পারে। ইহাদের মনের ভাব এই যে. শরীর र्गाठन कत्रिवात कर्खा यनि मन इत्र, जात हेहा यनि मजा इत्र या, প্রত্যেক ব্যক্তির মন সেই অনস্ত শক্তিপ্রকাশের এক একটি বিশেষ প্রণালীমাত্র তবে, এইরূপ প্রত্যেক প্রণালীর বাছির হইতে যথেচ্ছ শক্তিসংগ্রহ করিবার কোন সীমা নির্দিষ্ট হইতে পারে না। স্থতরাং আমরা চিরকাল ধরিয়া এই শরীরকে রাখিতে পারিব না কেন? যত শরীর আমরা ধারণ করি, नमुनबरे जामानिशक्षर गर्जन कतिरा रव । य मुद्रुर्व এर শ্রীরের পতন হইবে, তমুহুর্ত্তে আবার আমাদিগকে আর

এক শরীর গঠন করিতে হইবে। যদি আমাদের এই ক্ষমতা থাকে, তবে এই শরীর হইতে বাহিরে না গিয়া, কেননা আমরা এখানেই এবং এখনই সেই গঠনকার্য্য করিতে পারিব ? এই মতটি সম্পূর্ণ সতা। যদি ইহা সম্ভব হয় যে, আমরা মৃত্যুর পর্ও জীবিত থাকিয়া আপনাদের শরীর গঠন করি, তাহা হইলে সম্পূর্ণরূপে শরীরকে ধ্বংস না করিয়া কেবল উহাকে ক্রমশঃ পরিবর্ত্তিত করিয়া এই স্থানেই শরীর প্রস্তুত করা আমাদের পক্ষে অসম্ভব কেন হইবে ? তাঁহাদের আরও বিশ্বাস ছিল যে, পারদ ও গন্ধকে অত্যন্তত শক্তি নিহিত আছে। এই দ্রব্যগুলি এক। নির্দিষ্ট প্রণাণীতে প্রস্তুত করিলে মামুষ যতদিন ইচ্ছা শরীরকে অবিকৃত রাখিতে পারে। অপর কেহ কেহ বিশ্বাস করিত যে. ঔষধ বিশেষের দেবনে আকাশগমনাদি সিদ্ধি লাভ হইতে পারে। আজকালকার অধিকাংশ আশ্চর্যা ঔষধই, বিশেষতঃ ঔষধে ধাতুর ব্যবহার, আমরা রসায়নদের নিকট হইতে পাইয়াছি। *কোন কোন যোগিসপ্রদায় বলেন, আমাদের প্রধান প্রধান গুরুরা অনেকে এখনও তাঁহাদের পুরাতন শরীরে বিছমান আছেন। যোগ সম্বন্ধে থাঁহার প্রামাণ্য অকাট্য, সেই পভঞ্জলি ইহা অস্বীকার করেন না।

মন্ত্রশক্তি—মন্ত্রনামক কতকগুলি পবিত্র শব্দ আছে,
নির্দিষ্ট নিয়মে উচ্চারণ করিলে, উহা হইতে আশ্চর্যা শক্তিলাভ হইরা থাকে। আমরা দিনরাত এমন এক মহা অন্তুত
ঘটনারাশির মধ্যে বাস করিতেছি যে, আমরা সেগুলির বিষর
কিছু ভাবিয়া দেখি না, উহাদিগকে সামাস্ত জ্ঞান করি।

মাহুষের শক্তি, শব্দের শক্তি ও মনের শক্তির কোন সীমা পরিসীমা নাই।

🌂 তপস্থা—তোমরা দেখিবে, কুচ্চুসাধন প্রত্যেক ধর্মেই আছে। ধর্ম্মের এই সকল অন্ধ-সাধনের বিষয়ে হিন্দুরাই সর্বাপেকা অধিকদুর গমন করিয়া থাকেন। এমন অনেকে আছেন, যাঁহারা সমস্ত জীবন হস্ত উর্দ্ধে রাখিয়া দিবেন, পরিশেষে উহা শুকাইয়া মরিয়া ঘাইবে। অনেকে দিবারাত্র দাঁডাইয়া থাকে. অবশেষে তাহাদের পা ফুলিয়া উঠে, যদি তাহার৷ তাহার পরও ·জীবিত থাকে, তাহা হইলে সেই অবস্থায় তাহাদের পদদেশ এতদুর শক্ত হইয়া যায় যে, তাহারা আর পা নোয়াইতে পারে না। সমস্ত শীবন তাহাদিগকে দাঁড়াইয়া থাকিতে হয়। আমি একবার একটি উদ্ধবাহু পুরুষকে দেখিয়াছিলাম। আফি তাঁহাকে জিজ্ঞাসা করিলাম, "যখন আপনি প্রথম প্রথম ইহা অভ্যাস করিতেন, তথন আপনি কিরূপ বোধ করিতেন ?" তিনি বলিলেন যে. প্রথম প্রথম ভয়ানক যাতনা বোধ হইত।* এত যাতনা বোধ হইত বে, তিনি নদীতে যাইয়া জলে ডুবিয়া থাকিতেন; তাহাতে কিছুক্ষণের জন্ম তাঁহার যন্ত্রণার কতকটা উপশম হইত। একমাস পরে আর তাঁহার বিশেষ কষ্ট ছিল না। এইরপ' অভ্যাদের দারা বিভৃতি লাভ হইয়া थारक।

সমাধি—ইহাই প্রাক্ত বোগ, এই শান্তের ইহাই প্রধান বিষয়—আর ইহাই সাধনের প্রধান উপায়। পূর্বে বেগুলির বিষয় বলা হইল, উহারা গৌণ সাধন মাত্র। উহাদিগের ছারা সেই পরম পদ লাভ করা যার না। সমাধি দারা মানসিক, নৈতিক ও অধ্যাত্মিক ঘাহা কিছু, আমরা সবই লাভ করিতে পারি।

জাত্যন্তর-পরিণামঃ প্রকৃত্যাপূরাৎ ॥ ২ ॥
স্কার্থ।—প্রকৃতির আপুরণের দারা এক জাতি
আর এক জাতিতে পরিণত হইয়া যায়।

ব্যাখ্যা। পতঞ্জলি বলিয়াছেন, এই শক্তিগুলি জন্ম দারা লাভ হয়, কথন কথন ঔষধবিশেষ দারা লন্ধ হয়, ৢআর তপস্তা দারাও ইহাদিগকে লাভ করিতে পারা যায়। তিনি আরও স্বীকার করিয়াছেন বে, এই শরীরকে যতদিন ইচ্ছা রক্ষা করা যাইতে পাবে। এক্ষণে এই শরীর একজাতি হইতে অপর জাতিতে পরিণত হয় কেন, তাহা বলিতেছেন। তিনি বলেন, 'ইহা প্রক্রতিব আপ্রণের দারা হইয়া থাকে।' পরস্ত্তে তিনি ইহা ব্যাখ্যা করিবেন।

নিমিত্তমপ্রয়োজকং প্রকৃতীনাং বরণভেদস্ত ততঃ ক্ষেত্রিকবৎ ॥ ৩ ॥

সূত্রার্থ।—সং ও অসং কর্ম • প্রকৃতির পরিণামের সাক্ষাৎ কারণ নহে, কিন্তু উহারা উহার বাধাভগ্নকারী নিমিত্তমাত্র—যেমন, ক্রীষক জল আসিবার প্রতিবন্ধক-স্বরূপ আইল ভঙ্গ করিয়া দিলে জল আপনার স্বভাবেই চলিয়া বাহা।

রাজবোগ

' ব্যাখ্যা। যথন কোন ক্লয়ক ক্লেত্রে জল সেচন করিবার ইচ্ছা করে, তথন তাহার আর অন্ত কোন স্থান হইতে জল আনিবার আবশুক হয় না, কেত্রের নিকটবর্ত্তী জলাশরে জল সঞ্চিত রহিয়াছে, কেবল মধ্যে কপাটের ছারা ঐ জল ক্ষেত্রে আসিতে দিতেছে না। ক্বযক সেই কপাট খুলিয়া দেয় মাত্র, দিবামাত্রেই জল আপনামাপনি মাধ্যাকর্ষণ নিয়মামুসারে তাহার ভিতর চলিয়া যায়। এইরূপ সকল ব্যক্তিতে সর্ব্বপ্রকার উন্নতি ও শক্তি পূর্ব্ব হইতেই অবস্থিত রহিয়াছে। পূর্ণতা প্রত্যেক মনুষ্মের স্বভাব, কেবল উহার দার রুদ্ধ আছে, উহা উহার প্রকৃত পথ পাইতেছে না। যদি কেহ ঐ প্রতিবন্ধক অপসারিত করিয়া দিতে পাবে, তবে তাহার সেই স্বভাবগত পূর্ণতা নিজ শক্তিবলে অভিব্যক্ত হইবেই হইবে। তথন মাহুষ ভাহার ভিতর পূর্ব্ব হইতেই অবস্থিত শক্তিগুলি লাভ করিয়া থাকে। এই প্রতিবন্ধক অপ্যারিত হইলে ও প্রকৃতি আপনার অপ্রতিহত গতি পাইলে, আমরা মাহাদিগকে পাপী বলি, তাহারা সাধুরপে পরিণত হয়। স্বভাবই আমাদের পূর্ণতার দিকে লইয়া বাইতেছেন, কালে তিনি সকলকেই তথায় লইয়া যাইবেন। ধার্ম্মিক হইবার জন্ম যাহা কিছু সাংন ও চেষ্টা, তাহা কেবল নিষেধমুথ কার্য্যমাত্র—কেবল প্রতিবন্ধক অপসারিত করিয়া দেওরা ও আমাদের মভাবদিদ্ধ জন্ম হুইতে প্রাপ্ত অধিকারম্বরূপ পূর্ণতার ছার খুলিরা দেওয়া। আজকাল প্রাচীন যোগীদিগের পরিণামবাদ বর্ত্তমান কালের জ্ঞানের আলোকে অপেকারুড উভঁমন্নপে ব্ঝিতে পারা যাইবে। কিন্তু যোগীদিশ্বের ব্যাখা

আধুনিক ব্যাখ্যা হইতে শ্রেষ্ঠতর। আধুনিকেরা বলেন, পরিণার্মের छ्टेंि कांत्रन, योन-निर्वाहन (Sexual Selection) ও योगा-তমের উজ্জীবন (Survival of the fittest)। + কিন্তু এই क्रहें कि कांत्र निष्णुर्ग अधारिश विषया ताथ इस ना। मतन कैंत्र, মানবীয় জ্ঞান এতদূব উন্নত হইল নে, শরীর ধারণ ও পতি বা পত্নী লাভ করিবার প্রতিবোগিতা উঠিয়া গেল। তাহা रहेरन चार्मिकनिरगंत मण्ड मानवीत छेन्नज्ञिवाह क्क हहेरव छ জাতির মৃত্যু হইবে। আর এই মতের এই ফল দাঁড়ার যে. প্রত্যেক অত্যাচারী ব্যক্তি আপনার বিবেকের ভর্ৎসনা হইতে অব্যাহতি পাইবার যুক্তি প্রাপ্ত হয়। আর এমন লোকেবও অভাব নাই, যাহারা দার্শনিক নাম ধারণ করিয়া যত হুষ্ট ও অমুপযুক্ত লোকদিগকে মারিয়া ফেলিয়া (অবশ্র ইহারাই উপযুক্ততা অমুপযুক্ততার একমাত্র বিচারক) মহুধাজাতিকে রক্ষা করিতে চাহেন। কিন্তু প্রাচীন পরিণামবাদী মহাপুরুষ পতঞ্জলি বলৈন যে, পরিণামের প্রকৃত রহস্ত—প্রত্যেক ব্যক্তিতে পূর্ণতার যে প্রাগভাব রহিয়াছে, তাহারই আবির্ভাব মাত। ঐ পূর্ণতান্ত্রপ আমাদের অন্তরালম্ব অনস্ত তরঙ্গরাশি আপনাকে প্রকাশ করিবার জন্ম চেষ্টা করিতেছে। এই প্রতি-

^{• &}quot; ভারউইনের মত এই ঝেঁ, জগতের ক্রমোন্নতি কতকগুলি নির্দিষ্ট নিরমা-ধীনে হর, তন্মধ্যে বৌন-নির্বাচন ও বোগাতমের উজীবনই অধাম। সকল জীবই আপনার উপযুক্ত ভর্তা বা ভার্যা নির্বাচন করিয়া লয় ও বে বোগাতম, সেই শেষ পর্যান্ত বাঁচিয়া থাকে, এই ছুই শব্দের এই অর্থ।

ৰ্শীন্থতা ও প্রতিযোগিতা কেবল আমাদের অজ্ঞানের ফলমাত্র। আমরা এই দ্বার কি করিয়া থুলিয়া দিতে হয় ও জলকে কি করিয়া ভিতরে আনিতে হয়, তাহা জানি না বলিয়াই এইরূপ ছইরা থাকে। আমাদের পশ্চাতে যে অনস্ত তরকুরাশি রহিয়াছে; ভাহা আপনাকে প্রকাশ করিবেই করিবে; ইহাই সমুদয় অভিব্যক্তির কারণ, কেবল জীবনধারণ অথবা ইন্দ্রিয়-চরিতার্থ করিবার চেষ্টা এই অভিব্যক্তির কারণ নহে। উহারা বান্তবিক ক্ষণিক, অনাবশ্যক, বাহ্য ব্যাপার মাত্র। উহারা অজ্ঞানজাত ৷ সমুদয় প্রতিযোগিতা বন্ধ হইয়া যাইলেও যতদিন পর্যান্ত না প্রত্যেক ব্যক্তি পূর্ণ হইতেছে, ততদিন আমাদের অন্তরালস্থ এই পূর্ণস্বভাব আমাদিগকে ক্রমশঃ অগ্রসর করাইয়া উন্নতির দিকে লইয়া যাইবে। এই জন্মই প্রতিযোগিতা যে উন্নতির জক্ত আবশুক, ইহা বিশ্বাস করিবার কোন যুক্তি নাই। পত্তর ভিতর মাত্র্য গুঢ়ভাবে রহিয়াছে, যেমন দ্বার থোলা হয়, অর্থাৎ প্রতিবন্ধক অপসারিত হয়, অমনি মাহুষ প্রকাশ পায়। এইরূপ মান্থবের ভিতরও দেবতা গুঢ়ভাবে রহিয়াছেন, কেবল অক্সানের অর্গল পড়িয়া তাঁহাকে প্রকাশ হইতে দিতেছে না। ৰখন জ্ঞান এই প্ৰতিবন্ধক ভালিয়া ফেলে, তখনই দেই দেবতা প্রকাশ পান।

নিশ্মাণচিত্তাম্যস্থিতামাত্রাৎ ॥ ৪ ॥

সূত্রার্থ।—যোগী কেবল নিজের অহংভাব হইতেই অনেক চিন্ত সূজন করিতে পারেন। বাধ্যা। কর্ম্বাদের তাৎপধ্য এই যে, আমরা আমাদিগের সদসৎ কর্ম্বের ফলুভোগ করিয়া থাকি আর সমপ্র দর্শনশারের একমাত্র উদ্দেশ্য এই, মাস্করের নিজ মহিমা অবগত হওয়ে । সমুদ্রর শাস্ত্রই মানবের আত্মার মহিমা ঘোষণা করিতেছে, আবার সেই সঙ্গেসকে কর্ম্ববাদ প্রচার করিতেছে। শুভকর্মের শুভ ফল, অশুভ কর্ম্বের অশুভ ফল হইয়া থাকে। কিন্তু যদি শুভাশুভ আত্মার উপর প্রভাব বিশ্বার করিতে পারে, তবে আত্মাত কিছুই নয়। প্রকৃতপক্ষে অশুভ কর্ম্ম কেবল পুরুষের স্বস্করপ প্রকাশের বাধা দেয় মাত্র, শুভ কর্ম সেই বাধাশুলি দুরু করিয়া দেয়; তথনই পুরুষের মহিমা প্রকাশিত হয়; কিন্তু পুরুষ নিজে কথনই পরিণাম প্রাপ্ত হন না। তুমি যাহাই কর না কেন, কিছুই তোমার মহিমাকে—তোমার নিজ স্বদ্ধপক্র করিতে পারে না; কারণ, কোন বস্তুই আত্মার উপর কার্য্য করিতে পারে না, কেবল উহা বারা যেন আত্মার উপর একটি আবরণ পড়িয়া উহার পূর্ণতা আচ্ছাদন করিয়া রাথে।

যোগিগণ শীঘ্র শীঘ্র কর্ম্মকর করিবার জন্য কারবাহ স্প্রন করেন। এই সকল দেহের জন্য আবার তাঁহারা তাঁহাদের অন্মিতা বা অহংতত্ত্ব হইতে মনঃসমূহের স্প্রন করিয়া থাকেন। এই নির্দ্মিত চিত্তসমূহকে তাঁহাদের মূল চিত্তের সহিত পৃথক্ নির্দ্দেশের জন্ম "নির্দ্মাণচিত্ত" বলে।

প্রবৃত্তিভেদে প্রয়োজকং চিত্তমেকমনেকেষাম্ ॥ ৫ ॥
স্ক্রার্থ।—যুদিও এই ভিন্ন ভিন্ন স্বষ্ট মনের কার্য্য

নানাপ্রকার, কিন্তু সেই এক আদি মনই তাহাদের সকলগুলুর নিয়ন্তা।

ব্যাণ্যা। এই ভিন্ন ভিন্ন মন, যাহার। ভিন্ন ভিন্ন দেহে কার্য্য করে, তাহাদিগকে নির্মাণচিত্ত ও এই নির্মিত শরীরগুলিকে নিশাণ্ডেছ বলে। ভূত ও মন ইহারা যেন ছুইটি অফুরস্ত ভাণ্ডারগুহের স্থায়। যোগী হইলেই তুমি উহাদিগকে জয় করিবার রহস্ত অবগত হইবে। তোমার বরাবরই উহা জানা ছিল, কেবল তুমি উহা ভূলিয়া গিয়াছিলে। যোগী হ**ই**লে উহা তোমার 'স্থৃতিপথে উদিত হইবে। তথন তুমি উহাকে শইয়া যাহা ইচ্ছা, তাহাই করিতে পারিবে। বে উপাদান হইতে এই বৃহৎ ব্রহ্মাণ্ডের উৎপত্তি হয়, এই নির্ম্মিতচিক্তও সেই উপাদান হইতে নিশ্বিত। মন আর ভৃত ইহারা যে প্রস্পর পুথক পদার্থ, তাহা নহে, উহারা একই পদার্থের অবস্থাভেদমাত। অস্মিতাই সেই উপাদান, সেই সক্ষ বস্তু, যাহা হইতে যোগীর এই নির্মাণচিত্ত ও নির্মাণদেহ প্রস্তুত হয়। স্রতরাং বধনই বোগী প্রকৃতির এই শক্তিগুলির রহক্ত অবগত হন, তথনই তিনি অস্মিতা নামক পদার্থ হইতে যত ইচ্ছা তত মন ও শরীর নির্ম্মাণ করিতে পারেন।

তত্ত্র ধ্যানজমনাশয়ম্॥ ৬॥

স্ত্রার্থ।—ভিন্ন ভিন্ন প্রকার চিত্তৈর মধ্যে যে চিত্ত সমাধি দ্বারা উৎপন্ন, তাহা বাসনাশৃষ্য।

ব্যাখ্যা। ভিন্ন ভিন্ন ব্যক্তিতে বে আমরা, ভিন্ন ভিন্ন প্রকার

মন দেখিতে পাই, তক্সধ্যে যে মনের সমাধি অবস্থা লাভ হইয়াছে, তাহাই সর্ব্বোচ্চ। যে ব্যক্তি ঔষধ, মৃদ্ধ অথবা তপস্থাবলে কতকগুলি শক্তি লাভ করে, তাহার তথনও বাসন্। থাকে, কিন্তু যে ব্যক্তি যোগের দ্বারা সমাধি লাভ করে, কেবল সেই ব্যক্তিই সকল বাসনা হইতে মুক্ত।

যতঃ—কর্মাশুক্লাকৃষ্ণং যোগিনন্ত্রিবিধমিতরেষাম্ ॥৭॥

সূত্রার্থ।—যোগীদিগের কর্ম কৃষ্ণও নহে, শুক্লও নহে, কিন্তু অক্সান্ত ব্যক্তির পক্ষে কর্ম ত্রিবিধ— অর্থাৎ শুক্ল, কৃষ্ণ ও মিশ্র।

বাথা। যথন যোগী এ প্রকার পূর্ণতালাভ করেন, তথন তাঁহার কার্যাও ঐ কার্যা হারা যে কর্ম্মফল উৎপন্ন হয়, তাহা তাঁহাকে আর বন্ধন করিতে পারে না; কারণ, তাঁহার বাসনার সংশ্পর্শ নাই। তিনি কেবল কর্ম্ম করিয়া যান। তিনি অপরের হিতের ভক্ত কর্ম্ম করেন, অপরের উপকার করেন, কিন্তু তিনি তাহার ফলের আকাজ্জা করেন না। স্থতরাং, উহা তাঁহাতে র্ট্রিবে না। কিন্তু সাধারণ লোকে, যাহারা এই সর্কোচ্চ অবস্থা পায় নাই, তাহাদের পক্ষে কর্ম্ম ত্রিবিধ—ক্বক্ষ (অসৎ কার্য্য) ওক্ক (সৎ কার্য্য)

ততস্তদিপাকান্মগুণানামেবাভিব্যক্তির্বাসনানাম্॥৮॥ স্ত্রার্থ।—এই ত্রিবিধ কর্ম হইতে কেবল সেই বাসনাগুলি প্রকাশিত হয়, যেগুলি সেই অবস্থায়

প্রকাশ হইবার উপযুক্ত। (অপরগুলি সেই সময়ের জন্ম স্কিমিতভাবে থাকে।)

ব্যাথ্যা। মনে কর, আমি সং, অসং ও মিশ্রিত, এই তিন প্রকার কর্মাই করিলাম। তৎপরে মনে কর আমার মৃত্যু হইল, আমি বর্গে দেবতা হইলাম। মন্ত্রগুদেহের বাসনা আর দেব-দেহের বাসনা একরূপ নহে। দেবশরীর ভোজন, পান কিছুই করে না। তাহা হটলে আত্মার যে প্রাক্তন অভুক্ত কর্ম আহার ও পানের বাসনা স্ঞ্জন করিয়াছে, সেগুলি কোথায় যাইবে? न्यामि यपि (पर्वे हरे, जांश इटेंटन এই कर्म कांथाम माटेंदि ? ইহার উত্তর এই যে, বাসনা উপযুক্ত অবস্থা ও ক্ষেত্র পাইলেই প্রকাশ পাইয়া থাকে। যে সকল বাসনার প্রকাশের উপযুক্ত অবস্থা আদিয়াছে, তাহারাই কেবল প্রকাশ পাইবে। অবশিষ্টগুলি সঞ্চিত হইয়া থাকিবে। এই জীবনেই আমাদের অনেক দেবোচিত, অনেক মহুয়োচিত ও অনেক, পাশব বাসনা বহিয়াছে। আমি যদি দেবদেহ ধারণ করি, তবে কেবল শুভ বাসনাগুলিই প্রকাশ পাইবে, কারণ, তাহাদের প্রকাশের উপযুক্ত অবসর আসিয়াছে। আমি যদি পশুদেহ ধারণ করি, তাহা হইলে কেবল পাশব বাসনাগুলিই আসিবে। শুভ বাসনাগুলি তথন অপেক্ষা করিতে থাকিবে। ইহাতে কি দেখাইতেছে ? ইহাতে দেখাইতেছে যে, বাহিরে উপযুক্ত অবস্থা পাইলে বাসনাগুলিকে দমন করা বায়। কেবল যে-কর্ম সেই অবস্থার উপযোগী, তাহাই প্রকাশ পাইবে। ইহাতে স্পষ্ট প্রমাণ হইভেছে যে, বাহিরের অমুকৃগ অবস্থা কর্মকেও দমন করিতে পারে ১

জাতিদেশকালব্যবহিতানামপ্যানন্তর্য্যং

শ্বতিসংস্কারয়োরে করপত্বাৎ ॥ ৯ ॥

পুত্রার্থ।—স্বৃতি ও সংস্কার একরূপ বলিয়া জ্বতি,
দেশ ও কাল ব্যবহিত হইলেও বাসনার আনস্তর্য্য হইবে।

ব্যাখ্যা। অমুভূতি সমুদয় ক্ষ আকার ধারণ করিয়া
সংস্কাররূপে পরিণত হয়, সেগুলি আবার য়খন জাগবিত হয়,
তখন তাহাকেই শ্বৃতি বলে। এস্থলে শ্বৃতিশব্দে বর্ত্তমান
জ্ঞানক্রত কর্ম্মের সহিত সংস্কাররূপে পবিণত পূর্ব্বামুভূতিসমূহের
পরস্পাব অজ্ঞানসহক্রত সম্বন্ধকেও বৃঝাইবে। প্রত্যেক দেহৈ,
তজ্জাতীয় দেহে লব্ধ যে সকল সংস্কারসমষ্টি, তাহারাই কেবল
সেই দেহে কর্ম্মের কারণ হইবে। ভিন্নজাতীয় দেহের সংস্কার
তখন স্থিমিতভাবে থাকিবে। প্রত্যেক শরীরই সেই জাতীয়
কতকগুলি শরীরের ভবিষাৎবংশীয়রূপে কার্য্য করিবে। এইরূপে
বাসনার পৌর্বাপ্য্য নষ্ট হয় না।

তাসামনাদিত্বঞাশিষো নিত্যত্বাৎ ॥ ১০ ॥ স্ত্রার্থ।—স্থথের বাসনা নিত্য বলিয়া বাসনাও অনাদি।

ব্যাখ্যা। আমরা যাহা কিছু অমুভব বা ভোগ করি, ভাহাই স্থী হইবার ইচ্ছা হইতে প্রস্তুত হয়। এই ভোগের কোন আদি নাই, কারণ, প্রভােক নৃত্ন ভোগই, পূর্ব্বভােগের ধারা আমাদের চিত্তে যে একপ্রকার গতিবিশেষ উৎপন্ন হইয়াছে, ভাহারই উপর.স্থাপিত, এই কারণে বাসনা অনাদি।

হৈতুফলাশ্রয়ালম্বনৈঃ সংগৃহীতত্বাদেষামভাবে তদভাবঃ ॥ ১১ ॥

সূত্রার্থ। এই বাসনাগুলি হেতু, ফল, আধার ও তাহার বিষয় এইগুলি দারা সংগৃহীত বলিয়া ইহাদের অভাব হইলে বাসনারও অভাব হয়।

ব্যথা। এই বাদনাগুলি কার্য্যকারণস্ত্রে গ্রন্থিত, মনে কোন বাদনা উদিত হইল, উহা তাহার ফলপ্রদাব না করিয়া বিনষ্ট হইবে না। আবার মন সমূলয় প্রাচীন বাদনাসমূহেক আধার—বৃহৎ ভাগুরস্বরূপ। ঐ বাদনাসমূহ সংস্কারের আকার ধারণ করিয়া রহিয়াছে, উহারা যতক্ষণ না উহাদের কার্য্য শেষ করিতেছে, ততক্ষণ উহাদের বিনাশ নাই। আরও, যতদিন ইক্রিয়গণ বাহ্বস্ত গ্রহণ করিবে, ততদিন নৃতন নৃতন বাদনা উথিত হইবে। যদি এইগুলি হইতে অব্যাহতি পাওয়া সন্তব হয়, তবেই কেবল বাদনার বিনাশ হইতে পারে।

অতীতানাগতং স্বরূপতোহস্ত্যধ্বভেদার্দ্মাণাম্ ॥১২॥

সূত্রার্থ।—বস্তুর ধর্মসকল বিভিন্ন রূপ ধারণ করিয়াই সমৃদয় হইয়াছে বলিয়া অতীত ও ভবিষ্যৎ বাস্তবিক স্বরূপতঃ আছে।

তে ব্যক্তসূক্ষাগুণাত্মানঃ ॥ ১৩ ॥ স্তার্থ।—উহারা কখন ব্যক্ত হয়, কখন বা স্ক্র অবস্থায় চলিয়া যায়, আরু গুণই উহাদের আত্মা অর্থাৎ স্বরূপ।

ব্যাথ্যা। গুণ বলিতে সন্ধ, রজঃ, তমঃ, এই তিন পদার্থকৈ বুঝার, উহাদের স্থুল অবস্থাই এই পরিদৃশ্যমান জগং। ভূত ও ভবিশ্যং এই গুণ কয়েকটিরই বিভিন্ন প্রকাশে উৎপন্ন হয়।

পরিণামৈকত্বাদ্বস্তুতত্ত্বম্ ॥ ১৪ ॥

সূত্রার্থ।—পরিণামের মধ্যে একস্ব দেখা যায় বলিয়া বস্তু বাস্তবিক এক। (যদিও বস্তু তিনটি, অর্থাৎ সন্তু, রজঃ ও তমঃ, তথাপি তাহার পরিণামগুলির ভিতরে পরস্পর একটি সম্বন্ধ থাকাতে সকল বস্তুতেই একস্ব আছে, বুঝিতে হইবে।)

वञ्चमारमा हिन्द्रसमा हरा विख्या विश्व । १८॥

সূত্রার্থ।—বস্তু এক হইলেও চিত্ত ভিন্ন ভিন্ন বিলয়া ভিন্ন ভিন্ন রূপ বাসনা ও অনুভূতি হইয়া থাকে।

্নি চৈকচিত্ততন্ত্ৰং বস্তু তদপ্ৰমাণকং তদা কিং স্থাৎ ॥১৬॥

সূত্রার্থ।—(দৃশ্য) বস্তু একটি মাত্র চিত্তের অধীন নয়, (কেন না) তাহা হইলে যখন উহা (সেই চিত্তের) প্রত্যক্ষাদি প্রমাণের অবিষয় হইবে, তখন ঐ বস্তু কি হইবে ?]

তঙ্গরাগাপেকিছু।কিত্তুস্থ বস্ত জ্ঞাতাজ্ঞাতম্॥ ১৭॥

সূত্রার্থ।—চিত্তে বস্তুর প্রতিবিম্বপাতের অপেক্ষা ধাকাতে বস্তু কখন জ্ঞাত ও কখন অজ্ঞাত থাকে। সদ। জ্ঞাতাশ্চিত্তর্ত্তয়স্তৎপ্রভাঃ

পুরুষস্থাহপরিণামিত্বাৎ ॥ ১৮ ॥

স্ত্রার্থ।—চিত্তবৃত্তিগুলিকে সর্ব্বদাই জ্বানা যায়, কারণ, উহাদের প্রভূ পুরুষ অপরিণামী।

ব্যাখ্যা। এতকণ ধরিয়া যে মতের কথা বলা হইতেছে. তাহার সংক্ষিপ্ত মর্মা এই যে. জগৎ মনোময় ও ভৌতিক এই উভর প্রকারই। আর এই মনোমর ও ভৌতিক জগৎ সর্বাদাই যেন প্রবাহের আকারে চলিয়াছে। এই পুস্তকথানি কি? ইহা নিতাপরিবর্ত্তনশীল কতকগুলি পরমাণুব সমষ্টিমাত্র। কতকগুলি বাহিরে যাইতেছে, কতকগুলি ভিতরে আদিতেছে, উহা একটি আবর্ত্তস্তরপ। কিন্তু কথা এই. তাহা হইলে একডবোধ কোথা হইতে হইতেছে? এই পুত্তকথানি যে একথানি পুত্তক, তাহা কি করিয়া জানা যাইতেছে? এই পরিণামগুলি তালে তালে হইডেছে; তালে তালে উহারা আমার মনে তাহাদের প্রভাব প্রেরণ করিতেছে। যদিও উহাদের ভিন্ন ভিন্ন অংশগুলি সদা পরিবর্ত্তনশীল, তথাপি উহারাই একত্র হইয়া একটি অবিচিছ্ন চিত্রের জ্ঞান উৎপাদন করিতেছে। মনও এইরূপ সদা পরিবর্ত্তনশীল। মন আর শরীর যেন বিভিন্ন বেগে ভ্রমণশীল একই পদার্থের ছইটি স্তর মাতু। তুলনায় একটি মৃত্ ও অপরটি ক্রতিতর বলিয়া অবশ্র আমরা ঐ ছইটি গতির মধ্যে অনুনায়াদে

পার্থক্য করিতে পারি। যেমন একটি ট্রেণ চলিতেছে ও একখানি গাড়ী তাহার পাশ দিয়া 'ঘাইতেছে। কিয়ৎ পরিমাণে এই উভয়েরই গতি নির্ণীত হইতে পারে। কিন্তু তথাপি অণুর একটি পদার্থের প্রয়োজন। নিশ্চল বস্তু একটি পাকিলেই গতিকে অনুভব করা যাইতে পারে। তবে যথন ছই তিনটি বস্তুই বিভিন্নরূপ গতিশীল হয়, তথন আমরা প্রথমে ক্রভতরটির, পরিশেষে মুহতর চলনশীল বস্তুটির গতি অমুভব করিতে পারি। মন কি করিয়া অমুভব করিবে? উহা নিয়ত গতিশীল। স্বতপ্রুং অপর এক বস্তু থাকা প্রয়োজন, যাহা অপেকারুত মুহভাবে গতিশীল, পবে তদপেক্ষা মুহুতর, তদপেক্ষা মুহুতর এইরূপ চলিতে চলিতে আর ইহার অন্ত পাওয়া যাইবে না। স্থতরাং যুক্তি তোমায় একস্থানে চুপ করিতে বাধ্য করিবে। অপরিবর্গুনীয় কোন বস্তুকে জানিয়া তোমাকে, এই অনম্ভ শ্রেণীর শেষ করিতে হইবেই হইবে। এই অশেষ গতিশৃঙ্খলের পশ্চাতে অপরিণামী. অসক, শুদ্ধসন্ধ পুরুষ রহিয়াছেন। যেমন ম্যাজিক লগুন হইতে আলোক-কিরণরাশি আসিয়া খেত বস্ত্রথণ্ডেব উপর প্রতিফলিত হইয়া, উহাতে শত শত চিত্র উৎপাদন করে, অথচ কোনরূপেই উহাকে কলঙ্কিত করে না. ঠিক সেই ভাবেই বিষয়ামুভূতিঞ সংস্কারসমূহ কেবল উহার উপর প্রতিফলিত হইতেছে মাত্র।

ন তৎ স্থাভাসং দৃশ্যত্বাৎ ॥ ১৯ ॥
স্ত্রার্থ।—মন দৃশ্য বলিয়া স্বয়ংপ্রকাশ নহে।
ব্যাখ্যা। প্রকৃতির সর্ব্বেই মহাশক্তির বিকাশ দেখা বাইতেছে.

কিন্ধ উহা স্বপ্রকাশ নহে, স্বভাবতঃ চৈতকুস্বরূপ নহে। কেবল পুরুষই স্বপ্রকাশ, উহার জ্যোতিঃতেই প্রত্যেক বস্তু উদ্ভাসিত হইতেছে। উহারই শক্তি ভূত ও শক্তিসমূদ্যের মধ্য দিয়া প্রকাশিত হইতেছে।

একসময়ে চোভয়ানবধারণম্॥ ২০॥

সূত্রার্থ।—এক সময়ে ছটি বস্তুকে বুঝিতে পারে না বলিয়া মন স্বপ্রকাশ নহে।

ব্যাখ্যা। যদি মন স্থপ্রকাশ হইত, তবে এক সময়ে উহা
সম্পন্ন অ্মুভব করিতে পারিত; উহা ত তাহা পারে না।
ধদি এক বস্তুতে গভীর মনোযোগ প্রদান কর, তবে আর
অপর বস্তুতে মনোযোগ দিতে পারিবে না। যদি মন স্থপ্রকাশ
হইত, তবে উহা কত অহুভূতি যে এক সঙ্গে করিতে পারিত,
তাহার সীমা নাই। পুরুষ এক মূহুর্ত্তে সমুদ্র অহুভব করিতে পারেন,
স্থভরাং পুরুষ স্থপ্রকাশ •

চিত্তান্তরদৃশ্যে বুদ্ধি-বুদ্ধের**তি**প্রসঙ্গঃ স্মৃতিসঙ্কর**শ্চ** ॥ ২১ ॥

স্ত্রার্থ।—যদি কল্পনা করা যায় যে, আর এক চিত্ত ঐ চিত্তকে প্রকাশ করে, তবে এইরূপ কল্পনার অস্ত থাকিবে না ও স্মৃতির গোলমাল হইয়া যাইবে।

ব্যাখ্যা। মনে কর, আর এক মনু রহিয়াছে, উহা ঐ প্রথম মনটিকে অফুভব করিতেছে, তাহা হইলে আবার এমন

এই প্রের টিকা-সন্মত অর্থ এই,—মন এক সময়ে নিজেকে ও বিষয়কে
অনুভব করিতে পারে না বলিয়া উহা বপ্রকাশক নহে, প্রয়বই বপ্রকাশ।

এক মনের আবশুক, যাহা আবার তাহাকে অহভেব করিবে, স্থতরাং, ইহার কোন স্থানে শেষ পাওয়া যাইবে না। ইহাতে স্থাতিরও গোলমাক উপস্থিত হইবে, কারণ, স্থাতির কোন নির্দিষ্ট ভাণ্ডার থাকিবে না।

চিতের প্রতিসংক্রমায়াস্তদাকারাপত্তো স্ববুদ্ধিসম্বেদনম্॥ ২২॥

সূত্রার্থ।—চিৎ অপরিণামী; যখন মন উহার আকার গ্রহণ করে, তখনই উহা জ্ঞানময় হয়।

ব্যাখ্যা। জ্ঞান যে পুরুষের গুণ নহে, ইহা আমাদিগকে স্পষ্টরূপে বৃঝাইবার জন্ম পতঞ্জনি এই কথা বলিলেন। যথন মন পুরুষের নিকট আইলৈ, তথন যেন পুরুষ মনের উপর প্রতিফলিত হন আর মন কিয়ৎক্ষণের জন্ম জ্ঞানবান্ হয়, আর বোধ হয় যেন উহাই পুরুষ।

দ্রেফ্-দৃশ্যোপরক্তং চিত্তং সর্বার্থম্ ॥ ২৩ ॥ স্ক্রার্থ।—যখন মন দ্রপ্তা ও দৃশ্য উভয় দারা উপযুক্ত হয়, তখন উহা সর্বপ্রকার অর্থকেই প্রকাশ করে।

ব্যাখ্যা। এক দিকে দৃশ্য অর্থাৎ বাহ্য জগৎ মনের উপর প্রতিবিশ্বিত হইতেছে, অপর দিকে দ্রষ্টা অর্থাৎ পুরুষ উহার উপর প্রতিবিশ্বিত হইতেছে; ইহা হইতেই মৃনে সর্ব্ধপ্রকার জ্ঞানলাভের শক্তি আইসে।

তদসংখ্যেয়-বাসনাভিশ্চিত্তমপি পরার্থং সংহত্যকারিত্বাৎ ॥ ২৪ ॥

স্থার্থ।—সেই মন অসংখ্য বাসনা দ্বারা বিচিত্র হইলেও মিশ্র পদার্থ বলিয়া পরের অর্থাৎ পুরুষের জন্ম কার্য্য করে।

ব্যাথ্যা। মন নানাপ্রকার পদার্থের সমষ্টিম্বরূপ; স্থতরাং, উহা নিজের জন্ত কার্য্য করিতে পারে না। এই জগতে যত মিশ্র পদার্থ আছে, সকলেরই প্রয়োজন অপর বস্তুতে—এমন কোন তৃতীয় বস্তুতে—যাহার জন্ত সেই পদার্থ এইরূপে মিশ্রিত হইয়াছে। স্থতরাং, মনও ধে নানাপ্রকার বস্তুর মিশ্রণে
•উৎপন্ন, তাহা ধেকবল পুরুষের জন্ত।

বিশেষদর্শিন আত্মভাব-ভাবনা-বিনির্তিঃ॥ ২৫॥

স্থুত্রার্থ।—বিশেষদর্শী অর্থাৎ বৈবেকী পুরুষের মনে আত্মভাব নিবৃত্ত হইয়া যায়।

ব্যাথ্যা। বিবেকবলে যোগী জানিতে পারেন, পুরুষ মন নহেন।
তদা বিবেকনিন্ধং কৈবল্যপ্রাপ্ভাবং * চিত্তম্॥ ২৬॥
পুত্রার্থ।—তথন চিত্ত বিবেকপ্রবণ হইয়া কৈবল্যের
পুর্বলক্ষণ লাভ করে।

ব্যাখ্যা। এইরূপ যোগাভ্যাসের দারা বিবেকশক্তিরূপ দৃষ্টির শুদ্ধতা লাভ হইয়া থাকে। আমাদের দৃষ্টির আবরণ সরিরা যায়, আমরা তথন বস্তুর যথার্থ স্বরূপ উপলব্ধি করিতে পারি। আমরা তথন বুঝিতে পারি যে, প্রকৃতি একটি মিশ্র পদার্থ, উহা

^{*} পাঠান্তর কৈবল্যপ্রাপ্ ভারং।

সাক্ষিত্রকণ পুরুষের অস্ত এই সকল বিচিত্র দৃশ্য দেখাইতেছে মার। আমরা তথন ব্ঝিতে পারি, প্রকৃতি ঈশ্ব নহেন। এই প্রকৃতির সম্দর সংহতিই কেবল আমাদের হৃদয়সিংহাসনত্ত রাজা পুরুষকে এই সমত্ত দৃশ্য দেখাইবার জন্য। যথন দীর্ঘকাল অভ্যাসের দ্বারা বিবেকের উদয় হয়, তথন ভয় চলিয়া যায় ও কৈবল্যপ্রাপ্তি হয়।

তচ্ছিদ্রেষু প্রত্যয়ান্তরাণি সংস্কারেভ্যঃ॥ ২৭॥

সূত্রার্থ।—উহার বিশ্বস্বরূপে যে মধ্যে মধ্যে অক্সাক্স জ্ঞান উৎপন্ন হয়, তাহা সংস্কার হইতে আসিয়া থাকে।

ব্যাথ্যা। 'আমাকে স্থী করিবার জন্ম কোন বাহিরের বস্তু আবশুক', এইরূপ বিশ্বাস আমাদের, যে সকল ভাব হইতে আইসে, তাহারা সিদ্ধিলাভের প্রতিবন্ধক। পুরুষ স্বভাবতঃ স্থুখ ও আনন্দস্তরূপ। পূর্বে সংস্কাবের দ্বারা সেইজ্ঞান আরুত ইইয়াছে। এই সংস্কারগুলির ক্ষয় হওয়া আবশুক।

হানমেষাং ক্লেশবছক্তম্॥ ২৮॥

সূত্রার্থ।—ক্লেশগুলিকে যে উপায়ের দারা নাশের কথা বলা হইয়াছে, ইহাদিগকেও ঠিক সেই উপায়েই নাশ করিতে হইবে।

প্রসংখ্যানেহপ্যকুদীদস্ত দর্ব্বথাবিবেকখ্যাতে-ধর্ম্মমেঘঃ দমাধিঃ॥ ২৯॥

সূত্রার্থ।—তত্ত্বসমূহের বিবেকজ্ঞানজনিত ঐশ্বর্য্যেও যিনি বীতস্পৃহ হন, তাঁহার সর্ব্বপ্রকারে বিবেকজ্ঞান

লাভ হয় বলিয়া তাঁহার ধর্মমেঘনামক সমাধি লাভ হুইয়া থাকে।

া ব্যাখ্যা। যখন যোগী এই বিবেকজ্ঞান লাভ করেন, তথন পূর্ব্ব অধ্যায়ে কথিত শক্তিগুলি আসিবে, কিন্তু প্রেক্কত রোগী ইহাদিগকে পরিত্যাগ করিয়া থাকেন। তাঁহার নিকট ধর্মমেঘ-নামক এক বিশেষপ্রকাব জ্ঞান, এক বিশেষপ্রকার আলোক আইসে। ইতিহাস যে সকল ধর্মাচার্য্যদিগের কথা বর্ণনা করিয়াছেন, তাঁহারা সকলেই এই ধর্মমেঘসমাধিসম্পন্ন ছিলেন। তাঁহারা আপনাদের ভিতরেই জ্ঞানের মূল প্রস্তবণ পাইয়া-ছিলেন। সত্য তাঁহাদের নিকট অতি স্পষ্টরূপে প্রকাশিত হইয়াছিল। প্র্বোক্ত শক্তিসমূহের অভিমান ত্যাগ করাতে শাস্তি, বিনয় ও পূর্ণ পবিত্রতা তাঁহাদের স্বভাবগত হইয়া গিয়াছিল।

ততঃ কুেশকর্ম্মনির্ত্তিঃ ॥ ৩০ ॥

সূত্রার্থ।—তাহা হইতে ক্লেশ ও কর্ম্মের নিবৃত্তি হয়।

ব্যাখ্যা। ষথন এই ধর্মমেঘসমাধি আইদে, তথন আর পতনের আশক্ষা নাই, কিছুতেই আর তাঁহাকে অধোদিকে আকর্ষণ করিতে পারে না, আর তাঁহার কোন কন্টও থাকে না।

তদা সর্বাবরণমলাপেতস্থ জ্ঞানুস্থানন্ত্যাজ্-জ্ঞেয়মল্লম ॥ ৩১ ॥

স্ত্রার্থ।—তখন জ্ঞান সর্ব্বপ্রকার আবরণ ও

অশুদ্ধিশৃত্য হওয়ায় অনস্ত হইয়া যায়, স্কুতরাং জ্ঞেয়ও অল্প হইয়া পড়ে।

ব্যাখ্যা। জ্ঞান ত ভিতরে রহিয়াছে, কেবল উহার আবর্ত্ত্রণ চলিয়া বায় মাত্র। কোন বৌদ্ধশাত্র 'বৃদ্ধ' (ইহা একটি অবস্থার স্থাকক) শব্দের লক্ষণ করিয়াছেন—অনস্ত আকাশেব স্থায় অনস্ত জ্ঞান। যীশু ঐ অবস্থা লাভ করিয়া এটি হইয়াছিলেন। তোময়া সকলেই ঐ অবস্থা লাভ করিবে। তথন জ্ঞান অনস্ত হইয়া যাইবে, স্থতরাং জ্ঞেয় অল হইয়া যাইবে। এই সম্প্র জগৎ উহার সর্বপ্রকার জ্ঞেয় বল্পর সহিত পুরুষের নিকট শৃত্তরূপে প্রতিভাত হইবে। সাধারণ লোকে আপনাকে অতি ক্ষুদ্র বিলয়া মনে করে, কারণ, তাহার নিকট জ্ঞেয় বল্প অনস্ত বলিয়া বিশ্ব হয়।

ততঃ কৃতার্থানাং পরিণামক্রমসমাপ্তিগুণানাম্ ॥৩২॥

সূত্রার্থ।—যখন গুণগুলির কার্য্য শেষ হইয়া যায়, তখন গুণগুলির যে ভিন্ন ভিন্ন পরিণাম, তাহাও শেষ হইয়া যায়।

ব্যাথ্যা। তথন গুণগুলির এই সকল বিভিন্ন পরিণাম—এক স্থাতি হইতে উহাদের অপর স্থাতিতে পরিণতি—একেবারে শেষ হইয়া বায়।

ক্ষণপ্রতিযোগী পরিণামাপরাস্তনির্গাহ্য: ক্রমঃ॥৩৩॥ স্ত্রার্থ।—যে পরিণাম ক্ষণ অর্থাৎ মুহূর্ত্তসম্বন্ধ

লইয়া অবস্থিত ও যাহাকে একটি শ্রেণীর অপর প্রাস্তে (শেষে) যাইয়া বৃঝিতে পারা যায়, তাহার নাম ক্রম।

ব্যাথ্যা। পতঞ্জলি এথানে ক্রম শব্দের লক্ষণ করিলেন। ক্রম শব্দে যে পরিণামগুলি মুহূর্ত্তকাল সন্থান্ধে সম্বন্ধ, তাহাদিগকে ব্যাইতেছে। আমি চিন্তা করিতেছি, ইহার মধ্যে কত মুহূর্ত্ত চিলিয়া গেল। এই প্রতি মুহূর্ত্তের সহিতই ভাবের পরিবর্ত্তন, কিন্ধু আমবা ঐ পরিণামগুলিকে একটি শ্রেণীব অন্তে (অর্থাৎ অনেক পরিণামশ্রেণীর, পর) ধরিতে পারি। ইহাকে ক্রম বলে। কিন্তু যে মন সর্বব্যাপী হইয়া গিয়াছে, তাহার পক্ষে আর ক্রম নাই। তাহার পক্ষে সবই বর্ত্তনান হইয়া গিয়াছে। কেবল এই বর্ত্তমানই তাহার নিকট উপস্থিত আছে, ভূত ও ভবিশ্বৎ তাহার জ্ঞান হইতে একেবারে চলিয়া গিয়াছে। তথন সে মন কালকে ক্রম করে আর তাহার নিকট সমুদর জ্ঞানই এক মুহূর্ত্তের মধ্যে আসিয়া উপস্থিত হয়। সমুদরই তাহার নিকট বিহাতের স্থায় চকিতে প্রকাশ পাইয়া থাকে।

পুরুষার্থশৃন্থানাং গুণানাং প্রতিপ্রদবঃ কৈবল্যং স্বরূপপ্রতিষ্ঠা বা চিতিশক্তিরিতি ॥৩৪॥

সূত্রার্থ—গুণসকলে যখন পুরুষের কোন প্রয়োজন থাকে না, তখন তাহাদের প্রতিলোমক্রমে লয়কে কৈবল্য বলে অথবা উহাকে চিংশক্তির স্বরূপ-প্রতিষ্ঠা বলিতে পারা যায়।

ব্যাখ্যা। প্রকৃতির কার্য্য ফুরাইল। আমাদের পর্ম কল্যাণমন্ত্রী ধাত্রী প্রকৃতি ইচ্ছা করিয়া যে নি:স্বার্থ কার্য্য নিজ স্বন্ধে লইয়াছিলেন, তাহা ফুরাইল। তিনি বেন আতাবিশ্বত জীবাত্মার হাত ধরিয়া, তাঁহাকে জগতে যত প্রকার ভোগ আছে. ধীরে ধীরে সব ভোগ করাইলেন, যত প্রকার প্রকৃতির অভিব্যক্তি—বিকার আছে, সব দেখাইলেন। ক্রমশঃ তাঁহাকে নানাবিধ শবীরের মধ্য দিয়া উচ্চ হইতে উচ্চতর সোপানে লইয়া যাইতে লাগিলেন, শেষে আত্মা নিক্ত অপকৃত মহিমা পুন:প্রাপ্ত হইলেন, নিত্র স্বরূপ পুনরায় তাঁহার স্বৃতিপথে উদিত হইল।, তথন সেই করুণাময়ী জননী যে পথে আসিয়াছিলেন সেই পথেই ফিরিয়া গেলেন। গিয়া, যাহার। এই জীবনের পথচিক্তবিহীন মকতে পথ হারাইয়াছে. তাহাদিগকে আবার পথ দেখাইতে প্রবৃত্ত হইলেন। এইরূপে তিনি অনাদি অনম্ভ কাল কার্য্য করিয়া চলিয়াছেন। এইরূপে স্থগতু:খের মধ্য দিয়া, ভালমন্দের মধ্য দিয়া অনন্ত নদীস্বরূপ জীবাত্মাগণ দিদ্ধি ও আত্মসাক্ষাৎ-কাররূপ সমুদ্রের দিকে চলিয়াছেন।

যাঁহারা আপনাদের স্বরূপ অফুভব করিয়াছেন, তাঁহাদের জয় হউক। তাঁহারা আমাদের সকলকে আশীর্কাদ কলন।

পরিশিষ্ট

'যোগ বিষয়ে অন্যান্য শাস্ত্রের মত খেতাশ্বতর উপনিষদ্

দ্বিতীয় অধ্যায়

অগ্নির্যব্রাভিমথাতে বায়্র্ব্রাধিরুধ্যতে।
সোমো যত্রাভিরিচাতে তত্ত্ব সঞ্জায়তে মনঃ॥ ৬॥

অর্থ। যেখানে অগ্নিকে মথন করা হয়, যেখানে বায়ুকে রোধ করা হয় ও যেথানে অপর্যাপ্ত সোমরস প্রবাহিত হয়, সেধানেই (সিদ্ধ) মনের উৎপত্তি হইয়া থাকে। ত্রিক্ষতং স্থাপ্য সমং শরীরং স্থলীন্তিয়াণি মনসা সংনিবেশ্য। ব্রক্ষোভৃপেন প্রভরেত বিহান্ স্রোতাংসি সর্বাণি ভয়াবহানি ॥৮॥

অর্থ।—বক্ষঃ, গ্রীবা ও শিরোদেশ উন্নতভাবে রাধিরা, শরীরকে সমভাবে ধারণ করিয়া, ইন্দ্রিয়গুলিকে মনে স্থাপন করিয়া জ্ঞানিব্যক্তি ব্রহ্মরূপ ভেলা দারা সম্দর্গ ভরাবহ স্রোত পার হইরা যান।

প্রাণান প্রপীড্যেই সংযুক্তচেষ্টঃ ক্ষীণে প্রাণ্ডে নাসিকরোচছুনীত।
ছুটাশ্বযুক্তমিব বাহমেনং বিধান্ মনো ধারয়েতাপ্রমন্তঃ॥ »॥
অর্থ ।—সংযুক্তচেষ্ট ব্যক্তি প্রাণকে সংযম করেন। যথন
উচ্যু শাস্ত হইরা ধার, তথন নাসিকা দ্বারা প্রশ্বাস পরিত্যাগ

করেন। যেমন সারথি চঞ্চল অশ্বগণকে ধারণ করেন, অধ্যবসায়শীল যোগীও তজেপ মনকে ধারণ করিবেন।

সমে শুচৌ শর্করাবিহ্নিবালুকাবিবর্জিতে শব্দক্রশাশ্রয়াদিভিঃ।

• মনোহমুক্লে ন তু চক্ষুপীড়নে গুহানিবাতাশ্রমণে প্রবোজ্যে ॥ ১ • ॥

অর্থ।—সমতণ, শুচি, প্রস্তর, অগ্নি ও বালুকাশৃন্ত, মহুষ্যক্বত অথবা কোন জলপ্রপাতক্তনিত মনশ্চাঞ্চল্যকর শব্দশৃন্ত, মনের অমুক্ল, চক্ষুর প্রীতিকর, পর্ববতগুহাদি নির্জ্জন স্থানে থাকিয়া যোগ অভ্যাস করিতে হইবে।

নীহারধুমার্কানিলানলানাং থচ্চোতবিহ্যৎক্ষটিকশশীনাম্। এতানি রূপাণি পুরঃসরাণি ব্রহ্মণ্যভিব্যক্তিকরাণি যোগে॥ ১১॥

অর্থ।—নীহার, ধুম, সূর্য্য, বায়ু, অগ্নি, থছোত, বিহ্যুৎ, ফটিক, চন্দ্র, এই রূপগুলি সমূথে আসিয়া ক্রমশঃ যোগে ব্রহ্মকে অভিযক্ত করে।

পৃথ্যপ্তেজোহনিলথে সমুখিতে পঞ্চাত্মকে যোগগুণে প্রবৃত্তে। ন তম্ম রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তম্ম যোগায়িময়ং শরীরম্॥ ১২॥

অর্থ।— যথন পৃথিবী, জল, তেজঃ, বায়ু ও আকাশ এই পঞ্চভূত হইতে যৌগিক অন্পূভূতি সমৃদয় হইতে থাকে তথন যোগ
আরম্ভ হইয়াছে, বৃথিতে হইবে। যিনি এইক্লপ যোগাধিময়
শরীর পাইয়াছেন, তাঁহার আর ব্যাধি, জরা, মৃত্যু থাকে না।

नपूषमारतागामरनान् १५४१ वर्गकानः वतरमोर्ववकः ।

গন্ধঃ শুভো মৃত্রপুরীষমলং যোগপ্রবৃত্তিং প্রথমাং বদস্তি॥ ১৩॥

অর্থ।—শরীরের শযুতা, স্বাস্থ্য, লোভশুক্ততা, স্থন্দর বর্ণ, স্বর-সৌন্দর্য্য, মুত্রপুরীষের অল্পতা ও শরীরে একটি পরম

্স্থগন্ধ, যোগারম্ভ করিলে যোগীর এই লক্ষণগুলি প্রথমেই প্রকাশ পায়।

যথ্বৈ বিশ্বং মৃনরোপনিপ্তং তেজোময়ং ভ্রাজতে তৎ স্থাস্তং ।
তথাত্মতন্ত্বং প্রসমীক্ষ্য দেহী একঃ কৃতার্থো ভবতে বীতশোকঃ ॥ ১৪ ॥
ক্ষর্থ ।—যেমন স্বর্গ ও বজত প্রথমে মৃত্তিকাদি থারা নিপ্ত
থাকে, পরিশেষে উত্তমরূপে ধৌত হইয়া তেজোময় হইয়া প্রকাশ
পায় সেইরূপ দেহী আত্মতন্ত্ব দর্শন করিয়া একস্বরূপ, কৃতার্থ ও
তঃখবিমুক্ত হয় ।

শঙ্করদ্বত যাজ্ঞবল্ক্য

আসনানি সমভ্যক্ত বান্ধিতানি যথাবিধি।
প্রাণায়ামং ততো গার্গি, জিতাসনগতোহভাসেৎ॥
মৃঘাসনে কুশাক্ষম্যগান্তীর্থাজিনমের চ।
লবোদরং চ সম্পূজ্য কলমোদকভক্ষণৈঃ॥
তদাসনে স্থাসীনঃ সব্যে ক্সন্তোক্তঃ করম্।
সমগ্রীবশিরাঃ সম্যক্ সংবৃতাক্তঃ স্থনিশ্চলঃ॥
প্রান্ধুবোদব্ধা বাপি নাসাগ্রক্তরোচনঃ।
অতিভূক্তমভূক্তং চ বর্জ্জিম্বা প্রথম্বতঃ॥
নাড়ীসংশোধনং কুর্যাত্তকমার্গেণ যম্বত্তঃ।
বৃথা ক্লেশো ভবেত্তক্ত তচ্ছোধনমকুর্ব্বতঃ॥
নাসাগ্রে শশভ্রীক্তং চস্ত্রাত্তপবিতানিতম্।
সপ্তমক্ত তুর্বং বিন্দুসংযুত্ম্॥

বিশ্বনধ্যক্তমালোক্য নাসাত্রে চকুষী উত্তে।
ইড়য়া পূর্বেছায়ং বাহুং ছাদশমাত্রকৈ: ॥
ততোহয়িং পূর্ববদ্ধ্যায়েৎ ফুরজ্জালাবলীয়ৃতম্ ।
রুষষ্ঠং বিন্দৃসংমুক্তং শিথিমগুলসংস্থিতম্ ॥
ধ্যায়েছিরেচয়েছায়ুং মন্দং পিজলয়া পূন: ।
পুন: পিজলয়াপ্র্য ছালং দক্ষিণতঃ স্থনী: ॥
তছিরেরচয়েছায়্মিড়য়া তু শনৈ: শনৈ: ।
তিরচতুর্বৎসরং চাপি তিরচতুর্মাসমেব বা ॥
গুরুণোক্তপ্রকারেণ রহস্তেবং সমভ্যসেৎ ।
পাতর্মধ্যন্দিনে সায়ং স্লাডা ষট্রুড আচরেৎ ॥
সন্ধ্যাদিকর্ম রুবৈবং মধ্যরাত্রেহপি নিত্যশ: ।
নাড়ীগুজিমবাপ্রোতি তিরচ্ছং দৃশ্যতে পৃথক্ ॥
শরীরলম্তা দীপ্রিজ্জিঠরায়িবিবর্জনম্ ।
নাদাভিব্যক্তিরিত্যেতল্লিক্ষং ভচ্ছেজিস্চকম ॥

প্রাণায়ামং ততঃ কুর্যান্তেচপুরককুস্তবৈ:। প্রাণাপানসমাযোগঃ প্রাণায়ামঃ প্রকীর্তিতঃ॥

প্রয়েৎ ষোড় বৈশন তিরাপাদতলমন্তকম্।
মাত্রৈর্বাজিংশকৈঃ পশ্চাদ্রেচয়েৎ স্থসমাহিতঃ ॥
সম্পূর্ণকুন্তব্বায়োনিশ্চলং মৃদ্ধি দেশতঃ।
কুন্তকং ধারণং গার্গি, চতুঃবন্তা তু মাত্রুগা ॥

শ্ববন্ধ বদস্তাস্তে প্রাণায়ামপরায়ণা:।
পিক্টিভ্তা: প্তান্তা: প্রভন্ধনজ্বে রতা:॥
তত্তাদৌ কুন্তকং ক্বছা চতুঃষঠ্যা তু মাত্রয়।
বেচয়েৎ যোড়শৈর্মাত্রৈর্ন্যাসেনৈকেন স্থন্দরি॥
তয়োক্চ প্রবেষায়ুং শনৈ: যোড়শমাত্রয়া।

প্রাণায়ামৈদ্দহেদ্দোষান্ ধারণাভিক কিৰিষান্। প্রত্যাহারাচ্চ সংসর্গং ধ্যানেনানীশ্বরান্ গুণান্॥

ব্যাখ্যা। বথাবিধি বাঞ্চিত আসন অভ্যাস করিয়া, অতঃপর, হে গার্গি, জিতাসনগত হইয়া প্রাণায়াম অভ্যাস করিবে। কোমল আসনে কুশ সম্যক বিছাইয়া, তাহার উপর মৃগচর্ম বিছাইয়া, ফল ও মোদকের ধারা গণেশের পূজা করিয়া, সেই আসনে সুধাসীন হইয়া বামহত্তে দক্ষিণহত্ত স্থাপন করিয়া, সমগ্রীবশির হইয়া, মুথ বন্ধ করিয়া, নিশ্চল হইয়া, পূর্বসূথ বা উত্তরমূপে বসিয়া, নাসাগ্রে দৃষ্টি ক্যন্ত করিয়া, যত্বপূর্বক অতিভোজন বা একেবারে অনাহার ত্যাগ করিয়া পূর্ব্বোক্ত-প্রকারে যত্নপূর্বক নাড়ী সংশোধন করিবে; এই নাড়ী শোধন না করিলে তাহার সাধনের ক্লেশ সমক্তই রুণা হয়। পিকলা ও ইড়ার সংযোগন্থলে (দক্ষিণ ও বাম নাসিকার সংযোগন্থলে) হুং বীজ চিন্তা করিয়া ইড়াকে দাদশদ্বো বাহু বায়ু দারা পূর্ণ করিবে, তৎপরে সেই স্থানে অগ্নির চিস্তা ও রং বীক ধ্যান করিবে: এইরপে ধ্যান করিবার সময় ধীরে ধীরে পিকলা (দক্ষিণ নাসিকা) দিয়া বায়ু রেচন করিবে। পুনরায় পিকলার

ষারা পূরক করিয়া পূর্ব্বোক্ত প্রকারে ধীরে ধীরে ইড়া দারা রেচক করিবে। গুরূপদেশামুসারে ইহা তিন • চারি বৎসর অথবা তিন চারি মাস অভ্যাস করিবে। উষাকালে, মধ্যাকে, বৈকালে ও মধ্যরাত্রে, যত দিন না নাড়ীশুদ্ধি হয়, ততদিন গোপনে অভ্যাস করিতে হইবে; তথন তাঁহাতে এই লক্ষণগুলি প্রকাশিত হয় যথা, শরীরের লঘুতা, স্থল্পরবর্ণ, ক্ষুধা ও নাদ-শ্রবণ। তৎপরে রেচক, কুম্ভক, পূরকাত্মক প্রাণায়াম করিতে ইইবে। অপানের সহিত প্রাণ যোগ করার নাম প্রাণায়াম। ১৬ মাত্রায় মস্তক হইতে পদ পর্যান্ত পূবক, ৩২ মাত্রায় রেচক ও

আর একপ্রকার প্রাণায়াম আছে, তাহাতে প্রথমে ৬৪
মাত্রায় কুন্তক, পরে ৩২ মাত্রায় রেচক ও তৎপরে ১৬ মাত্রায়
পূরক করিতে হইবে; প্রাণায়ামের দ্বারা শরীরের সমস্ত দোষ
দগ্ধ হইরা যায়। ধারণা দ্বারা মনের অপবিত্রতা দূর হয়,
প্রত্যাহার দ্বারা সক্লোষ নাশ হয় ও ধ্যানেব দ্বারা, যাহা কিছু আত্মার
ক্রিয়বভাব আবরণ করিয়া রাখে, তাহা নাশ হইয়া যায়।

শংখ্য-প্রবচন-সূত্র

তৃতীয় অধ্যায়

ভাবনোপচয়াৎ শুদ্ধস্ত সর্ববংপ্রকৃতিবৎ ॥ ২৯ ॥ স্ত্রার্থ।—প্রগাঢ় ধ্যানবলে, শুদ্ধস্বদ্ধপ পুরুষের প্রকৃতিতৃস্য সমুদ্ধ শক্তি আসিয়া থাকে।

রাগোপহতিধ গান্ম ॥ ৩ ॥

সূত্রার্থ।—আসক্তির নাশকে ধ্যান বলে।

বুত্তিনিরোধাত্তৎদিদ্ধিঃ॥ ৩১॥

স্ত্রার্থ। -- সমুদয় বৃত্তির নিরোধে ধ্যানসিদ্ধি হয়।

ধারণাসনম্বকর্মণা তৎসিদ্ধি: ॥ ৩২ ॥

স্তার্থ।—ধারণা, আসন ও নিজ কর্ত্তব্য কর্ম্ম নিষ্পাদনের দারা ধ্যান সিদ্ধ হয়।

নিরোধ=ছর্দ্দিবিধারণাভ্যাম ॥ ৩৩॥

স্ত্রার্থ।—শাদের ছর্দ্দি (ত্যাগ) ও বিধারণ (ধারণ) দারা প্রাণবায়ুব নিরোধ হয়।

স্থিরস্থমাসনম্॥ ৩৪॥

স্ত্রার্থ।—যে ভাবে বসিলে হৈর্ঘ্য ও স্থাণাভ হয়, তাহার নাম আসন।

বৈরাগ্যাদভ্যাসাচ্চ ॥ ০৬ ॥ ¹স্ত্রার্থ।—বৈরাগ্য ও অত্যাসের **বা**রাও। তবাভ্যাসামেতি নেতীতি ত্যাগান্বিকেসিদ্ধিঃ ॥ १৫ ॥
স্ত্রার্থ।—প্রকৃতির প্রত্যেক ভন্ধকে ইহা নহে, ইহা নহে, এইরূপ
বলিয়া ত্যাগ করিতে পারিলে বিবেক সিদ্ধ হয়।

চতুৰ্থ অধ্যায়

আবৃত্তিরসকুত্রপদেশাৎ॥ ৩॥

স্ত্রার্থ।—বেদে একাধিকবার শ্রবণের উপদেশ আছে, স্থতরাং ু পুন: পুন: শ্রবণের আবশ্রক।

শ্যেনবৎ স্থথহ:থী ত্যাগবিষোগাভ্যাম্॥ 🕻 ॥

স্ত্রার্থ।—বেমন শ্রেনপক্ষী মাংসের বিরোগে ছঃখী ও স্বর্গ ইচ্ছাপূর্বক ত্যানে স্থলী হয় (তদ্ধপ সাধু ইচ্ছাপূর্বক সর্বব্যাগ করিয়া স্থলী হইবেন)।

অহিনির্বায়নীবং ॥ ৬ ॥

স্ত্রার্থ।—বেমন সর্পদকল হেয়জ্ঞানে গাত্রস্থ জীর্ণত্বক্ অনায়াসে পরিত্যাগ করে।

অসাধনাফুচিস্তনং বন্ধায় ভরতবৎ ॥ ৮ ॥

স্থার্থ। — যাহা বিবেকজ্ঞানের সাধন নহে, তাহার চিস্তা করিবে না, কারণ উহা বন্ধনের হেতু; দৃষ্টাস্ক—ভরত রাজা।

বহুভির্যোগে বিরোধো রাগাদিভি: কুমারীশঙ্খবৎ ॥ ১॥

স্ত্রার্থ।—বহু ব্যক্তির সঙ্গ রাগাদির কারণ বলিয়া খ্যানের বিমন্ত্ররূপ ; দৃষ্টান্ত কুমারীর শঙ্খ।

দ্বাভ্যামপি তথৈব॥ २॥]

স্তার্থ।-- ছই জন লোক একসঙ্গে থাকিলেও এইরূপ।

নিরাশ: সুখী পিঞ্চলাবং ॥ ১১ ॥

স্তার্থ।—স্থাশা ত্যাগ করিলে স্থা হওরা যার। দৃষ্টাস্ত— পিন্দুলা নারী বেশা।

বহুশাস্ত্রপ্রপাসনেহপি সারাদানং ষ্টুপদবৎ ॥ ১৩ ॥

স্ত্রার্থ।—মধুকর যেমন অনেক পুষ্প হইতে মধু সংগ্রহ করে, তক্ষপ যদিও বহুশাস্ত্র ও বহুগুরুর উপাসনা করা হয়, তথাপি তাহাদের মধ্যে সারটুকুই গ্রহণ কবিতে হইবে।

ইযুকারবলৈকচিত্তক্ত সমাধিহানিঃ ॥ ১৪॥

্ স্ত্রার্থ।—শরনিশ্বাতাব স্থায় একাগ্রচিত্ত থাকিলে সমাধি ভঙ্গ হয় না।

ক্বতনিয়মলজ্মনাদানর্থক্যং লোকবং ॥ ১৫ ॥

. স্ত্রার্থ।—লৌকিক বিষয়ে বেমন ক্তনিয়ম লজ্মন করিলে মহা অনর্থের উৎপত্তি হয়, তজ্ঞপ ইহাতেও।

প্রণতিব্রহ্মচর্য্যোপসর্পণানি কৃষা সিদ্ধির্বহকালাত্ত্বৎ॥ ১৯॥

স্তার্থ।—প্রণতি, ব্রহ্মচর্য্য ও গুরুসেবাদার। ইন্দ্রের স্থায়, বছকালে সিদ্ধি লাভ হয়।

ন কালনিয়মো বামদেববং ॥ ২০॥

স্কার্থ।—জ্ঞানোৎপত্তির কালনিষম নাই। বেমন, বামদেব মুনির (গর্ভাবস্থার জ্ঞানোদ্য) হইয়াছিল।

লকাতিশগ্ৰোগান্বা তহুৎ ॥ ২৪॥

স্ত্রার্থ।—বে ব্যক্তি অভিশন্ন অর্থাৎ জ্ঞানের পরাকাঠা লাভ করিয়াছেন, তাঁহার সঙ্গদারাও বিবেক লাভ হইয়া থাকে।

ন ভোগাৎ রাগশান্তিমু নিবৎ ॥ ২৭ ॥

স্ত্রার্থ।—যেমন ভোগে সৌভরি মুনির আসজ্জির শাস্তি হয় নাই, তেমনি অন্তেরও ভোগে রাগশাস্তি হয় না।

পঞ্চম অধ্যায়

द्यागिमक्दमाश्र्टभगेषधानिमिक्विक्रमाश्रमभनीमाः ॥ >२৮ ॥

স্থার্থ।—ঔষধাদি দ্বারা আরোগ্যসিদ্ধি হয় বলিয়া যেমন লোকে ঔষধাদির শক্তি অস্বীকার করে না, তদ্রুপ যোগজ সিদ্ধিও অস্বীকার করিলে চলিবে না।

ষষ্ঠ অধ্যায়

স্থিবস্থুখনাসনমিতি ন নিয়ম:॥ ২৪॥

স্ত্রার্থ।— স্বস্তিকাদি আসন অভ্যাস করিতেই হইবে, এমন কোন নিয়ম নাই। শরীব ও মন বিচলিত না হয় ও স্থপকর হয়, এক্লপভাবে উপবেশনের নামই আসন।

ব্যাসসূত্ৰ

৪র্থ অধ্যায়—১ম পাদ

আসীন: সম্ভবাৎ ॥ १ ॥

অর্থ।—উপাসনা বসিয়াই সম্ভব, স্থতরাং, বসিয়া উপাসনা করিবে।

ुधानिकित । ৮॥

অর্থ।—ধ্যান-হেতুও (উপবিষ্ট, অঙ্গচেষ্টারাহিত্যাদি লক্ষণাক্রাম্ভ পুরুষকে দেখিয়া লোকে বলে, ইনি ধ্যান করিতেছেন, অতএব ধ্যান উপবিষ্ট পুরুষেই সম্ভব)।

व्यवस्थितिका ॥ व

অর্থ। — কারণ, ধ্যানী পুরুষকে নিশ্চল পৃথিবীর সহিত তুলনা করা হইরাছে।

স্মরস্থিচ॥ ১০॥

অর্থ।—কারণ, শ্বতিতেও এই কথা বলিয়া থাকেন।

যবৈকাগ্রতা তত্রাবিশেষাৎ ॥ ১১॥

অর্থ। যেখানে একাগ্রতা হইবে, সেই স্থানে বসিয়াই ধ্যান করিবে, কারণু, কোন্ স্থানে বসিয়া ধ্যান করিতে হইবে, তাহার কোন বিশেষ বিধান নাই।

এই কয়েকটি উদ্ধৃত অংশ দেখিলেই ভারতীয় অন্তান্ত দর্শন যোগসম্বন্ধে কি বলেন, তাহা জানা যাইবে।

উদ্ৰোধন

বামী বিবেকানন্দ-প্রতিপ্তিত 'রামকুক-মঠ'-পরিচালিত সাসিক পত্র। অপ্রিম বার্ষিক মূল্য সভাক ২। টাকা। উদ্বোধন-কার্যালরে স্বামী বিবেকানন্দের ইংরাজী ও বাঙ্গলা সকল প্রস্থাই পাওয়া যার। 'উদ্বোধন' প্রাহকের পক্ষে বিশেষ স্থবিধা। নিম্নে জ্বন্তুয়।

	সাধারণের	গ্রাহকের
পুস্তক	পকে	श ्क
বাঙ্গলা গাজযোগ.(১ম সংগ্ররণ)	21•	30/0
্ৰ জ্ঞানযোগ (১০ম ঐ)	210	3/4-
্ল ভক্তিযোগ (১২শ ঐ)	h•	1% -
" কৰ্দ্মযোগ (১২শ ঐ)	4 •	#n/ ·
🧋 পত্ৰাৰলী ১ম ভাগ (৭ম ঐ)	10/• •	* •
ু ঐ ২রভাগ (৬১১)	¶-√-	¥ •
" ঐ ৩য়ভাগ (৪র্থ ঐ)	1 å	1.
ৣ ঐ ভৰ্জাগ (ভৰ্মী)	100'0	1.
" ঐ ংমভাগ (২য়ঐ)	lo/•	1-
" ভব্তি-রহস্ত (৬ঠ ঐ)	и•	14.
" চিকাগো বক্তৃতা (১ম ঐ)	₼ •	V•
"ভাব্বার কথা (৭ম ঐ)	1•	m'•
্ব প্রাচ্য ও পাশ্চাত্য (১০ম ঐ)	1•	la/ •
্ব পরিব্রাজক (৫ম ঐ)	h.	10/ ·
🧝 ভারতে বিবেকানন্দ (৭ম ঐ)	37.	>10.
" বর্ত্তমান ভারত (৭ম ঐ)	90%	V •
"মদীর আচার্যাদেব (৫ম ঐ)	lo/•	I/•
্, বিবেক-বাণী (১০ম সংস্করণ)	~ /•	a/•
্ল পওহারী বাবা (৫ম ঐ)	J•	~ />-
💂 हिन्मूथर्प्यत्र नव काणत्र (२ व 🖫 🌶	10/0	V.
্ল মহাপুরুষ প্রসক্ত (৪র্থ 🖎)	In/ -	! •
💂 ভারতীয় নারী (২য় 🗗)	и•	14.
		_

প্রীপ্রীরামক্সফ উপদেশ—(প্রেট এডিশন, ১৩শ সং) স্বামী ব্রহ্মানস্থ-সন্থলিত। মূল্য ৮০ স্থানা।

ভারতে শক্তি-পুজ্ঞা—বামী সাম্বানন্দ-প্রণীত (ৎম সংক্ষম)। মৃগ্যু ।•—উবোধন-প্রাহক-পক্ষে । প• স্থানা । উৰোধন কাৰ্যালয়ের অস্থাত্ত গ্রন্থ এবং শ্রীরামক্রফদেবের, শ্রীশীমার ও স্বামী বিবেকানন্দের নানা রক্ষের ছবির তালিকার জন্ত 'উদ্বোধন' কার্যালয়ে পত্র গিপুন।

ভামিজ্যীর সহিত হিমালেয়ে—'দিষ্টার নিবেদিতা প্রণীত—
"Notes of Some Wanderings with the Swami Vivekananda"
নামক পুত্তকের বঙ্গামুবাদ। ২র সংস্করণ। এই পুত্তকে পাঠক বামিজীর বিবরে
অনেক নুত্তন কথা জানিতে পারিবেন;—ইহা নিবেদিতার 'ডারেরী' হইতে
লিখিত। স্বন্ধর বীধান, মুল্য বার ৸৽ আনা মাত্র।

ভারতের সাধনা—খামী প্রজ্ঞানন্দ প্রনীত—(রামকৃষ্ণ মিশনের সুযোগ্য সেকেটারী, স্বামী সারদানন্দ লিখিত ভূমিকাসহ) ধর্মভিত্তিতে ভারতের জাতীর জীবনগঠন—এই প্রস্থের মূল প্রতিপান্ধ বিষয়। পড়িলে বুঝা যায়, স্বামী বিবেকানন্দ লাতীর উন্নতি সম্বন্ধে যে সকল বক্তৃতা করিরাছিলেন, সেইগুলি উত্তমকপে আলোচনা করিবা গ্রন্থকার যেন ওঁহার ভায়কপ এই গ্রন্থ রচনা করিয়াছিলেন। ইহার বিষয়গুলির-উল্লেখ করিলেই পাঠক পুস্তকের কিঞ্চিৎ আভাস পাইবেন:—প্রাচীন ভারতে নেশন-প্রতিষ্ঠা, ভারতীয় জাতীরতার বিশেষত্ব, ভারতীয় নেশনে বেদমহিমা ও অবতারবাদ, নেশনের পূন:প্রতিষ্ঠা—ধর্মজীবন, সন্নাদাশ্রন, সমাজ, সমাজসংস্কার, শিক্ষা শিক্ষাকেন্দ্র, শিক্ষাসংঘর্ষ, শিক্ষাপ্রচার ও শেষকথা। গ্রন্থকারের একটি 'বাস্ত' এই পুস্তকে সংযোজিত হইরাছে। ক্রাউন ৩১০ প্রঃ—উত্তম বাঁধন। মূল্য ১৪০ টাকা।

আমি-শিষ্য সংবাদে—শীশরচেক্র চক্রবর্তী প্রণীত— (সপ্তম সংস্করণ)।
শামিজী ও বর্তমানকালে ধর্ম, সমাজ, শিক্ষা প্রভৃতি নানা সমস্তামূলক বিষধদকল ভাহার মতামত সংক্ষেপে জানিবার এমন ফ্যোগ পাঠক ইতঃপূর্বে আর কথনও পাইরাছেন কি-না সন্দেহ। পুস্তকথানি ছুই খণ্ডে বিচক্ত। প্রতি খণ্ডের মূল্য ১, এক টাকা।

নিবেদিতা—শীমতী সরলাবালা দাসী প্রণীত (৭ম সংস্করণ)— (বামী সারলানন্দ লিখিত তুমিকা সহিত)। বঙ্গদাহিতো নিষ্টার নিবেদিতা সম্বন্ধীয় তথাপূর্ণ এমন পৃত্তিকা আরু নাই। বহুমতী বলেন—"* * * এ পর্যায় ভাগিনী নিবেদিতা সম্বন্ধে আমরা বতগুল্লা রচনা পাঠ করিয়াছি, শ্রীমতী সরলাবালার 'নিবেদিতা' তক্মধ্যে সর্ব্বপ্রেষ্ঠ, তালা আমরা অনুদ্বোচে নির্দ্দেশ করিতে পারি। * *।"—মূল্য। আনা।

সাধু নাগমহাশম (৬ ঠ সংখ্যুণ)— খ্রীশরচ্চন্দ্র চক্রবর্তী প্রণীত। মূল্য ৮০ বার আনা।

পারমহংলদেব — গ্রীদেবেক্সনাথ বস্ব প্রণীত মূল্য ১, এক টাকা। ক্লিনা—উদোধন কার্যালয়, ১নং মুখার্জি লেন, বাগবাদ্ধান্ধ কলিকাতা।

শ্ৰীশ্ৰীরামকৃষ্ণলীলাপ্ৰসঙ্গ গুৰুভাৰ-পূৰ্বাৰ্দ্ধ ও উত্তরাৰ্দ্ধ, সাধকভাৰ, পূৰ্বকথা ও বাল্যজীবন এবং দিব্যভাব।

স্বামী সারদানন্দ প্রণীত

১ম থণ্ড (গুরুভাব—পূর্বার্ক), মৃল্য — ১॥০ আনা ; উদ্বোধনগ্রাহকের পক্ষে ১৩০ আনা। ২য় থণ্ড, গুরুভাব — উত্তরার্ক ১॥০ ;
উদ্বোধন-গ্রাহকের পক্ষে ১৩০। ০য় থণ্ড, সাধকভাব ১॥০ ;
উদ্বোধন-গ্রাহক পক্ষে ১৩০। চতুর্থ থণ্ড, পূর্বকণা ও বাল্যজীবন
মূল্য ১০০ ; উদ্বোধন-গ্রাহক পক্ষে ১০। ৫ম থণ্ড, দিব্যভাব ১॥০০ ;
উদ্বোধন-গ্রাহক পক্ষে ১॥০।

প্রীপ্রীবামরুফাদেবের জীবনী ও নিক্ষা-সম্বন্ধে এরপভাবের পুত্তক ইতঃপূর্বের আর প্রকাশিত হয় নাই। যে উদাব সার্ব্বজ্ঞনীন আধ্যাত্মিক শক্তির সাক্ষাৎ প্রমাণ ও পরিচয় পাইয়া স্বামী বিবেকানন্দ প্রম্থ প্রাচীন সন্ন্যাসিগণ প্রীপ্রীবামরুফাদেবকে জগদ্ওক ও যুগাবতাব বলিয়া স্বীকার করিয়া তাঁহার প্রীপাদপদ্মে শর্ম লইয়াছিলেন, সে ভাবটি বর্ত্তমান পুত্তক ভিন্ন অন্তন্ত্র পাওয়া অসম্ভব; কারণ, ইহা তাঁহাদেরই অন্তত্মেব দ্বারা লিখিত।

নূভন শংক্ষরণ শ্রীরামানুজ চরিত

(২য় সংস্করণ)

স্বামী রামক্রফানন্দ প্রণীত। ডিমাই আট পেজি ২৯৬ পূঠা। স্থন্দর মলাটযুক্তথ আচার্য্য রামায়জের জীবদ্দশায় থোদিত প্রতিমূর্ত্তি গ্রন্থে সন্নিবিষ্ট হইয়াছে। গ্রন্থকারের সংক্ষিপ্ত জীবনী ও স্ফী সম্বলিত। মূল্য ২ ুটাকা। গ্রাহকপক্ষে ১৮০ আনা।

ভক্তাচার্য্য রামান্থকের জন্মভূমি মাদ্রাজ অঞ্চলে দীর্ঘকাল বাস ও মৃদগ্রন্থ সকলের সহায়ে স্বামী রামক্বঞানন্দ উক্ত আচার্য্যের অপুর্ব জীবন, মত ও কার্য্যকলাপের বিস্তারিত বিবরণ বাঙ্গালী পাঠকের সমক্ষে প্রথম প্রচার করিতে আরম্ভ করেন। তাঁহার সাত্রব্ব্যাপী পরিশ্রম ও অধ্যবসায়ের ফলে শ্রীসম্প্রদায়ে প্রচলিত আচার্য্যের এই অপুর্ব জীবন-চরিত সক্ষলিত হইয়াছে। গ্রন্থের প্রথমাংশ গ্রন্থকাব আচার্য্যাবলম্বিত বিশিষ্টাব্বৈত মতাবল্যী অতি প্রচান আচার্য্যাবলের অপুর্ব জীবনের সংক্ষিপ্ত বিবরণ 'গুরুপরম্পরা প্রভাব' নামে প্রকাশিত করিয়াছেন। অধিকন্ত তিনি এমন তন্তাবভাবিত ও রসগ্রাহী হইয়া তুলিকা ধরিয়াছেন যে, বঙ্গসাহিত্যে আচার্য্যের পবিচয় দিবার ভাব যে যোগ্য ব্যক্তিই গ্রহণ করিয়াছিলেন ইহা গ্রন্থপাঠ কালে প্রতিপদে হলমন্ত্রম হয়।

প্ৰীন্তীরাসক্রহা পূর্ণি।

ভগবান্ শ্রীশ্রীরামক্বঞ্চ পরমহংসদেবের চরিতামৃত ২য় সংস্করণ সংশোধিত ও পরিবর্জিত উৎকৃষ্ট বাঁধাই

সংসারের শোক তাপের পক্ষে শ্রীরামর্যফচরিত স্থাস্থরপ।
এই প্রস্থে সরল, ওজস্বী সুললিত ছন্দে শ্রীশ্রীরামর্যফদেবের অলোকসামাক্ত চরিত্র অতি নিপুণভাবে চিত্রিত হইগাছে। শ্রীশ্রীচৈতক্তচরিতামূতের ক্রায় এই গ্রন্থও বঙ্গের আবালবৃদ্ধ বনিতার উপভোগ্য
ও শিক্ষাপ্রদ।

বাঁছারা ভগবান্ শ্রীরামক্বফদেবের অপরপু লীলামাধ্রীর আন্তাদে পরিতৃপ্ত হইতে চাহেন, এই পুস্তক তাঁহাদের বিশেষ উপকারে আদিবে। আকার, অপার রয়েল আট পেজী ৬২৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। পরমহংসদেবের ও মাতাঠাকুরাণীর প্রতিক্বতি আছে। মূল্য ৪১, ডাক মাধ্বল কভন্ত।

প্রাপ্তিস্থান-উদ্বোধন কার্যালয়।

শ্রীশ্রীমায়ের কথা

(২য় সংস্করণ)

প্রীশ্রীমানের সঁন্ন্যাসী ও গৃহস্থ সম্ভানগণের 'ডায়েরী' হইতে প্রকাশিত। পাঁচখানি ছবি-সম্বলিত—বাঁধাই ও ছাপা স্থন্দর, ৩৩৬ পৃষ্ঠার সম্পূর্ণ। মূল্য ২১ টাকা মাত্র।

বেদান্তদর্শন বা ব্রহ্মসূত্র

শাঙ্করভাষ্যের সরলার্থ, ভামতী এবং রত্মপ্রভাটিকা, সটীক অধিকরণমালা ও শাস্ত্রদর্পণ প্রভৃতির অমুবাদ ও তাৎপর্য্যাহ। চতুঃস্ত্রী হই থণ্ডে সম্পূর্ণ। কাপড়ে বাঁধাই হই থণ্ড এক্ত্রে ৮১ টাকা। অমুবাদক—মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ।

প্রাপ্তিস্থান—উদ্বোধন কার্য্যালয়।

স্বামী বিবেকানন্দ ও বাঙ্গলায় উনবিংশ শতাব্দী

প্রীগিরিজাশঙ্কর রাধ চৌধুবী, এম্-এ, বি-এল প্রণীত।
স্থন্দর বাঁধাই, এন্টিক কাগজে ছাপা, ১১৭ পৃষ্ঠার সম্পূর্ব।
মূল্য ৪১ টাকা মাত্র। স্থামিজীর সম্বন্ধে গবেক্ষীমূলক ও পাণ্ডিত্যপূর্ব
এইরূপ পুস্তক আর প্রকাশিত হয় নাই।

এই পুত্তকে বাদশটি বক্তৃতার উনবিংশ শতান্ধীতে বাদলাদেশে ধর্ম ও সমাজ সংস্কারের যে আন্দোলন হইরাছিল তাহার একটি ধারাবাহিক ইতিহাস স্থালোচনা করা হইরাছে। রাজা রামমোহন রার হইতে স্বামী বিবেকানন্দ পর্যন্ত মহাপুরুষদিগের প্রথর ব্যক্তিত্বের উপর এবং তদতিরিক্ত সমাজের পৃথক্ প্রাণশক্তি ও গতির উপর সমানভাবে দৃষ্টি রাখা হইরাছে। পাঠক-পাঠিকাগণ প্রক্থানিতে শিক্ষণীয় অনেক নৃতন বিষয় পাইবেন এবং উহা পাঠে আন্দোলাভ করিবেন।

সরল রাজযোগ

স্বামী বিবেকানন্দ

স্বামিজী আমেরিকায় তাঁহার শিয়া সারা সি, বুলেব বাডীতে কংশেকজন অন্তরদকে 'বোগ' সম্বন্ধ বে বিশেষ উপদেশ দান করেন, বর্তুমান পুস্তুক তাহারই ভাষাস্তব। মূল্য ।০ আনা মাত্র।

ধর্ম বিজ্ঞান

৩য় সংস্কৃত্ব স্বামী বিবেকানন্দ

স্বামিজীর কথা

স্বামী বিবেকানন্দেব প্রিয়শিব্য ও ভক্তগণ তাঁহাকে যে ভাবে দেখিয়াছেন তাহাই শ্লিপিবদ্ধ হইল। পুস্তকথানি কিন্ত্রপ স্কুদ্মগ্রাহাঁ হইয়াছে তাহা একবার গ্লাভিলেই ব্ঝিতে পারিবেন। মূল্য ৮০ আনা মাত্র। উদ্বোধন গ্রাহক পক্ষে ॥০/০ আনা।

গীত**†**তৃত্ব

(২য় সংস্করণ)

গীতা-ভাব-ঘন মূর্ত্ত-বিগ্রহ শ্রীবানক্ষণেবের অপূর্ব্ব দেবজীবনের মুখ্য দিয়া গীতাতত্ত্ব ব্যাথ্য করিয়া বক্তা সকল মানবকে বীহা ও বগদক্ষী করিবার প্রয়াস পাইয়াছিলেন। উত্তম বাধাই এন্টিক কাগজে ছাপা, মূলা ১॥• টাকা মাত্র। উদ্বোধন-গ্রাহকক্ষক ১০০ আনা।